শ্রীল শ্রীযুক্ত জীব গোস্বামিকৃত

টীকা সম্বলিতা।

স্তবমালা।

শ্রীরামনারায়ণ বিদ্যারত্নেন

ব্যাখ্যাতা প্রকাশিতাচ।

মুর্শিদাবাদ।

বহরমপুরস্থ রাধারমণ যন্ত্রে

তেনৈব মুদ্রিতা।

সন ১২৯২। ১৯ পৌষ।

সূচী পত্র।

পৃষ্ঠা

গ্রন্থ সমাপ্তি।

শ্রীশ্রীহরিঃ।

শরণং।

স্তবমালা।

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ ॥

শ্রীমদীশ্বররূপেণ রসামৃতকৃতা কৃতা।
স্তবমালানুজীবেন জীবেন সমগৃহ্যত ॥ ১ ॥
পূর্ব্বং চৈতন্যদেবস্য কৃষ্ণদেবস্য তৎ পরং।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণচৈতন্যায় ॥

সনাতনং রূপমিহোপদর্শয়ন্নানন্দসিন্ধুং পরিতঃ প্রবর্দ্ধয়ন্। অন্তস্তমস্তোমহরঃ স রাজতাং চৈতন্যরূপো বিধুরদ্ভুতোদয়ঃ ॥ ১ ॥

দেবাচার্য্যং যং বিদুঃ সৎ কবিত্বে পারাশর্য্যং তত্ত্ববাদে মহান্তঃ। শৃঙ্গারার্থ

আমার পিতৃব্য শ্রীরূপগোস্বামী, যিনি ভক্তিরসামৃতসিন্ধু নামক গ্রন্থ রচনা করিয়াছেন, তিনি শ্রীচৈতন্যদেব প্রভৃতি শ্রীবিগ্রহের কতিপয় স্তব প্রস্তুত করিয়াছিলেন, ভক্তগণের কণ্ঠভূষণ হইবে বলিয়া নানা স্থান স্থিত ঐ সমুদয় স্তবগুলি যথাক্রমে সংগ্রহ পূর্ব্বক তদীয় শিষ্য জীব নামক আমি উহা মালাকারে প্রস্তুত করিলাম ॥ ১ ॥

ইহাতে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব, তৎপরে শ্রীকৃষ্ণের স্তব, তৎপরে শ্রীরাধিকার স্তব, তৎপরে শ্রীরাধাকৃষ্ণ যুগল

শ্রীরাধায়াস্ততঃ কৃষ্ণরাধয়োর্লিখ্যতে স্তবঃ ॥ ২ ॥

বিরুদাবল্লী ততো নানাচ্ছন্দোভিঃ কেলিসংহতিঃ।

ততশ্চিত্র কবিত্বানি ততোগীতাবলী ততঃ ॥ ৩ ॥

ললিতা যমুনা বৃষ্ণিপুরী শ্রীহরিভূভৃতাং।

বৃন্দাটবী কৃষ্ণনাম্নোঃ ক্রমেণ স্তবপদ্ধতিঃ ॥ ৪ ॥

তত্র শ্রীচৈতন্যদেবস্য ॥

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং।

ব্যঞ্জনে ব্যাসস্থমুং স শ্রীরূপঃ পাতু নো ভূতাবর্গান্ ॥ ২ ॥

লব্ধ সনাতন রূপং জীবং যো ভজতি ভক্তিমান জীবঃ। তস্য সনাতন রূপঃ স নন্দপুত্রো হরিঃ সুলভঃ ॥ ৩ ॥

শ্রীরূপদেব বচসাং ধ্বনি ভেদা যে বিভান্তি ভূমাংসঃ। কস্তান্ শক্তো-বক্তুং তস্মাৎ সংক্ষেপতঃ প্রকাশ্যন্তে ॥ ৪ ॥

ভাব্যোস্মিন্ সাধবঃ প্রীতাঃ স্তবমালা বিভূষণে। কৃষ্ণানন্দ কৃপাসিন্ধে ভবেয়ুঃ শ্রমবেদিনঃ ॥ ৫ ॥

শ্রীরূপকৃতান্ শ্রীচৈতন্যাদিস্তবান্ মালাত্মনা গ্রথিতুং শ্রীজীবঃ প্রতিজানীতে।

মূর্ত্তির স্তব লিখিত লইল। তৎপরে বিরুদাবলীচ্ছন্দে (যাহার প্রত্যেক চরণে নবাক্ষর আছে) তৎপরে নানাবিধ ছন্দে নন্দোৎসবাদি কংসবধ পর্য্যন্ত শ্রীকৃষ্ণের লীলা বিস্তার, তৎ পরে চক্রবন্ধাদি চিত্রকাব্য, তৎপরে গীতাবলী, তৎপরে ললিতা, যমুনা, মথুরাপুরী, গোবর্দ্ধন পর্ব্বত, শ্রীবৃন্দাবন ও কৃষ্ণনাম এই সমুদয়ের স্তবাবলী যথাক্রমে লিখিত হইয়াছে।

তন্মধ্যে প্রথমতঃ শ্রীচৈতন্যদেবের স্তব যথা ॥ ২ । ৩ । ৪ ॥

শিব, বিরিঞ্চি প্রভৃতি দেবগণ মনুষ্যদেহ ধারণ করিয়া

বহুভির্গীর্ব্বাণৈর্গিরিশপরমেষ্ঠিপ্রভৃতিভিঃ

শ্রীতি। শ্রীজীবেন স্তবমালা সমগৃহ্যত সংগৃহীতা পৃথক্ পৃথক্ স্থিতাঃ স্তবাঃ ক্রমাৎ পঙ্‌ক্তীকৃতা ইত্যর্থঃ। মালাতু পঙ্‌ক্তৌ পুষ্পাদি দামনীতি মেদিনী। শ্লেষেণ কুসুম ভূতানাং তেষাং মালা স্রগ্ বিরচিতা ইত্যর্থঃ। তেন ভক্তজনৈরতিপ্রীত্যা কণ্ঠেষু ধার্য্যতে ইতি ব্যজ্যতে। সা কীদৃগিত্যাহ শ্রীমদিতি। শ্রীমাংশ্চাসৌ মদীশ্বরশ্চ যো রূপস্তেন কৃতা বর্ণিতা। তস্যাসাধারণং ধর্ম্মমাহ রসেতি হরিভক্তিরসামৃতসিন্ধোঃ কর্ত্তেত্যর্থঃ। জীবেন কীদৃশেনেত্যাহান্বিতি। অনুগত্য জীবতীত্যনুজীবস্তেন তদনুগামিনা তচ্ছিষ্যেণেত্যর্থঃ। আদিমেন পদেনাত্র মঙ্গলং কৃতং তস্য মঙ্গলস্বরূপত্বাদিতি বোধ্যং ॥ ১ ॥

অথ স্তব গ্রথন ক্রমমাহ পূর্ব্বমিত্যাদিভিঃ। কৃষ্ণশ্চ রাধাচ তয়ো র্যুগ্মীভূতয়োঃ স্তবো লিখ্যত ইতি সম্বন্ধঃ ॥ ২ ॥

বিরুদেতি। নবাক্ষরোয়ং পাদঃ। বিষমাক্ষর পাদত্বাৎ পদ্যেস্মিন্ গাথা ছন্দঃ। তস্য বিশেষস্তু গীতাবলীভাষ্যে লেখ্য স্তত্রৈব দ্রষ্টব্যঃ। নানাচ্ছন্দোভির্ব্বিভিন্ন লক্ষণৈরষ্টাদশভিঃ। কেলিসংহতির্নন্দোৎসবাদ্যা কংসবধান্তা লীলা বিততিঃ। চিত্রকবিত্বানি দ্ব্যক্ষরাদীনি চক্রবন্ধাদীনিচ। গীতাবলী নন্দোৎসবাদি চরিত সংবদ্ধা গানশ্রেণিঃ ॥ ৩ ॥

ললিতাচ যমুনাচ বৃষ্ণীপুরী শ্রীমথুরাচ শ্রীহরিভূভৃচ্চ গোবর্দ্ধনাখ্যো গিরিরাজস্তেষাং। বৃন্দাটবীচ কৃষ্ণনামচ তয়োঃ স্তবপদ্ধতিঃ স্তোত্রশ্রেণিঃ পদ্ধতিঃ পাথি পঙ্‌ক্তৌ চেতি বিশ্বলোচনকারঃ। পর্য্যায়া লিখিতা যেহত্র নানার্থাশ্চ ন তে পুনঃ। বাহুল্য ভয়তো লেখ্যা বিচিন্ত্যাস্তে ততস্ততঃ ॥ ৪ ॥

তত্রাদৌ শ্রীচৈতন্যাষ্টকত্রয়ং ব্যাখ্যাস্যামঃ। শ্রীবৃন্দারণ্যে স্থিতঃ শ্রীরূপঃ শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থং শ্রীচৈতন্যং কৃষ্ণবর্ণমিত্যাদি শাস্ত্রাত্তদনুগ্রহাচ্চ সাক্ষাদীশ্বরমনুভূয় তত্ত্বেন বর্ণয়ংস্তদ্দর্শনমাশাস্তে সদেত্যাদিভিঃ ॥ ০ ॥

প্রীতি পূর্ব্বক সর্ব্বদা যাঁহাকে উপাসনা করিতেছেন, যিনি, স্বরূপ দামোদর প্রভৃতি ভক্ত গণকে বিশুদ্ধ স্বীয়

স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্।

স চৈতন্যো মে দৃশো নের্ত্রয়োঃ পদং পুনরপি কিং য়াস্যতি। পদং ব্যবসিতি ত্রাণ স্থান লক্ষ্মাঙ্ঘ্রি বস্তুষিতি নানার্থবর্গঃ। যন্নেত্র ব্যবসায়ং তদ্বিষয়তাং স কদা গমিষ্যতীতি তাদৃগ্ভাগ্যং কদা মে স্যাদিতি ভাবঃ। স কীদৃগিত্যাহ গিরিশ পরমেষ্ঠি প্রভৃতিভিঃ শিববিরিঞ্চ্যাদিভি গীর্ব্বাণৈঃ দেবৈঃ সদা নিত্যমুপাস্যঃ সেব্যঃ। ননু তৎ সন্নিধৌ তেন প্রতীয়তে তত্রাহ ধৃতেতি। কৃষ্ণাবতারে সাক্ষাদেব তমুপাসিতবন্তঃ। ইহত্বাচার্য্য হরিদাসাদি বপুষোপাসত ইত্যর্থঃ। প্রণয়িতাং তস্মিন্ প্রীতিং বহদ্ভিঃ প্রাপ্নুবদ্ভিঃ। কিং কুর্ব্বন্নিত্যাহ। স্বভক্তেভ্যঃ স্বরূপ দামোদরাদিভ্যো নিজ ভজন মুদ্রাং স্বভক্তিপরিপাটীমুপদিশন্। শুদ্ধাং কর্ম্মযোগাদ্যনাবৃতাং। অয়মর্থঃ। কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্র পার্ষদং। যজ্ঞৈঃ সংকীর্ত্তন প্রায়ৈ র্যজন্তি হি সুমেধস ইত্যেকাদশে চতুর্থ যুগাবতারো বর্ণিতঃ সএব কৃষ্ণ চৈতন্যঃ। হরিকীর্ত্তন প্রধানস্য যজ্ঞস্য তদসাধারণ ধর্ম্মস্য তত্রৈব দর্শনাৎ। অসাধারণ ধর্ম্মেণ লক্ষণেনহি লক্ষ্যং পরিচীয়তে। জন্মাদ্যস্য যত ইতি সূত্রে যথা জগজ্জন্মাদি হেতুত্বেন তেন তল্লক্ষ্যং ব্রহ্ম পরিচিতং। সচাবতারো গীর্ব্বাণৈঃ সেব্য ইতি। ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিব বিরিঞ্চি নুতং শরণ্যমিতি। তদনন্তরোক্তেঃ। অসকৃদাবির্ভাবিনমেতং শ্রুতিরপি দ্যোতয়তি। মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্বশেষপ্রবর্ত্তক ইতি। এবং সাক্ষাদীশ্বর তয়া নিশ্চিতেপি তস্মিন্ যদি কস্যচিন্মন্দমতেরনাস্থা স্যাৎ সাতু তদপ্রসাদাদেবেতি জ্ঞায়তে। তমক্রতুঃ পশ্যতি বীতশোকং ধাতুঃ প্রসাদান্মহিমানমীশমিত্যাদি শ্রুতেঃ। তথাপি তে দেব পদাম্বুজদ্বয়প্রসাদ লেশানুগৃহীত এব হি। জানাতিতত্বং ভগবন্মহিম্নো নচান্য একোপি চিরং বিচিন্বন্ ইত্যাদি স্মৃতেশ্চ তৎ প্রসাদ এব তদ্বীক্ষণ হেতুরিত্যন্বয় ব্যতিরেক দৃষ্টং বাসুদেব সার্ব্বভৌমাদৌ ব্যক্তমেতৎ। চতুর্থপাদশ্চ সপ্তস্বনুবর্ত্ত্যঃ।

ভজনপ্রণালী উপদেশ করিয়াছেন, সেই অপূর্ব্ব রূপসম্পন্ন

শ্রীচৈতন্যদেবস্য। স্তবমালা।

স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ১ ॥
সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।

অষ্টকেষু এবমেব কবিরীতেঃ ॥ ১ ॥

এষ চৈতন্যদেবো ন চতুর্থ যুগাবতারঃ কৃষ্ণস্যাংশঃ। কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তি রক্তস্ত্রেতা যুগে মতঃ। দ্বাপরে চ কলৌ চাপি শ্যামলাঙ্গঃ প্রকীর্ত্তিত ইতি। তস্য শ্যামবর্ণত্বস্মরণাৎ কিন্তু প্রেয়সীভাবকান্তিভ্যাং পিহিত স্বভাব কান্তিঃ স্বয়ং কৃষ্ণ এবাবিরভূৎ ইতি ভাবেনাহ সুরেশানামিতি। দুর্গং নির্ভয় স্থানং গতিঃ পরতত্ত্ব সঞ্চারঃ। সর্ব্বস্বং তপো বিজ্ঞান লক্ষণমৈহিকং পারত্রিকং চ ধনং। প্রণতপটলীনাং দাসভক্ত বৃন্দানাং মধুরিমা দাস্যভক্তিমাধুর্য্যং। সংঘাতে প্রকরৌঘ বার নিকর ব্যূহাঃ সমূহশ্চ যঃ সন্দোহঃ সমুদায় রাশি বিসরব্রাতাঃ কলাপোব্রজঃ। কূটং মণ্ডল চক্রবাল পটলস্তোমাগণঃ পেটকং বৃন্দং চক্র কদম্বকং সমুদয়ঃ পুঞ্জোৎকরৌ সংহতিরিতি হৈমঃ। নিখিল পশুপালাম্বুজদৃশাং সমস্ত ব্রজবনিতানাং প্রেম্নঃ কৃষ্ণবিষয়কস্য বিনির্যাসঃ সারঃ স চৈতন্যঃ কিমিত্যাদি প্রাগ্বৎ। ইহ হেত্বলঙ্কারো দর্শিতঃ। দুর্গাদি হেতোরপি চৈতন্যস্য দুর্গাদি রূপত্বেনাভিধানাৎ। যদুক্তং কাব্যকৌস্তুভে। হেতোরেকাত্মনাখ্যানং হেতুরিত্যভিধীয়তে। ইতি। অদ্রীণাং বিদ্রুতিঃ সাক্ষাদাকৃষ্টিব্র্জসুভ্রুবাং স্থৈর্য্যং স্রোতস্বতীনাঞ্চ জীয়াদ্বংশীধ্বনি র্বিভোরিতিবৎ। ইহাদ্রিবিদ্রবাদি হেতুভূতোপি বংশীনাদ

শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৯ ॥

যিনি ইন্দ্রাদি দেবগণের অভয় দাতা ও নিখিল উপনিষদের লক্ষ্য স্থান, যিনি মুনিগণের ঐহিক পারত্রিকের সর্ব্বস্ব ও ভক্তবৃন্দের সাক্ষাৎ মাধুর্য্য স্বরূপ এবং ব্রজবনিতাদি

বিনির্যাসঃ প্রেম্নো নিখিলপশুপালাম্বুজদৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ২ ।
স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈতদয়িতঃ
প্রপন্নশ্রীবাসোজনিত পরমানন্দগরিমা ।

স্তদ্রূপতয়া বর্ণিতঃ। অস্য সাক্ষাৎ কৃষ্ণত্বং ত্বগ্রেবাক্তী ভবিষ্যতি ॥ ২ ॥

অথ শ্লেষেণ সাক্ষাৎ কৃষ্ণত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি। স্বরূপমিতি। জগত্যতুলং নিরুপমং স্বরূপং তন্নামানং পার্ষদং বিভ্রাণোধারয়ন্ কৃপা সুধয়া পুষ্ণংশ্চ। অদ্বৈতস্য তদাখ্যস্যাচার্য্যস্য দয়িতঃ প্রিয়ঃ স দয়িতোযস্যেতি বা। প্রপন্নঃ শরণমাগতঃ শ্রীবাসস্তন্নামা পণ্ডিতোঽয়ং যস্য স তথা। জনিতঃ পরমানন্দে স্বগুরুসতীর্থে পরিব্রাজি গরিমা গুরুভাবো যেন সঃ। জগদবিদ্যা হরণাদ্ধরিঃ। এতদেবাহ দীনেতি। দীনানাধ্যাত্মিকাদি তাপতস্তানুদ্ধর্তুং শীলং যস্যেতি তথা। গজপতাবুৎকলাধীশে নৃপেন্দ্রে যঃ কৃপোৎসেকঃ কারুণ্য ধারয়াভি-

---

গের প্রেমসার, সেই শ্রীচৈতন্যদেবকে আবার কি আমি দেখিতে পাইব ? ॥ ২ ॥

যিনি জগতে স্বরূপ নামক প্রিয় পার্ষদকে কৃপামৃত বর্ষণে পুষ্ট করিয়াছেন, যিনি অদ্বৈতাচার্য্যের প্রিয়, যিনি পরমানন্দ নামক জনৈক সন্ন্যাসীর গৌরব বৃদ্ধি করিয়াছেন, ও যিনি জগতের মায়া হরণ ও দীনগণকে দুঃখ পঙ্ক হইতে উদ্ধার করিতেছেন এবং যিনি কলিঙ্গাধিপতি মহারাজ গজপতি প্রতাপরুদ্রের প্রতি করুণামৃত বর্ষণে ব্যগ্র হইয়াছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নগোচর হইবেন ? ॥

হরির্দীনোদ্ধারী গজপতিকৃপোৎসেকতরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৩ ॥
রসোদ্দামা কামার্ব্বুদমধুরধামোজ্জ্বলতনু

সেচনং তত্র তরলঃ সত্বরঃ। শ্লেষেণ তু বঃ সিংহোপি গজরাজে স কৃপয়ন্তু ইতি বিরুদ্ধাভাসোলঙ্কারঃ। তেনাদ্ভুত সিংহত্বং ব্যজ্যতে। কৃষ্ণপক্ষে জগতাতুল স্বরূপং শ্রীবিগ্রহং বিভ্রাণো ধারয়ন্ প্রকটয়ন্নিতি যাবৎ। ন তস্য প্রতিমাস্তীতি শ্রুতেঃ। অদ্বৈতং নানা রূপত্বেপি ভেদাভাব স্তদন্বিতং প্রিয়ং যস্য সঃ। একোপি সন্ বহুধা যোবিভাতোকং সন্তং বহুধা দৃশ্যমানমিতি শ্রুতেঃ। একত্বমজহদেব নানা রূপ ইত্যর্থঃ। প্রপন্নায়াঃ পাদসেবিন্যাঃ শ্রিয়ো লক্ষ্ম্যা নিবাসঃ সমাশ্রয়ঃ। জনিতঃ স্বজন্মনা প্রাদুর্ভাবিতঃ পরমানন্দ গরিমা নিঃসীম্যাতিশয়ঃ সুখবাশির্যেন সঃ। গজপতিগ্রাহগ্রস্তো গজেন্দ্রঃ স্ফুটার্থ মন্যৎ। শব্দার্থশ্লেষয়োঃ সঙ্করোঽয়ং ॥ ৩ ॥

রসৈর্ভক্তিসুখস্বাদৈ রুদ্দামাগাতিমত্তঃ। রসো গন্ধরসে স্বাদে ইতি বিশ্বঃ। কামার্ব্বুদস্যেব মধুরং স্বাদু যদ্ধাম মোহন প্রভাব স্তেনোজ্জ্বলা তনুর্যস্য সঃ।

(এই শ্লোকের শ্রীকৃষ্ণপক্ষে আর একটী অর্থ আছে)

যিনি জগতে স্বরূপ অর্থাৎ অপূর্ব্ব শ্রীবিগ্রহ ধারণ করিয়া দ্বৈতভাবে অর্থাৎ যুগল ভাবে অবস্থান করিতে ভাল বাসেন, সর্ব্বদা চরণ সেবা করিব বলিয়া লক্ষ্মী যাঁহার নিকট বিরাজ করিতেছেন যিনি জন্ম হেতু জগতের অসীম আনন্দ বর্দ্ধন করিয়াছেন, এবং যিনি গ্রাহগ্রস্ত গজেন্দ্রের মোক্ষণে অতিশয় ব্যস্ত হইয়াছিলেন, সেই চৈতন্য রূপ হরি কি আমার লোচন পথের পথিক হইবেন? ॥ ৩ ॥

ভক্তিরসাস্বাদনে যিনি উন্মত্ত, অর্ব্বুদ সংখ্যক কন্দর্পের

যতীনামুত্তংসস্তরণিকরবিদ্যোতিবসনঃ।
হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিকরুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং॥ ৪॥
হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত রসনো নাম গণনা
কৃতগ্রন্থিশ্রেণী সুভগকটিসূত্রোজ্জ্বলকরঃ।

মধুরঃ সুরসে পুংসি মধুরস্তু বিষান্তরে। মধুরো রসবৎ স্বাদু প্রিয়েষু ত্রিষু বাচ্যবদিতি বিশ্বলোচনকারঃ। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্ম প্রভাব য়োরিতি বিশ্বঃ। অতিমোহনমূর্ত্তিরিত্যর্থঃ। যতীনাং সংন্যাসিনামুত্তংসঃ শিরোভূষণঃ। তরণিকরাঃ প্রাভাতিক সূর্য্যকিরণা স্তদ্বদ্বিদ্যোতীনি দীপ্তিমন্তি বসনানি যস্য সঃ। গৈরিকারক্ত-বস্ত্র ইত্যর্থঃ। আঙ্গিকরুচা অবয়ব কান্ত্যা হিরণ্যানাং সুবর্ণানাং লক্ষ্মীভরং শোভাতিশয়ং অভিভবং স্তিরস্কুর্ব্বন্। স্যুঃ প্রভারুগ্রুচি স্তিড্ভাভাশ্ছবি দ্যুতি দীপ্তয় ইত্যমরঃ॥ ৪॥

হরে কৃষ্ণেতি মন্ত্র প্রতীক গ্রহণং। ষোড়শ নামাত্মনা দ্বাত্রিংশ দক্ষরেণ মন্ত্রেণোচ্চৈরুচ্চারিতেন স্ফুরিতা কৃতনৃত্যা রসনা জিহ্বা যস্য সঃ। নাম্নামুচ্চারিতানাং গণনায়ৈ কৃতা যা গ্রন্থিশ্রেণী তয়া সুভগং সুন্দরং কটিসূত্রং

কান্তির ন্যায় যাঁহার শরীর কান্তি, যিনি যতিগণের শিরো ভূষণ, প্রভাত কালের সূর্য্যের কিরণের ন্যায় অরুণ বর্ণ যাঁহার বসন, এবং যিনি শরীর কান্তি দ্বারা সুবর্ণরাশির প্রচুর শোভাকেও পরাভব করিতেছেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৪॥

উচ্চৈঃস্বরে হরেকৃষ্ণ নাম উচ্চারণ করিতে যাঁহার রসনা নৃত্য করিতেথাকে ও উচ্চারিত নামের গণনার নিমিত্ত গ্রন্থীকৃত কটী সূত্রে যাঁহার সুন্দর বামহস্ত সুশোভিত, যিনি

বিশালাক্ষো দীর্ঘার্গলযুগলখেলাঙ্কিতভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৫ ॥
পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী কলনয়া
মুহুর্বৃন্দারণ্য স্মরণ জনিত প্রেমবিবশঃ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদং ॥ ৬ ॥

তেন তদঞ্চলেনোজ্জ্বলঃ করোবামহস্তো যস্য সঃ। বিশালাক্ষঃ কর্ণান্তস্থ নেত্রঃ। দীর্ঘং যদৰ্গল যুগলং তস্য খেলয়া বিলাসেনাঙ্কিতৌ ভুজৌ যস্য স আজানুবাহুরিত্যর্থঃ। অর্গলা পরিঘঃ স্মৃত ইতি হলায়ুধঃ। নিদর্শনা লঙ্কারঃ ॥ ৫ ॥

পয়োরাশেঃ সমুদ্রস্য তীরে তটে স্ফুরন্তীনামুপবনালীনামারাম পঙ্ক্তীনাং কলনয়া বীক্ষয়া যন্মুহু বৃন্দারণ্য স্মরণং তজ্জনিতেন প্রেম্না বিবশোঽধৈর্য্যং গতঃ। ক্বচিৎ স্থানে কৃষ্ণাবৃত্ত্যা কৃষ্ণেতি নাম্নোঽসকৃৎ কীর্ত্তনেন প্রচলা রসনা জিহ্বা যস্য সঃ যস্মাৎ ভক্তিরসিকঃ ॥ ৬ ॥

বিশাল নয়ন ও আজানুলম্বিত বাহু, সেই চৈতন্যদেব কি পুনর্ব্বার আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৫ ॥

সমুদ্রতীরে উপবন সমূহ পুনঃ পুনঃ দর্শন করিয়া অমনি বৃন্দারণ্য স্মরণ হওয়ায় প্রেমভরে যিনি অধৈর্য্য হইতেন, এবং কোথাও বা অনবরত কৃষ্ণনাম কীর্ত্তন হেতু যাঁহার রসনা নিয়ত চঞ্চল হইতেছে, সেই ভক্তিরসাস্বাদনকারী শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়নপথে আবির্ভূত হইবেন? ॥ ৬ ॥

রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচলপতে
রদভ্রপ্রেমোর্ম্মিস্ফুরিত নটনোল্লাসবিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত তনু বৈষ্ণবজনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং ॥ ৭ ॥
ভুবং সিঞ্চন্নশ্রু শ্রুতিভিরভিতঃ সান্দ্রপুলকৈঃ
পরীতাঙ্গো নীপস্তবক নবকিঞ্জল্কজয়িভিঃ।

রথারূঢ়স্য নীলাচলপতেঃ শ্রীজগন্নাথস্য আরান্নিকটে। আরাদ্দূর সমীপয়োরিত্যমরঃ। অধিপদবি পথি বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। অদভ্রেণ মহতা প্রেমোর্ম্মিণা স্ফুরিতো যো নটনোল্লাসো নৃত্যাতিশয়স্তেন বিবশঃ। পুরুজং পুষ্কলং পুষ্টমদভ্রমভিধীয়তে ইতি হলায়ুধশ্চ। স্ফুটমন্যৎ ॥ ৭ ॥

অশ্রু শ্রুতিভি র্নয়নাম্বুধারাভির্ভুবং সিঞ্চন্। সান্দ্রপুলকৈ র্নিবিড় রোমাঞ্চৈরভিতঃ পরীতাঙ্গো ব্যাপ্তাবয়বঃ। পুলকান্ বিশিনষ্টি নীপেতি। কদম্বগুচ্ছ কেশর পরাভববিভিরিত্যর্থঃ। তুলঞ্চ নীপ প্রিয়ক কদম্বাস্তু হলিপ্রিয়ে ইতি। স্যাদ্গুচ্ছকস্তু স্তবক ইতি। কিঞ্জল্কঃ কেশরোঽস্ত্রিয়ামিতি

রথারূঢ় শ্রীজগন্নাথদেবের সম্মুখবর্ত্তী পথ মধ্যে বৈষ্ণবগণ মহানন্দে নাম সঙ্কীর্ত্তন আরম্ভ করিলে যিনি তৎ সঙ্গী হইয়া মহা প্রেম তরঙ্গে নৃত্য করিতে করিতে বিবশ হইতেন, সেই শ্রীচৈতন্যদেব পুনর্ব্বার কি আমার নয়ন পথের পথিক হইবেন? ॥ ৭ ॥

যিনি সঙ্কীর্ত্তনানন্দে নিমগ্ন হইলে অনবরত তদীয় অশ্রু ধারায় ধরাতল অভিষিক্ত হইত এবং কদম্ব কুসুমের কেশরের ন্যায় যাঁহার সর্ব্বাঙ্গ পুলকে পরিব্যাপ্ত হইত ও নিবিড় ঘর্ম্ম

ঘনস্বেদস্তোমস্তিমিততনুরুৎকীর্ত্তনসুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশো র্যাস্যতি পদং ॥ ৮ ॥
অধীতে গৌরাঙ্গস্মরণপদবীমঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভ স্ফুরদমলধীরষ্টকমিদং।
পরানন্দে সদ্যস্তদমলপদাম্ভোজযুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

চামরঃ। ঘনেন নিবিড়ে নস্বেদস্তোমেন স্তিমিতাদ্র্া তনুর্যস্য সঃ ॥ ৮ ॥

অষ্টকপাঠফলমাহ। অধীত ইতি। যঃ কৃতী বিদ্বান্ জনশ্চৈতন্যদেব স্যেদমষ্টকমধীতে পঠতি তস্য তদমল্ পদাম্ভোজ যুগলে প্রেমলহরী পরিস্ফুরতু ভবতাদিতি তঃ প্রত্যাশীঃ প্রদানং। অষ্টকং বিশিনষ্টি। গৌরাঙ্গেতি। চৈতন্য ধ্যান সাত্ত্বিকা কৃদিত্যর্থঃ কৃতিনং বিশিনষ্টি। বিশ্রম্ভেতি বিশ্বাস ভ্রাজমান বিশুদ্ধ বুদ্ধিরিত্যর্থঃ। বিশ্রম্ভঃ কেলিকলহে বিশ্বাসে প্রণয়েপিচ ইতি মেদিনী। পরিস্ফারা বিস্তীর্ণা। অস্মিন্ পরস্মিংশ্চাষ্টকে শিখরিণীচ্ছন্দঃ। রসৈরুদ্রৈশ্ছিন্না যমনস ভলাগঃ শিখরিণীতি তল্লক্ষণং। ছন্দসি গণাশ্চ বোধ্যাঃ। সর্ব্বগুরুর্মঃ কথিতো ভজসা গুর্ব্বাদি মধ্যান্তাঃ। ছন্দসি নঃ সর্ব্বলঘু র্যরতালঘ্বাদি মধ্যান্তা ইতি বর্ণচ্ছন্দসি গণাঃ। জ্ঞেয়াঃ সর্ব্বাদি মধ্যান্ত গুরবোহত্র চতুষ্কলাঃ। গণাশ্চতুর্লঘুপেতাঃ পঞ্চার্য্যাদিষু সংস্থিতা ইতি মাত্রা ছন্দসিচ তে বোধ্যা ইতি ॥ ৯ ॥

জালে যাঁহার সর্ব্ব শরীর আদ্র্র হইত; সেই শ্রীচৈতন্য দেব পুনর্ব্বার কি আমার নয়ন পথে আরূঢ় হইবেন? ॥ ৮ ॥

যে বিদ্বান্ ব্যক্তি শ্রদ্ধা সহকারে বিশুদ্ধান্তঃকরণে চৈতন্য দেবের স্মরণ পদ্ধতি স্বরূপ এই অষ্টক পাঠ করিবেন, তাঁহার আনন্দময় সেই চৈতন্যদেবের পাদপদ্ম যুগলে সুবিস্তীর্ণ প্রেম লহরী উচ্ছলিত হউক এই মাত্র প্রার্থনা করি ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য প্রথমাষ্টকং সমাপ্তং ॥ * ॥

অথ দ্বিতীয়াষ্টকং ॥

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ।

॥ * ॥ ইতি প্রথমং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

জগন্নাথ ক্ষেত্রান্মাতৃ দর্শনায় গৌড়মাগতস্য শ্রীচৈতন্যস্যাস্মিন্ দ্বিতীয়েঽষ্টকে বর্ণনং করাবিতি। স চৈতন্যাকৃতি দেবঃ নোঽস্মান্ কৃপয়তু কৃপাবিষয়ান্ করোতু। চৈতন্যাকৃতিশ্চিন্মূর্ত্তিঃ। আকৃতিস্ত্স্ত্রিয়াং রূপে সামান্য বপুষোরপীতি মেদনীকরঃ। পক্ষে চৈতন্য নাম্নী আকৃতি র্যস্য সঃ শচীপুত্র ইত্যর্থঃ। দেবঃ সর্ব্বারাধ্যঃ পাষণ্ডিবিজিগীষুশ্চ। স ক ইত্যপেক্ষ্যাহ। বিদ্বাংসঃ কৃষ্ণবর্ণমিত্যাদি বাক্যার্থ তাৎপর্য্যজ্ঞাঃ। যং কলৌ চতুর্থযুগে। উৎকীর্ত্তনময়ৈঃ সংকীর্ত্তন প্রধানৈর্মখবিধিভি র্ভক্তি যজ্ঞৈঃ স্ফুটং সাক্ষাৎ যজন্তেঽর্চ্চয়ন্তি। যং কীদৃশমিত্যাহ। কৃষ্ণাঙ্গমিন্দ্র নীলমণি শ্যামলাবয়বমেবং দ্যুতিভরাদকৃষ্ণং পীতং কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণ মিত্যুক্তেঃ। যদ্যপি ত্বিষাঽকৃষ্ণমিত্যুক্তেঃ। শুক্ল কপিলাদিত্বমপ্যায়াতি তথাপ্যাসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনুং। শুক্লো রক্তস্তথা পীত

॥ * ॥ ইতি প্রথম অষ্টক সমাপ্ত ॥ * ॥

অথ দ্বিতীয় অষ্টক ॥

জগন্নাথ ক্ষেত্র হইতে জননী শচী দেবীকে দর্শন করিবার নিমিত্ত গৌড়মণ্ডলে আগমন করিলে তৎকালোচিত্ত শ্রীচৈতন্য দেবের ভাব দ্বিতীয় অষ্টকে বর্ণিত হইতেছে ॥

কলিযুগে পণ্ডিতগণ নাম সঙ্কীর্ত্তন ময় যজ্ঞ দ্বারা যাঁহাকে উপাসনা করেন, যিনি কৃষ্ণবর্ণ হইলেও শ্রীমতী রাধিকার

উপাস্যঞ্চ প্রাহু র্যমখিল চতুর্থাশ্রমজুষাং,
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ১ ॥
চরিত্রং তম্বানঃ প্রিয় মঘবদাহ্লাদনপদং
জয়োদ্ঘোষৈঃ সম্যগ্বিরচিত শচীশোকহরণঃ।

ইদানীং কৃষ্ণতাং গত ইতি শ্রীদশমে গর্গোক্তৌ পারিশেষ্যেণ পীতকান্তের্নাতা ভুক্তং সুষ্ঠু। যং ভীষ্মাদয়ো বিদ্বাংসোঽখিল চতুর্থাশ্রমজুষাং সর্ব্ব পরিব্রাজামুপাস্যং পূজ্যঞ্চ প্রাহুঃ। সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তঃ নিষ্ঠাশান্তিঃ পরায়ণঃ। ইতি যতিরাজং বদন্তীত্যর্থঃ ॥ ১ ॥

প্রিয়ং চরিত্রং তম্বানঃ। শান্তিপুরপারি প্রতিরথ্যং প্রতি ভক্তগৃহঞ্চ হরিকীর্ত্তনং বিস্তারয়ন্নিত্যর্থঃ। চরিত্রং বিশিনষ্টি। অঘবতাং পাপিনা মতিদুঃখযোগ্যানামাহ্লাদনমানিন্দকরং পদং স্থানমিতি পতিতপাবনত্ব মুক্তং। দেবং বিশিনষ্টি। জয়োদ্ঘোষৈ র্জয়োস্তু পতিতোদ্ধারিণঃ কৃষ্ণ স্যেত্যেবমুচ্চশব্দৈঃ। বিরচিতং কৃতং স্ববিরহ বিদূনায়াঃ শচ্যাঃ স্বমাতুঃ শোকহরণং যেন সঃ। উদঞ্চত উদয়তঃ মার্ত্তণ্ডস্য রবে র্দ্যুতিং হরতি তিরস্করো তীতি তাদৃশং। যদ্দুকূলং গৈরিক রক্তমম্বরং তেনাঞ্চিতা শোভিতা কটি র্যস্য সঃ। পক্ষেঽরমেবেন্দ্র কার্য্যার্থী বামনো ভূদিতি ব্যজ্যতে। স্বজ্যেষ্ঠ

অতিশয় কান্তি দ্বারা গৌরবর্ণ হইয়াছেন এবং চতুর্থাশ্রমি পরম হংসদিগেরও উপাস্য বলিয়া পণ্ডিতেরা যাঁহাকে কীর্ত্তন করেন, সেই চৈতন্যাকৃতি মহাপুরুষ আমাকে অনুকম্পা করুন ॥ ১ ॥

যিনি শান্তিপুর ধামের প্রতিপথে ও প্রতি ভক্তের গৃহে পাপিজনের আনন্দ কর নিজ চরিত্র অর্থাৎ হরিনাম সঙ্কীর্ত্তন করিতে করিতে (পতিতপাবন কৃষ্ণের জয় হউক এই রূপ)

উদঞ্চন্মার্ত্তণ্ডদ্যুতিহর দুকূলাঞ্চিতকটিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ২ ॥
অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।

ষাৎ। স্বভক্তত্বাচ্চ প্রিয়োমঘবা ইন্দ্র স্তস্যাহ্লাদনং পদং ব্যবসায়ো যত্র তচ্চরিতং বলিচ্ছলনং তদ্বন্ধনাদি লক্ষণং তস্মানঃ। বলৌ নিবন্ধে সতি দেবকৃতৈর্জয়োদ্ঘোষৈ র্বিরচিতং শচ্যা ইন্দ্রাণ্যাঃ শোকহরণং যেন সঃ। স দেব ইতি প্রাগ্বৎ ॥ ২ ॥

নন্থ চতুর্যুগাবতারঃ শ্যামলাঙ্গঃ। কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তিরিত্যাদি স্মরণাৎ। অস্যাতু চৈতন্যস্য তদ্যুগাবতারস্য গৌরত্বং কুতস্তত্রাহ। অপারমিতি। যঃ কস্যাপিপ্রণয়ি জনবৃন্দস্য ব্রজাঙ্গনা লক্ষণস্য স্নিগ্ধ ভক্ত নিচয়স্য কমপ্যনির্বাচ্যং মধুরং শৃঙ্গারাপর পর্য্যায়ং রসস্তোমং হৃত্বোপভোক্তুং স্বয়ং তদ্ভাবেনাস্বাদয়িতুং স্বাং রুচিং দ্যুতিমাবব্রে পিদধে। কিং কুর্ব্বন্নিত্যাহ। তদীয়াং তদ্বৃন্দ সম্বন্ধিনীং দ্যুতিং প্রকটয়ন্নুপরি প্রকাশয়ন্। অন্যোপি চৌরঃ স্বরূপমাবৃত্য চোরয়তীতি প্রসিদ্ধমেতৎ। শ্রুতিরপ্যেতং সূচয়তি। যদা পশ্যঃ পশ্যতে রুক্মবর্ণং কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিমিত্যাদির্না। এবং কুতশ্চকার তত্রাহ। কুতুকীতি তাসাং ভাবাস্বাদে বিনোদবান্। কৌতু

জয় ঘোষণা দ্বারা পুত্রশোকাতুরা শচীদেবীর শোকাপনোদন করিয়াছিলেন এবং নবোদিত অরুণকিরণের ন্যায় অরুণ বর্ণ বসনে যাঁহার কটিদেশ সুশোভিত, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে সমধিক কৃপা করুন ॥ ২ ॥

যিনি মধুর রস আস্বাদন করিব বলিয়া ব্রজবনিতাদিগের অপার মাধুর্য্যভাব অপহরণ পূর্ব্বক তদীয় কান্তি অঙ্গীকার

রুচিং স্বামাধত্তে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৩॥
অনারাধ্যঃ প্রীত্যা চিরমসুরভাবপ্রণয়িণাং
প্রপন্নানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি।

হলং বিনোদঃ স্যাৎ কুতুকঞ্চ কুতূহলমিতি হলায়ুধঃ। যদ্যপ্যুক্ত স্মৃতেঃ প্রতি কলিযুগাবতারঃ শ্যামল স্তথাপি বৈবস্বত মন্বন্তর গতাষ্টাবিংশতিতম চতুর্যুগীয় কলিসন্ধ্যায়াং স্বয়ং ভগবান্ কৃষ্ণ এব স্বপ্রেয়স্যাঃ শ্রীরাধায়াঃ কান্তি ভাবাভ্যাং স্বকান্তি ভাবৌ সমাবৃন্বন্নবততারেতি স্বীকর্ত্তব্যঃ কৃষ্ণবর্ণ মিত্যাদেরাসন্ বর্ণাস্ত্রয় ইত্যাদেশ্চ। এবমভিপ্রেত্যৈব ছন্নঃ কলৌ যদভব ত্রিযুগোথসত্বমিতি সপ্তমে প্রহ্লাদোক্তিশ্চোপপদ্যেত ॥ ৩ ॥

নম্বেবং শ্রীচৈতন্যস্য সাক্ষাদীশ্বরত্বে নির্ণীতেপি কেচিত্তদ্দেশ্য বাসিনো বিপ্রা স্তস্মিন্ যতিভাব কৃত প্রীতিমন্তোপি কুতস্তৎপার্শ্বং ন জগৃহু স্তত্রাহ অনারাধ্য ইতি। অসুর ভাব প্রণয়িণামাসুর প্রকৃতীনাং তামস দেবতাভক্তিভাজাং চিরং তাদৃক্ প্রীত্যাপ্যনারাধ্যঃ সাক্ষাদীশ্বরত্বেনা-গ্রাহ্যঃ। দৈবীং প্রকৃতিং প্রপন্নানাং ত্বধিদৈবমারাধ্যদেবঃ সন্ যোঽজস্রং জয়তি। তত্রাস্মিন্নামেব সাত্বিকপ্রকৃতীনাং বহুনাং তথাত্বেন সগ্রাহ্য ইত্যর্থঃ। ত্রিজগতি ত্রিলোক্যাং নম্বেকস্মিন্নেব ভূমণ্ডলে ইত্যর্থঃ। শ্রীমান্

করত স্বীয় রূপ গোপন করিয়াছেন, সেই চৈতন্যাকৃতি গৌরাঙ্গদেব আমাদিগকে সাতিশয় অনুকম্পা করুন ॥ ৩ ॥

যিনি অসুরভাবাপন্ন তামসী দেবতার উপাসক ব্রাহ্মণ গণের অনুপাস্য হইলেও জগতে সত্ত্বগুণ সম্পন্ন দেবভাবা পন্ন ব্রাহ্মণগণের একমাত্র আরাধ্য হইয়াছেন এবং স্বাভা-বিক আনন্দময় ও মধুর মূর্ত্তিতে যিনি জগতে সর্ব্বোৎকৃষ্ট

অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানন্দমধুরঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৪ ॥
গতি র্যঃ পুণ্ড্রাণাং প্রকটিতনবদ্বীপমহিমা
ভবেনালং কুর্ব্বন্ ভুবনমহিতং শ্রোত্রিয়কুলং।

শচীপতিঃ। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এবচ। বিষ্ণুভক্তিপরো দৈবো আসুর স্তদ্বিপর্য্যয় ইতি বিষ্ণুধর্ম্মাৎ। তথাচ কৈশ্চিত্তথাত্বেঽগৃহীতেপি ন কাচিৎ ক্ষতিরিতি ॥ ৪ ॥

গতিরিতি। নবদ্বীপস্য দক্ষিণতঃ কুলীনগ্রামোপান্তেঃ পুণ্ড্রো নাম দেশঃ। তত্রবানাং পৌণ্ড্রানাং যো দেবো গতিঃ সাধ্য সাধন ভূতো নিস্তারক ইত্যর্থঃ। তত্রত্যাঃ সর্ব্বে তং সাক্ষাদীশ্বরত্বেন ভেজুরিতি ভাবঃ। যঃ কীদৃগিত্যাহ প্রকটিতেতি। গঙ্গাদেব্যা বিবদেশার্থং চালঙ্কৃতস্যাপি প্রাকৃতত্বে নোচ্যমানস্য নবদ্বীপস্য তত্র প্রাদুর্ভূতেন যেন মহিমা প্রকটিতঃ। বৃন্দাবনস্য প্রকাশবিশেষোঽয়মিতি পূজ্যতা তদ্ভক্তেষু প্রকাশিতেত্যর্থঃ। যঃ শ্রোত্রিয়কুলং বৈদিক বিপ্রবংশং ভবেন স্বজন্মনালং কুর্ব্বন্ ভূষয়ন্ পরম হংসাশ্রমপদং সংন্যাস চিহ্নমঙ্গীকারাৎ স্বীকৃত্য পুনাতি। নহি তস্য সংন্যাস গ্রহণে কিঞ্চিৎ ফলং কিন্তু ভক্তিসাৎ করণেন তৎ পরিশুদ্ধিরেবেতি ॥ ৫ ॥

রূপে বিরাজ করিতেছেন, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে কৃপা করুন ॥ ৪ ॥

যিনি পুণ্ড্রদেশীয় ভক্তগণের নিস্তারকারী, যিনি বিশেষ রূপে নবদ্বীপের মহিমা বিস্তার করিয়াছেন ও যিনি নবদ্বীপে বৈদিক ব্রাহ্মণ বংশে জন্ম গ্রহণ করিয়া ভুবন পূজ্য ঐ বংশ উজ্জ্বল করিয়াছেন এবং যিনি পরমহংসাশ্রম অঙ্গীকার করিয়া ভক্তি শিক্ষা দ্বারা ঐ আশ্রম পবিত্র করি-

পুনাত্যঙ্গীকারাদ্ভুবি পরমহংসাশ্রমপদং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫ ॥
মুখেনাগ্রে পীত্বা মধুরমিহ নামামৃতরসং
দৃশোর্দ্বারা যস্তং বমতি ঘনবাষ্পাম্বুমিষতঃ।
ভুবি প্রেম্নস্তত্ত্বং প্রকটয়িতুমুল্লাসিততনুঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬ ॥

ভাবমগ্নতাং বর্ণয়ন্ বিশিনষ্টি। মুখেনেতি। অগ্রে প্রথমং মধুরং নামামৃতরসং মুখেনাস্যেন যঃ পীত্বা ঘনবাষ্পাম্বু মিষতো নিবিড় নয়ন জলচ্ছলেন দৃশোর্দ্বারা তং নামামৃত রসং বমত্যুদ্গিরতি কিমর্থমিত্যপেক্ষ্যাহ। ভুবি পৃথিব্যাং প্রেম্ন স্তত্ত্বং স্বরূপং প্রকটয়িতুং বোধয়িতুং। তত্ত্বং বাদ্য প্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনীতি বিশ্বঃ। ভগবন্নাম কীর্ত্তনমেব তৎ প্রেমা ভবেদিতি বোধনায়েত্যর্থঃ। নচ জুগুপ্সাশ্লীলমিদং বমতি পদং গৌণবৃত্তিতায়ামশ্লীলানঙ্গীকারাৎ। অপহ্নুতিরলঙ্কারঃ। প্রকৃতং নামামৃত রসপানানুভাবমশ্রু প্রতিষিধ্য তস্য তদ্রসত্বেন স্থাপনাৎ। প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ স্থাপ্যতে সাপহ্নুতিরিতি তল্লক্ষণাৎ ॥ ৬ ॥

য়াছেন, সেই চৈতন্যাকৃতি গৌরাঙ্গদেব আমাদিগকে কৃপা করুন ॥ ৫ ॥

যিনি প্রথমতঃ মুখ দ্বারা হরিনাম রূপ অমৃত রস পান করিয়া অনবরত অশ্রু বিসর্জ্জন চ্ছলে নয়ন দ্বারা ঐ রস যেন উদ্গিরণ করিতেছেন এবং জগতে প্রেম তত্ত্ব শিক্ষাদিবার নিমিত্ত যাঁহার কলেবর সর্ব্বদা উল্লাসিত, সেই চৈতন্যাকৃতি মহাপ্রভু আমাদিগকে অনুকম্পা করুন ॥ ৬ ॥

তনুমাবিষ্কুর্ব্বন্ নবপুরটভাসং কটিলসৎ
করঙ্কালঙ্কারস্তরুণগজরাজাঞ্চিতগতিঃ।
প্রিয়েভ্যো যঃ শিক্ষাং দিশতি নিজনির্ম্মাল্যরুচিভিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৭ ॥
স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো

তীর্থায় ব্রজস্তং বর্ণয়ন্ বিশিনষ্টি তনুমিতি। নবস্য দাহোত্তীর্ণস্য পুরটস্য স্বুবর্ণস্যেব ভাঃ যস্যাস্তাং তনুং মূর্ত্তিমাবিষ্কুর্ব্বন্ প্রদর্শয়ন্ পণিকত্বেহি সর্ব্বেষাং তদ্দর্শনং স্যাদিতি কারুণিকত্বং ব্যঙ্গং। কটৌ নিবদ্ধ তয়ালসন্ করঙ্কালঙ্কারো নারিকেল ফলাস্থি রচিতমম্বুপাত্রং যস্য সঃ। নারিকেরজঃ করঙ্ক ইতি হৈমঃ নিজাঃ স্বকীয়া নির্ম্মাল্যেষু ভগবৎ প্রসাদেষু মাল্যাদিষু যা রুচয়োঽভিপ্রীতয় স্তাভিঃ প্রিয়েভ্যঃ স্বভক্তেভ্যঃ শিক্ষাং যো দিশতি। ভবদ্ভিরেবমেব তেষাদরোবিধেয় ইতি শিক্ষয়তীত্যর্থঃ ॥ ৭ ॥

নিখিল কল্যাণ করত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি স্মিতেতি। যস্য স্মিতালোকঃ স্মিত পূর্ব্বকঃ কৃপাকটাক্ষঃ। জগতাং তদ্বর্ত্তি প্রাণিনাং শোকং হরতি।

প্রতপ্ত কাঞ্চনের ন্যায় যাঁহার শরীর-কান্তি, যাঁহার কটিদেশ করঙ্গ (সন্ন্যাসীদিগের ভিক্ষাভাজন পাত্র বিশেষ) রূপ অলঙ্কারে সুশোভিত এবং তরুণ গজরাজের ন্যায় যাঁহার প্রশস্ত গমন ও যিনি স্বয়ং প্রীতি পূর্ব্বক ভগবৎ প্রসাদ মাল্যাদি গ্রহণ করিয়া নিজ ভক্তদিগকে শিক্ষা অর্থাৎ তোমারাও এই প্রকার আচরণ করিও এই বলিয়া উপদেশ প্রদান করিতেছেন সেই চৈতন্যাকৃতি মহাপুরুষ আমাদিগকে প্রচুর কৃপা করুন ॥ ৭ ॥

যাঁহার ঈষদ্ধাস্য সহকৃত কৃপাকটাক্ষ সকলের শোক

গিরাস্তু প্রারম্ভঃ কুশলপটলীং পল্লবয়তি।
পদালম্ভঃ কম্বা প্রণয়তি নহি প্রেমনিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৮ ॥
শচীসূনোঃ কীর্ত্তিস্তবক নবসৌরভ্যনিবিড়ং
পুমান্ যঃ প্রীতাত্মা পঠতি কিল পদ্যাষ্টকমিদং।
স লক্ষ্মীবানেতং নিজপদসরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যাণীমনুপদমবাধং সুখয়তু ॥ ৯ ॥

যস্য গিরাস্তু প্রারম্ভঃ সম্ভাবণোপক্রমঃ জগতাং কুশলপটলীং কল্যাণসংহতিং পল্লবয়তি বিস্তারয়তি। যস্য পদালম্ভঃ চরণাশ্রয়ণং কং বা জনং প্রেমনিবহং কৃষ্ণপ্রেম সন্ততিং ন প্রণয়তাপিতু সর্ব্বং জনং তং প্রাপয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

অষ্টকপাঠফলমাহ। শচীতি। যঃ পুমানিদং শচীসূনোঃ পদ্যাষ্টকং পঠতি। এতং জনং স লক্ষ্মীবান্ শচীসূনুরনুপদং সদা সুখয়তু। কিং কুর্ব্বাণঃ সন্নিত্যাহ। নিজপদসরোজে প্রণয়িতাং প্রীতিং দদানঃ সন্। স্ফুটার্থমন্যৎ ॥ ৯ ॥

হরণ করিয়া থাকে, যাঁহার বাক্যারম্ভ জগতের কল্যাণ সমূহ বিস্তার করে, যাঁহার পাদপদ্ম আশ্রয় করিলে সামান্য লোকেও সমধিক কৃষ্ণপ্রেম প্রাপ্ত হয়, সেই চৈতন্যাকৃতি শচীনন্দন আমাদিগকে সমধিক অনুকম্পা করুন ॥ ৮ ॥

শচীনন্দনের কীর্ত্তি কুসুমাবলীর গন্ধে সুগন্ধ পরিপূর্ণ এই পদ্যাষ্টক যে ব্যক্তি প্রীত মনে পাঠ করেন, সেই শ্রীমান্ শচীনন্দন কল্যাণ ময় নিজ পাদপদ্মে তাঁহাকে আশ্রয় দিয়া নিরন্তর তাঁহাকে সুখী করেন ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য দ্বিতীয়াষ্টকং সমাপ্তং ॥*॥

অথ তৃতীয়াষ্টকং ॥

উপাসিতপদাম্বুজস্ত্বমনুরক্তরুদ্রাদিভিঃ

প্রপদ্য পুরুষোত্তমং পদমদভ্রমুদ্ভ্রাজিতঃ।

সমস্ত নত মণ্ডলী স্ফুরদভীষ্টকল্পদ্রুমঃ

॥ * ॥ ইতি দ্বিতীয়ং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

অথ পুরুষোত্তমক্ষেত্রে বিরাজমানং চৈতন্যদেবং পশ্যন্ স্তৌতি। উপা সিতেত্যাদিভিঃ। হে শচীসুত হে প্রভো হে মুকুন্দ ত্বং মন্দে ময়ি কৃপাং কুরু। কীদৃশস্ত্বমিত্যপেক্ষ্যাহ। অনুরক্তৈরাচার্য্যাদিরূপতয়া স্থিতৈ রুদ্রা দিভিরুপাসিতে পদাম্বুজে যস্য সঃ। পুরুষোত্তমং পদং স্থানং ক্ষেত্রং প্রপদ্য প্রাপ্যোদ্ভ্রাজিতো বিদ্যোতমানঃ। অদভ্রং শ্রেষ্ঠং। যদ্বা। পুরু- ষোত্তমং জগন্নাথং পদং বস্তু প্রপদ্য তৎ প্রপত্তিং কৃত্বোদ্ভ্রাজিতো লব্ধচ্ছবি রিত্যর্থঃ। নতমণ্ডলী স্বভক্তগণঃ। মণ্ডলঃ পরিধৌ কুষ্ঠে দেশে দ্বাদশ রাজকে। ক্লীবেথ নিবহে বিম্বে ত্রিষু পুংসিতু কুক্কুরে ইতি মেদিনীকরঃ॥ ১

॥ * ॥ ইতি দ্বিতীয় অষ্টক সমাপ্ত ॥ * ॥

তৃতীয় অষ্টকে জগন্নাথ ক্ষেত্রস্থ মহাপ্রভুর ভাব বর্ণিত হইতেছে।

হে শচীনন্দন! রুদ্রাদি দেবগণ মানবদেহ ধারণ পূর্ব্বক সর্ব্বদা তোমাতে অনুরক্ত হইয়া তোমার পাদপদ্ম উপাসনা করিতেছেন, তুমি জগন্নাথ ক্ষেত্র প্রাপ্ত হইয়া সর্ব্বদা সেই স্থানে আনন্দে বিরাজ করিতেছ এবং তুমি ভক্তমণ্ডলীর অভীষ্ট দাতা কল্পবৃক্ষ স্বরূপ, অতএব হে

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ১ ॥
নু বর্ণয়িতুমীশতে গুরুতরাবতারায়িতা
ভবন্তমুরুবুদ্ধয়ো ন খলু সার্ব্বভৌমাদয়ঃ।
পরোভবতু তত্র কঃ পটুরতো নমস্তে পরং
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ২ ॥
ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং

প্রভোঃ স্তবে স্বস্যাসামর্থ্যং দর্শয়ন্নাহ ন্বিতি। হে শচীসুত সার্ব্বভৌমাদয়োপি ভবন্তং বর্ণয়িতুং স্তোতুং নেশতে সমর্থা ন ভবন্তি। কীদৃশাস্তে ইত্যাহ। গুরুতরাঃ সর্ব্বমুনিগুরবশ্চ তেঽবতারাশ্চ দত্তাত্রেয় বাদরায়ণাদয়ঃ। তে ইবাচরন্তীতি গুরুতরাবতারায়িতাঃ কর্ত্তৃক্যঙন্তাৎ কর্ত্তরি ক্তঃ। উরুবুদ্ধয়োঽতিসূক্ষ্মধিয়ঃ। তাদৃশোপি যদ্বর্ণনে ন ক্ষমাস্তত্র পরোঽন্যঃ পটুর্নিপুনঃ কো ভবেন্ন কোপীতি ভাবঃ। অতঃ সর্ব্বাবরস্য বুদ্ধিহীনস্য মে তে তুভ্যং পরং কেবলং নমোঽস্তু নতু বর্ণনোদ্যম ইতি ভাবঃ ॥ ২ ॥

নম্নু তাদৃশাস্তে তদ্বর্ণনে কুতোঽক্ষমাস্তত্রাহ ন যদিতি। শ্রুতৌ বেদে তচ্ছিরো

প্রভো! হে মুকুন্দ! এই মন্দ ব্যক্তি যে আমি, আমাকে কৃপা কর ॥ ১ ॥

হে শচীনন্দন! যে স্থলে ব্যাসাদি মুনিগণের ন্যায় সূক্ষ্ম বুদ্ধি সম্পন্ন সার্ব্বভৌম প্রভৃতি পণ্ডিতগণ তোমার স্বরূপ বর্ণনে সমর্থ হয়েন না, সে স্থলে সামান্য ব্যক্তি আমি কি রূপে তোমাকে বর্ণন করিব। অতএব হে প্রভো! হে মুকুন্দ! তোমাকে নমস্কার করি, এ অধমের প্রতি কৃপা কর ॥ ২ ॥

হে রসরত্নাকর! যাহা বেদে নাই, যাহা উপনিষদে নাই

স্বয়ঞ্চ বিবৃতং নযদ্ গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নসি রসাম্বুধে তদিহ ভক্তিরত্নং ক্ষিতৌ
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥ ৩॥
নিজপ্রণয়বিস্ফুরন্নটনরঙ্গ বিস্মাপিত

ভূতাভিরূপনিষত্তি র্যদ্ভক্তিরত্নং কথমপি কেনাপি ভক্তিস্বরূপ প্রকাশকেন প্রকারেণ নাহিতং নর্পিতং ন বর্ণিতমিত্যর্থঃ। তা হি শ্রদ্ধা ভক্তি ধ্যান যোগাদবৈহি। যস্য দেবে পরা ভক্তি র্ভক্তিরস্য ভজনমিত্যাদিভিমু্দ্রিত-বত্তদবস্থাপয়ন্তীতি ভাবঃ। স্বয়ং ভগবতা শ্রীকৃষ্ণেন চ যদ্ভক্তিরত্নং গুরুত রাবতারান্তরে দত্তাত্রেয় ব্যাসাদি প্রাদুর্ভাব মধ্যে ন বিবৃতং। কর্ম্মযোগয়ো রদ্বৈতচ্ছায়ায়াশ্চান্তরান্তবোক্ত্যা তদ্বাক্যেষু শুদ্ধভক্তে র্বিবৃত্যা লাভাৎ। তত্ত্বমিহ ক্ষিতৌ ধান্যরাশিমিব ক্ষিপন্নসি। যেদেন ভগবতাচ গোপিতানি ভক্তিরত্নান্যেবং বিকিরতস্তে মহোদারস্য বর্ণনং সর্ব্বদুঃশকমিতি ভাবঃ। এবমুক্তং। ক সা নিরঙ্কুশকৃপা ক তদ্বৈভবমদ্ভুতং। ক সা বৎসলতা শৌরে যাদৃ গ্ গৌরে তবাত্মনীতি প্রবোধানন্দঃ॥ ৩॥

নিজেতি ত্রীণ্যত্র সম্বুদ্ধ্যন্তানি। নিজে স্বস্মিন্ কৃষ্ণাত্মনি যঃ প্রণয়ো ভাববিশেষস্তেন বিস্ফুরদুদয়মানং যন্নটনং তত্র যোরঙ্গ আশ্চর্যাতা জ্ঞানং তেন বিস্মাপিত স্ত্রিনেত্রঃ শিব স্তদবতারোঽদ্বৈতাচার্য্যো যেন হে তথাভূত। রঙ্গঃ স্যাদদ্ভুতজ্ঞানে জঙ্গমেঙ্গিতয়োরপীতি বিশ্বঃ। অহস্কৃতিরাভিজাত্য পাণ্ডি-

---

এবং কৃষ্ণাবতারেও অন্যান্য ব্যাসাদি অবতারেও যাহা প্রকাশিত হয় নাই সেই ভক্তি রত্ন অনবরত তুমি এই ধরা-তলে বিতরণ করিতেছ, অতএব হে শচীনন্দন! হে মুকুন্দ! হে প্রভো! এই অধম জনে অনুকম্পা কর॥ ৩॥

হে শচীনন্দন! তুমি নাম সঙ্কীর্ত্তনে অপূর্ব্ব নৃত্য করিয়া শিবাবতার অদ্বৈতাচার্য্যকে বিস্ময়ান্বিত ও ভক্তমণ্ডলীর

ত্রিনেত্রনতমণ্ডলপ্রকটিতানুরাগামৃত।
অহঙ্কৃতি কলঙ্কিতোদ্ধত জনাদি দুর্ব্বোধ হে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥ ৪॥
ভবন্তি ভুবি যে নরাঃ কলিত দুষ্কুলোৎপত্তয়া
স্ত্বমুদ্ধরসি তানপি প্রচুর চারু কারুণ্যতঃ।
ইতি প্রমুদিতান্তরঃ শরণমাশ্রিতস্ত্বামহং

ত্যাদি হেতুকোভিমানস্তেন কলঙ্কিতা লাঞ্ছিতা যে উদ্ধত জনাস্তৈর্দুর্বোধ হে শচীসুত। কলঙ্কাঙ্কৌ লাঞ্ছনঞ্চ চিহ্নং লক্ষ্ম চ লক্ষণমিত্যমরঃ। অহঙ্কার বিযুক্তানাং কেশবো নহি দূরগঃ। অহঙ্কারযুতানাস্তু মধ্যে পর্ব্বতকোটয় ইতি স্মৃতেঃ। স্ফুটমন্যৎ॥ ৪॥

নমু মন্দে ত্বয়ি মৎ কৃপা কথং স্যাত্তত্রাহ ভবন্তীতি। যেন বা ভুবি কলিত দুষ্কুলোৎপত্তয়ো ভবন্তি দুষ্কুলোৎপত্তিভাজো বর্ত্তন্তে তানপি দুষ্কুলীনত্বাৎ পাপাচারান্ ত্বং সমুদ্ধরসি। কুতো হেতোরিত্যাহ প্রচুরেতি। কমনীয় কৃপা নির্ভরাদিত্যর্থঃ। যত এবমতস্ত্বামহং প্রমুদিতান্তরঃ প্রহৃষ্ট চিত্তঃ সন্ শরণমাশ্রিতঃ প্রাপ্তোস্মি। তাদৃশস্যাপি মে নিস্তারো ভাবীতি॥ ৫॥

হৃদয়ে অনুরাগ রূপ অমৃত সঞ্চার করিয়াছ এবং তুমি জাতি বিদ্যা, মহত্ত্ব প্রভৃতি অভিমান মদে কলুষিত হৃদয় উদ্ধত জনগণের দুর্জ্ঞেয়, অতএব হে প্রভো! হে মুকুন্দ! এই মন্দ জনের প্রতি তুমি কৃপা কর॥ ৪॥

এই ধরাতলে যাহারা নীচ কুলে জন্ম গ্রহণ করে, তুমি সমধিক সুন্দর করুণামৃত বর্ষণে সেই সকল পাপাচারি জন গণকে নিস্তার করিয়াথাক, এই ভরসায় আমিও আনন্দমনে তোমার শরণাগত হইলাম, অতএব হে শচীনন্দন। হে প্রভো!

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৫ ॥
মুখাম্বুজ পরিস্খলন্মৃদুলবাঙ্মধূলীরস
প্রসঙ্গ জনিতাখিল প্রণতভৃঙ্গরঙ্গোৎকরঃ।
সমস্ত জন মঙ্গল প্রভব নাম রত্নাম্বুধে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৬ ॥
মৃগাঙ্ক মধুরানন স্ফুরদনিদ্র পদ্মেক্ষণ
স্মিতস্তবকসুন্দরাধরবিশঙ্কটোরস্তট।

মুখেত্যাত্র সম্বোধন দ্বয়ং মুখাম্বুজাৎ পরিস্খলন্ ক্ষরন্ যো মৃদুল বাঙ্মধূলী রসঃ কোমলবাণী মকরন্দ দ্রব স্তস্মিন্ যঃ প্রসঙ্গো পাঢ়াশক্তিস্তেন জনিতো হখিলানাং প্রণতভৃঙ্গাণাং রঙ্গোৎকরো বিস্ময় জ্ঞান নির্ভরো যেন হে তথা ভূত। সমস্তানাং নানা বিধানাং জন মঙ্গলানাং প্রভবো যেভ্য স্তথা ভূতানাং নাম-রত্নানামম্বুধে হে শচীসুত ॥ ৬ ॥

রূপং নিরূপয়ন্ সম্বোধয়তি মৃগাঙ্কেতি। মৃগাঙ্কশ্চন্দ্র স্তদ্বন্মধুরমাহ্লাদ প্রকাশাভ্যাং রুচিরমাননং মুখং যস্ত হে তাদৃশ। স্ফুরন্তী বিরাজন্তী যে

এ অধমের প্রতি একবার কৃপাকটাক্ষ বিস্তার কর ॥ ৫ ॥

হে প্রভো! তোমার মুখ পদ্ম বিগলিত কোমল বাক্য রূপ মকরন্দে গাঢ় আসক্ত হইয়া, অপূর্ব্ব রসবোধে ভক্ত রূপ ভ্রমরগণ অতিশয় চমৎকৃত হইতেছে এবং তুমি সকলের কল্যাণ কারণ ভগবন্নাম রত্নের রত্নাকর, অতএব হে শচী নন্দন! হে মুকুন্দ! এই অধম জনের প্রতি অনুকম্পা কর ॥ ৬

হে শচীনন্দন! ত্বদীয় মুখমণ্ডল চন্দ্রের ন্যায় অতিশয় আহ্লাদ কর, প্রফুল্ল পঙ্কজের ন্যায় তোমার নয়ন যুগল,

ভুজোদ্ধত ভুজঙ্গমপ্রভ মনোজকোটিদ্যুতে
শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং ॥ ৭ ॥
অহং কনককেতকীকুসুমগৌরদুষ্টঃ ক্ষিতৌ
ন দোষ লবদর্শিতা বিবিধ দোষ পূর্ণেঽপি তে।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণবৎসল ত্বাং ভজে

অনিদ্রে প্রফুল্লে পদ্মে তে ইবেক্ষণে নেত্রে যস্য হে তাদৃশ। স্মিতস্তবকেন মন্দহাস গুচ্ছেন সুন্দরোঽধরো যস্য হে তাদৃশ। বিশঙ্কটং বিশালমুরস্তটং বক্ষো যস্য হে তাদৃশ। বিশঙ্কটং পৃথু বৃহৎ বিশালং পৃথুলং মহদিত্যমরঃ ॥ ৭ ॥

পাপাত্মাপ্যহং তব স্বভাবং বীক্ষ্য কৃতার্থঃ স্যামিতি হৃষ্টচিত্তোস্মীতি ভাবেনাহ অহমিতি। হে কনককেতকীকুসুমগৌর। ক্ষিতৌ পৃথিব্যা মহং দুষ্টঃ কামক্রোধাদি দূষিতোঽস্মি। বিবিধদোষপূর্ণেপি জনে তে তব দোষলব দর্শিতা নাস্তি। অত উদ্ধারকস্য তবোদ্ধার্য্যেণ ময়া সহ সম্বন্ধ প্রতীয়াদ্বেতো ত্বামহং প্রবণয়া নম্রয়া ধিয়া ভজে। হে কৃপণবৎসল ময়ি

তোমার অধর বিম্ব ঈষদ্ধাস্য রূপ কুসুম স্তবকে সুশোভিত, বক্ষঃস্থল অতি বিশাল, উদ্ধত ভুজঙ্গের ন্যায় ভুজ যুগল এবং কোটিকন্দর্পের ন্যায় তোমার শরীর কান্তি, অতএব হে মুকুন্দ! হে প্রভো! এই মূঢ় জনের প্রতি কৃপা কর ॥ ৭ ॥

হে, সুবর্ণকেতকীকুসুমগৌর! হে, দীনবৎসল! এই ধরাতলে আমি কাম ক্রোধাদি অশেষ দোষে দূষিত, কিন্তু দোষ পরিপূর্ণ জনে তোমার দোষ দৃষ্টি নাই বলিয়া দৃঢ় বিশ্বাসে তোমার ভজনা করিতেছি অতএব হে শচীনন্দন! হে মুকুন্দ! হে প্রভো! এই মন্দ জনের প্রতি অনুকম্পা

শচীসুত ময়ি প্রভো কুরু মুকুন্দ মন্দে কৃপাং॥ ৮ ॥
ইদং ধরণিমণ্ডলোৎসব ভবৎপদাঙ্কেষু যে
নিবিষ্টমনসো নরাঃ পরিপঠন্তি পদ্যাষ্টকং।
শচীহৃদয়নন্দনপ্রকট কীর্ত্তিচন্দ্রপ্রভো
নিজপ্রণয়নির্ভরং বিতর দেব তেভ্যঃ শুভং॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য তৃতীয়াষ্টকং সমাপ্তং॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীচৈতন্যদেবস্য স্তোত্রাণি॥ * ॥

মন্দে কৃপাং কুরু॥ ৮ ॥

অষ্টকপাঠ ফলমাহেদমিতি। হে ধরণীমণ্ডলোৎসব। হে শচীহৃদয় নন্দন। হে প্রকটকীর্ত্তিচন্দ্র হে প্রভো। যেন বা ভবৎ পদাঙ্কেষু ত্বচ্চরণ চিহ্নেষু নিবিষ্ট মনসঃ যস্তু ইদং পদ্যাষ্টকং পরি পঠন্তি তেভ্যস্ত্বং নিজ প্রণয় নির্ভরং স প্রেম সম্পত্তিং বিতর দেহি। হে দেব শুভং মঙ্গলাত্মকং। অস্মিন্নষ্টকে পৃথ্বীচ্ছন্দঃ। জসৌ জসযলাবসু গ্রহ যতিশ্চ পৃথ্বী গুরুরিতি তল্লক্ষণং॥ ৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ং চৈতন্যাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

প্রকাশ কর॥ ৮

হে ধরণিমণ্ডলোৎসব! হে প্রকাশিত কীর্ত্তিচন্দ্র! হে শচীহৃদয়নন্দন! হে প্রভো! যে সকল মনুষ্য তোমার পাদ পদ্মে মন অভিনিবেশ পূর্ব্বক এই পদ্যাষ্টক পাঠ করেন তুমি তাঁহাদিগকে মঙ্গলময়ী নিজ প্রেম সম্পত্তি বিতরণ কর॥ ৯ ॥

॥ * ॥ ইতি তৃতীয়াষ্টক সমাপ্ত ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে শ্রীচৈতন্যদেবের স্তবাবলী সমাপ্তা॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ।

অথ শ্রীকৃষ্ণদেবস্য ॥

শ্রীকৃষ্ণঃ পরমানন্দো গোবিন্দো নন্দনন্দনঃ।

এবং স্বদেশিকং শ্রীচৈতন্যং স্তুত্বা সচ্চিদানন্দ রূপায় কৃষ্ণায়াক্লিষ্ট কারিণে। একোবশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য একোপি সন্ বহুধা যো বিভাতি তস্মাৎ কৃষ্ণ এব পরো দেবস্তং ধ্যায়েৎ। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং মত্তঃ পরতরং নান্যদিত্যাদি শ্রুতিস্মৃতিভিস্তেনোপদিষ্টং পরতমং তত্ত্বং কৃষ্ণং স্তোতুমারভতে। অথেতি শ্রীচৈতন্যদেব স্তবানন্তরং শ্রীকৃষ্ণস্য স্তবো লিখ্যত ইত্যর্থঃ। স্তবমাহ। শ্রীতি। শ্রীকৃষ্ণেতি নিখিল নাম মুখ্যেন নাম্না বাচ্যত্বাৎ শ্রীকৃষ্ণঃ। নাম্নাং মুখ্যতমং নাম কৃষ্ণাখ্যং মে পরন্তপেতি ভগবদুক্তেঃ। তৎ প্রবৃত্তি নিমিত্তঞ্চ সদানন্দত্বং। কৃষি ভূর্বাচকঃ শব্দোণশ্চ নির্বৃতি বাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়ত ইতি স্মৃতেঃ। কচিৎ শ্যামত্বঞ্চ। কৃষ্ণো বর্ণশ্চ মে যস্মাত্তস্মাৎ কৃষ্ণোঽহমর্জুনেতি ভগবদুক্তেঃ। পরমশ্চাসাবানন্দশ্চেতি পরমানন্দঃ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যাদি শ্রুতেঃ আনন্দস্য পারম্যং বিজ্ঞানাত্মকত্বাৎ। বিভুত্বাৎ সশ্রীকত্বাদ্বা মূর্ত্তত্বাদ্বেত্যন্যে। মূর্ত্তত্বঞ্চ তস্য রাগ মূর্ত্তত্ববদচিন্ত্যত্বাচ্ছুভত্বাচ্চ স্বীকার্য্যং। গবামিন্দ্রত্বাৎ গোবিন্দঃ পাস্যাম ইন্দ্রোগবামিতি শ্রীশুককোক্তেঃ। নন্দাৎ যশোদায়াং জাতত্বাৎ নন্দনন্দনঃ। দারকোনন্দনোঽর্ভক ইতি ধনঞ্জয়ঃ যশোদাখনিমাণিক্যমিত্যুপরি বক্ষ্যতি। নন্নু কৃষ্ণস্য যশোদাসুতত্বং ন সম্ভবতি। শ্রীদশমোক্ত স্ফুটার্থ বিরোধাদিতি চেন্নৈবমেতৎ। নিশীথে তম উদ্ভূতে জায়মানে জনার্দ্দনে। দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ণুঃ সর্ব্বগুহাশয়ঃ। আবিরাসীৎ যথা প্রাচ্যাং দিশীন্দুরিব পুষ্কল ইতি তত্রৈব শ্রীমুনীন্দ্রেণ যশোদায়াং চ তস্য জন্মাভিধানাৎ। যশোদাপি দেবকীত্যুচ্যতে। দ্বে নাম্নী নন্দভার্য্যায়া, যশোদা দেবকীতিচ। অতঃ

অথ শ্রীকৃষ্ণের স্তব ॥

শ্রীকৃষ্ণ, পরমানন্দ, (যিনি পরম আনন্দ স্বরূপ)

তমালশ্যামলরুচিঃ শিখণ্ডকৃতশেখরঃ ॥ ১ ॥

সখ্যমভূৎ তস্যা দেবক্যা শৌরিজায়য়েত্যাদি পুরাণাৎ ততশ্চায়মর্থঃ। দেহলী প্রদীপ ন্যায়েন দেবক্যামিত্যেতদুভয়ত্রাম্বয়ি। তমসা ধ্বান্তেনোদ্ভূতে ব্যাপ্তে নিশীথে রাত্র্যর্দ্ধে দেবক্যাং যশোদায়াং জনার্দ্দনে কৃষ্ণে জায়মানে সতি দেবক্যাং বসুদেবপত্ন্যাং বিষ্ণুঃ কৃষ্ণ এবাবিরাসীদিত্যুভয়ত্র যুগপৎ প্রভোরাবির্ভাবঃ। গর্ভকালে ত্বসংপূর্ণে অষ্টমে মাসি তে স্ত্রিয়ৌ। দেবকী চ যশোদা চ সুষুবাতে সমং তদেতি হরিবংশাচ্চ। তদুত্তরং দুর্গায়াশ্চ যশোদায়ামাবির্ভাবঃ। ততশ্চ শৌরি র্ভগবৎ প্রচোদিতঃ সুতং সমাদায় স সূতিকাগৃহাৎ। যদা বহির্গন্তুমিয়েষ তর্হ্যজা যা যোগমায়াঽজনি নন্দজায়য়া ইতি শ্রীমুনীন্দ্রোক্তেঃ। অতঃ কিঞ্চিৎ পূর্ব্বোত্তর ভাবেন যশোদায়াঃ পুত্রকন্যারূপমপত্যদ্বয়ং তচ্চ বসুদেব যশোদাভ্যাং ক্রমাদদৃষ্টং বোধ্যং দেবরূপিণ্যামিতি কুক্ষি সম্বন্ধোবোধো নিরস্তঃ। যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত। ন তদ্বেদ পরিশ্রান্তা নিদ্রয়াপগত স্মৃতিরিতি। তত্রৈবোপরি তেন তস্যাং তজ্জন্মনঃ স্ফুটীকরণাচ্চ শৌরিপত্নী নন্দপত্নীচ পরং পরেশমেব স্বগর্ভাজ্জাতমবুধ্যত। তদ্বসুদেবাগমনাদিকং ন বেদ। তল্লিঙ্গমিতি পাঠেপি তস্য বসুদেবাগমাদেশ্চিহ্নং নাবুধ্যত ইত্যর্থঃ। নন্দগোপগৃহে জাতো যশোদা গর্ভসম্ভব ইত্যাদিপুরাণে কণ্ঠোক্তেশ্চ। এবঞ্চ নন্দস্ত্বাত্মজ উৎপন্ন ইত্যতোঽদ্ভুতামুজাবিষ্ণোরিত্যাদিকং সুপপন্নং। উপগুহ্যাত্মজামিত্যাদিবৎ গৌণাত্মজত্ব শঙ্কাচ নিরস্তা। বাসুদেবস্য তস্মিন্নৈক্যাত্তদৈক্যবৎ স্বসা মথুরাদৌ গমনাদন্তরা ব্রজে চাগমনাত্তদুক্তে স্ফুটার্থোপি ন সন্দেহঃ। তস্মাদ্যশোদাসুতঃ কৃষ্ণঃ তমালেত্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ১ ॥

গোবিন্দ, নন্দনন্দন, তমাল শ্যামল রুচি, (তমাল তরুর ন্যায় যাঁহার স্নিগ্ধ কান্তি) শিখণ্ডকৃতশেখর, (ময়ূরপুচ্ছ দ্বারা যাঁহার মস্তক সুশোভিত) ॥ ১ ॥

পীতকৌশেয়বসনো মধুরস্মিতশোভিতঃ।
কন্দর্পকোটিলাবণ্যো বৃন্দারণ্যমহোৎসবঃ॥ ২॥
বৈজয়ন্তী স্ফুরদ্বক্ষাঃ কক্ষাত্তলগুড়োত্তমঃ।
কুঞ্জার্পিতরতিগু ঞ্জাপুঞ্জমঞ্জুলকণ্ঠকঃ॥ ৩॥

পীতে বিদ্যুদ্বর্ণে কৌশেয়ে পট্টোদ্ভবে বসনে যস্য সঃ। মধুরেতি প্রকটার্থং। কন্দর্পকোটেরপ্যধিকং লাবণ্যং তরলা কান্তি র্যস্য সঃ। বৃন্দারণ্যে মহানুৎসবো যস্য সঃ॥ ২॥

পঞ্চবর্ণ পুষ্প রচিতা স্রগ্বৈজয়ন্তী তয়া স্ফুরদ্বিদ্যোতমানং বক্ষো যস্য সঃ। কক্ষেণাত্তো লগুড়োত্তমো যেন সঃ। বাহুমূলে উভে কক্ষাবিত্যমরঃ। দণ্ডো যষ্টিশ্চ লগুড় ইতি হৈমঃ। কুঞ্জেষু লতাদিমন্দিরেষর্পিতা রতিরভিরুচি র্যেন সঃ। গুঞ্জাপুঞ্জেন তৎকৃতেন হারেণ মঞ্জুলঃ কণ্ঠো যস্য সঃ। কুঞ্জনিকুঞ্জ কুড়ুঙ্গাঃ স্থানে বৃক্ষৈ র্বৃতান্তরে ইতি হৈমঃ। কথ্যন্তে কৃষ্ণলা গুঞ্জা ইতি হলয়ুধঃ॥ ৩॥

পীত কৌশেয় বসন [যিনি পীতবর্ণ পট্টবস্ত্রে সুশোভিত] মধুর স্মিত শোভিত, (যিনি মধুর ঈষৎহাস্য যুক্ত) কন্দর্প কোটি লাবণ্য, (কোটি কন্দর্পের ন্যায় যাঁহার রূপ লাবণ্য) বৃন্দারণ্য মহোৎসব, (যাঁহার বৃন্দাবনে অতিশয় উৎসব)॥ ২॥

বৈজয়ন্তী স্ফুরদ্বক্ষা, (যাঁহার বক্ষঃস্থল বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্প মালায় সুশোভিত) কক্ষাত্ত লগুড়োত্তম, (যিনি পশুপালনার্থ বাহু পরিমাণ উত্তম যষ্টি কক্ষে ধারণ করিয়াছেন) কুঞ্জার্পিত রতি, (লতা বেষ্টিত বনের মধ্যস্থানে অবস্থান করিতে যিনি ভাল বাসেন) গুঞ্জাপুঞ্জ মঞ্জুল কণ্ঠক, [গুঞ্জা মালায় যাঁহার মনোহর কণ্ঠস্থল সুশোভিত]॥ ৩॥

কর্ণিকারাঢ্যকর্ণশ্রীর্ধৃতস্বর্ণাভবর্ণকঃ।
মুরলীবাদনপটু র্বল্লবীকুলবল্লভঃ ॥ ৪ ॥
গান্ধর্ব্বাপ্তিমহাপর্ব্বা রাধারাধনপেশলঃ।
ইতি শ্রীকৃষ্ণচন্দ্রস্য নাম বিংশতিসংজ্ঞিতং ॥ ৫ ॥

কর্ণিকারৈ স্তদাখ্যৈঃ পুষ্পৈরাঢ্যা কর্ণয়োঃ শ্রীঃ শোভা যস্য সঃ। বৃক্ষোৎপলঃ কর্ণিকার ইতি হলায়ুধঃ। ধৃত স্বর্ণাভং গৌরং বর্ণকমনুলেপনং যেন সঃ বর্ণকং স্যাদ্বিলেপনমিত্যমরঃ। মুরলীত্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ৪ ॥

'গান্ধর্ব্বায়াঃ শ্রীরাধায়া আপ্তির্লাভস্তদর্থম্বা তদেব বা মহৎপর্ব্ব উৎসবো যস্য সঃ। পর্ব্বঃ স্যাদুৎসবে গ্রন্থৌ প্রস্তাবে লক্ষণান্তরে। দর্শপ্রতিপদোঃ সন্ধৌ বিষুবৎ প্রভৃতিষ্বপীতি বিশ্বঃ। রাধায়াঃ স্বাধীনভর্তৃকায়া আরাধনে তদ্বেশ নির্ম্মাণে পেশলো নিপুনঃ। পেশলঃ কুশলে রম্যে ইতি হৈমঃ। স্তোত্রস্য নাম স্বয়ং দর্শয়তি ইতীতি ॥ ৫ ॥

কর্ণিকারাঢ্য কর্ণ শ্রী, [কর্ণিকার কুসুমে যাঁহার কর্ণযুগল সুশোভিত] ধৃতস্বর্ণাভবর্ণক, [যিনি স্বর্ণ বর্ণ অনুলেপনে অনুলিপ্ত] মুরলীবাদন পটু, [যিনি বংশীবাদনে দক্ষ] বল্লবী কুলবল্লভ, [যিনি ব্রজরমণীগণের বল্লভ] ॥ ৪ ॥

গান্ধর্ব্বাপ্তি মহাপর্ব্বা [যিনি শ্রীরাধিকার লাভকে মহা উৎসব বলিয়া বোধ করেন] রাধারাধনপেশল, [যিনি স্বাধীন ভর্ত্তৃকা শ্রীরাধিকার বেশভুষা করিতে অতিশয় পটু] শ্রীকৃষ্ণের একবিংশতি নাম চিহ্নিত আনন্দাখ্য এই মহাস্তব যিনি পাঠ করেন বা যিনি শ্রবণ করেন, তিনি কৃষ্ণপ্রেমে প্রেমিক হইয়া পরম সুখ লাভ করেন এবং নিখিল সদ্গুণে

আনন্দাখ্যং মহাস্তোত্রং যঃ পঠেচ্ছৃণুয়াচ্চ যঃ।
স পরং সৌখ্যমাসাদ্য কৃষ্ণপ্রেমসমন্বিতঃ ॥ ৬ ॥
সর্ব্বলোকপ্রিয়ো ভূত্বা সদ্গুণাবলিভূষিতঃ।
ব্রজরাজকুমারস্য সন্নিকর্ষমবাপ্নুয়াৎ ॥ ৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমহানন্দাখ্যং স্তোত্রং ॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ ॥
রাধিকাহৃদয়োন্মাদি বংশীক্বাণমধুচ্ছটঃ।
রাধাপরিমলোদ্গারগরিমাক্ষিপ্তমানসঃ ॥ ১ ॥

পাঠাদি ফলমাহ যঃ পঠেদিত্যাদিনা সৌখ্যং পাঠাদিজং ॥ ৬ ॥
সন্নিকর্ষং সন্নিধিং তৎপার্ষদ্ভাবমিত্যর্থঃ ॥ ৭ ॥
॥ * ॥ ইত্যানন্দাখ্যং স্তোত্রং ব্যাখ্যাতং ॥ * ॥
অথ নাম দশকেন স্তৌতি রাধিকেত্যাদিনা। রাধিকায়া হৃদয়ং চিত্তমুন্মাদয়িতুং শীলং যস্যাস্তাদৃশী বংশীক্বাণ মধুচ্ছটা বেণুনাদমাধ্বীক পরম্পরা যস্য সঃ। রাধায়াঃ যঃ পরিমলো বিমর্দ্দোত্থং সৌরভ্যং তস্যোদ্গার গরিম্না গুরুপ্রসারেণাক্ষিপ্তমাকৃষ্টং মানসং মনো যস্য সঃ। বিমর্দ্দোত্থে পরিমলো গন্ধে জনমনোহরে ইত্যমরঃ ॥ ১ ॥

ভূষিত ও সকল লোকের প্রিয় হইয়া অন্তে ব্রজরাজকুমার শ্রীকৃষ্ণের নিকটে অবস্থান করেন।

॥ * ॥ ইতি মহানন্দাখ্য স্তোত্র সমাপ্ত ॥ * ॥

অথ কৃষ্ণলীলামৃতনামকস্তোত্র।

যিনি বংশীধ্বনি রূপ মধু পরম্পরায় শ্রীরাধিকার চিত্ত উন্মাদ করেন, শ্রীরাধিকার অঙ্গ সৌরভে যাঁহার মন আকৃষ্ট হয় ॥ ১ ॥

কন্ত্ররাধামনোমীনবড়িশীকৃতবিভ্রমঃ।
প্রেমগর্ব্বান্ধগান্ধর্ব্বা কিলকিঞ্চিতরঞ্জিতঃ॥ ২॥
ললিতাবশ্যধী রাধা মানাভাসবশীকৃতঃ।
রাধাবক্রোক্তিপীযূষমাধুর্য্যভরলম্পটঃ॥ ৩॥

কন্রে কমনীয়ে রাধামনোমীনে বড়িশীকৃতো বিভ্রমো বিলাসো যেন সঃ। বড়িশং মৎস্য বেধনমিত্যমরঃ। পরমানন্দহেতু র্যো বিলাসঃ স এব বিরহে চিত্তবেধকো ভবতীতি তত্র তৃষ্ণাতিশয়ো ব্যঙ্গ্যঃ। প্রেম গর্ব্বাভ্যামন্ধায়াঃ প্রমত্তায়াঃ গান্ধর্ব্বায়াঃ শ্রীরাধায়াঃ যৎ কিলকিঞ্চিতং তেন রঞ্জিতো রক্ততাং নীতঃ। উপলক্ষণমেতৎ। গর্ব্বস্মিতাভিলাষাদেভী কোপাদেশ্চ মিশ্রণং। প্রমোদাৎ প্রেয়সঃ সঙ্গে কথ্যতে কিলকিঞ্চিতমিতি। তল্লক্ষণং কাব্যকৌস্তুভে॥ ২॥

ললিতাবশ্যা ধীর্যস্যা তস্যা রাধায়া মানাভাসেনাপি বশীকৃতঃ কাতরতাং গতঃ। রাধায়া যদ্বক্রোক্তি পীযূষং চন্দ্রাবলীক্রীড়াকুরঙ্গস্য তে কিমস্মাভিঃ সরলাভি স্তদ্বশ্যাভিরিত্যনৃজুবাগমৃতং তস্য মাধুর্য্যভরে লম্পটো লুব্ধস্তচ্ছ্রবণেঽতৃপ্ত ইত্যর্থঃ॥ ৩॥

যিনি শ্রীরাধিকার চিত্ত রূপ মীন বিদ্ধ করিবার নিমিত্ত নিজ বিলাসরূপ বড়িশ আশ্রয় করিয়াছেন, যিনি প্রেম গর্ব্বে মত্ত শ্রীরাধিকার কিলকিঞ্চিত (নায়ক নায়িকার সঙ্গম সময়ে নায়িকার গর্ব্ব, অভিলাষ, রোদন, ঈষৎ হাস্য, অসূয়া, ভয় ও ক্রোধ, হর্ষ হেতুক এই সাতটী ভাবের যে এককালীন প্রাকট্য করণ তাহার নাম কিলকিঞ্চিত) ভাবে অনুরক্ত॥২

ললিতাগত চিত্ত শ্রীরাধিকার মানের আভাসেও যিনি কাতর হয়েন, যিনি শ্রীরাধিকার বক্রোক্তি রূপ অমৃত পানে অতিশয় লুব্ধ॥ ৩॥

মুখেন্দুচন্দ্রিকোদগীর্ণরাধিকারাগসাগরঃ।
বৃষভানুসুতাকণ্ঠহারিহারহরিন্মণিঃ॥ ৪॥
ফুল্লরাধা কমলিনী মুখাম্বুজমধুব্রতঃ।
রাধিকাকুচকস্তূরীপত্রস্ফুরদুরস্থলঃ॥ ৫॥
ইতি গোকুলভূপালসূনুলীলামনোহরং।

মুখেন্দুচন্দ্রিকয়া বদনচন্দ্রজ্যোৎস্নয়োদগীর্ণ উচ্ছলিতো রাধিকা রাগ সাগরো যস্মাৎ সঃ। বৃষভানুসুতায়াঃ কণ্ঠে হারী মনোহরো যো হারস্তস্য হরিন্মণির্মরকতস্তস্য হারস্য নায়কঃ। মরকতং স্বশ্মগর্ভং গারুত্মতং হরিন্মণিরিতি হৈমঃ। হারনায়কবত্তয়া কণ্ঠে ধৃত ইত্যর্থঃ॥ ৪॥

ফুল্লেতি। তত্তঃ কৃত রাধিকাধরচুম্বন ইত্যর্থঃ। রাধিকাকুচয়োর্যৎ কস্তূরীপত্রং, তেন গাঢ়াশ্লেষাল্লগ্নেন স্ফুরদ্বিদ্যোতমানমুরস্থলং যস্যেতি লব্ধতৎ সম্ভোগ ইত্যর্থঃ। এষু রাধিকা শব্দস্য পুনঃ পুনরুপাদানং ন দোষঃ নাম্নাং তাদ্রূপ্যেণ সিদ্ধত্বাৎ॥ ৫॥

স্তোত্রপাঠ ফলমাহ। ইতীতি। ইত্যেতন্নাম দশকং যঃ পঠেৎ সোঽস্য গোকুল ভূপাল সূনোর্বল্লভতাং প্রীতিপাত্রতাং ব্রজেৎ প্রাপ্নুয়াৎ। কীদৃশং নাম দশকং ইত্যপেক্ষায়ামাহ গোকুলেতি। গোকুলভূপালোনন্দস্তস্য

যাঁহার মুখচন্দ্র চন্দ্রিকায় শ্রীরাধিকার অনুরাগ সাগর উচ্ছলিত হয়, যিনি বৃষভানু সুতা শ্রীরাধিকার কণ্ঠ লম্বিত হারের মরকত-মণি স্বরূপ॥ ৪॥

যিনি রাধা কমলিনীর প্রফুল্ল মুখ পদ্মের ভ্রমর স্বরূপ, আলিঙ্গন হেতু যাঁহার বক্ষঃস্থল শ্রীরাধিকার স্তনযুগল স্থিত কস্তূরীপত্র চিহ্নে চিহ্নিত॥ ৫॥

নন্দনন্দনের দশনামাঙ্কিত লীলাময় মনোহর এই স্তব

যঃ পঠেন্নাম দশকং সোঽস্য বল্লভতাং ব্রজেৎ ॥ ৬ ॥

॥ * ॥ ইতি লীলামৃতং শ্রীকৃষ্ণস্য নামদশকং ॥ * ॥

শ্রীকৃষ্ণায় নমঃ ॥

কলহান্তরিতাখ্বৃত্তা কাচিদ্বল্লবসুন্দরী।

বিরহোত্তাপখিন্নাঙ্গী সখীং সোৎকণ্ঠমব্রবীৎ ॥ ১ ॥

হন্ত গৌরি স কিং গন্তা পন্থানং মম নেত্রয়োঃ।

স্থনুঃ শ্রীকৃষ্ণস্তস্য শ্রীরাধয়ৈব সহ যা লীলা শ্লোকপঞ্চকেনোক্তাস্তাভি র্মনোহরং মঞ্জুলং। অস্তেত্যস্য তং স্থনুনা সম্বন্ধঃ। সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিত্যভিযুক্তোক্তেঃ সমঞ্জসঃ ॥ ৬ ॥

॥ * ॥ ইতি শ্রীলীলামৃতাখ্যং নাম দশকং ব্যাখ্যাতং ॥ * ॥

অথাষ্টোত্তর শত নামভিঃ স্তৌতি। স্তোত্রপ্রাদুর্ভাববিধিমাহ কলহান্তরিতেতি। কাচিদ্বল্লবসুন্দরী গোপাঙ্গনা কলহান্তরিতা বৃত্তা সতী সোৎকণ্ঠং যথা স্যাত্তথা সখীমব্রবীৎ। সা কীদৃশীত্যাহ বিরহেতি কৃষ্ণ বিচ্ছেদ জাতজ্বর কৃশেত্যর্থঃ ॥ ১ ॥

কিমব্রবীত্তদাহ। হন্তেতি খেদে। হে সখি স শ্রীকৃষ্ণঃ। কৃষির্ভূবা-

---

যিনি পাঠ করেন,তিনি শ্রীকৃষ্ণের অতিশয় প্রিয় হয়েন ॥ ৬ ॥

॥ * ॥ ইতি শ্রীকৃষ্ণলীলামৃত নামক দশ নাম সমাপ্ত ॥ * ॥

অথ প্রেমেন্দুসাগর নামক স্তোত্র।

[প্রণয়কোপ বশতঃ বিনয়কারি প্রাণেশ্বরকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ তাহার বিরহে যে নায়িকা অনুতাপ করে তাহার নাম কলহান্তরিতা] কলহান্তরিতা কোন ব্রজরমণী শ্রীকৃষ্ণ বিরহে কাতর ও উৎকণ্ঠিত হইয়া কোন সখীকে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

সখি! করুণাসিন্ধু অতসী কুসুমবর্ণ গোকুলপতি সেই

শ্রীকৃষ্ণঃ করুণাসিন্ধুঃ কৃষ্ণো গোকুলবল্লভঃ ॥ ২ ॥
গোবিন্দঃ পরমানন্দোনন্দমন্দিরমঙ্গলং।

চকঃ শব্দ ইত্যাদি স্মরণাৎ বিজ্ঞানানন্দ বিগ্রহঃ। সর্ব্বেশঃ প্রিয়ঃ কিং মম নেত্রয়োঃ পন্থানং গন্তাচ তদ্দর্শনং মে কিং ভাবীতি কিমিতি প্রশ্নে। কিং প্রশ্নে কুৎসিতেপি চেতি হৈমঃ। নচ গোপ্যঃ প্রিয়ং তং তথাত্বেন জানন্তি ইতি বাচ্যং ন। তথা তাসাং বাক্যাদেব। নহি সিতামশ্নন্ কশ্চিচ্চেতনস্ত ন্মাধুর্য্যং নানুভবেদিতি শক্যং বক্তুং। নচ তাজ্ঞানে স্বভাব সঙ্কোচঃ। প্রত্যুত পুষ্টিরেবেতি ভাষ্যপীঠকে বিস্তরঃ। স কীদৃগিত্যাহ করুণেতি। দয়ার্দ্রত্বাদ্দোর্জন্যমগণয়ন্মামঙ্গীকর্ত্তেত্যর্থঃ। কৃষ্ণোহতসীপুষ্পপ্রভ ইতি তত্রাশক্তিনির্ভরঃ। গোকুলেতি। নিখিল ব্রজহিত কৃত্বাত্তদন্তর্গতায়ামেপি হিতং কর্ত্তেত্যর্থঃ ॥ ২ ॥

উক্তং ব্যঞ্জয়তি গোবিন্দ ইতি গোবর্দ্ধনোদ্ধরণ লীলয়া যো ব্রজবিপ্লবোদ্যত মিন্দ্রং পরাভূয় ব্রজং ররক্ষ। গবামিন্দ্রত্বেন যমিন্দ্রোহভিষিষেচেত্যর্থঃ। পরমশ্চাসাবানন্দশ্চেতি নিত্যানন্দবপুরিত্যর্থঃ। নচ শ্রীকৃষ্ণ ইত্যনেনাগতত্বাৎ পুনরুক্তোয়মর্থ ইতি বাচ্যং। সর্ব্বেষাং নাম্নামেক বস্তু বিষয়ত্বেনার্থ পুনরুক্তেরদোষত্বাৎ। এবমেব বৈশম্পায়ন সহস্র নাম্নি ভাষ্যকৃদ্ভির্ব্যাখ্যাতং। নন্দেতি। মূর্ত্তিমন্নন্দগৃহ কল্যাণ রূপ ইত্যর্থঃ। যশোদৈব খনিরাকরস্তস্যা

শ্রীকৃষ্ণ পুনর্ব্বার কি আমার নয়নগোচর হইবেন? ॥ ২ ॥

যিনি গোবিন্দ অর্থাৎ গোবর্দ্ধন ধারণ কালে ব্রজমণ্ডল বিপ্লব করিতে উদ্যত ইন্দ্রকে পরাভব করিয়া ব্রজধাম রক্ষা করিয়াছিলেন এবং গো সমুদয়ের ইন্দ্র বলিয়া ইন্দ্র যাঁহাকে অভিষেক করিয়াছিলেন। যিনি পরম আনন্দ স্বরূপ, যিনি

যশোদাখনিমাণিক্যং গোপেন্দ্রাম্ভোধিচন্দ্রমাঃ ॥ ৩ ॥
নবাম্ভোধরসংরম্ভবিড়ম্বিরুচিডম্বরঃ।
ক্ষিপ্তহাটকশৌটীর্য্যপট্টপীতাম্বরাবৃতঃ ॥ ৪ ॥
কন্দর্পরূপসন্দর্পহারিপাদনখদ্যুতিঃ।
ধ্বজাম্ভোরুহদম্ভোলি যবাঙ্কুশলসৎপদঃ ॥ ৫ ॥

মাণিক্যং। খনিঃ স্ত্রিয়ামাকরঃ স্যাদিত্যমরঃ তদ্গর্ভরত্নত্বেনোৎপ্রেক্ষ্যমাণ ইত্যর্থঃ। ভীমশ্চ রত্নগর্ভ ইতি তন্নাম পপাঠ। গোপেন্দ্রো ব্রজেশ্বরঃ স এবাম্ভোধিস্তস্য চন্দ্রমাঃ। অম্ভোধেশ্চন্দ্র ইব নন্দাজ্জাতস্তদ্বত্তদুল্লাসক[illegible]র্থঃ ॥৩

নবাম্ভোধরস্য সংরম্ভং স্বতুল্যান্য পরাজয়ার্থকং ক্রোধং বিড়ম্বয়ত্যব হেলয়তীতি তাদৃশো রুচি ডম্বরঃ কান্তিবিস্তারো যস্য সঃ। ক্ষিপ্তং তিরস্কৃতং হাটকস্য স্বর্ণস্য শৌটীর্য্যরূপগর্ব্বো যেন তথা ভূতেন পট্টোদ্ভবেন পীতাম্বরেণাবৃতঃ ॥ ৪ ॥

কন্দর্পস্য রূপসন্দর্পং সৌন্দর্য্যগর্ব্বং হরতি তাদৃশী পাদনখ দ্যুতির্যস্য সঃ। রূপং প্রভাবে সৌন্দর্য্যে ইতি বিশ্বঃ। ধ্বজেতি বিস্পষ্টার্থং। ছত্রাদেরুপ লক্ষণমেতৎ ॥ ৫ ॥

নন্দালয়ের কল্যাণ কর, যিনি যশোদা রূপ খনিতে মাণিক্য স্বরূপ ও নন্দরূপ সমুদ্রের আনন্দকর চন্দ্র সদৃশ ॥ ৩ ॥

নবীন মেঘের ন্যায় যাঁহার শরীর কান্তি, যিনি স্বর্ণ বর্ণ পীত বসনে সুশোভিত ॥ ৪ ॥

যাঁহার পদনখদ্যুতি কন্দর্পের সৌন্দর্য্য গর্ব্ব অপহরণ করে, ধ্বজ, পদ্ম, বজ্র, যব ও অঙ্কুশাদি দ্বারা যাঁহার পাদ পদ্ম সুশোভিত ॥ ৫ ॥

পদপঞ্জরসিঞ্জানমঞ্জুমঞ্জীরখঞ্জনঃ।
মসারসম্পুটাকার ধারি জানুযুগোজ্জ্বলঃ॥ ৬॥
শৌণ্ডস্তম্বেরমোদ্দণ্ডশুণ্ডারম্যোরুসৌষ্ঠবঃ।
মণিকিঙ্কিণিসংকীর্ণ বিশঙ্কটকটিস্থলঃ॥ ৭॥
মধ্যমাধুর্য্য বিধ্বস্ত দিব্যসিংহমদোদ্ধতিঃ।

পদপঞ্জরয়োঃ সিঞ্জানৌ শব্দায়মানৌ মঞ্জুমঞ্জীরাবেব খঞ্জনৌ যস্য সঃ। মঞ্জীরো নূপুরে স্ত্রিয়ামিতি। খঞ্জরীটস্তু খঞ্জন ইতি চামরঃ। রূপকেণো-পমাত্র ব্যজ্যতে। মসারসংপুটস্যেন্দ্রনীলমণি সমুদ্গস্যাকারং সংস্থানং ধারয়ন্তি তথাভূতং যজ্জানুযুগং তেনোজ্জ্বলোদীপ্যমানঃ। আকার ইঙ্গিতেঽপি স্যাৎ সংস্থানাজ্ঞানয়োরপীতি বিশ্বলোচনকারঃ॥ ৬॥

শৌণ্ডো মত্তশ্চাসৌস্তম্বেরমশ্চ হস্তী তস্য যোদ্দণ্ডা প্রবলা শুণ্ডাকর-স্ততোপি রম্যমূরু সৌষ্ঠবং সক্থিশোভা যস্য সঃ। মত্তে শৌণ্ডোৎকটক্ষীবা ইতি। স্তম্বেরম দ্বিরদ সিন্ধুব নাগ দন্তিনো দন্তাবলঃ করটি কুঞ্জর কুম্ভিপীলব ইতি। হস্তিনাসাকরঃ শুণ্ডা হস্তোঽস্যাগ্রং তু পুষ্করমিতি চ হৈমঃ সক্থি ক্লীবে পুমানূরুরিতি। সুষ্ঠু প্রসংশনে ইতি চামরঃ। মণিকিঙ্কিণ্যা সংকীর্ণং ব্যাপ্তং বিশঙ্কটঞ্চ বিশালং কটিস্থলং যস্য সঃ॥ ৭॥

মধ্যমাধুর্য্যেণ বিলগ্ন শোভয়া বিধ্বস্তা ন্যক্কৃতা দিব্যস্য স্বর্গীয়স্য

যাঁহার পাদপদ্ম স্বরূপ পঞ্জরে নূপুর রূপ খঞ্জন পক্ষী মধুর শব্দ করিতেছে এবং ইন্দ্রনীলমণি নির্ম্মিত সম্পুটকের (কটুয়ার) ন্যায় যাঁহার জানুদ্বয় উজ্জ্বল॥ ৬॥

মত্ত মাতঙ্গের শুণ্ডাদণ্ডের ন্যায় যাঁহার উরুদ্বয় সুশো-ভিত এবং যাঁহার বিশাল কটিস্থল মণিময় কিঙ্কিণী দ্বারা খচিত॥ ৭॥

যাঁহার কটিদেশের শোভায় স্বর্গীয় সিংহের মদগর্ব্ব খর্ব্ব

গারুত্মতগিরিগ্রাবগরিষ্ঠোরস্তটান্তরঃ ॥ ৮ ॥
কম্বুকণ্ঠস্থলালম্বিমণিসম্রাড়লঙ্কৃতিঃ।
আখণ্ডলমণিস্তম্ভস্পর্দ্ধি দোর্দ্দণ্ডচণ্ডিমা ॥ ৯ ॥
খণ্ডিতাখণ্ডকোটীন্দুসৌন্দর্য্যমুখমণ্ডলঃ।

সিংহস্য মদোদ্ধতির্যেন সঃ। গারুত্মতগিরে র্মরকতাচলস্য যো গ্রাবা শিলা পট্টিকা তদ্বদ্গরিষ্ঠ মুরস্তটান্তরং বক্ষোমধ্যং যস্য সঃ। পাষাণ প্রস্তর গ্রাবোপলাশ্মানঃ শিলাদৃষৎ ইত্যমরঃ ॥ ৮ ॥

রেখাত্রয়েণাঙ্কিতঃ কণ্ঠঃ কম্বুকণ্ঠস্তদ্রূপং স্থলং স্থানং তদালম্বিনী মণিসম্রাড়লঙ্কৃতিঃ কৌস্তভ বিভূষণং যস্য সঃ। কম্বুগ্রীবা ত্রিরেখাসাবিত্যমরঃ। আখণ্ডলমণিরিন্দ্রনীলমণি স্তন্নির্ম্মিতং স্তম্ভং স্পর্দ্ধিতুং সম্মূর্য়িতুং শীলং যস্য তাদৃশো দোর্দ্দণ্ডয়োশ্চণ্ডিমা প্রকোপোহথবা শোভা তীব্রতা যস্য সঃ। চণ্ডস্তীব্রে দৈত্যভেদে যম দাসেত্তি কোপনে ইতি বিশ্বলোচনকারঃ ॥ ৯ ॥

খণ্ডিতমখণ্ডিতানাং পূর্ণানামিন্দুকোটেঃ সৌন্দর্য্যং যেন তাদৃশং মুখমণ্ডলং যস্য সঃ। লাবণ্য লহরীসিন্ধুঃ সর্ব্বাঙ্গোচ্ছলৎ কান্তিকঃ। সিন্দূরেণ

হইয়াছে এবং মরকত-মণি পর্ব্বতের শিলাখণ্ড অপেক্ষাও যাঁহার বক্ষঃস্থল সুশোভিত ॥ ৮ ॥

যাঁহার কম্বু কণ্ঠে অর্থাৎ শঙ্খের ন্যায় রেখাত্রয়ান্বিত গলদেশে, ভূষণসার কৌস্তুভমণি শোভা পাইতেছে এবং ইন্দ্রনীলমণি নির্ম্মিত স্তম্ভের ন্যায় যাঁহার দোর্দ্দণ্ড অর্থাৎ বাহুযুগল অতিশয় শোভিত ॥ ৯ ॥

যিনি মুখমণ্ডল দ্বারা কোটি কোটি পূর্ণ শশধরের শোভা পরাভব করিয়াছেন, যিনি লাবণ্য লহরীর সিন্ধু এবং সিন্দূ-

লাবণ্যলহরীসিন্ধুঃ সিন্দূরতুলিতাধরঃ ॥ ১০
ফুল্লারবিন্দসৌন্দর্য্যকন্দলীতুন্দিলেক্ষণঃ।
গণ্ডান্ততাণ্ডবক্রীড়াহিণ্ডমকরকুণ্ডলঃ ॥ ১১
নবীনযৌবনারম্ভ জৃম্ভিতোজ্জ্বলবিগ্রহঃ।

তুলিতো অধরো যস্য সঃ। অত্যরুণাধর ইত্যর্থঃ। সিন্দূরং রক্তচূর্ণকে ইতি বিশ্বঃ ॥ ১০ ॥

ফুল্লয়ো র্বিকসিতয়োররবিন্দয়োর্যা সৌন্দর্য্য কদলী নবোদ্ভূতা শোভা তয়া তুন্দিলে পুষ্টে ঈক্ষণে নেত্রে যস্য সঃ। কন্দলস্তু নবোদ্ভবীত্যমরঃ। গণ্ডান্তয়োঃ কপোলপ্রান্তয়ো র্যা তাণ্ডবক্রীড়া নৃত্যচর্য্যা তয়া হিণ্ডন্তী চঞ্চলে মকর কুণ্ডলে যস্য সঃ ॥ ১১ ॥

নবীন যৌবনারম্ভেণ প্রথম কৈশোরোদ্গমেন জৃম্ভিতোদ্যোতমানঃ উজ্জ্বল বিগ্রহঃ শৃঙ্গারময়ী মূর্ত্তি র্যস্য সঃ। শৃঙ্গারঃ শুচিরুজ্জ্বল ইত্যমরঃ। অপাঙ্গাভ্যাং নেত্রপ্রান্তাভ্যাং তুঙ্গিত উচ্চীকৃতা অনঙ্গকোটিকোদণ্ডানাং কোটিসংখ্যক-স্মরধনুষাং হৃদ্বেধক তীক্ষ্ণশর বর্ষিত্ব রূপা বিক্রমা যেন সঃ। অপাঙ্গো নেত্রয়ো-

রের ন্যায় যাঁহার অধর বিম্ব ॥ ১০ ॥

প্রফুল্ল অম্বুজের ন্যায় যাঁহার নয়ন যুগল সুশোভিত এবং যাঁহার গণ্ডপ্রান্তে মকর কুণ্ডল দোদুল্যমান হওয়ায় বোধ হইতেছে যেন উহারা উত্তম স্থানে প্রাপ্ত হইয়া নৃত্য শিক্ষা করিতেছে ॥ ১১ ॥

অভিনব যৌবনের প্রারম্ভে যাঁহার সর্ব্বাঙ্গ উজ্জ্বল রসে পরিপূর্ণ এবং অনঙ্গের কোটি সংখ্যক ধনুকের বিক্রম, যাঁহার

অপাঙ্গতুঙ্গিতানঙ্গকোটিকোদণ্ডবিক্রমঃ ॥ ১২ ॥
সুধানির্য্যাস মাধুর্য্য ধুরীণোদারভাষিতঃ।
সান্দ্রবৃন্দাটবীকুঞ্জকন্দরাগন্ধসিন্ধুরঃ ॥ ১৩ ॥
ধন্যগোবর্দ্ধনোত্তুঙ্গশৃঙ্গোৎসঙ্গনবাম্বুদঃ।
কলিন্দনন্দিনীকেলিকল্যাণকলহংসকঃ ॥ ১৪ ॥

রস্তাবিত্যমরঃ। অত্র তরুণী চিত্তহারিণ বিক্ষোভকত্বং দৃগন্তয়োর্ব্যঙ্গ্যং ॥ ১২ ॥

সুধানির্য্যাসস্য পীযূষ সারস্য যন্মাধুর্য্যং স্বাদুত্বং তস্য ধুরীণং ভারবাহক মুদার ভাষিতমানন্দদাতৃ বচনং যস্য সঃ। সান্দ্রালতাদিভি র্নিবিড়া যে বৃন্দাটবী কুঞ্জা যেচ তদ্বর্ত্তি গিরিকন্দরা স্তত্র গন্ধসিন্ধুরো মত্তহস্তী। তেষু তেষুচ তদ্বৎ স্বচ্ছন্দ বিহারীত্যর্থঃ ॥ ১৩ ॥

ধন্যঃ কৃষ্ণধনবান্ যো গোবর্দ্ধনো গিরির্হরিদাসবর্য্য স্তস্য যান্যুত্তুঙ্গা ন্যত্যুচ্চানি শৃঙ্গানি শিখরাণি তেষামুৎসঙ্গে মধ্যে নবাম্বুদঃ। শৃঙ্গং প্রভুত্বে শিখরে ইতি বিশ্বঃ। তত্রাম্বুদবৎ প্রতীয়মানঃ কান্তি পানীয়বর্ষী চেত্যর্থঃ। কলিন্দনন্দিন্যা যমুনায়া জলকেলৌ কল্যাণ কলহংস স্তদ্বত্তত্র নিঃশঙ্ক ইত্যর্থঃ ॥ ১৪ ॥

অপাঙ্গ দেশে বিরাজ করিতেছে ॥ ১২ ॥

যিনি বৃন্দাবনে নানাপ্রকার আনন্দ দায়িনী ক্রীড়া করিতেছেন এবং যিনি ব্রজযুবতীগণের মানসে কামভাব বিস্তার করিতেছেন, যিনি নানাবিধ পরিহাস বাক্যে তাঁহাদিগকে আনন্দিত করিতেছেন এবং যিনি গোপিকাগণের বসন হরণ করিয়া কদম্ববৃক্ষে আরোহণ করিয়া ছিলেন সেই ময়ূরপুচ্ছাবতংস শ্রীকৃষ্ণ আমাকে রক্ষা করণ ॥ ২২ ॥

রুচিরনখে রচয় সখে বলিতরতিং ভজনততিং।
ত্বমবিরতি ত্বরিতগতির্নতশরণে হরিচরণে ॥ ২৩ ॥
রুচিরপটঃ পুলিননটঃ পশুপগতি র্গুণবসতিঃ।
স মম শুচির্জলদরুচির্মনসি পরিস্ফুরতু হরিঃ ॥
ত্বরিতগতিঃ ॥ ২৪ ॥
কেলিবিহিতযমলার্জুনভঞ্জন

রুচিরেতি। হে সখে হরিচরণে ভজনততিং শ্রবণাদিকাং ভক্তিং রচয় কুরু কীদৃশীং তামিত্যাহ। বলিতা প্রবলা রতির্ভাবো যস্যা তাং। ত্বং কীদৃশঃ সন্নিত্যাহ। অবিরতি নিরন্তরোদ্যতঃ। ত্বরিতগতিঃ সত্বরশ্চ সন্ ক্ষণভঙ্গ দেহত্বাদিতি ভাবঃ। পক্ষে ছন্দোনামোল্লেখামুদ্রালঙ্কারশ্চ ॥ ২৩ ॥

চেতসি হরিস্ফুর্ত্তিমিচ্ছন্নাহ রুচিরেতি। স হরির্মম মনসি পরিস্ফুরতু। গুণবসতিঃ ভক্তবাৎসল্যাদিগুণালয়ং। শুচিঃ স্বতঃ সন্ সর্ব্বদোষহরঃ। শৃঙ্গার রূপোবা। স্ফুটমন্যৎ। ত্বরিতগতিশ্চ নজনগৈরিতি তল্লক্ষণং ॥ ২৪ ॥

কেলিবিহিতেতি। হে কালিয়গঞ্জন ত্বং মাং পরিপালয়। ভক্তিরসেন

হে সখে! তুমি সত্বর গাঢ় অনুরক্ত হইয়া সুন্দর নখ-শ্রেণী বিরাজিত ও প্রণত জনের পরিপালক সেই শ্রীহরির চরণ যুগল নিরন্তর ভজনা কর ॥ ২৩ ॥

যিনি সুন্দর পীত বসনে সুশোভিত, যিনি যমুনাকূল বিহারী, যিনি গোপগণের পরিপালক, যিনি ভক্তবাৎসল্যাদি গুণের আলয় এবং যিনি মূর্ত্তিমান্ শৃঙ্গার রসস্বরূপ, সেই নবনীরদকান্তি শ্রীহরি আমার চিত্তে বিরাজ করুন ॥ ২৪

হে কালিয়গঞ্জন! তুমি বাল্য লীলাচ্ছলে যমলার্জ্জুনকে

সুললিত চরিত নিখিলজনরঞ্জন।
লোচন নর্ত্তন জিত চল খঞ্জন
মাং পরিপালয় কালিয়গঞ্জন ॥ ২৫ ॥
ভুবন বিস্তৃত্বর মহিমাড়ম্বর
বিরচিত নিখিল খলোৎকর সম্বর।
বিতর যশোদাতনয়বরং
বরমভিলষিতং মে ধৃতপীতাম্বর ॥ ২৬ ॥
চিকুরকরম্বিত চারুশিখণ্ডং

পুষাণ। স্পষ্টমন্যৎ ॥ ২৫ ॥

ভুবনেষু নিখিলেষু বিস্তৃত্বরঃ প্রসারী মহিম্নঃ পারমৈশ্বর্য্যস্যাড়ম্বরশ্চর্য্য বদেবাযোযস্ত হে তথাভূত। আড়ম্বরঃ সমাটোপে গজগর্জিত তূর্য্যয়োরিতিবিশ্বঃ। বিরচিতঃ কৃতো লিখিলানাং খলোৎকরাণাং সম্বরো বিনাশো যেন হে তথাভূত। হে যশোদাতনয় মে মহ্যমভিলষিতং বাঞ্ছিতং বরং বিতর দেহি বরং শ্রেষ্ঠং ॥ ২৬ ॥

চিকুরেতি। হে বুধা মুকুন্দং সপদি শীঘ্রং হৃদি কুরুত চিত্তে ধারয়ত যূয়ং।

উদ্ধার করিয়াছ, সুললিত চরিত্র দ্বারা নিখিল জনকে রঞ্জন কর এবং নয়ন ভঙ্গীদ্বারা চঞ্চল খঞ্জনকেও পরাভব করিয়াছ, এক্ষণে ভক্তিরস দান করিয়া আমাকে পরিপোষণ কর ॥ ২৫॥

হে পীতাম্বর! তোমার মহিমা ত্রিভুবনে পরিব্যাপ্ত, তুমি নিখিল দুষ্ট জনের নাশক, অতএব হে যশোদাতনয়! আমার অভিলষিত বর প্রদান করিয়া পরিতৃপ্ত কর ॥ ২৬ ॥

সুন্দর ময়ুর পুচ্ছ দ্বারা যাঁহার চূড়া সুশোভিত, অষ্টমী

জগদবিরল তুন্দে ভক্তিরুর্ব্বী মুকুন্দে ॥ ২৯ ॥
পশুপযুবতি গোষ্ঠী চুম্বিত শ্রীমদোষ্ঠী
স্মর তরলিত দৃষ্টির্নির্ম্মিতানন্দবৃষ্টিঃ।
নবজলধরধাম্না পাতু বঃ কৃষ্ণনাম্না
ভুবনমধুরবেশা মালিনী মূর্ত্তিরেষা ॥ মালিনী ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীমুকুন্দমুক্তাবলী ॥ * ॥

ও কুক্ষী জঠরোদরং তুন্দমিত্যমরঃ ॥ ২৯ ॥

পশিতি। এষা কৃষ্ণ নাম্না মূর্ত্তি র্বঃ পাতু রক্ষতু। কীদৃশী সেত্যাহ। পশুপ যুবতিগোষ্ঠ্যা চুম্বিতঃ শ্রীমানোষ্ঠো যস্যাঃ সা স্মরেণ তচ্চুম্বোদ্দীপ্তেন তরলে চঞ্চলে দৃষ্টী নেত্রে যস্যাঃ সা। ততো নির্ম্মিতানন্দবৃষ্টিস্তাসু সম্ভোগ সুখ বর্ষা যয়া সা। স্ফুটার্থমন্যৎ। মালিনীতি তল্লক্ষণং গতং প্রাক্ ॥ ৩০ ॥

ভক্তৈবং হরিধর্ম্মস্য যদিহোক্তিঃ পুনঃ পুনঃ। তদগাঢ় রাগারাধ্যমেতত্তত্তক্ত লক্ষণং ॥

॥ * ॥ ইতি শ্রীমুকুন্দমুক্তাবলী ব্যাখ্যাতা ॥ * ॥

শ্রীমুকুন্দের প্রতি তোমাদিগের মহতী ভক্তি থাকুক ॥ ২৯ ॥

ব্রজরমণীগণ ওষ্ঠ বিম্ব চুম্বন করিলে তৎক্ষণাৎ কামবশতঃ চপল নয়ন হইয়া যিনি সম্ভোগাদিদ্বারা তাঁহাদিগের হৃদয়ে আনন্দ বর্ষণ করেন, নবনীরদের ন্যায় যাঁহার শরীর কান্তি, যাঁহার বেশভূষা ত্রিভুবনের প্রীতিকর, বনমালা বিরাজিত সেই শ্রীকৃষ্ণ মূর্ত্তি তোমাদিগকে রক্ষা করুন ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি মুকুন্দ মুক্তাবলী সমাপ্ত ॥ * ॥

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

অঙ্গশ্যামলিমচ্ছটাভিরভিতো মন্দীকৃতেন্দীবরং
জাড্যং জাগুড়রোচিষাং বিদধতং পট্টাম্বরস্য শ্রিয়া।

শ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

প্রিয়য়োর্দ্ধ্যং ধ্যাতুমিচ্ছংস্তদাহ পদ্যেন। অঙ্গানাং যঃ শ্যামলিমা তস্য ছটাভিঃ পরম্পরাভিঃ মন্দীকৃতানি স্বপ্রভাবিতানীন্দীবরাণি যেন তং। জাগুড় রোচিষাং কুঙ্কুমকান্তীনাং। হৃদি বক্ষসি। স্ফুটার্থমন্যৎ। ইদমত্র বিমৃশ্যতে। নন্থ পূর্ণানন্দস্বরূপস্য শ্রীকৃষ্ণস্য বল্লবীস্পর্শরূপাদি বিষয় ভোগ জন্যানন্দ স্পৃহাত্র বর্ণনা ন যুক্তা পূর্ণানন্দস্য বিরোধাৎ। যত্তু তস্য তদ্ভোগবর্ণনং মুনিনা কৃতং তৎখলু জনমনো নিবেশার্থকং লোকবিড়ম্বনমেব ন তত্র তস্য তাৎ- পর্য্যমিতি। নৈবমেতৎ ন পারয়েহহং নিরবদ্য সংযুজাং স্ব সাধুকৃত্যং বিবুধা- য়ুষাপি বঃ। যামাভজন্ দুর্জরগেহ শৃঙ্খলাঃ সংবৃশ্চ তদ্বঃ প্রতিযাতু সাধুনা। বল্লব্যো মে মদাত্মিকা ইত্যাদিভিস্তত্র তত্তাৎপর্য্য প্রতীতেঃ। তত্র লোক বিড়ম্বনাদি বাক্যানি লোকানুসারিভিরপি চরিতৈর্লোক চরিতত্বপ্রভাবাৎ। বল্লব্যশ্চ তাঃ পরাবতারা ইতি তৎস্পর্শাদি ভোগাম্মাত্মারামতাতিক্রমো মালিন্যশঙ্কাতু সুদূরোৎসারিতেতি কামাধিকরণন্যায়াদধিগন্তব্যং। যত্ত্ব কশ্চিত্তাদৃশস্য হরেস্তাভিঃ সহ শৃঙ্গারলীলা তৎপতিভাবেনান্য নতুপপতি ভাবেন। তেন তস্মিংস্তাসুচ সৌশীল্য প্রতীপস্য কৌশীল্যস্য প্রসঙ্গাদিত্যাহ।

যাঁহার শ্রীঅঙ্গের শ্যামলকান্তি দ্বারা ইন্দীবর কান্তি মন্দীভূত হইয়াছে, যাঁহার পট্টাম্বর শোভায় কুঙ্কুম কান্তি তিরস্কৃত হইয়াছে, যাঁহার হৃদয়ে বিরাজমান বৈজয়ন্তীমালায় শরীরের মধ্যভাগ সুন্দর শোভিত হইয়াছে, শ্রীরাধিকার স্কন্ধে

অথ শ্রীরাধিকায়াঃ।

শ্রীরাধিকায়ৈ নমঃ॥

রাধাদামোদরপ্রেষ্ঠা রাধিকা বার্ষভানবী।

আনন্দ মূর্ত্তিরপি নন্দসুতো নিবিন্দত্যাপাদ্য যাং সুখততিং পরমাং পরেশঃ। তাং চিত্তসদ্মনি নিধায় গুণৈরগাধাং রাধাং তদীয় স্তুতিষু প্রকটোমি টীকাং॥ ০॥

এবমেকাদশভিঃ স্তোত্রৈঃ সর্ব্বেশ্বরঃ শ্রীকৃষ্ণোঽভিষ্টুতঃ। অথ গোকুলাখ্যে মাথুরামণ্ডলে বৃন্দাবন মধ্যে সহস্রদল পদ্ম মধ্যে কল্পতরোর্মূলেঽষ্টদল কেশরে গোবিন্দোপি শ্যামঃ পীতাম্বরো দ্বিভুজো ময়ূরপিচ্ছশিরোবেণু বেত্র হস্তো নির্গুণঃ সগুণো নিরাকারঃ সাকারো নিরীহঃ সচেষ্টো বিরাজতে দ্বে পার্শ্বে চন্দ্রাবলী রাধিকাচেতি যস্যা অংশে লক্ষ্মী দুর্গাদিকাশক্তি রিত্যুক্তা তস্যাদ্যা প্রকৃতি রাধিকা নিত্যা নির্গুণা সর্ব্বালঙ্কার শোভিতেত্যাদ্যথর্ব্ব শ্রুত্যা। সত্ত্বং তত্ত্বং পরত্বং চ তত্ত্বত্রয় মহং কিল। ত্রিতত্ত্বরূপিণী সাপি রাধিকা মম বল্লভা। প্রকৃতেঃ পরএবাহং সাপি মচ্ছক্তি রূপিণী। সেবী

অথ শ্রীরাধিকার স্তব॥

রাধা, অর্থাৎ যিনি শ্রীকৃষ্ণের অভীষ্ট পূরণ করেন, যিনি দামোদরের প্রিয়তমা, রাধিকা অর্থাৎ নিজকান্ত বলিয়া যিনি শ্রীকৃষ্ণের আরাধনা করেন, বার্ষভানবী অর্থাৎ যিনি

সমস্ত বল্লবীবৃন্দধম্মিল্লোত্তংসমল্লিকা ॥ ১ ॥
কৃষ্ণপ্রিয়াবলীমুখ্যা গান্ধর্ব্বা ললিতাসখী।
বিশাখাসখ্যসুখিনী হরিহৃদ্ভৃঙ্গমঞ্জরী ॥ ২ ॥

কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সম্মোহিনী পরেতি গৌতমীয়োক্ত্যাচ মহালক্ষ্মী তয়া কৃষ্ণাত্মকতয়া চ তেন কৃষ্ণ চৈতন্যেনোপদিষ্টা সর্ব্বেশ্বরী শ্রীরাধিকাভিষ্টূয়তে। তত্র তাবদ্দশনাম স্তোত্রমাহ রাধেত্যাদিনা। রাধয়তি সংসাধয়তি প্রেষ্ঠস্য শ্রীকৃষ্ণস্য বাঞ্ছিতানীতি রাধা। দামোদরস্য যশোদাসুতস্য হরেঃ প্রেষ্ঠাতিপ্রীতিকর্ত্রী। রাধয়তি সমর্চ্চয়তি নিঃশেষভাবেন কৃষ্ণমিতি রাধিকা। বৃষভানোরাজ্ঞঃ পুত্রীতি বার্ষভানবী। সমস্তানাং বল্লবীবৃন্দানাং ধম্মিল্লোত্তংস মল্লিকেতি কেশজূট ভূষণং প্রণিত্যর্থঃ। রাজপুত্রীত্বেন সৌহার্দ্দাদিগুণবত্ত্বা সর্ব্বেশ্বরীত্বেন চ তাসাং সর্ব্বাসাং বন্দনীয়েতি যাবৎ ॥ ১ ॥

উক্তশ্রুত্যাদিভ্যঃ কৃষ্ণপ্রিয়াবলী মুখ্যা গানাদি বিদ্যাতিপ্রাবীণ্যাৎ গান্ধর্ব্বা। ললিতয়া সহ সখ্যাল্ললিতা সখী। বিশাখায়াশ্ছায়াবদনুবর্ত্তিত্বাঃ সখ্যেন সখ্যবত্ত্বাবিশাখা সখ্য সুখিনী। কুসুমিত বল্লরীবৎ কৃষ্ণমনো মধুপানন্দ বিধায়িত্বাৎ হরিহৃদ্ভৃঙ্গমঞ্জরী ॥ ২ ॥

বৃষভানু রাজার নন্দিনী, যিনি সমস্ত ব্রজরমণীগণের শিরো-ভূষণ মল্লিকা মালা স্বরূপ ॥ ১ ॥

যিনি শ্রীকৃষ্ণের যাতীয় প্রেয়সীর মধ্যে শ্রেষ্ঠা, যিনি সঙ্গীতাদি বিদ্যায় প্রবীণা, যিনি ললিতার সখী, বিশাখার সহিত সখ্যভাব আছে বলিয়া যিনি আপনাকে সুখিনী জ্ঞান করেন, যিনি শ্রীকৃষ্ণের মানস ভৃঙ্গের পুষ্প মঞ্জরী স্বরূপ ২॥

ইমাং বৃন্দাবনেশ্বর্য্যা দশ নাম মনোরমাং ।
আনন্দচন্দ্রিকাং নাম যো রহস্যাং স্তুতিং পঠেৎ ॥ ৩ ॥
স ক্লেশরহিতো ভূত্বা ভূরি সৌভাগ্যভূষিতঃ ।
ত্বরিতং করুণাপাত্রং রাধামাধবয়োর্ভবেৎ ॥ ৪ ॥

॥ * ॥ ইত্যানন্দচন্দ্রিকাস্তোত্রং সমাপ্তং ॥ * ॥

স্তোত্রাখ্যাং তৎ পাঠ ফলং চাহেমামিতি দ্বাভ্যাং ॥ ৩ ॥
ক্লেশরহিতো বিনষ্টাবিদ্যঃ সন্ ॥ ৪ ॥
॥ * ॥ ইত্যানন্দচন্দ্রিকাখ্যং শ্রীরাধিকা দশনাম স্তোত্রং ব্যাখ্যাতং ॥ * ॥

বৃন্দাবনেশ্বরী শ্রীরাধিকার আনন্দচন্দ্রিকা নামক অতি-সুন্দর ও গোপনীয় এই দশ নাম রূপ স্তোত্র যিনি পাঠ করেন, তিনি সৌভাগ্যশালী ও সর্ব্বক্লেশ শূন্য হইয়া আশু শ্রীরাধা-মাধবের করুণা পাত্র হন ॥ ৩ । ৪ ॥

॥ * ॥ ইতি আনন্দচন্দ্রিকাস্তোত্র সমাপ্ত ॥ * ॥

নমোবৃন্দাবনেশ্বর্য্যৈ॥

মানসং মানসং ত্যাগাত্ত্বৎকণ্ঠার্ত্তং নিরুন্ধতীং।
রাধাং সংবিদ্য বিদ্যাঢ্যা ভৃঙ্গবিদ্যেদমব্রবীৎ॥ ১॥

অষ্টোত্তরশতনামভিঃ শ্রীরাধাং স্তৌতি। তত্রাদৌ স্তোত্রজন্ম কথামাহ মানসমিতি চতুর্ভিঃ। মানিনী রাধা সামাগতমানুনয়ন্তং শ্রীকৃষ্ণং রুক্ষা সতী নিরাস্থৎ। নৈরাশ্যেন কৃষ্ণে নির্গতে তদ্‌গুণ বৃন্দাক্রান্তচিত্তা সানুতাপমবিন্দৎ। তদা মানস্য সংত্যাগাৎ পরিক্ষয়াদ্ধেতো রুৎকণ্ঠার্ত্তং মানসং নিরুন্ধতীং সদা গুণ সাগরোহসৌ কৃষ্ণো রুক্ষবচোভির্ময়া নিরাকৃতঃ কথং মদন্তিকমাগচ্ছেদিতি বিচারেণাতিতৃষ্ণমপি মনস্ততো নিবর্ত্তয়ন্তীং রাধাং সংবিদ্য জ্ঞাত্বা ভৃঙ্গবিদ্যাঃ সরস্বতী সখীদমব্রবীৎ॥ ১॥

একদা শ্রীরাধিকা কৃষ্ণের প্রতি মানিনী হইয়া কিয়ৎক্ষণ পরে মান পরিত্যাগ পূর্ব্বক সোৎকণ্ঠ হৃদয়ে মনে মনে অনুযোগ (আমি কত রুক্ষ বাক্য বলিয়া অশেষ গুণাশ্রয় শ্রীকৃষ্ণকে নিরাস করিয়াছি এক্ষণে আবার কি তিনি আমার নিকটে আসিবেন? এই প্রকার অনুতাপ) করিতেছেন বুঝিয়া বিদ্যাদি গুণবতী ভৃঙ্গবিদ্যানাম্নী কোন সখী তাঁহাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, অয়ি সুন্দরি! তুমি মান পরিত্যাগ কর এবং আমার ঐকান্তিক বাক্য শ্রবণ কর, আমি কত কটুবাক্য বলিয়া শ্রীকৃষ্ণকে নিরাস করিয়াছি তিনি আর আমার নিকট আসিবেন না, এইরূপ চিত্তে ধারণা করিও না। হে সখি! ইতি পূর্ব্বে কন্দর্পসুন্দরী নামিকা কোন রমণী তোমার সহিত সখ্যভাব করিবার নিমিত্ত উৎ-

বিমুঞ্চ বন্ধুরে মানং নির্ব্বন্ধং শৃণু মে বচঃ।
পুরা কন্দর্পসুন্দর্য্যৈ যান্যুৎকণ্ঠিতচেতসে॥ ২॥
ভগবত্যোপদিষ্টানি তব সখ্যোপলব্ধয়ে।
ইঙ্গিতাভিজ্ঞয়া তানি সিন্দুরেণাদ্য বৃন্দয়া॥ ৩॥
বিলিখ্য সখি দত্তানি স জীবিতসুহৃত্তমঃ।
বিরহার্ত্তস্তবেমানি জপন্নামানি শাম্যতি॥ ৪॥

কিমব্রবীত্তত্রাহ বিমুঞ্চেতি। হে বন্ধুরে মনোজ্ঞে রাধে বন্ধুরে কৃষ্ণে মানং বিমুঞ্চ নির্ব্বন্ধং সনিয়মং মদ্বচঃ শৃণু। ময়া নিরুদ্ধোসৌ মাং নাগমিষ্যতীতি নিরস্ত চিন্তা মাভূৎ স মদনুমতিমাত্রাদ্বৈবায়াস্যতীতি ভাবেনাহ পুরেতি সার্দ্ধাভ্যাং॥ ২॥

তব সখ্যোপলব্ধয়ে উৎকণ্ঠিত চেতসে কন্দর্প সুন্দরী নাম্ন্যৈ গোপসুন্দর্য্যৈ যানি ভগবত্যা পূর্ণমাস্যোপদিষ্টানি পুরাভূবন্ তানি তবেমানি নামানি স জীবিত সুহৃত্তম ত্বৎ প্রাণবন্ধুঃ কৃষ্ণস্ত্বদ্বিরহার্ত্তো জপন্ শাম্যতি ত্বদ্বিরহতো গোপশান্তিং ভজতীত্যর্থঃ। ননু কৃষ্ণেন তানি কুতোলব্ধানি তত্রাহ। পৌর্ণমাসীঙ্গিতাভিজ্ঞয়া বনদেব্যা বৃন্দয়া সিন্দূরেণ বিলিখ্য কৃষ্ণায়াদ্য দত্তানীতি। সিন্দূরেণ তল্লিপিঃ রাধার্ব্বশ্যায়েতি মান্ত্রিকাঃ। তথাচ ত্বদ্ভিরক্তায় ত্বন্নামানি জপতো হরেস্ত্বদনুমতিরেব তৎ প্রাপ্তিরিতি ভাবঃ॥ ৩। ৪॥

কণ্ঠিতা হইলে ভগবতী পৌর্ণমাসী তদীয় অভীষ্ট সিদ্ধির উপায় স্বরূপ তোমার শতনাম পাঠ করিতে উপদেশ করেন, এক্ষণে ইঙ্গিতজ্ঞা বৃন্দা সেই সকল নাম সিন্দুর দ্বারা লিখিয়া তোমার জীবিতনাথ শ্রীকৃষ্ণকে অর্পণ করিয়াছেন॥ অদ্য তোমার বিরহে অত্যন্ত কাতর শ্রীকৃষ্ণ সেই শত নাম পাঠ পূর্ব্বক কথঞ্চিৎ চিত্তে শান্তি বোধ করিতেছেন॥ ১।২।৩।৪॥

রাধা কৃষ্ণবনাধীশা মুকুন্দমধুমাধবী।
গোবিন্দপ্রেয়সীবৃন্দমুখ্যা বৃন্দাবনেশ্বরী ॥ ৫ ॥
ব্রহ্মাণ্ডমণ্ডলোত্তংসকীর্ত্তিঃ কার্ত্তিকদেবতা।
দামোদরপ্রিয়সখী রাধিকা বার্ষভানবী ॥ ৬ ॥

তানি নামান্যাহ রাধেতি প্রাগ্বৎ। কৃষ্ণবনং বৃন্দারণ্যং তস্যাধীশা তৎপট্টমহিষীত্বাত্তৎ স্বামিনীত্যর্থঃ। মুকুন্দএব মধু র্বসন্তস্তস্য মাধবী বাসন্তীতি তদ্যপুখ্যাপিকা তদেকোল্লাস্যা চেত্যর্থঃ। গোবিন্দেতি কৃষ্ণ প্রিয়াবলী মুখ্যেতি বহ্বাথ্যেয়ং। বৃন্দাবনেশ্বরীত্যর্থঃ পুনরুক্তি র্নদোষায়। সর্ব্বেষাং নাম্নাং জপ্য রাধিকৈক বিষয়ত্বাৎ ॥ ৫ ॥

ব্রহ্মাণ্ডেতি। সর্ব্বব্যাপি যশা ইত্যর্থঃ। কার্ত্তিকমাসাধিষ্ঠাতৃ দেবতাত্বাৎ কার্ত্তিকদেবতা। দামোদরস্য সখ্যভাববতী প্রিয়েতী দামোদরপ্রিয়সখী। অতঃ কার্ত্তিকে দ্বয়োঃ সহৈবাভ্যর্চ্চনং। রাধিকেতি দ্বয়ং প্রাগ্বৎ ॥ ৬ ॥

শতনাম যথা ॥

রাধা, যিনি শ্রীকৃষ্ণের অভীষ্ট পূরণ করেন, যিনি শ্রীবৃন্দাবনের অধীশ্বরী, যিনি মুকুন্দরূপ বসন্তঋতুর মাধবীলতা স্বরূপ, গোবিন্দপ্রেয়সীগণের মধ্যে যিনি শ্রেষ্ঠা, যিনি বৃন্দাবনের পট্টমহিষী ॥ ৫ ॥

যাঁহার যশ সর্ব্বত্র ব্যাপ্ত, যিনি কার্ত্তিক মাসের অধিষ্ঠাত্রী দেবতা স্বরূপ, যিনি দামোদরের প্রিয়সখী, যিনি আপনার বলিয়া শ্রীকৃষ্ণকে সেবা করেন, যিনি বৃষভানু রাজার নন্দিনী ॥ ৬ ॥

ভানুভক্তিভরাভিজ্ঞা বৃষভানুকুমারিকা।
মুখরাপ্রাণদৌহিত্রী কীর্ত্তিদাকীর্ত্তিদায়িনী ॥ ৭ ॥
কৃষ্ণপ্রেমাব্ধিমকরী বৎসলাচ্যুতমাতৃকা।
সখীমণ্ডলজীবাতু র্ললিতাজীবিতাধিকা ॥ ৮ ॥
বিশাখাপ্রাণসর্ব্বস্বং কারুণ্যামৃতমেদুরা।

ভগবন্নিত্য বিভূতি ভূতস্য ভানোর্ভক্তি ভরেঽভিজ্ঞাতিনিপুণা। বৃষেতি স্ফুটার্থং। মুখরা স্বমাতামহী তস্যাঃ প্রাণভূতা দৌহিত্রী নপ্ত্রী। কীর্ত্তিদায়ৈ বৃষভানুপত্ন্যৈ স্বমাত্রে কীর্ত্তিং দদাতীতি তথা ॥ ৭ ॥

কৃষ্ণবিষয়ক প্রেমাব্ধৌ মকরী তদ্বত্তত্র নিমজ্জন্তীত্যর্থঃ। বৎসলা বাৎসল্যবতী অচ্যুত মাতা শ্রীযশোদা যস্যাং সা। সখীমণ্ডল্য জীবাতু র্যামাশ্রিত্য তন্মণ্ডলো জীবতীত্যর্থঃ। ললিতায়া জীবিতাদপ্যধিকা ॥ ৮ ॥

যৎ পার্থক্যে সতি বিশাখায়াঃ প্রাণাবিহ্বলী ভবন্ত্যতো বিশাখাপ্রাণ সর্ব্বস্বং। কারুণ্যামৃতেন মেদুরা সর্ব্বব্রজবিষয়কেণ কৃপাপীযুষেণ স্নিগ্ধে

ভগবদ্বিভূতি সূর্য্যদেবের প্রতি যাঁহার অতিশয় ভক্তি, যিনি বৃষভানুর কুমারী, যিনি মুখরার স্নেহময়ী দৌহিত্রী, যিনি কীর্ত্তিদা নাম্নী স্বীয় জননীর কীর্ত্তিদায়িনী ॥ ৭ ॥

যিনি শ্রীকৃষ্ণের প্রেম সমুদ্রের মকরী, শ্রীমতী যশোদা, যাঁহার প্রতি অতিশয় বাৎসল্যবতী অর্থাৎ যাঁহাকে অতিশয় ভাল বাসেন, যিনি সখীগণের জীবনৌষধ স্বরূপ অর্থাৎ যাঁহাকে আশ্রয় করিয়া তাঁহারা জীবিত থাকেন, যিনি ললিতার প্রাণাধিকা ॥ ৮ ॥

যিনি বিশাখার প্রাণ সর্ব্বস্ব, যিনি করুণা রূপ অমৃত

পৌর্ণমাসী পৃথুপ্রেমপাত্রী সুবলনন্দিতা ॥ ৯ ॥
কুঞ্জাধিরাজমহিষী বৃন্দারণ্যবিহারিণী।
বিশাখা সখ্যবিখ্যাতা ললিতাপ্রেম লালিতা ॥ ১০ ॥
সদা কিশোরিকা গোষ্ঠযুবরাজবিলাসিনী।

তার্থঃ। পৌর্ণমাসী সান্দীপনের্জননী তস্যাঃ যঃ পৃথুঃ পুঞ্জীভূতঃ প্রেমা তস্য পাত্রী যটী। সুবলেন শ্রীকৃষ্ণসন্দেশাদি দাত্রানন্দিতা সহর্ষা ॥ ৯ ॥

কুঞ্জাধিরাজস্ত বৃন্দাটবী নিকুঞ্জস্বামিনো হরের্মহিষী। কৃতাভিষেকা-রাজ্ঞী বৃন্দারণ্যেতি প্রস্ফুটং।.. বিশাখায়াঃ সখ্যেন বিখ্যাতা তাং বিনা রাধা লবমপি ন তিষ্ঠেদিতি প্রসিদ্ধিমতীত্যর্থঃ ললিতয়া প্রেম্না লালিতা লব্ধপোষে-ত্যর্থঃ ॥ ১০ ॥

সদা নিত্যং কিশোরিকা কৈশোরে বয়সি স্থিরেত্যর্থঃ। গোষ্ঠেতি স্ফুটার্থং। গোবিন্দস্য স্বনাথস্য প্রেমশিক্ষার্থং নটীকৃতো নটত্বং প্রাপিতো নিজাংশো যয়া সা। গোবিন্দেন পরেশেন স্বভক্তি মার্গ প্রচারো যথা মহত্তম জীবমংশ মাবিশ্য ক্রিয়তে তথা গোবিন্দচরিত গীতনৃত্যাদিনা তৎপ্রেমা প্রাদুর্ভবেদিতি

প্রবাহে সুস্নিগ্ধ, যিনি সান্দীপনি মুনির জননী, পৌর্ণমাসীর অতিশয় প্রেমের পাত্রী, যিনি শ্রীকৃষ্ণের বার্ত্তাবহ সুবল কর্ত্তৃক আনন্দিতা হন ॥ ৯ ॥

যিনি বৃন্দাবন নিকুঞ্জাধিরাজ শ্রীকৃষ্ণের মহিষী, যিনি বৃন্দারণ্যবিহারিণী, যিনি বিশাখার সহিত সখ্যভাবে বিখ্যাত, যিনি ললিতার প্রেমে লালিত ॥ ১০ ॥

যিনি সর্ব্বদা কৈশোর বয়সে স্থিত, যিনি গোষ্ঠ যুব-রাজ শ্রীকৃষ্ণের বিলাসিনী, জগতে শ্রীকৃষ্ণের প্রেম প্রচার

গোবিন্দপ্রেমশিক্ষার্থ নটীকৃতনিজাংশকা ॥ ১১ ॥
প্রবোধনী নিশানৃত্য মাহাত্ম্য ভরদর্শিনী।
চন্দ্রকান্তিচরী সর্ব্বগন্ধর্ব্বকুলপাবনী ॥ ১২ ॥

তৎ প্রেম মার্গোপদেশায় পরেশয়া যয়া মহত্তমো জীবোংশঃ কশ্চিৎ স্বাবেশেন নটীত্বং নীত ইত্যর্থঃ ॥ ১১ ॥

এতদেবাহ প্রবোধনীতি। প্রবোধন্যামেকাদশ্যাং নিশি যজ্জাগরণং হরেঃ পুরতো যন্নৃত্যঞ্চ তস্য যন্মাহাত্ম্যং তৎ পার্ষদ ভাবলাভ লক্ষণং তদ্দর্শিনী তন্নিরূপিকেত্যর্থঃ। তস্ম নিজাংশস্ত জীবস্ত স্বসারূপ্য লাভাৎ পূর্ব্বং তেনাংশেন চন্দ্রকান্তিরভূদিতি চন্দ্রকান্তিচরী। ভূতপূর্ব্বে চরট্। গন্ধর্ব্বলোকেপি তেনাংশেন ভগবন্নৃত্যগীতাদি প্রাদুরকার্ষীদিতি সর্ব্বগন্ধর্ব্ব কুলপাবনী। ইথঞ্চ স্কান্দ কার্ত্তিক মাহাত্ম্যং ভবিষ্যোত্তরীয় তুলসী ত্রিরাত্রঞ্চ ব্যাখ্যাতং। তন্মুখ্যার্থ গ্রাহীতু নকেনাপি তত্ত্বজ্ঞেনানুগৃহীতো বোধ্যঃ। পূর্ব্বোক্ত শ্রুতি স্মৃতিভ্যএব। নচ শ্রুতচরদাসীপুত্রভাবান্নারদান্নিত্য পার্ষদোনারদোহন্যো নাস্তীতি বদন্ গ্রাহ্যবাক্ প্রেক্ষাবতাং ॥ ১২ ॥

করিবার নিমিত্ত যিনি স্বয়ং পরমেশ্বরী হইয়া নিজ জীব রূপ অংশকে নটী করিয়াছেন ॥ ১১ ॥

ভক্তগণ একাদশীর রাত্রিতে জাগরণ করিয়া হরিপ্রীত্যর্থ যে সকল নৃত্যগীত ও নাম সঙ্কীর্ত্তনাদি উৎসব করেন, ঐ সমুদয়ের যিনি প্রকাশিকা, যিনি পূর্ব্বে চন্দ্রকান্তি রূপে বিরাজমানা ছিলেন, যিনি সমস্ত গন্ধর্ব্বকুলের পবিত্র কারিণী ॥ ১২ ॥

স্বজন্মভূষিতোত্তুঙ্গবৃষভানুকুলস্থিতিঃ।
লাস্যবিদ্যাব্রতস্নাতা রাসক্রীড়াদিকারণং ॥ ১৩ ॥
রাসোৎসবপুরোগণ্যা কৃষ্ণনীতরহঃস্থলা।
গোবিন্দবদ্ধকবরা কৃষ্ণোত্তংসিতকুন্তলা ॥ ১৪ ॥
ব্যক্ত গোষ্ঠারবিন্দাক্ষী বৃন্দোৎকর্ষাতিহর্ষিণী।

স্বজন্মনা ভূষিতালঙ্কৃতি স্বর্গাবংশ প্রভবত্বে নোত্তুঙ্গাপি বৃষভানোর্গোপ রাজস্য পিতুঃ কুলস্থিতির্যয়া সা। মহালক্ষ্ম্যাঃ প্রাদুর্ভাবাৎ কুলস্যাতি শোভেত্যর্থঃ। লাস্যেতি। নিখিলাং নৃত্যবিদ্যামধীত্য বিধিনা তদ্‌ব্রতমুৎসৃষ্টবতী পঠিত সপরিকর নৃত্য বিদ্যেত্যর্থঃ। অতোরাসেতি যাং বিনা হরে রাস ক্রীড়া নসিদ্ধেদিতি ভাবঃ ॥ ১৩ ॥

অতোরাসোৎসবে পুরোগণ্যা শ্রেষ্ঠা এতদেবাহ। কৃষ্ণেত্যাদিভিশ্চতুর্ভিঃ। তদেকানুরক্তেন কৃষ্ণেনান্যাঃ প্রেয়সী বিহায় রহঃস্থলং বিজনং প্রাপিতেত্যর্থঃ। কৃষ্ণেন নীতং রহঃ স্থলং যামিতি বিগ্রহঃ। গোবিন্দেত্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ১৪॥

ব্যক্তোঽতিখ্যাতোযো গোষ্ঠারবিন্দাক্ষী বৃন্দাৎ স্বগো্যা ৎকর্ষঃ শ্রীকৃষ্ণ

যিনি নিজ জন্মহেতু বৃষভানু নৃপতির অত্যুচ্চ বংশ ভূষিত করিয়াছেন, যিনি নৃত্য বিদ্যারূপ ব্রতে স্নাত হইয়াছেন, অর্থাৎ নৃত্যগীতাদি বিদ্যার সীমাপথে আরোহণ করিয়াছেন, যিনি রাসক্রীড়াদির কারণ ॥ ১৩ ॥

যিনি রাস মহোৎসবে অগ্রগণ্যা, ঐ রাসোৎসবে শ্রীকৃষ্ণ অন্য প্রেয়সী পরিত্যাগ করিয়া যাঁহাকে নির্জ্জন স্থানে লইয়া যান, শ্রীকৃষ্ণ যাঁহার কবরী বন্ধন করিয়া দেন এবং পুষ্পাদি দ্বারা যাঁহার কেশপাশ ভূষিত করেন ॥ ১৪ ॥

শ্রীকৃষ্ণ অন্যান্য প্রেয়সী অপেক্ষা সমধিক গৌরব করেন

অন্নতর্পিত দুর্ব্বাসা গান্ধর্ব্বা শ্রুতিবিশ্রুতা ॥ ১৫ ॥
গান্ধর্ব্বিকা স্বগান্ধর্ব্ব বিস্মাপিত বলাচ্যুতা।
শঙ্খচূড়ারিদয়িতা, গোপীচূড়াগ্রমালিকা ॥ ১৬ ॥
চারুগোরোচনাগৌরী গারুত্মতনিভাম্বরা।

কর্ত্তৃকোঽতি সংকার স্তেনাতিহর্ষিণী প্রহৃষ্টা অন্নেন পায়সাদিনা তর্পিতো দুর্ব্বাসা যয়া সা। অতি তৃপ্তোপি দুর্ব্বাসা রাধয়া দত্তমন্নং তু তুষ্ণীং বুভুজে। কৃষ্ণতত্ত্বঞ্চ তয়াপৃষ্টোঽতিপ্রীত্যা প্রোবাচেতি গোপালোত্তরতাপন্যাং কথাস্তি গান্ধর্ব্ব বিদ্যা যোগাদ্গান্ধর্ব্বা। শ্রুতৌ মহা লক্ষ্মীত্বেন বিশ্রুতা খ্যাতা ॥১৫॥

গান্ধর্ব্বং কারয়ত্যুচ্চারয়তীতি গান্ধর্ব্বিকা। এতদেবাহ স্বেতি। স্বগান্ধর্ব্বেণ হোলিকোৎসববৃত্তেন বিস্মাপিতৌ বলাচ্যুতৌ যয়া সা। যেনাতিপ্রীয় মানোবলস্তস্যৈ সমস্তকং পারিতোষিকং প্রদাবিতি প্রসিদ্ধং। শঙ্খেত্যর্দ্ধকং প্রকটার্থং ॥ ১৬ ॥

চার্ব্বিতি। গারুত্মতং মরকতমণিস্তন্নিভং তদ্বৎ শ্যামমম্বরং শাটী যস্যাঃ সা।

বলিয়া মনে মনে যিনি অতিশয় আহ্লাদ বোধ করেন, যিনি দুর্ব্বাসা মুনিকে পায়স ভোজনাদি দ্বারা পরিতৃপ্ত করিয়াছিলেন, গন্ধর্ব্ববিদ্যা অভ্যাস হেতু যাঁহার নাম গান্ধর্ব্বা, এবং যিনি বেদে মহালক্ষ্মী বলিয়া বিখ্যাত ॥ ১৫ ॥

যিনি গন্ধর্ব্ববিদ্যায় পটু, যিনি নৃত্যগীতাদি দ্বারা বলদেব ও শ্রীকৃষ্ণের হৃদয়ে বিস্ময় জন্মিয়া দিয়াছেন, যিনি শঙ্খচূড়ারি শ্রীকৃষ্ণের দয়িতা, যিনি গোপীগণের শিরোভূষণ মালা স্বরূপ ॥ ১৬ ॥

যিনি সুন্দর গোরোচনার ন্যায় গৌরী, মরকতমণির ন্যায়

বিচিত্রপট্টচমরী চারুবেণীশিখারুচিঃ ॥ ১৭ ॥
পদ্মেন্দুজৈত্রবক্ত্র শ্রীনিরুদ্ধমুরমর্দ্দনা।
চকোরিকা চমৎকারি হরিহারিবিলোচনা ॥ ১৮ ॥
কালিয়দমনোৎকম্পিভঙ্গুরভ্রূভুজঙ্গমা।

মৌক্তিকাদি রত্নগুচ্ছ শালিত্বেন বিচিত্রয়া পট্টচমর্য্যা চারুমনোজ্ঞা যা বেণী শিখা তয়া রুচিঃ কান্তির্যস্যাঃ সা। বেণী শিখাকবরাগ্রভাগঃ শিখা শিফায়াং চূড়ায়াং জ্বালায়ামগ্রমাত্রকে ইতি বিশ্বঃ ॥ ১৭ ॥

পদ্মমিন্দুঞ্চ জয়তি তচ্ছীলং যদ্বক্ত্রং তস্য শ্রিয়া কান্ত্যা নিরুদ্ধো মুরমর্দ্দনো যয়া সা। চকোরিকাচলচঞ্চুং চমৎকুরুত আসক্তি ভরেণ বিস্মাপয়ত ইতি চকোরিকা চমৎকারিণী। হরিং হরতো বিমোহয়ত ইতি হরিহারিণী। ততঃ কর্ম্মধারয়। তথাভূত বিলোচনে নেত্রে যস্যাঃ সা। জ্যোৎস্নাপ্রিয়ে চল চঞ্চু চকোর বিষসূচকা ইতি হৈমঃ ॥ ১৮ ॥

কালিয় দমনমপি কৃষ্ণমুৎ কম্পয়ত স্তাদৃশৌ ভঙ্গুরৌ বক্রৌ ভ্রূ ভুজঙ্গমৌ যস্যাঃ সাঃ নাসিকায়াঃ শিখর মগ্রমাগস্বেতে লবলী স্থূলেচ মৌক্তিকে যস্যাঃ

সুন্দর, নীলবর্ণ যাঁহার অম্বর, যাঁহার বেণীর অগ্রভাগ মণি মুক্তাদি রত্ন খচিত পট্ট সূত্রে বেষ্টিত থাকায় যিনি সুন্দর অলঙ্কৃত হইয়াছেন ॥ ১৭ ॥

যাঁহার পদ্মেন্দুজয়িনী মুখশোভায় মুরবৈরি শ্রীকৃষ্ণ আকৃষ্ট হইয়াছেন, চকোর চমৎকারি যদীয় নয়নদ্বয় শ্রীকৃষ্ণের চিত্ত হরণ করিতেছে ॥ ১৮ ॥

যিনি সুন্দর কুটিল ভ্রূদ্বয় রূপ ভজঙ্গ দ্বারা কালিয় দমন শ্রীকৃষ্ণের চিত্ত উৎকম্পিত করেন, যাঁহার নাসিকাগ্রভাগে

নাসিকা শিখরালম্বি লবলীস্থূলমৌক্তিকা ॥ ১৯ ॥
বন্ধুরাধর বন্ধূকবিকৃষ্ট মধুসূদনা।
দন্তনির্ধূতশিখরা শিখরীন্দ্রধরপ্রিয়া ॥ ২০ ॥
কপোলমণ্ডলান্দোলিমণিকুণ্ডলমণ্ডিতা।
পীতাংশুক শুকাকর্ষি নিস্তলস্তনদাড়িমা ॥ ২১ ॥

সা সুগন্ধমূলা লবলীপাণ্ডুঃ কোমল বল্কলেতি হরীতক্যাদি নির্ঘণ্টে ॥ ১৯ ॥

বন্ধুরেণ মনোজ্ঞেনাধরবন্ধুরেণ মনোজ্ঞেনাধর বন্ধুকেন বিকৃষ্টো মধুসূদনঃ কৃষ্ণএব মধুসূদনো ভ্রমরো যয়া সা। পরম্পরিতং রূপকং। দন্তৈর্নির্ধূতানি শিখরাণি যয়া সা। শিখরোস্ত্রী কুন্দাগ্রেদ্রিশৃঙ্গে পুলক কক্ষয়োঃ। পক্কদাড়িম্ববীজাভ মাণিক্য সকলাগ্রয়োরিতি মেদিনীকরঃ ॥ ২০ ॥

কপোল মণ্ডলে আন্দোলিনী চপলে যে মণিকুণ্ডলে তাভ্যাং মণ্ডিতা। পীতাংশুকঃ শ্রীকৃষ্ণঃ সএব শুকস্তমাকর্ষতোমুরঙ্গমত্তস্তথা ভূতৌ নিস্তলৌ বর্ত্তুলৌ স্তনদাড়িমৌ যস্যাঃ সা। নিস্তলং বর্ত্তুলং বৃত্তমিতি হলায়ুধঃ ॥ ২১ ॥

লবলী ফলের ন্যায় স্থূল মুক্তা বিরাজিত, (লবলী নোয়াইল ইতি ভাষা) ॥ ১৯ ॥

মনোজ্ঞ অধর রূপ বন্ধূক কুসুমদ্বারা যিনি মধুসূদনকে আকৃষ্ট করিয়াছেন, যিনি দন্ত রুচিদ্বারা সুপক্ক দাড়িম্ব বীজের শোভা তিরস্কৃত করিয়াছেন, যিনি গোবর্দ্ধনধারী শ্রীকৃষ্ণের প্রেয়সী ॥ ২০ ॥

যিনি কপোল মণ্ডলে দোদুল্যমান মণিকুণ্ডলে মণ্ডিতা, যাঁহার সুন্দর বর্ত্তুলাকার স্তনদ্বয়রূপ দাড়িম্বফল শ্রীকৃষ্ণ রূপ শুকপক্ষী কর্ত্তৃক আকৃষ্ট হইয়াছে ॥ ২১ ॥

মণিকিঙ্কিণ্যলঙ্কার ঝঙ্কারি শ্রোণিমণ্ডলা।
স্থলারবিন্দবিঞ্ছোলী নির্মঞ্ছিত পদদ্যুতিঃ ॥ ২২ ॥
অরিষ্ট বধনর্ম্মার্থনির্মাপিত সরোবরা।
গন্ধোন্মাদিতগোবিন্দা মাধবদ্বন্দ্বতাঙ্কিতা ॥ ২৩ ॥

মণিকিঙ্কিনীতি স্ফুটার্থং। স্থলারবিন্দানাং স্থলপঙ্কজানাং বিঞ্ছোল্যা শ্রেণ্যা নির্মঞ্ছিতা পদদ্যুতির্যস্যাঃ সা ॥ ২২ ॥

অরিষ্টবধেন যন্নর্ম্ম কৃত গোবধো ভবান্ কথমস্মান্ সংস্পৃশেদিতি পরিহাস স্তদর্থং তৎ সিদ্ধয়ে নির্মাপিতং সরোবরং শ্যামকুণ্ডং যয়া সা।° উদীরিত গোবধ দোষেণ শ্রীকৃষ্ণেন সরসি নির্ম্মিতে স্বস্ব নামোচ্চারণ পূর্ব্বকং গঙ্গাদিষাবির্ভূতেষু শ্রীকৃষ্ণঃ স্নাত্বা বিশুদ্ধো শ্রীরাধাং পস্পর্শেতি পুরাণে প্রসিদ্ধং. গন্ধেনাঙ্গসৌরভোণোন্মাদিতো গোবিন্দো যয়া সা মাধবেন সহ যা দ্বন্দ্বতা যুগলীভাব স্তেনাঙ্কিতা। রাধয়া মাধবো দেবো মাধবেনৈব রাধিকা। বিভ্রাজন্তেজনেষ্বিতি ঋক্ পরিশিষ্ট বচনাৎ ॥ ২৩ ॥

যাঁহার কটীদেশে মণিময় কিঙ্কিণী ভূষণের সুন্দর ঝঙ্কার শব্দ হইতেছে, যাঁহার চরণকান্তি স্থলপদ্ম দ্বারা নির্ম্মঞ্ছিত হইয়াছে ॥ ২২ ॥

তুমি গোবধ করিয়াছ, কি প্রকারে আমাদিগকে স্পর্শকরিবে এইরূপ পরিহাস বাক্যে যিনি শ্রীকৃষ্ণ দ্বারা শ্যামকুণ্ড নির্ম্মাণ করিয়াছেন, যিনি অঙ্গ সৌরভে মাধবকে উন্মাদিত করেন, যিনি সর্ব্বদা শ্রীকৃষ্ণের সহিত মিলন রূপ যুগলভাবে অবস্থিত ॥ ২৩ ॥

কালিন্দীকূলকুঞ্জশ্রীর্ভাণ্ডীরতট মণ্ডনা ।
ধৃতনন্দীশ্বরস্থেমা গোবর্দ্ধনদরীপ্রিয়া ॥ ২৪ ॥
বংশী বড়িশিকা বিদ্ধরসোত্তর্ষমনোঝষা ।
বংশিকাধ্বনিবিস্রংসি নীবীবন্ধগ্রহাতুরা ॥ ২৫ ॥
মুকুন্দনেত্র শফরী বিহারামৃতদীর্ঘিকা ।

কালিন্দীকূলকুঞ্জানাং শ্রীর্লক্ষ্মী ভূষা বা ভাণ্ডীরতটং মণ্ডয়তি বিহারৈরিতি তথা। ধৃতো নন্দীশ্বরে স্থেমা স্থৈর্য্যং যয়া সা। গোবর্দ্ধনদরীঃ প্রীণাতি পাদসঞ্চারেণ সুখয়তী তথা তাঃ প্রিয়া যস্যাঃ সেতি বা ॥ ২৪ ॥

বংশীবড়িশিকয়া বিদ্ধোরসোত্তর্ষো মনোঝষো যস্যাঃ সা আমিষলুব্ধো মৎস্যো যথা বড়িশেন বিধ্যতে তথা কৃষ্ণাঙ্গসঙ্গরসসতৃষ্ণা রাধা বংশ্যা বিদ্ধান্তরা ভবতীত্যর্থঃ। বংশিকাধ্বনিনা বিস্রংসিনী শিথিলগ্রন্থি র্যা নীবী তদ্বন্ধগ্রহে আতুরার্ত্তেত্যর্থঃ ॥ ২৫ ॥

মুকুন্দস্য নেত্রে এব শফর্য্যৌ প্রোষ্ঠ্যৌ তয়ো র্বিহারা যামৃতদীর্ঘিকা সুধাবাপী। প্রোষ্ঠীতু শফরী দ্বয়োরিতি। বাপীতু দীর্ঘিকেত্যমরঃ। তয়োরতি সুখদেত্যর্থঃ। নিজকুণ্ডকুড়ুঙ্গানাং স্বসরস্তট.কুঞ্জানামন্তর্মধ্যে যে তুঙ্গানঙ্গরসা

যিনি কালিন্দীতীরস্থলি কুঞ্জবনের লক্ষ্মী, যিনি ভাণ্ডীর তটের ভূষণ, যিনি নন্দীশ্বরে স্থিতি করেন, গোবর্দ্ধন পর্ব্বতের কন্দর যাঁহার অতিশয় প্রিয় ॥ ২৪ ॥

শ্রীকৃষ্ণের বংশীরূপ বড়িশদ্বারা যাঁহার রসপিপাসু মনো মীন বিদ্ধ হইয়া থাকে, শ্রীকৃষ্ণের বংশীধ্বনি শুনিয়া শিথিলীভূত নীবীবন্ধ (খুঁট্ ইতি ভাষা) গ্রহণে যিনি ব্যগ্রা ॥২৫॥

যিনি শ্রীকৃষ্ণের নয়ন সফরীর বিহারের নিমিত্ত অমৃত

নিজকুণ্ডকুড়ুঙ্গান্তস্তুঙ্গানঙ্গরসোন্মদা ॥ ২৬ ॥
কৃষ্ণভ্রু চণ্ডকোদণ্ডোড্ডীনধৈর্য্যবিহঙ্গমা।
অনুরাগসুধাসিন্ধুহিন্দোলান্দোলিতাচ্যুতা ॥ ২৭ ॥
ব্রজেন্দ্রনন্দনাস্যেন্দু তুঙ্গিতানঙ্গসাগরা।
অনঙ্গসঙ্গরোত্তৃষ্ণ কৃষ্ণলুঞ্চিতকঞ্চুকা ॥ ২৮ ॥
লীলাপদ্মহতোদ্দাম নর্ম্মলম্পটকেশবা।

স্তৈরত্যন্ত প্রমত্তা ॥ ২৬ ॥

কৃষ্ণস্য ভ্রুবাবেব চণ্ডকোদণ্ডে তীব্র ধনুষী তাভ্যামুড্ডীনোপলায়িতো ধৈর্য্য বিহঙ্গমো যস্যাঃ সা। কোদণ্ডং ধনুঃকার্ম্মুকমিতি হৈমঃ। অনুরাগ সুধাসিন্ধুরেব হিন্দোলা প্রেঙ্খোলা তয়ান্দোলিতোঽচ্যুতো যয়া সা ॥ ২৭ ॥

ব্রজেন্দ্রনন্দনস্যাস্যমেবেন্দুস্তেন তুঙ্গিতঃ সমুচ্ছলিতো ঽনঙ্গসাগরো যস্যাঃ সা। অনঙ্গসঙ্গরে উত্তৃষ্ণেন কৃষ্ণেন লুঞ্চিতমপনীতং কঞ্চুঃ কঞ্চুলিকা যস্যাঃ সা ॥ ২৮ ॥

তদা লীলাপদ্মেন হতস্তাড়িত উদ্দামেন নর্ম্মণি লম্পটঃ কেশবো যয়া সা।

দীর্ঘিকা স্বরূপ, যিনি নিজকুণ্ড তীরস্থ নিজকুঞ্জবনে অতিশয় অনঙ্গরসে প্রমত্তা ॥ ২৬ ॥

শ্রীকৃষ্ণের ভ্রূযুগলরূপ প্রচণ্ড কোদণ্ড দ্বারা যাঁহার ধৈর্য্য রূপ বিহঙ্গম উড্ডীন হয়, যিনি অনুরাগ সুধাসিন্ধুরূপ হিন্দোলা দ্বারা শ্রীকৃষ্ণকে আন্দোলিত করেন ॥ ২৭ ॥

ব্রজেন্দ্রনন্দনের মুখচন্দ্র দর্শন করিয়া যাঁহার অনঙ্গ সমুদ্র উচ্ছলিত হয়, অনঙ্গ যুদ্ধে সতৃষ্ণ শ্রীকৃষ্ণকর্তৃক যাঁহার স্তনবসন অপনীত হয় ॥ ২৮ ॥

যিনি লীলাপদ্ম দ্বারা স্মর বিলাসে লম্পট শ্রীকৃষ্ণকে

হরিবক্ষো হরিগ্রাব হরিতালীয়রেখিকা ॥ ২৯ ॥
মাধবোৎসঙ্গপর্য্যঙ্কা কৃষ্ণবাহূপধানিকা।
রতিকেলি বিশেষোহ সখীস্মিত বিলজ্জিতা ॥ ৩০ ॥
আলীপুরোরহঃ কেলিজল্পোৎক হরিবন্দিনী।

হরের্বক্ষএব হরিগ্রাবা ইন্দ্রানীল পট্টিকা তত্র হরিতালীয় রেখিকা। তদ্বত্তত্র লগ্না শোভিতা চেত্যর্থঃ ॥ ২৯ ॥

মাধবস্যোৎসঙ্গঃ ক্রোড় এব পর্য্যঙ্কঃ শয্যাঃ যস্যাঃ সা। ক্রোড়মঙ্কমথোৎসঙ্গ ইতি। পর্য্যঙ্কঃ শয়নং শয্যোক্তিচ হলাযুধঃ। কৃষ্ণস্য বাহু ভুজএব উপধানমুচ্ছীর্ষকং যস্যাঃ সা। উচ্ছীর্ষক মুপধানং শীর্ষৈকপবর্হমাখ্যাতমিতি হলাযুধঃ। কৃষ্ণভুজমুপধায় তদঙ্কপর্য্যঙ্কে শয়িতেত্যর্থঃ রতিকেলি বিশেষং পৃচ্ছাবারিতমূহত্তে বিতর্কয়ন্তি তথা ভূতানাং সখীনাং স্মিতেন লজ্জিতা ॥ ৩০ ॥

আলীনাং পুরোহগ্রে রহঃ কেলিজল্পে উৎকং হরিং বন্দত ইতি তথা।

তাড়িত করেন, যিনি শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলরূপ ইন্দ্র নীলমণিময় কষপাষাণে হরিতাল রেখা স্বরূপ ॥ ২৯ ॥

শ্রীকৃষ্ণের ক্রোড় যাঁহার পর্য্যঙ্ক, (খাট) শ্রীকৃষ্ণের বাহু যুগল যাঁহার উপধানিকা (বালিষ) সখীগণ যাঁহার বিপরীত রতিবিষয় আন্দোলন করিয়া মন্দ মন্দ হাস্য করিলে যিনি বিলজ্জিতা হন ॥ ৩০ ॥

শ্রীকৃষ্ণ সখীগণ মধ্যে যাঁহার অতি গুহ্য স্মরকেলি বিষয় প্রকাশ করিতে উদ্যত হইলে করচরণাদি ধারণ পূর্ব্বক নিষেধ বাক্যে যিনি শ্রীকৃষ্ণকে বন্দনা করেন, যিনি বৈজয়ন্তী

বৈজয়ন্তী কলাভিজ্ঞা বনস্রকৃশিল্পকল্পিনী ॥ ৩১ ॥
ধাতুচিত্রাতিবৈচিত্রী বিসৃষ্টিপরমেষ্ঠিনী।
বৈদগ্ধীপ্রথমাচার্য্যা চারু চাতুর্য্যচর্চ্চিতা ॥ ৩২ ॥
অসাধারণ সৌভাগ্য ভগ্যামৃত তরঙ্গিণী।

মন্মূর্দ্ধ্নঃ শপথস্তে মৈবং বাদী র্বদেশ্চেন্ন কদাচিদপি ত্বদভ্যর্থিতং সাধয়ামীতি বন্ধনস্য ভাবঃ। বৈজয়ন্তীতি বিস্ফুটং ॥ ৩১ ॥

গৈরিকাদি ধাতু চিত্রাণাং যাতি বৈচিত্রী তস্যা বিসৃষ্টৌ নির্ম্মিতৌ পরমেষ্ঠিনী বিরিঞ্চিরূপা। বৈদগ্ধীনাং নৃত্যাদিকলানাং প্রথমাচার্য্যা। ত্বত্তএবাদৌ প্রকটা ইত্যর্থঃ। চারুণা মনোজ্ঞেন পাকক্রিয়াঃ গন্ধযোজনাদিগতেন চাতুর্য্যেণ প্রাবীণ্যেন চিত্রিতা ॥ ৩২ ॥

অসাধারণং তন্মাত্রবর্ত্তি যৎ সৌভাগ্যং কৃষ্ণকর্ত্তৃকঃ সৎকারস্তদেব ভাগ্যং ভজনীয়মমৃতং পীযুষং তস্য তরঙ্গিণী তদাধারভূতেত্যর্থঃ। মৌগ্ধ্যেন প্রগল্ভ

মালা প্রস্তুত করণে নিপুণা, যিনি বন্যকুসুম দ্বারা মাল্য ও অন্যান্য শিল্প কার্য্য করিতে সুদক্ষ ॥ ৩১ ॥

রক্ত পীতাদি গৈরিক ধতু দ্বারা চিত্র কার্য্যে যিনি বিধাতা স্বরূপ, যাঁহা হইতে নৃত্যগীতাদি কলা সমস্ত প্রথম প্রকটিত হইয়াছে, যিনি সুন্দর চাতুর্য্যাদি গুণে ভূষিত ॥ ৩২ ॥

যিনি অসাধারণ বাঞ্ছনীয় সৌভাগ্য রূপ অমৃতের তরঙ্গিণী, যাঁহাতে মুগ্ধা ও প্রগল্‌ভা এই উভয় নায়িকার গুণ থাকায় যিনি অতিশয় রমণীয়া, (যে নায়িকা বাল্য বয়স উত্তীর্ণ হইয়া প্রথম যৌবন প্রাপ্ত হইয়াছেন যাঁহার হৃদয়ে মদন বিকার জন্মিয়াছে অথচ নায়কের সহিত রতিকালে

গৌঢ্যপ্রগল্‌ভতা রম্যা ধীরাধীরাঙ্কভূষিতা ॥ ৩৩ ॥
শ্যামলপ্রচ্ছদপটী মূকনূপুরধারিণী।

তয়াচ রম্যা মধ্যেত্যর্থঃ। ধীরায়াশ্চাধিরায়াশ্চাঙ্কেন লক্ষণেন ভূষিতা ধীরাধীরেত্যর্থঃ। তথাচ নামভ্যাং ধীরাধীরমধ্যেত্যুক্তং। ৩৩ ॥

অথাভিসারিকাদ্যাদ্য বস্থাভি র্নামান্যাহ। শ্যামলা প্রচ্ছদপটী যস্যাস্ত-মিস্রায়ামভিসরন্ত্যাঃ সা। প্রচ্ছদশ্চোত্তরচ্ছদ ইতি হলায়ুধঃ। মূকে নূপুরে ধারয়ন্তীতি তথা। নিকুঞ্জধাম্নোযঃ সংস্কার স্তত্র চন্দ্রাতপাদি রচনাত্মকঃ। যচ্চ কুঞ্জান্নির্গত্য মাধবস্যান্বেক্ষণং সাচ সাচ ক্রিয়া যস্যাঃ সেতি বাসকসজ্জে-

প্রতিকূলা হন এবং যিনি সমধিক লজ্জাশীলা ও মান করিতে অপটু এই প্রকার নায়িকাকে মুগ্ধা কহে) যিনি স্মরান্ধ ও প্রগাঢ় যৌবনে ভূষিতা এবং সমস্ত রতি বিষয়ে সুপণ্ডিতা, যাঁহার বিলক্ষণ শৃঙ্গার ভাব উন্নত হইয়াছে এবং যিনি ঈষৎ লজ্জাশীলা ও যাঁহার রতিতে নায়ক আকৃষ্ট হন, ঈদৃশ নায়িকাকে প্রগল্‌ভা কহে। যিনি ধীরা ও অধীরা এই উভয় প্রকার নায়িকা গুণে লক্ষিতা ॥ ৩৩ ॥

(অন্য নায়িকা সক্ত নায়কের প্রতি কোপনা হইয়া যিনি বক্রোক্তি দ্বারা, নিজকান্তকে অনুতাপিত করেন তাঁহার নাম ধীরা। এবং কেবল পরুষ বাক্য দ্বারা যিনি নায়ককে অনুতাপিত করেন তাঁহার নাম অধীরা) যিনি অন্ধকার রাত্রে অভিসার কালে নীলবর্ণ উত্তরীয় বস্ত্রদ্বারা সর্ব্বাঙ্গ আবৃত করেন এবং চরণে নিঃশব্দ নূপুর ধারণ করেন এবং নিকুঞ্জধাম সংস্কার পূর্ব্বক বাসকসজ্জা হইয়া শ্রীকৃষ্ণের আগ-

নিকুঞ্জধাম সংস্কার মাধবাধ্বেক্ষণক্রিয়া ॥ ৩৪ ॥
প্রাতুর্ভূত ঘনোৎকণ্ঠা বিপ্রলম্ভবিষন্নধীঃ।
প্রাতরুৎপাসিতোপেন্দ্রা চন্দ্রাবলিকটাক্ষিণী ॥ ৩৫ ॥
অনাকর্ণিতকংসারি কাকুবাদা মনস্বিনী।

ত্যর্থঃ ॥ ৩৪ ॥

কৃষ্ণে সবিলম্বে সতি প্রাতুর্ভূতেতি উৎকণ্ঠিতেত্যর্থঃ কৃতসঙ্কেতে কৃষ্ণে দৈবাদপ্রাপ্তে বিপ্রলম্ভেতি বিপ্রলব্ধেত্যর্থঃ। প্রাতরাগত উৎপাসিতঃ সহাসং নির্ভৎসিত উপেন্দ্রঃ কৃষ্ণো যযা সা খণ্ডিতা ইত্যর্থঃ। চন্দ্রাবল্যা সবজ্ঞালক্ষণঃ কটাক্ষো যস্যাঃ অস্তি সা তথা যত্র ত্বং নিখাতমনাঃ সা কামিনী কিঞ্চ সৌখ্যং বেত্তীতি ত্বমপি তাদৃগেবেতি কটাক্ষ স্বরূপং ॥ ৩৫ ॥

অনাকর্ণিতঃ কর্ণপথমপি ন নীতঃ কংসারেঃ কাকুবাদো যয়া সা। স্বদেকতান মনাঃ কেনচিৎ প্রত্যূহেনাভিভূতত্বাং নাগমং স্বৎকেম্মাং ত্যজেস্তদাহং নস্তবেয়মিতি কাকুবাদ স্বরূপং। যতোমনস্বিনী প্রেম গর্ব্বাত্যুচ্চমনাঃ। এবং কৃতে কুটিলোয়মৃজুঃ স্যাৎ সুখনির্ভরমাপ্নুয়াদিতি ভাবঃ চাটুকারস্য সপ্রণামানি

মন পথের প্রতি নিরীক্ষণ করিতে থাকেন ॥ ৩৪ ॥

শ্রীকৃষ্ণের আগমনে বিলম্ব দেখিয়া যিনি উৎকণ্ঠিতা হন, এবং বিষন্ন মানসে বিপ্রলব্ধা হইয়া যিনি অবস্থিতি করেন, শ্রীকৃষ্ণ প্রাতঃকালে কুঞ্জে আগমন করিলে প্রণয় কোপ বশতঃ যিনি তাঁহাকে কত ভৎসনা করেন এবং যিনি চন্দ্রাবলীর প্রতি ঈর্ষাপ্রকাশ করেন ॥ ৩৫ ॥

ঐ সময়ে প্রেমগর্ব্ব হেতু উন্নতমনা হইয়া যিনি শ্রীকৃষ্ণের কাকু ও বিনয় বাক্যের প্রতি কর্ণপাত করেন না এবং ঐরূপ

চাটুকার হরিত্যাগ জাতানুশয়কাতরা ॥ ৩৬ ॥
ধৃতকৃষ্ণেক্ষণোৎসুক্যা ললিতাভীতিমানিনী।
বিপ্রয়োগব্যথা হারি হরিসন্দেশনন্দিতা ॥ ৩৭ ॥
মদাপ্তজল্পিতাধীন পুণ্ডরীকাক্ষমণ্ডিতা।
ভ্রূলীলা মোহিতোপেন্দ্রহস্তাগ্রহৃতবংশিকা ॥ ৩৮ ॥

প্রিয়বচনানি রচয়তোপি হরেস্ত্যাগেন জাতোনুশয়ঃ পশ্চাত্তাপস্তেন কান্ত-রেতি কলহান্তরিতেত্যর্থঃ। বিপ্রতিসারোনুশয়ঃ পশ্চাত্তাপোনুতাপঃ স্যাদিতি হলা যুধঃ ॥ ৩৬ ॥

ধৃতং কৃষ্ণেক্ষণোৎসুক্যং যয়া সা। বিনষ্টমানাপি ললিতাভীত্যা মানিনী। বিপ্রয়োগব্যথাং বিরহবেদনাং হরতি যো হরিসন্দেশ স্তেন নন্দিতা হরিণা সংযুক্তেত্যর্থঃ ॥ ৩৭ ॥

মদেন তারুণ্য মত্ততয়াপ্তমর্দ্ধনির্গতং যজ্জল্পিতং তদধীনেন তচ্ছ্রবণবশ চিত্তেন পুণ্ডরীকাক্ষেণ মণ্ডিতেতি স্বাধীনভর্তৃকেত্যর্থঃ। ভ্রূলীলয়া মোহিত স্যোপেন্দ্রস্য হরের্হস্তাগ্রতো হৃতা বংশী যয়া সা ॥ ৩৮ ॥

বিনয়াবনত শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া যিনি অনুতাপ করত কাতরা অর্থাৎ কলহান্তরিতা হন ॥ ৩৬ ॥

মান পরিত্যাগ করিয়া কৃষ্ণদর্শনের নিমিত্ত অতিশয় উৎকণ্ঠা হইলেও যিনি ললিতার ভয়ে মানিনী হন, বিরহ বেদনা নিবারিণী শ্রীকৃষ্ণের আগমন বার্ত্তা শ্রবণ করিয়া যিনি আনন্দিতা হন ॥ ৩৭ ॥

যৌবন মদ হেতু যাঁহার গদ্গদবাক্যে শ্রীকৃষ্ণ বশীভূত যাঁহার ভ্রূবিলাসে শ্রীকৃষ্ণ মোহিত হইলে তদীয় হস্ত যিনি বংশী হরণ করেন ॥ ৩৮ ॥

অতুলাচ্যুতমাধুর্য্যস্বাদনাদ্বৈতভাগ্যভূঃ।
নিযুদ্ধশ্রান্তিনিদ্রাণ হরিহারাপহারিণী ॥ ৩৯ ॥
দ্যূতনির্জ্জিত বংশার্থিকংসারি পরিহাসিনী।
নিজপ্রাণার্ব্বুদপ্রেষ্ঠকৃষ্ণপাদনখাঙ্কলা ॥ ৪০ ॥

অতুলস্যাচ্যুতমাধুর্য্যস্য স্বাদনং সম্যগনুভবনং তদ্রূপং যদদ্বৈতং নিরূপমং ভাগ্যং ভজনীয়ং বস্তু তস্য ভূরাশ্রয়ঃ। নিযুদ্ধশ্রান্ত্যা বাহু যুদ্ধশ্রমেণ নিদ্রাণস্য হরের্হারমপহৃতবতীতি তথা ॥ ৩৯ ॥

দ্যূতেন নির্জ্জিতং বংশমর্থযতে যাচতে যঃ কংসারিস্তস্য পরিহাসিনী। অদ্যাদ্য তব বংশী দুঃখদাসৌ চূর্ণয়িত্বা কালিন্দীপূরেণ সিন্ধুং লম্ভিতেতি কৃষ্ণং প্রতি কৃতপরিহাস্যেত্যর্থঃ নিজপ্রাণার্ব্বুদাদপি প্রেষ্ঠঃ কৃষ্ণপাদনখস্যাঙ্কলো যস্যাঃ সেতি রাধায়াঃ কৃষ্ণভক্তবর্য্যত্বং দর্শিতং। তেন কৃষ্ণেন রাধিকা নামস্বরূপাদিকং লীলারূপমিত্যুক্তং ॥ ৪০ ॥

শ্রীকৃষ্ণের অতুল মাধুর্য্য আস্বাদন রূপ অদ্বিতীয় ভজনীয় বস্তুর যিনি আশ্রয় শ্রীকৃষ্ণ রতিশ্রান্ত হইয়া নিদ্রিত হইলে যিনি তদীয় কণ্ঠ হইতে হার অপহরণ করেন ॥ ৩৯ ॥

বংশী পণ রাখিয়া দ্যূতক্রীড়া আরম্ভ হইলে উহাতে জয় লাভ করিয়া যিনি শ্রীকৃষ্ণের হস্ত হইতে বংশী কাড়িয়া লন তৎপরে শ্রীকৃষ্ণবংশী প্রার্থনা করিলে যিনি তাঁহার সহিত কত হাস্য পরিহাস করেন, নিজপ্রাণ অপেক্ষাও প্রিয়তম শ্রীকৃষ্ণের চরণোপান্তে যাঁহার স্নেহ বিরাজ করিতেছে ॥ ৪০ ॥

ইতি রাধা সখীবাচমাচম্য পুলকাঞ্চিতা।
ছদ্মনা পদ্মনাভস্য লতাসদ্মান্তিকং গতা॥ ৪১॥
যঃ সেবতে জনো রাধানাম্নামষ্টোত্তরং শতং।
নাম্না প্রেমসুধাসত্রং লিহ্যাৎ প্রেমসুধামসৌ॥ ৪২॥
॥ * ॥ ইতি শ্রীপ্রেমেন্দুসুধাসত্রাখ্যং শ্রীবৃন্দাবনেশ্বরী নাম্নামষ্টোত্তরশতং সমাপ্তং ॥ * ॥

কৃষ্ণকর্তৃকস্য নাম জপস্য ফলমাহ। ইতীতি। পূর্ব্বোক্ত নামগণ গ্রথিতা সখী বাচমাচম্য সাদরং শ্রুত্বা রাধা তানি নামানি জপতঃ। পদ্মনাভস্য লতাসদ্মান্তিকং ছদ্মনা পুষ্পাবচয় মিষেণ গতা তস্য বাঞ্ছিতং পূরয়াম্যসেত্যর্থঃ॥ ৪১॥

স্তোত্রপাঠফলমাহ। য ইতি যো জনঃ সেবতেঽতিপ্রীত্যা পঠতি। অসৌ প্রেমসুধাং লিহ্যাৎ অনুভব রসনায়া স্বাদয়েৎ॥ ৪২॥

॥*॥ ইতি প্রেমেন্দুসুধাসত্রাখ্যং শ্রীরাধাষ্টোত্তরশতনাম স্তোত্রং ব্যাখ্যাতং ॥*॥

শ্রীরাধিকা সখীমুখে শ্রীকৃষ্ণের এইরূপ অবস্থা অর্থাৎ তোমার বিরহে কাতর হইয়া শ্রীকৃষ্ণ তোমার শতনাম পাঠ করিতেছেন তৎ শ্রবণে পুলকিত তনু হইয়া পুষ্প চয়ন চ্ছলে শ্রীকৃষ্ণের কুঞ্জবনের নিকট গমন করিলেন॥ ৪১॥

যে মহাত্মা প্রীতি পূর্ব্বক প্রেমসুধাসত্র নামক শ্রীরাধিকার অষ্টোত্তর শতনাম পাঠ করেন তিনি শ্রীরাধাকৃষ্ণের প্রেমরস আস্বাদন করিতে সমর্থ হন॥

॥ * ॥ ইতি প্রেমেন্দুসুধাসত্র নামক শ্রীরাধিকার অষ্টো-শতনাম সমাপ্ত॥ * ॥

শ্রীবৃন্দাবনেশ্বর্য্যৈ নমঃ ॥
দিশি দিশি রচয়ন্তীং সঞ্চরন্নেত্রলক্ষ্মী
বিলসিত খুরলীভিঃ খঞ্জরীটস্য খেলাং।
হৃদয়মধুপমল্লীং বল্লবাধীশসূনো

অথাষ্টকেন শ্রীরাধাং স্তবীতি ॥

দিশি দিশি ইত্যাদিনা রাধিকামহমর্চ্চয়ামীত্যন্বয়ঃ। কীদৃশীমিত্যাহ সঞ্চরন্তী প্রসরন্তী যা নেত্রয়োর্লক্ষ্মীঃ শোভা সম্পৎ তস্যাং বিলসিতায়াঃ খুরল্যো বিলোকন পটুতা লক্ষণা অভ্যাসাঃ তাভিঃ খঞ্জরীটস্য খঞ্জনস্য খেলাং দিশি দিশি রচয়ন্তীং। খঞ্জরীটস্তু খঞ্জন ইত্যমরঃ। যস্যাং দিশি নেত্রে নিক্ষিপতি সা দিক্ খঞ্জনমালয়েব নিচিতা ভবতীত্যর্থঃ হৃদয়েতি। মধুপস্য মল্লীমিব হরিহৃদয়স্যানন্দিনীমিত্যর্থঃ। অত্রান্যঃ প্রতিপরামর্ষঃ। নমু কৃষ্ণযুবত্যাঃ শ্রীরাধায়াঃ পূজা কথং পুংসা সংপাদ্যেতি চেৎ। স্ত্রীরূপেণেতি গৃহাণ। নমু পুংসঃ স্ত্রীরূপং কথমিতি চেত্তাবনয়েতি প্রতীহি। নহি বিরুদ্ধমিদং ভাবনং। অমু চৈতন্যং খলু জীবাত্মনঃ স্বরূপং ন তস্য পুরুষাদ্যাকারকত্বং কিন্তু তদ্দেহস্যৈব প্রাকৃতস্য। নৈব স্ত্রী ন পুমানেষ নচৈবায়ং নপুংসকঃ। যদ্যচ্ছরীরমাদত্তে তেন তেন স যুজ্যতে ইতি শ্বেতাশ্বতরশ্রুতেঃ। দেহবিগমেতু ভাবনানুসারিণা হরিসঙ্কল্পেন বিজ্ঞানানন্দাত্মক স্ত্রীবিগ্রহলাভেন কিঞ্চিদনুপপন্নং। যথা ক্রতুরস্মিল্লোঁকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভব-

---

যাঁহার কোন দিকে দৃষ্টিপাত হইলে বোধ হয় যেন সেই দিকে খঞ্জনমালা খেলা করিতেছে, অর্থাৎ খঞ্জনের ন্যায় যাঁহার নয়ন যুগল, যিনি শ্রীকৃষ্ণের চিত্তরূপ ভ্রমরের মল্লিকা কুসুম স্বরূপ এবং অশেষ গুণের আশ্রয় হেতু যিনি গম্ভীর

রখিলগুণগভীরাং রাধিকামর্চ্চয়ামি ॥ ১ ॥
পিতুরিহ বৃষভানোরন্ববায়প্রশস্তিং
জগতি কিল সমস্তে সুষ্ঠু বিস্তারয়ন্তীং।
ব্রজনৃপতিকুমারং খেলয়ন্তীং সখীভিঃ
সুরভিনি নিজকুণ্ডে রাধিকামর্চ্চয়ামি ॥ ২ ॥
শরদুপচিতরাকা কৌমুদীনাথকীর্ত্তি

ভীতি ছান্দোপবাক্যাৎ। যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশীতি স্মৃতেশ্চেতি। অতএব মুক্তং বৃহদ্বামনপুরাণে। স্ত্রিয়ো বা পুরুষো বাপি ভর্তৃভাবেন কেশবং। হৃদি কৃত্বা গতিং যান্তি শ্রুতীনাং নাত্র সংশয় ইতি ॥ ১ ॥

পিতৃকুলোৎকীর্ত্তিকারিতাং বর্ণয়ন্ শ্রীরাধাং বিশিনষ্টি। পিতুরিতি। ইহ সমস্তে জগতি বৃষভানোঃ পিতুরন্বয়ায় প্রশস্তিং বংশশ্লাঘাং বিস্তারয়ন্তীং স্বজন্মনা প্রখ্যাপয়ন্তীমিত্যর্থঃ। বংশোহন্ববায়ঃ সন্তান ইত্যমরঃ ব্রজনৃপতের্নন্দস্য কুমারং শ্রীকৃষ্ণং স্বকান্তং সখীভির্ললিতাদিভিঃ সার্দ্ধং সুরভিণি কুসুমপরাগৈঃ সুগন্ধিতে নিজকুণ্ডে খেলয়ন্তীং জলৈরভিষিঞ্চন্তীমিত্যর্থঃ ॥ ২ ॥

অনুপম মুখমণ্ডলাত্মমতিমাধুর্য্যাধারতাং চ বর্ণয়ন্ বিশিনষ্টি শরদিতি।

প্রকৃতি, সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ১ ॥

যিনি এই নিখিল জগতে স্বীয় পিতা বৃষভানুর বংশ শ্লাঘা বিস্তার করিতেছেন এবং যিনি নানা বিধ জলজপুষ্পে সুগন্ধিত নিজ বিলাসস্থান শ্রীরাধাকুণ্ডে সখীগণে মিলিত হইয়া শ্রীকৃষ্ণের সহিত জলক্রীড়া করিতেছেন, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ২ ॥

যিনি মন্দ মন্দ হাস্য যুক্ত বদন মণ্ডল দ্বারা শরৎ কালীন

প্রকর দমন দীক্ষা দক্ষিণস্মেরবক্ত্রাং।
নটদঘভিদপাঙ্গোত্তুঙ্গিতা নঙ্গরঙ্গাং
কলিতরুচিতরঙ্গাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৩ ॥
বিবিধকুসুমবৃন্দোৎফুল্লধম্মিল্লধাটী
বিঘটিত মদঘূর্ণৎ কেকিপিঞ্ছপ্রশস্তিং।

শরদ্যুপচিতো বৃদ্ধিমান্ যো রাকাকৌমুদীনাথস্য পূর্ণচন্দ্রস্য নিখিলতমো নির্ম্মলতা লক্ষণঃ কীর্ত্তিপ্রকরস্তস্য দমনদীক্ষায়াং দক্ষিণং নিপুণং স্মেরবক্ত্রং সস্মিতমুখং যস্যাস্তাং। দক্ষিণস্তু পরচ্ছন্দানুবর্ত্তিনি দক্ষেঽপসব্যে, সরলে ইতি হৈমঃ। নটতোঽঘভিদোহরেরপাঙ্গেনোত্তুঙ্গিতোঽনঙ্গরঙ্গোযস্যাস্তাং। কলিতো রুচীনাং কান্তীনাং তরঙ্গো যয়া তাং ॥ ৩ ॥

অথ সম্ভোগান্তজাং শোভাং বর্ণয়ন্ বিশিনষ্টি বিবিধেতি। বিবিধৈঃ কুসুম বৃন্দৈরুৎফুল্লো যোধম্মিল্ল স্তেন যা ধাটী বলাদাক্রান্তি স্তয়া বিঘটিতা তুচ্ছীকৃতা মদেন ঘূর্ণতঃ কেকিনঃ পিঞ্ছপ্রশস্তির্যয়া তাং। কুসুমিতেন সম্ভোগ শস্তেন কেশ পাশেন ময়ূরপিঞ্ছ ততিমপকর্ষন্তীমিত্যর্থঃ। বলাদাক্রমণং ধাটীত্যমরঃ। মধুরিপোর্মুখবিম্বাদুদ্গীর্ণো যস্তাম্বূলরাগ স্তেন স্ফুরন্ন-

---

নির্ম্মল চন্দ্রের শোভাও তিরস্কার করিয়াছেন, শ্রীকৃষ্ণের চঞ্চল অপাঙ্গ দ্বারা যাঁহার অনঙ্গ রঙ্গ পরিবর্দ্ধিত হয় এবং যিনি শ্রীঅঙ্গে লাবণ্যের তরঙ্গ ধারণ করিতেছেন সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৩ ॥

নানাবিধ কুসুম শোভিত কেশপাশ দ্বারা যিনি শিখণ্ড গর্ব্বে গর্ব্বিত শিখণ্ডিগণের গর্ব্ব খর্ব্ব করিতেছেন, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক মুখচুম্বন হেতু যাঁহার সুন্দর গণ্ডদেশ তাম্বূলরাগে ঈষৎ

মধুরিপু মুখবিম্বোৎগীর্ণতাম্বূলরাগ
স্ফুরদমল কপোলাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৪ ॥
অমলিন ললিতান্তঃ স্নেহসিক্তান্তরঙ্গা
মখিলবিধবিশাখা সখ্যবিখ্যাতশীলাং।
স্ফুরদঘভিদনর্ঘ প্রেমমাণিক্যপেটীং
ধৃতমধুরবিনোদাং রাধিকামর্চ্চয়ামি ॥ ৫ ॥
অতুলমহসি বৃন্দারণ্যরাজ্যেভিষিক্তাং

মলঃ কপোলো যস্যা স্তাং। তচ্চুম্বন লগ্ন তদ্রাগ বিদ্যোতমান গণ্ডা মিত্যর্থ ॥ ৪ ॥

স্বসখী স্বনায়ক প্রেমৈক পাত্রতাং বর্ণয়ন্ বিশিনষ্টি। অমলিনেতি। অমলিন স্তদেক সৌখ্য পর্য্যবসানকত্বেনাত্যুজ্জলো যো ললিতান্তঃ স্নেহ স্তেন সিক্তমন্তরঙ্গং চিত্তং যস্যাস্তাং। অখিল বিধেন বিশাখায়াঃ সখ্যেন বিখ্যাতং শীলং সদ্বৃত্তং যস্যাস্তাং। স্ফুরন্তি যান্যঘভিদঃ অনর্ঘ প্রেমমাণিক্যানি তেষাং পেটীং সম্পুটিকাং। সমুদ্গঃ সম্পুটঃ পেটীতি হৈমঃ ॥ ৫ ॥

অথ বৃন্দাবনাধিপাত্বং বর্ণয়ন্ শ্রীরাধাং বিশিনষ্টি অতুলেতি। আকাশ

রঞ্জিত, সেই শ্রীমতী রাধিকাকে আমি অর্চ্চনা করি ॥ ৪ ॥

যাঁহার অন্তঃকরণ ললিতার নির্ম্মল আন্তরিক স্নেহে অভিষিক্ত, বিশাখার সহিত অশেষবিধ সখ্যভাব থাকায় যাঁহার সুস্বভাব জগদ্বিখ্যাত, যিনি শ্রীকৃষ্ণের অমূল্য প্রেমরূপ মাণিক্যের পেটিকা, (পেটরা) মাধুর্য্য বিনোদিনী সেই শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৫ ॥

যিনি অতুল প্রভাব বৃন্দাবন রাজ্যের অধীশ্বরী নিখিল

লিখিল সময় ভর্ত্তুঃ কার্ত্তিকস্যাধিদেবীং।
অপরিমিত মুকুন্দপ্রেয়সীবর্গমুখ্যাং

বাক্ প্রবৃত্তায়া মহাযোগেশ্বর্য্যাঃ পৌর্ণমাস্যা নিদেশাদাগতাভিরেকানংশা সংজ্ঞা ছায়া সৌরী গঙ্গাভিঃ পঞ্চভির্দেবীভির্ব্রহ্মাণীন্দ্রাণী প্রভৃতিভ্যঃ পদ্ম স্রক্ সুবর্ণ সিংহাসন রত্নালঙ্কারচ্ছত্র চামর দুকূলেষু গীর্দেব্যা সমানীতেষু নভসি দেবদুন্দুভিনাদতুম্বুরাদি গন্ধর্ব্ব গানোর্ব্বশ্যাদ্যপ্সরো নৃত্যেষুচ প্রবৃত্তেষু সৎসু শুভ মুহূর্ত্তে মহতি সমাজে সর্ব্বেশ্বরস্য কৃষ্ণস্য সাক্ষাদেব বৃন্দাবনরূপে রাজ্যেঽভিষিক্তাং। তাভিঃ পঞ্চভিঃ সুবর্ণপট্টমারোপ্য মণিকুম্ভ নিভৃতৈর্দিব্যৌষধিরসৈ রভিষিচ্য তদ্রাজ্যাধিকারায় দত্ততিলকাং গীর্দেবীনিবেদিত ব্রহ্মণ্যাদি প্রেষিতোপহারাং বৃন্দার্পিত রাজ্যভারাং মাধবমিত্রসহায়াং বৃন্দাবনরাজ্যাধীশ্বরীমিত্যর্থঃ। আকাশবাগিয়ং বৈধসী কৃষ্ণহেতুকা বোধ্যা। অথ পঞ্চযোজন মাত্রেণ বৃন্দাবনরাজ্যেন ভগবৎপ্রেয়সীবর্গ বরিষ্ঠায়াঃ শ্রীরাধাদেব্যাঃ কোয়মুৎকর্ষ ইতি শঙ্কামুৎসাদয়িতুং বৃন্দাবন রাজ্যং বিশিনষ্টি। অতুলেতি। কোনৈক দৃষ্ট ব্রহ্মাণ্ড কোটিকত্বাদ্বৈকুণ্ঠগরিষ্ঠ মাথুরোত্তমত্বাচ্চাতুলং নিরুপমং মহঃ প্রভাবঃ সর্ব্বদা বসন্ত সেবিতত্বাদানন্দ ময় সকান্ত সৈশ্বর্য্যাধিষ্ঠিতত্বাচ্চোৎসবশ্চ যস্য তস্মিন্। মহশ্চোৎসব তেজসোরিতি নানার্থবর্গঃ। তথাচেদৃগ্রাজ্যাধিপত্যাৎ পরাকাষ্ঠাপর উদুৎকর্ষ ইতি ভাবঃ। কথাচেয়মার্ষী দানকেলিকৌমুদ্যাং নিবদ্ধা দ্রষ্টব্যা। অতো ভগবৎ পট্টমহিষীত্বং ব্যঞ্জয়ন্ বিশিনষ্টিনিখিলেতি। যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ। তস্যায়ং তাদৃশোমাসঃ স্বল্পমপ্যুপকারক ইতি পাদ্মবাক্যাৎ কার্ত্তিকস্য তাদৃশত্বং। তস্যাধিদেবীমূর্জেশ্বরীমিত্যর্থঃ

সময়ের অধিপতি কর্ত্তিক মাসের যিনি অধিষ্ঠাত্রী দেবতা স্বরূপ, শ্রীকৃষ্ণের অসংখ্য প্রেয়সীগণের মধ্যে যিনি শ্রেষ্ঠা,

জগদঘহরকীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৬ ॥
হরিপদ নখকোটী পৃষ্ঠপর্য্যন্তসীমা
তটমপি কলয়ন্তীং প্রাণকোটেরভীষ্টং।
প্রমুদিত মদিরাক্ষী বৃন্দবৈদগ্ধিদীক্ষা
গুরুমতি গুরুকীর্ত্তিং রাধিকামর্চ্চয়ামি ॥ ৭ ॥

অতঃ কার্ত্তিকে দামোদর পূজায়াং সৈবতৎ সহভাবেন পূজ্যাভিহিতা। অতোহ পরিগিতেতি। যথা রাধাপ্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা। সর্ব্ব গোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ইতি পাদ্মবাক্যাৎ। যস্যা অংশে লক্ষ্মী দুর্গাদিকা শক্তিরিতি মহালক্ষ্মীত্বব্যাহারিণী শ্রুতিস্তু তত্তৎ সর্ব্বাংশেষূদাহৃতি রবগন্তব্যা ॥ ৬ ॥

পাতিব্রত্যং দর্শয়ন্ বিশিনষ্টি হরীতি। হরিপদনখানাং যাঃ কোট্যো গ্রাণি যানিচ তেষাং পৃষ্ঠানি তৎপর্য্যন্তায়াঃ সীমায়াস্তটমেকদেশমপি নখকোট্যন্তং নখ পৃষ্টান্তং বেত্যর্থঃ। প্রাণকোটেরপি সকাশাদভীষ্টং শ্রেষ্ঠং কলয়ন্তীং জানন্তীং প্রমুদিতানাং মদিরাক্ষীবৃন্দানাং গোপসুভ্রূনিকরাণাং বৈদগ্ধ্য দীক্ষা বাক্ কলাভ্যাসোপদেশে গুরুমাচার্য্যামিত্যর্থঃ ॥ ৭ ॥

এবং যাঁহার লীলা নিখিল পাপহারিণী, সেই মাধুর্য্য বিনোদিনী শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৬ ॥

যিনি শ্রীকৃষ্ণের পাদপদ্মস্থ নখপ্রান্তকে প্রাণের অভীষ্ট বলিয়া বোধ করেন অর্থাৎ কৃষ্ণগত প্রাণ কৃষ্ণ বৈ আর কিছু যিনি জানেন না, যিনি নিখিল ব্রজরমণীগণের বাক্যচাতুর্য্য শিক্ষার গুরু, সেই বিপুল কীর্ত্তি শ্রীমতী রাধিকাকে আমি পূজা করি ॥ ৭ ॥

অমলকনক পট্টোদ্ঘৃষ্ট কাশ্মীরগৌরীং
মধুরিমলহরীভিঃ সংপরীতাং কিশোরীং।
হরিভুজপরিরব্ধাং লব্ধরোমাঞ্চপালিং
স্ফুরদরুণদুকূলাং রাধিকামর্চ্চয়ামি। ॥ ৮ ॥
তদমল মধুরিম্নাং কামমাধাররূপং
পরিপঠতি বরিষ্ঠং সুষ্ঠু রাধাষ্টকং যঃ।
অহিমকিরণপুত্রীকূলকল্যাণচন্দ্রঃ

মাধুর্য্যং বর্ণয়ন্ বিশিনষ্টি অমলেতি। অমলে কনকপট্টে সৌবর্ণ পেষণ পাষাণে উদ্ঘৃষ্টং পিষ্টং যৎ কাশ্মীরং কুঙ্কুমং তদিব গৌরীং। পট্টঃ পেষণ-পাষাণে ইতি বিশ্বলোচনকারঃ। মধুরিমেতি। বিদ্যুন্মালামিবোচ্ছলিত রূপা মিত্যর্থঃ। কিশোরীং নিত্যকৈশোরাং। স্ফুটার্থমন্যৎ ॥ ৮ ॥

অষ্টক পাঠফলমাহ তদিতি। যোজনো রাধাষ্টকং নিত্যং পঠতি। সুষ্ঠু সৌস্বর্য্যেণ। তস্যাভীষ্টং বাঞ্ছিতং তস্যাঃ প্রেয়ান্ কৃষ্ণ তুষ্টঃ সন্ তনোতি প্রযচ্ছতী ত্যন্বয়ঃ। অষ্টকং বিশিনষ্টি। তস্যা রাধায়া যেহমলা বিশুদ্ধা মধুরিমাণঃ স্বরূপগুণ বিভূতি গতা মনোজ্ঞতা তেষা মাধার রূপমাশ্রয়ং প্রকাশক মিত্যর্থঃ। উহ্যং কৃষ্ণং তদসাধারণেন বিশেষণেন প্রকাশয়ত্যহিমেতি। অহিম

কনক কষপাষাণে [কষ্টিপাথর] ঘৃষ্ট কুঙ্কুমের ন্যায় যিনি গৌরাঙ্গী, যাঁহার শ্রীঅঙ্গ মাধুর্য্যতরঙ্গে পরিব্যাপ্ত, যিনি শ্রীকৃষ্ণের ভুজদ্বারা আলিঙ্গিত হইলে তৎক্ষণাৎ পুলকিত তনু হন, সুন্দর অরুণ বর্ণ যাঁহার বসন সেই কিশোরী শ্রীরাধিকাকে আমি পূজা করি ॥ ৮ ॥

শ্রীরাধিকার স্বরূপ গুণ বিভূতি পূর্ণ এই উৎকৃষ্ট অষ্টক,

স্ফুটমখিলমভীষ্টং তস্য তুষ্টস্তনোতি ॥ ৯ ॥

॥ * ॥ ইতি শ্রীরাধাষ্টকং ॥ * ॥

শ্রীরাধিকায়ৈ নমঃ ॥

শুদ্ধগাঙ্গেয়গৌরাঙ্গীং কুরঙ্গীলঙ্গিমেক্ষণাং।
জিতকোটীন্দুবিম্বাস্যামম্বুদাম্বরসংবৃতাং ॥ ১ ॥

কিরণস্থ রবেঃ পুত্র্যাঃ শ্রীযমুনায়াঃ কূলে তত্তট বর্ত্তিনি বৃন্দাবনে কল্যাণচন্দ্রঃ সর্ব্বদা পূর্ণ বিধুরিত্যর্থঃ। অষ্টকস্য মালিনীচ্ছন্দঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীরাধাষ্টকং ব্যাখ্যাতং ॥ * ॥

অথ প্রার্থনয়া রাধাং প্রসাদয়তি শুদ্ধেত্যাদিকয়া। হে বৃন্দাবনেশ্বরি অসৌ জনস্ত্বাং যাচত ইতি পঞ্চম শ্লোকেনান্বয়ঃ। ত্বাং কীদৃশীমিত্যাহ। শুদ্ধানি যানি গাঙ্গেয়ানি স্বুবর্ণানি তেভ্যোপি গৌরাণ্যঙ্গানি যস্যাস্তামিত্যধিক পদতা নিরস্তা। কুরঙ্গ্যা হরিণ্যা ইব লঙ্গিমে মনোজ্ঞে ঈক্ষণে নেত্রে যস্যা স্তাং। জিতাঃ কোটয়ঃ ইন্দুবিম্বা যেন তাদৃশমাস্যং যস্যাস্তাং। অম্বুদ তুল্যে-নাম্বরেণ বাসসা সং বৃতাং ॥ ১ ॥

যিনি নিয়ত পাঠ করেন, বৃন্দাবনচন্দ্র শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইয়া তাঁহার সর্ব্বাভীষ্ট পরিপূর্ণ করেন ॥ * ॥ ৯ ॥ * ॥

অথ প্রার্থনাপদ্ধতি।

হে বৃন্দাবনেশ্বরি! তুমি তপ্ত কাঞ্চনের ন্যায় গৌরাঙ্গী, কুরঙ্গীর ন্যায় মনোহর তোমার নয়ন, ত্বদীয় মুখমণ্ডল কোটি পরিমিত চন্দ্রকেও পরাভূত করিয়াছে, নবনীরদের ন্যায় নীলাম্বরে তুমি সুশোভিত ॥ ১ ॥

নবীনবল্লবীবৃন্দ ধম্মিল্লোৎফুল্লমল্লিকাং।
দিব্যরত্নাদ্যলঙ্কারসেব্যমানতনুশ্রিয়ং ॥ ২ ॥
বিদগ্ধাগণ্ডলগুরুং গুণগৌরবমণ্ডিতাং।
অতিপ্রেষ্ঠবয়স্যাভিরষ্টাভিরভিবেষ্টিতাং ॥ ৩ ॥
চঞ্চলাপাঙ্গভঙ্গেন ব্যাকুলীকৃতকেশবাং।
গোষ্ঠেন্দ্রসুতজীবাতুরম্যবিম্বাধরামৃতাং ॥ ৪ ॥
ত্বামসৌ যাচতে নত্বা বিলুঠন্ যমুনাতটে।

নবীনেতি স্ফুটার্থং ॥ ২ ॥
বিদগ্ধেতি। গুণাঃ সৌহার্দ্দমার্দ্দবাদয়ঃ ॥ ৩ ॥
চঞ্চলাপাঙ্গভঙ্গেন চপলকটাক্ষতরঙ্গেণ ॥ ৪ ॥
ত্বামিতি। অসৌ মল্লক্ষণো জনস্ত্বাং কাকুভির্গদ্গদবাগ্‌ভির্যাচতে ॥ ৫ ॥

তুমি যাবতীয় গোপিকাগণের শিরোভূষণ মল্লিকাকুসুম স্বরূপ, সুদিব্য রত্নাদি অলঙ্কারে তোমার শ্রীঅঙ্গ সুশোভিত ॥ ২ ॥

বিদগ্ধা অর্থাৎ যাবতীয় সুচতুরা গোপীগণের মধ্যে তুমি শ্রেষ্ঠা এবং অশেষ গুণগৌরবে সুশোভিত, তুমি অতিপ্রিয়তম অষ্ট সখীতে পরিবেষ্টিত ॥ ৩ ॥

তুমি অপাঙ্গ ভঙ্গী দ্বারা শ্রীকৃষ্ণকে ব্যাকুলিত কর, ত্বদীয় অতি সুন্দর অধর বিম্বামৃত ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণের জীবনৌষধ স্বরূপ ॥ ৪ ॥

হে শ্রীমতি! আমি ব্যাকুলহৃদয়ে যমুনাকূলে লুণ্ঠিত কলেবর হইয়া তোমাকে প্রণাম পূর্ব্বক কাকু বাক্যে এই প্রার্থনা করিতেছি যে, আমি অপরাধী, দুষ্টমতি ও অযোগ্য

কাকুভির্ব্যাকুলস্বান্তোজনোবৃন্দাবনেশ্বরি ॥ ৫ ॥
কৃতাগস্কেঽপ্যযোগ্যেপি জনেঽস্মিন্ কুমতাবপি।
দাস্যদানপ্রদানস্য লবমপ্যুপপাদয় ॥ ৬ ॥
যুক্তস্ত্বয়া জনো নৈব দুঃখিতোয়মুপেক্ষিতুং।
কৃপাদ্যোত দ্রবচ্চিত্ত নবনীতাসি যৎ সদা ॥ ৭ ॥

॥ * ॥ ইতি প্রার্থনাপদ্ধতিঃ ॥ * ॥

কিং যাচতে তত্রাহ। কৃতাগস্কে সাপরাধেপি ময়ি অযোগ্যে নির্গুণেপি কুমতৌ কুটিল বুদ্ধাবপি অস্মিন্ মল্লক্ষণে জনে। দাস্য লক্ষণস্য দানস্য দেয়স্য যৎ প্রদানং তস্য লবমপ্যুপপাদয়ার্পয়। বিশেষোক্তিরত্রালঙ্কারঃ। দানপাত্র-স্বীভাবে সমগ্রেপি হেতৌ সতি তদপ্রার্থনস্য তৎকার্য্যস্যাভাবাৎ। যদুক্তং বিশেষোক্তিরখণ্ডেষু কারণেষু ফলাবচ ইতি ॥ ৬ ॥

নম্বযোগ্যে তদ্দানং কথং তত্রাহ। অয়ং দুঃখিতো জনস্ত্বয়োপেক্ষিতুং ন যুক্তঃ। যত্ত্বং কৃপাদ্যোতেত্যাদিলক্ষণাসি। পরদুঃখপ্রহরণেচ্ছাহি কৃপা। দুঃখিতশ্চাহং। ততস্ত্যক্তুং ন যুক্তঃ। পদগতকাব্যলিঙ্গং ॥ ৭ ॥

॥ * ॥ ইতি প্রার্থনা পদ্ধতি র্ব্যাখ্যাতা ॥ * ॥

হইলেও আমাকে তোমার দাসত্ব কিঞ্চিৎ প্রদান করিয়া কৃতার্থ কর ॥ ৫। ৬ ॥

হে কৃপাময়ি! এই দুঃখিত জনকে উপেক্ষাকরা তোমার কখনই উচিত হয়না, যে হেতু কৃপার প্রভাবে তোমার নব-নীত হৃদয় সর্ব্বদা দ্রবীভূত (এই শ্লোকে কাব্যলিঙ্গ অলঙ্কার সন্নিবেশিত হইয়াছে) ॥ ৭ ॥

॥ * ॥ ইতি প্রার্থনাপদ্ধতি ॥ * ॥

অথ চাটুপুষ্পাঞ্জলিঃ।

শ্রীরাধিকায়ৈ নমঃ॥

নবগোরোচনাগৌরীং প্রবরেন্দীবরাম্বরাং।
মণিস্তবকবিদ্যোতিবেণীব্যালাঙ্গনাফণাং॥ ১॥
উপমানঘটামানপ্রহারিমুখমণ্ডলাং।

চাটুমাত্রেণ যা মঙ্ক্ষু স্বামিনী নিজ সম্মুখে। প্রসীদতি জনে স্তৌমি তামহং রাধিকাং পরাং। অথ শ্রীরূপঃ শ্রীরাধাং চাটু বচনৈঃ প্রসাদয়তি। নবেত্যাদিভিঃ। হে বৃন্দাবনেশ্বরি ত্বামহং বন্দে ইতি দ্বাদশ শ্লোকগতেনান্বয়ঃ। ত্বাং কথম্ভূতামিত্যপেক্ষ্যাহ। নবগোরোচনাতোপি গৌরীং পীতাঙ্গীং। প্রবরং সদ্যোবিকসিতত্বেনাতিরম্যং যদিন্দীবরং নীলাম্বুজং তদিবাম্বরং শাটী যস্যাস্তাং। মণিস্তবকেন বিদ্যোতি বেণী ব্যালাঙ্গনায়াঃ কবরী ভুজঙ্গ্যাঃ ফ[illegible] তাং। অত্র বেণী ভুজঙ্গীত্বেনোৎপ্রেক্ষ্যতে সীমন্তস্তৎ ফণত্বেন রত্ন[illegible]ফণমণিত্বেনেতি রূপকেণোৎপ্রেক্ষা॥ ১॥

[illegible]ঘটা[illegible]শ্চন্দ্রারবিন্দাদি সংহতে র্মানং গর্ব্বং প্রহরতি তাদৃশং মুখ

হে বৃন্দাবনেশ্বরি! আমি তোমাকে বন্দনা করি, তুমি অভিনব গোরোচনার ন্যায় গৌরাঙ্গী, সুন্দর নীলপদ্মের ন্যায় তোমার বসন, তোমার লম্বিত বেণীর উপরিস্থ মণিরত্ন খচিত কবরীবন্ধ যেন ফণাযুক্ত ভুজঙ্গিনী বলিয়া বোধ হইতেছে॥ ১॥

তোমার মুখ মণ্ডল চন্দ্র পদ্ম প্রভৃতি যাবতীয় উপমান

নবেন্দুনিন্দিভালোদ্যৎকস্তূরীতিলকশ্রিয়ং ॥ ২ ॥
ভ্রূজিতানঙ্গকোদণ্ডাং লোলনীলালকাবলিং।
কজ্জলোজ্জ্বলতা রাজচ্চকোরীচারুলোচনাং ॥ ৩ ॥
তিলপুষ্পাভনাসাগ্রবিরাজদ্বরমৌক্তিকাং।
অধরোদ্ধূতবন্ধূকাং কুন্দালীবন্ধুরদ্বিজাং ॥ ৪ ॥

মণ্ডলং যস্যাস্তাং নিরূপমাস্যামিত্যর্থঃ। নবেন্দুনিন্দিনি ভালে উদ্যতা হরিপাদাকৃতিনা কস্তূরীতিলকেন শ্রীর্যস্যাস্তাং ॥ ২ ॥

ভ্রূভ্যাং জিতমনঙ্গকোদণ্ডং স্মরধনু র্যয়া তাং। লোলা চপলা নীলা শ্যামা চালকাবলি র্যস্যা স্তাং। কজ্জলেনোজ্জ্বল তয়াচ রাজতী ভ্রাজমানে প্রিয়সতৃষ্ণতয়া চকোরীভ্যোপি চারুণী লোচনে যস্যা স্তাং ॥ ৩ ॥

তিলপুষ্পাভায়া নাসায়া অগ্রে বিরাজতী বর্ত্তুলোজ্জ্বলতয়া বরে লঘুগাণিক্যমধ্যে মৌক্তিকে যস্যাস্তাং। স্থূলমৌক্তিকয়োস্তাদৃশয়ো রধস্তাল্লঘু মৌক্তিকযোগান্মৌক্তিকানি বিরাজন্তি যস্যাস্তামিত্যপরে। অধরেত্যর্দ্ধকং স্ফুটার্থং ॥ ৪ ॥

পদার্থের গর্ব্ব খর্ব্ব করে, তোমার নবোদিত ইন্দুকলাবৎ বক্র ন্যায় লালট কস্তূরী তিলকে সুশোভিত ॥ ২ ॥

তোমার ভ্রূযুগল দ্বারা অনঙ্গের শরাসন তিরস্কৃত হইয়াছে, তুমি চঞ্চল নীলবর্ণ কুটিল কুণ্ডলে সুশোভিত, কজ্জলে সুশোভিত ত্বদীয় নয়ন যুগল চকোরীমিথুন বলিয়া বোধ হইতেছে ॥ ৩ ॥

তিল কুসুমের নাসাগ্রে উৎকৃষ্ট মুক্তা সুশোভিত, বন্ধূক পুষ্পের ন্যায় তোমার অধর ও কুন্দাবলীর ন্যায় দন্তরাজী সুশোভিত ॥ ৪ ॥

সরত্নস্বর্ণরাজীব কর্ণিকাকৃতকর্ণিকাং ।
কস্তূরীবিন্দুচিবুকাং রত্নগ্রৈবেয়কোজ্জ্বলাং ॥ ৫ ॥
দিব্যাঙ্গদপরিষ্বঙ্গ লসদ্ভুজমৃণালিকাং
বলারিরত্নবলয়কলালম্বিকলাবিকাং ॥ ৬ ॥
রত্নাঙ্গুরীয়কোল্লাসি বরাঙ্গুলিকরাম্বুজাং ।

সরত্নস্বর্ণাত্মকে যে রাজীবকর্ণিকে তাভ্যাং কৃতে কর্ণিকে কর্ণভূষণে যয়া তাং । কর্ণিকা বীজকোষঃ স্যাদিতি হলায়ুধঃ । কস্তূরীতি স্ফুটার্থং । ওষ্ঠস্যাধঃ চিবুকমিতি হলায়ুধঃ । গ্রৈবেয়কং কণ্ঠভূষণং । গ্রৈবেয়কং কণ্ঠ-ভূষেত্যমরঃ ॥ ৫ ॥

দিব্যয়োরঙ্গদয়োঃ পরিষ্বঙ্গেন লসন্তৌ ভুজমৃণালৌ যস্যা স্তাং । বলারি রত্নানীন্দ্রনীলমণয় স্তন্নির্ম্মিতানাং বলয়ানাং কলং ঝণৎকারলক্ষণং মধুরধ্বনি মালম্বেতে তথাভূতে কলাবিকে যস্যাস্তাং । অধস্তস্যা মণিবন্ধাৎ প্রকোষ্ঠঃ স্যাৎ কলাবিকেতি হৈমঃ । তস্যেতি কফোণেঃ মণিবন্ধঃ পাণিমূলমিতি হলা-য়ুধঃ ॥ ৬ ॥

রত্নখচিতৈ রঙ্গুরীয়কৈ রঙ্গুল্যাভরণৈরুল্লাসিন্যোবরাঙ্গুলয়ো যয়োস্তথা ভূতে করাম্বুজে যস্যা স্তাং । অঙ্গুল্যাভরণং প্রোক্তমঙ্গুলীয়কমূর্ম্মিকেতি

রত্নজড়িত স্বর্ণপদ্মের কর্ণিকার তোমার কর্ণ ভূষণ, তোমার চিবুকে অর্থাৎ অধরের নিম্ন স্থান কস্তূরীবিন্দুতে সুশোভিত এবং তুমি রত্নময় কণ্ঠহারে অলঙ্কৃত ॥ ৫ ॥

তোমার মৃণাল স্বরূপ ভুজদ্বয় সুন্দর অঙ্গদ ভূষণে ভূষিত, এবং ত্বদীয় মণিবন্ধ সুমধুর ধ্বনি বিশিষ্ট ইন্দ্রনীলমণিময় বলয় দ্বারা সুশোভিত ॥ ৬ ॥

তোমার কর পদ্মস্থ অঙ্গুলি সকল রত্নময় অঙ্গুরীয় দ্বারা

মনোহর মহাহার বিহারিকুচকুট্মলাং ॥ ৭ ॥
রোমালিভুজগীমূর্দ্ধ রত্নাভতরলাঙ্কিতাং।
বলিত্রয়ীলতাবদ্ধক্ষীণভঙ্গুরমধ্যমাং ॥ ৮ ॥
মণিসারসনাধার বিস্ফারশ্রোণিরোধসং।

হলায়ুধঃ। পরিণামোহত্রালঙ্কারঃ। পরিণামঃ ক্রিয়ার্থশ্চেদারোপ্যো বিষয়াত্মনেতি তল্লক্ষণাৎ। অত্রারোপ্যোহম্বুজে বিষয়াত্মনাকররূপেণ পরিণতে-সতি তদঙ্গুলীনামঙ্গুরীয়কৈ রুল্লাস ক্রিয়া নির্ব্বৃত্তিরিতি লক্ষণ সঙ্গতিঃ। মনো হরাণাং মহাহারাণাং যোবিহার স্তদ্বন্তৌ কুচকুট্মলৌ যস্যা স্তাং ॥ ৭ ॥

নাভেরূর্দ্ধগতায়া রোমালী সৈব ভুজগী তস্যামূর্দ্ধরত্নাভো যস্তরলঃ স্তমঞ্চকঃ তেনাঙ্কিতাং শোভিতাং। তরলো হারমধ্যগ ইত্যমরঃ। বলীত্রয়ী ত্রিবলিঃ সৈব লতা তয়া বদ্ধং ক্ষীণং ভঙ্গুরঞ্চ মধ্যমং যস্যাস্তাং। কৃশত্বাৎ কুচভারেণ ভজ্যমানত্বাচ্চলতয়া নিবদ্ধমিত্যুৎপ্রেক্ষ্যতে ॥ ৮ ॥

মণিনির্ম্মিতং যৎ সারসনং কিঙ্কিণী তস্যাধারভূতং বিস্ফারং বিস্তীর্ণং শ্রোণিরোধঃ কটিতটং যস্যা স্তাং। কটিসূত্রং সারসনং কিঙ্কিণী ক্ষুদ্রঘণ্টিকেতি হলায়ুধঃ। হেমরম্ভা স্বর্ণকদলী তস্যা যো মদারম্ভোবর্ত্তুলত্ব ক্রমস্থবিবক্র

সুশোভিত, তোমার স্তনযুগল মনোহর মহাহারে বিভূষিত ॥ ৭ ॥

তোমার হৃদয় মধ্যে বিরাজিত হার মধ্যস্থিত মণিকে রোমাবলীরূপ ভুজঙ্গিনীর মস্তক স্থিত রত্ন বলিয়া বোধ হইতেছে, তোমার অতিশয় ক্ষীণ ও কুচভরে ভঙ্গুর মধ্য স্থান ত্রিবলিরূপ লতা দ্বারা যেন বেষ্টিত হইয়াছে ॥ ৮ ॥

তোমার বিশাল কটিতটে মণিময় কিঙ্কিণী সুশোভিত,

হেমরম্ভামদারম্ভস্তম্ভনোরুযুগাকৃতিং ॥ ৯ ॥
জানুদ্যুতিজিতক্ষুল্লপীতরত্ন সমুদ্গকাং।
শরন্নীরজ নীরাজ্য মঞ্জীরবিরণৎপদাং ॥ ১০ ॥
রাকেন্দুকোটি সৌন্দর্য্য জৈত্রপাদনখদ্যুতিং।
অষ্টাভিঃ সাত্ত্বিকৈর্ভাবৈরাকুলীকৃতবিগ্রহাং ॥ ১১ ॥

সীম কৃতস্তং স্তম্ভয়তি তথাভূতা উরুযুগাকৃতিঃ সক্থিযুগ্ম শোভা যস্যা স্তাং। আকৃতিঃ কথিতা রূপে সামান্যবপুষোরপীতি বিশ্বঃ ॥ ৯ ॥

জানুনোর্দ্যুত্যা জিতঃ ক্ষুল্লোঽল্পকঃ পীতরত্ন নির্ম্মিতঃ সমুদ্গকঃ সম্পুটো যয়া তাং স্তোকং ক্ষুল্লং তুচ্ছমল্পমিতি হৈমঃ। শরৎকাল ভবাভ্যাং নীরজাভ্যাং নীরাজ্যে নির্মঞ্ছনীয়ে মঞ্জীরাভ্যাং বিরণন্তী শব্দায়মানেচ পদে চরণৌ যস্যাঃ স্তাং ॥ ১০ ॥

রাকেন্দুকোটীনাং যানি সৌন্দর্য্যাণি তেষাং জৈত্রী পদনখদ্যুতি র্যস্যা স্তাং। অষ্টাভিরিতি স্পষ্টার্থং ॥ ১১ ॥

তোমার উরুযুগল স্বর্ণ কদলীর মদগর্ব্ব খর্ব্ব করিতেছে ॥ ৯ ॥

তোমার সুন্দর জানুযুগলের শোভায় পীতবর্ণ রত্নময় সমুদ্গকের (কৌটা) শোভা তিরস্কৃত হইতেছে, সুন্দর শব্দায়মান নূপুর যুক্ত ত্বদীয় পদযুগল শরৎকালীন প্রফুল্ল পদ্ম দ্বারা নীরাজিত ॥ ১০ ॥

তোমার পাদপদ্মস্থ নখদ্যুতি দ্বারা কোটি২ পূর্ণ শশধরের সৌন্দর্য্য অপহৃত হইয়াছে, স্তম্ভ স্বেদাদি অষ্ট সাত্ত্বিক ভাবে তোমার কলেবর আকুলীকৃত হইয়াছে ॥ ১১ ॥

মুকুন্দাঙ্গ কৃতাপাঙ্গামনঙ্গোর্ম্মিতরঙ্গিতাং।
ত্বামারব্ধপ্রিয়ানন্দাং বন্দে বৃন্দাবনেশ্বরি ॥ ১২ ॥
অয়ি প্রোদ্যন্ মহাভাবমাধুরীবিহ্বলান্তরে।
অশেষনায়িকাবস্থা প্রাকট্যাদ্ভুতচেষ্টিতে ॥ ১৩ ॥
সর্ব্বমাধুর্য্যবিঞ্ছোলীনির্ম্মঞ্ছিতপদাম্বুজে।

মুকুন্দাঙ্গেষু কৃতোঽর্পিতোঽপাঙ্গো নেত্রান্তো যয়া তাং। মুকুন্দাঙ্গ বীক্ষণা দেবানঙ্গোর্ম্মি তরঙ্গোজাতো যস্যাস্তাং। ত্বামহং বন্দে হে বৃন্দাবনেশ্বরি রাধিকে ॥ ১২ ॥

অয়ীতি সবিনয় প্রশ্নে। অয়ি প্রশ্নে সানুনয়ে ইতি হলায়ুধঃ। প্রোদ্যন্তী যা মহাভাবস্য মাধুরী তয়া বিহ্বলং বিবশমন্তরং চিত্তমধ্যং যস্যা হে তথাভূতে অশেষানাং মুগ্ধাদীনাং নায়িকানাং যা অবস্থা দশাস্তাসাং প্রাকট্যেনাদ্ভুতানি। চেষ্টিতানি যস্যা হে তথাভূতে। স্বয়ং ভগবতি কৃষ্ণে যথা সর্ব্বনায়ক গুণা যথাবসরমুদয়স্তে তথা স্বয়ং লক্ষ্ম্যাং রাধায়াং সর্ব্ব নায়িকাগুণা ভবন্তীতি ভাবঃ ॥ ১৩ ॥

সর্ব্বাসাং নায়িকানাং যা মাধুর্য্যবিঞ্ছোলী তত্তদবস্থাগত চারুতা শ্রেণী তয়া

কৃষ্ণাঙ্গে অপাঙ্গ সঞ্চালন করিয়া তোমার অনঙ্গ তরঙ্গ উচ্ছলিত হয় এবং তদনন্তর শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইয়া অপার আনন্দ উপভোগ কর, অতএব হে বৃন্দাবনেশ্বরি! এবম্বিধ গুণশালিনী তোমাকে আমি বন্দনা করি ॥ ১২ ॥

অয়ি শ্রীমতি! সমুদিত মহাভাব মাধুরী দ্বারা তোমার অন্তঃকরণ বিবশ হইয়াছে তোমাতে অশেষ প্রকার নায়িকার লক্ষণ থাকায় ত্বদীয় ভাব ভঙ্গী সকলের আশ্চর্য্য কারিণী ॥ ১৩ ॥

সমস্ত নায়িকাগত মাধুর্য্যাদিগুণ তোমার পাদপদ্মের
ইন্দিরামৃগ্যসৌন্দর্য্যস্ফুরদঙ্ঘ্রিনখাঞ্চলে ॥ ১৪ ॥
গোকুলেন্দুমুখীবৃন্দসীমন্তোত্তংসমঞ্জরি।
ললিতাদি সখীযূথজীবাতুস্মিতকোরকে ॥ ১৫ ॥
চটুলাপাঙ্গ মাধুর্য্যবিন্দূন্মাদিতমাধবে।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়॥ গৌড়োদয়মুপযাত স্তমঃ সমস্তং নিহন্তি যোযুগপৎ। জ্যোতিশ্চ যোঽতিশীতঃ শীতস্তমুপাস্মহে কৃতাঞ্জলয়ঃ॥ সৎকাব্য সম্ভূয় ষ এব হরিপ্রিয়েষু শব্দার্থ রত্ননিকরৈ স্তনুতেতি ভাবৈ্যঃ। শিল্প ক্রিয়াং বহু বিধাং কবিবিশ্বকর্ম্মা রূপাভিধো রসিকচিত্তহরঃ স জীয়াৎ॥

অধীত্য বিরুদাবল্যা লক্ষণং গ্রন্থকৃৎ কৃতং। এতাঞ্চেৎ পঠতি প্রাজ্ঞ স্তদা বোধোঽস্ত পুষ্কলঃ। সামান্ত বিরুদাবল্যা গোবিন্দবিরুদাবলৌ। যোঽত্যধায়ি বিশেষস্তৈঃ স তাবদিহ লিখ্যতে। কলিকা শ্লোকবিরুদৈর্যুতা বিবিধ লক্ষণৈঃ। কীর্ত্তি প্রতাপ শৌটীর্য্য সৌন্দর্য্যোন্মেষশালিনী। কলিকাদ্যন্ত সংসর্গিপদ্যা দোষবিবর্জ্জিতা॥

শব্দাড়ম্বর সংবদ্ধা কর্ত্তব্যা বিরুদাবলী। স্যা.র্মহা কলিকারম্ভে শ্লোকান্ত যুগশঃ স্মৃতাঃ। অন্যাসাং কলিকানান্ত ভবস্ত্যেকৈকশোঽহি তে। পূর্ব্বৌ যৌ কলিকাভিস্ত বিরুদাস্তল্য সংখ্যকাঃ। কলিকালক্ষণং। কলানামত্রবেস্তাল নিয়তা পদসন্ততিঃ। কলাভিঃ কলিকাপ্রোক্তা তদ্ভেদাঃ ষট্ সমীরিতাঃ। কলিকা চণ্ডবৃত্তাখ্যা দ্বিগাদিগণবৃত্তকা। তথা ত্রিভঙ্গী বৃত্তাখ্যা মধ্যা মিশ্রাচ কেবলেতি। চণ্ডবৃত্তে দশধা সংযুক্তবর্ণাঃ অত্র সংযুক্ত বর্ণানাং নিয়মো দশধাচ তে। মধুরশ্লিষ্টবিশ্লিষ্টশিথিলহ্রাদিনম্রমী। ভিদ্যন্তে হ্রস্ব দীর্ঘাভ্যাং তে দর্শ্যন্তে স্ফুটং যথা। হ্রস্বান্মধুর সংযোগাঃ শঙ্করাঙ্কুশকিঙ্করাঃ। তস্মাচ্ছ্লিষ্ট সংযুক্তা দর্পকর্প্পরসর্পবৎ। ততোবিশ্লিষ্ট সংযুক্তা তল্প কল্যাণ চিন্ময়ঃ। তথা শিথিল সংযুক্তাঃ পশ্ত কশ্যপ বশ্যবৎ। প্রোক্তাহ্লাদি বৃতা মহ্যং সহ্যং গুহ্যং প্রসহ্যবৎ। গর্হাদীন্ হাদি সংযুক্ত ভেদান্ কেচিৎ সমূচিরে। দীর্ঘাত্তু গাঙ্গং কার্পাসং বাল্যং বিশ্বশ্চ বাহ্যকমিতি। কলাপরিমাণ মুক্তং। অধিকাশ্চেচ্চতুঃ ষষ্টি ন্যূ্না দ্বাদশ তাঃ কলাঃ। এতাভ্যোনাধিকাঃ কার্য্যা ন্যূনাশ্চাপি ন পণ্ডিতৈরিতি। তত্র তাবচ্চণ্ডবৃত্তকলিকা দ্বিবিধা। নথো বিশিখশ্চেতি ভেদাৎ। তত্র রণাদি বিংশতি প্রভেদস্য নথস্তেহ বর্দ্ধিতাদয়ো নবভেদা গৃহীতাঃ। বর্দ্ধিতং বীরভদ্রশ্চ সমগ্রোঽচ্যুত উৎপলং। তুরঙ্গং শ্রীগুণরতি স্তথা মাতঙ্গখেলিতং। তিলকশ্চেতি কলিকা নথস্যেহোদিতা-

নবেত্যুক্তেঃ॥ অথ বিশিখঃ। পদ্ম কুন্দ চম্পক বঞ্জুল বকুল ভেদাৎ পঞ্চবিধঃ। তেষ্বাদিমং পদ্মং পঙ্কেরুহ সিতকঞ্জ পাণ্ডুৎপলেন্দীবরারুণাম্ভোরুহ কহ্লার ভেদাৎ ষড়্বিধং অন্তিমং বকুলং তু ভাস্বর মদল ভেদাদ্বিবিধমিত্যেকাদশ-ভেদো বিশিখঃ। পঙ্কেরুহং সিতকঞ্জং তথা পাণ্ডুৎপলং পদ্মং। ইন্দীবরা-রুণাম্ভোজে কহ্লারঞ্চেতি ষড়্বিধং। ঈষদ্ভেদেন কথিতং পদ্মমেব মনীষিভিঃ। চম্পকং বঞ্জুলং কুন্দং বকুলং দ্বিবিধং তথা। ইতি পঞ্চবিধস্যাপি বিশিখ ভেদু সংখ্যকা ইত্যুক্তেঃ এবং চণ্ডবৃত্তকলিকা বিংশতিধা গৃহীতাঃ। অথ পঞ্চধা দ্বিগাদিগণবৃত্তকা কলিকামঞ্জরীত্যভিহিতা ক্রমাৎ। কোরক গুচ্ছক সংফুল্ল কুসুম গন্ধাখ্যা। তস্মাশ্চাত্র কোরক গুচ্ছ কুসুমানি গৃহীতানি। কোরকোগুচ্ছ কুসুমে মঞ্জরী ত্রিবিধাত্র হিত্যুক্তেঃ। ত্রিভঙ্গীকলিকাতু শিখ রিণ্যাদি পূর্ব্বা ষোঢ়া। তস্মাশ্চাত্র দণ্ডক পূর্ব্বা বিদগ্ধ পূর্ব্বাচ গৃহীতা। দণ্ড-কাখ্যা বিদগ্ধাখ্যা ত্রিভঙ্গীহ দ্বিধা মতেত্যুক্তেঃ। অথ মিশ্রকলিকাতু কলিকা গদ্য সংপৃক্তা সপ্ত বিভক্তিকা বা॥

অক্ষর ময়ী সর্ব্বলঘ্বীচেতি দ্বিভেদা কেবলা চেত্যষ্টৌ। তদেবং ষড়্ভ্যো-মহাকলিকাভ্যোহষ্টাবিংশতিরিহ কলিকা গৃহীতাঃ। রণাদয় একাদশ নখ-ভেদাঃ সংফুল্ল গন্ধৌ মঞ্জরী ভেদৌ শিখরিণ্যাদয় স্ত্রিভঙ্গীভেদা মধ্যকলিকাচ ত্যক্তাশ্চাকৃতাধিকা বিরহাৎ। শ্লোকাঃ প্রসিদ্ধাঃ। বিরুদাশ্চ দ্বিচতুঃষট্ দশকলাকাঃ। সংযুক্ত নিয়মস্তেষু পূর্ব্ববৎ। তেচ গুণোৎকর্ষাদি বর্ণনময়াঃ। যদুক্তং। বাশিকঃ কল্পিতশ্চেতি বিরুদো দ্বি বিধোমতঃ। সংযুক্ত নিয়মো-হত্র বর্ণিতঃ পূর্ব্ববদ্বুধৈঃ॥

দ্বিচতুঃ ষড়্দশশ্চাত্র কলাস্তু বিরুদে মতাঃ। দশভ্যোনাধিকাঃ কার্য্যাঃ কলাস্তু বিরুদে বুধৈঃ। কলিকাভ্যস্তু বিরুদেহ ভিধাসাবেব কীর্ত্তিতাঃ। বিরুদং কবয়ঃ প্রাহু গুণোৎ কর্ষাদি বর্ণনমিতি॥

বিরুদঃ কলিকা চান্তে ধীরবীরাদি শব্দভাগিত্যুপোদ্ঘাতঃ॥

॥ * ॥ অথেতি শ্রোতৃ রুচ্যুৎপত্তয়ে গ্রন্থস্বরূপং তৎপাঠ ফলং চাহেয় মিতি স্ফুটার্থং পদ্যং ইতৈতিহ্যমতি॥ * ॥

অথ গোবিন্দবিরুদাবলী।

ইয়ং মঙ্গলরূপা স্যাৎ গোবিন্দবিরুদাবলী।
যস্যাঃ পঠনমাত্রেণ শ্রীগোবিন্দঃ প্রসীদতি॥ ॥

ব্রহ্মা ব্রহ্মাণ্ডভাণ্ডে সরসিজনয়নস্রষ্টুমাক্রীড়নানি
স্থাস্নু র্ভঙ্ক্তুঞ্চ খেলাখুরলিতমতিনা তানি যেন ন্যযোজি।

দাক্ষিণাত্যেন কবিনা পঠিতায়া দেববিরুদাবল্যাঃ পদার্থ লালিত্যাৎ প্রসন্নঃ শ্রীগোবিন্দস্তস্মৈ স্বকণ্ঠাৎ স্রজং দদৌ। দেববিরুদৈ রেব সর্ব্বেশ্বরঃ কথং প্রসন্নোভবেদিতি সন্দিহান তস্মা শস্থিতং শ্রীরূপং প্রভুরবোচৎ। ত্বমেবং লক্ষণাং মদ্বিরুদাবলীং কুর্ব্বিতি। ততঃ স এতাং রচয়াঞ্চকারেতি। যয়া কলিকানামাদিমায়াশ্চণ্ডবৃত্ত মহাকলিকায়াঃ প্রারম্ভে শ্লোকযুগ্মং বর্ণয়তি ব্রহ্মেত্যাদি। হে সরসিজনয়ন শ্রীগোবিন্দ। যেন ত্বয়া ব্রহ্মাণ্ডভাণ্ডে আক্রীড়নানি ক্রীড়াস্থানানি ভুবনানি স্রষ্টুং ব্রহ্মা চতুর্মুখোন্যযোজি স্থাপিতঃ। তানি ভঙ্ক্তুং সংহর্ত্তুং স্থাস্নুঃ শিবোন্যযোজি। সৃজামি তন্নিযুক্তোহং হরো হরতি তদ্বশঃ। ইতি স্মরণাৎ। কুত এবং করোষীতি চেত্তত্র যেন কীদৃশেনেতি বিশিনষ্টি। খেলায়াং খুরলিতাভ্যাসবতী মতি র্যস্য তেন ক্রীড়ানিরতে

যাহার পাঠ মাত্র শ্রীগোবিন্দ প্রসন্ন হয়, সেই মঙ্গল ময়ী গোবিন্দবিরুদাবলী লিখিত হইতেছে॥ ০ ॥

হে সরসিজ নয়ন! শ্রীকৃষ্ণ! তুমি ক্রীড়াসক্ত মতি হইয়া এই ব্রহ্মাণ্ড মধ্যে ক্রীড়া স্থান স্বরূপ ত্রিভুবন সৃষ্টি করিবার নিমিত্ত ব্রহ্মাকে নিযুক্ত করিয়াছ এবং উহা সংহার করিবার

তাদৃক্ ক্রীড়াণ্ডকোটিবৃতজলকুড়বা যস্য বৈকুণ্ঠকুল্যা
কর্ত্তব্যা তস্য কা তে স্তুতিরিহ কৃতিভিঃ প্রোজ্‌ঝ্য লীলায়িতানি॥১
নিবিড়তর তুরাষাড়ন্তরীণোগ্রসম্প
দ্বিঘটনপটুখেলাড়ম্বরোর্ম্মিচ্ছটস্য।

নেত্যর্থঃ। যস্য তে বৈকুণ্ঠকুল্যা সংব্যোমপুর পরিখাস্তো বিরজাখ্যান্না সরিৎ। তাদৃক্ ক্রীড়াণ্ডকোটীভি র্বৃতং জল কুড়বং যস্যাস্তাদৃশী বর্ত্ততে। যজ্জলাঞ্জলৌ ব্রহ্মাণ্ডকোটয়ো বহন্তীত্যর্থঃ। অঞ্জলিং কুড়বং বিদ্যাদিতি বিশ্বঃ। তস্য তে লীলায়িতানি চরিতানি প্রোজ্‌ঝ্য ত্যক্ত্বা কৃতিভিঃ পণ্ডিতৈঃ কা স্তুতি র্বিভূতি পারমৈশ্বর্য্য প্রশংসা লক্ষণা কর্ত্তব্যা। তত্রাসমর্থৈ লীলাএব গেয়া ইতি ভাবঃ॥ ১॥

লীলামেব বর্ণয়তি নিবিড়েতি। অঘশত্রোঃ শ্রীকৃষ্ণস্য সব্যবাহুর্বামভুজ ইদং জগৎ খিনোতু প্রীণয়তু। কীদৃশস্য নিবিড়তরাতিসান্দ্রা যা তুরাসাহ ইন্দ্রস্যান্তরীণা চিত্তভবা উগ্র সম্পদগর্ব্ব সন্ততি তস্যা বিঘটনে দূরীকরণে পটু নিপুণাখেলাড়ম্বরোর্ম্মীণাং ক্রীড়াবিস্তার তরঙ্গাণাং ছটা যস্য তস্য। বামবাহুঃ কীদৃক্। সগরিমাত্যুচ্চোতিবিস্তীর্ণশ্চ যো গিরিরাজ স্তস্যেবেন্দ্রকৃতাশনি করকাম্বু নিবা-

---

নিমিত্ত মহাদেবকে নিযুক্ত করিয়াছ, কিন্তু ঐরূপ কোটি কোটি ব্রহ্মাণ্ড ত্বদীয় বৈকুণ্ঠ ধাম স্থিত বিরজা নদীর অঞ্জলি পরিমিত জলে বিরাজ করিতেছে, সুতরাং পণ্ডিতগণ তোমার অপার ঐশ্বর্য্য বর্ণনে অক্ষম হইয়া তোমার মধুর গুণ লীলা অর্থাৎ মানবলীলা সম্ভূত কীর্ত্তিকলাপ বর্ণনা করিয়া থাকেন॥১

যিনি শ্রীবৃন্দাবনে বাল্যলীলাচ্ছলে গোবর্দ্ধন ধারণ করিয়া ইন্দ্রের হৃদয় গত প্রবল গর্ব্ব খর্ব্ব করিয়াছেন এবং ঐ সময়ে ছত্র স্বরূপ করিয়া গেবর্দ্ধন ধারণ করায় যাঁহার বাম বাহু

সগরিমগিরিরাজচ্ছত্রদণ্ডায়িতশ্রী
র্জগদিদমঘশত্রোঃ সব্যবাহু র্ধিনোতু ॥ ২ ॥
চণ্ডবৃত্তায়াঃ কলিকাখ্যায়াঃ নখে বর্দ্ধিতং ॥
অভ্রমুপতিমদমর্দ্দিপদক্রম ।
বিভ্রম পরিমল লুপ্তসুহৃচ্ছ্রম ।
দুষ্ট দনুজবল দর্প বিমর্দ্দন ।

রকত্বাচ্ছত্রং তস্য দণ্ডায়িতেন দণ্ডতুল্যাচরণেন শ্রীঃ শোভা যস্য সঃ। তস্য দণ্ডায়িতং শ্রয়তীত্যেকে ॥ ২ ॥

অথ কলিকয়া লীলাং বর্ণয়ন্ তস্যা নামোদ্দিশতি চণ্ডবৃত্তস্যেতি। চণ্ডবৃত্ত মহাকলিকায়া নখো বিশিখশ্চেতি ভেদত্রয়ং। তত্র নবভেদে নখে বর্দ্ধিত নামা ভেদোবর্ণনীয়ঃ। তস্য লক্ষণঞ্চ। ভনজৈ র্জেন লঘুনা বর্দ্ধৈরংশৈঃ সমন্বিতং। একাষ্টৈকাদশ স্থানে শ্লিষ্ট সংযোগশালিভিঃ। চণ্ডবৃত্তমিদং নাম্না বর্দ্ধিতং কবয়ো বিদুরিতি। সমাস বিগ্রহং কৃত্বা সংবুদ্ধ্যন্তাঃ কচিন্ময়া। সংক্ষেপ সিদ্ধ্যৈ ন কৃতাঃ কল্প্যাস্তেঽত্র সুবুদ্ধিভিঃ। অভ্রমুপতি রৈরাবতো হস্তী তস্য মদং গতিগর্ব্বং মর্দ্দয়তি তাদৃশঃ পদক্রমশ্চরণ সঞ্চারো যস্য। বিভ্রম পরিমলাভ্যাং কান্তি সৌরভাভ্যাং লুপ্তঃ সুহৃদাং শ্রমো যস্মাৎ। দুষ্টানাং দনুজানাং বলদর্পান্ বিমর্দ্দয়তীতি তথা। তুষ্টহৃদয়ানাং সুরাণাং পক্ষং বলং বর্দ্ধয়তীতি তথা। পক্ষঃ কেশাৎ পরো বৃন্দে পক্ষো মাসার্দ্ধ পার্শ্বয়োঃ। গৃহ-

উহার দণ্ড স্বরূপ হইয়াছিল, সেই পাপনাশন শ্রীকৃষ্ণের সেই বাম বাহু জগতের সকলকে পরিতৃপ্ত করুন ॥ ২ ॥

হে কৃষ্ণ! তোমার গমন দেখিয়া ঐরাবত হস্তির মদগর্ব্ব খর্ব্ব হয়, তোমার কান্তি ও শ্রীঅঙ্গের সৌরভে আত্মীয় বর্গের শ্রান্তি দূর হয়, তুমি দুর্দ্দান্ত দানব গণের বলদর্প দূর করি-

তুষ্টহৃদয়সুরপক্ষবিবর্দ্ধন।
দর্পক বিলসিত সর্গ নিরর্গল।
সর্পতুলিতভুজ কর্ণগকুণ্ডল।
নির্ম্মল মলয়জ চর্চ্চিত বিগ্রহ।
নর্ম্ম ললিতকৃত সর্প বিনিগ্রহ।
দুষ্কর কৃতিভরলক্ষণ বিস্মিত।
পুষ্করভবভয় মর্দ্দন সুস্মিত।

ভিত্তৌ গ্রহে ভৃত্যে সখ্যৌ রাজগজে বলে। সাধ্যে গরুতি দেহাঙ্গে চুল্লিরন্ধ্র বিরোধয়োরিতি বিশ্বলোচনকোষঃ। দর্পকেণ স্মরেণ বিলসিতে সর্গে শৃঙ্গার ক্রীড়ালক্ষণে নিরর্গল স্বতন্ত্র বর্ত্তুলত্ব প্রলম্বত্বাভ্যাং সর্পতুলিতৌ ভুজৌ যস্য হে কর্ণগকুণ্ডল নির্ম্মলেতি পদদ্বয়ং স্ফুটার্থং। কৃতঃ সর্পস্যাঘাসুরস্য বিনিগ্রহো বিনাশো যেন। ব্রহ্মাদি দুষ্করেণাঘমোক্ষদানেন কৃতিভরেণ লক্ষণ মঘমোচন ইতি নাম যস্য। লক্ষণং নাম চিহ্নয়োরিতি হৈমঃ। দৃষ্টাঘাসুর মোক্ষণং প্রভবতঃ প্রাপ্তঃ পরং বিস্ময়মিতি শ্রীশুকোক্তে রঘমোক্ষণেন বিস্মিতস্যৈশ্বর্য্য পরীক্ষণার্থ বৎসাদি হরণেন সাপরাধস্য পুষ্করভবস্য ব্রহ্মণো

য়াছ, দেবগণ হৃষ্ট চিত্ত হইয়া তোমাকে পরম সহায় বলিয়া বোধ করিতেছেন, তুমি স্বাধীন ভাবে কন্দর্পজনিত মুখ্য রস আস্বাদন করিতেছ, তোমার ভুজদ্বয় সর্পের ন্যায় সুবর্ত্তুল ও লম্বমান, দোদুল্যমান মকরকুণ্ডলে তোমার কর্ণ যুগল সুশোভিত, নির্ম্মল চন্দনাদি অনুলেপনে তোমার শ্রীঅঙ্গ সুশোভিত, তুমি বাল্য লীলাচ্ছলে সর্পাকার অঘাসুরকে বিনাশ করিয়াছ, ব্রহ্মাদির অসাধ্য অঘাসুরকে মুক্ত

বৎসল হলধর তর্কিত লক্ষণ।
বৎসর বিরহিত বৎস সুহৃদ্গণ।
গর্জ্জিত বিজয়ি বিশুদ্ধতরস্বর।
তর্জ্জিত খলগণ দুর্জ্জন মৎসর॥ বীর॥
তব মুরলীধ্বনিরমরীকামাম্বুরদ্ধিশুভ্রাংশুঃ।

যত্তৎ পরীক্ষণ লক্ষণ প্রাতিকূল্যাচরণজাতং অয়ং তন্ত্রনং স্মিতং যস্য। প্রভোঃ স্মিতেন প্রসাদং বিজ্ঞায় নির্ভয়োসাবভূদিত্যর্থঃ। ব্রহ্ম কৃত বৎসাদি হরণানন্তরং তত্তদ্বপুষা ব্রজে বনেচ ভগবতি কৃতবিহারে সতি বৎসলেন হলধরেণ তেষু বৎসাদিষু তর্কিতমনুমিতং লক্ষণং বিভু বিজ্ঞানানন্দত্ব রূপং চিহ্নং যস্য। বৎসরং ব্যাপ্য বিহরতা ব্রহ্মণা মায়াপর্য্যন্তে শ্যামিতত্বাৎ বিমুক্তা। বৎসগণাঃ সুহৃদ্গণাশ্চ যস্য। গর্জ্জিতং মেঘনির্ঘোষং বিজেতুং শীলং যস্য তাদৃশো বিশুদ্ধতরশ্চ স্বরো যস্য হে মেঘ গম্ভীরকণ্ঠস্বনেত্যর্থঃ। স্ফুটমন্তং। কলিকান্তে শ্লোকমেকং রচয়তি। তবেতি। হে কৃষ্ণ তব মুরলীধ্বনি

করিয়া তোমার অঘমোচন নাম হইয়াছে, ব্রহ্মা তোমার ঐশ্বর্য্য পরীক্ষার নিমিত্ত গোবৎসাদি হরণ করিয়া ক্রমে বিস্মিত ও মনে মনে সাপরাধী হইলে তুমি ঈষৎ হাস্য করিয়া তাঁহার অপরাধ ভঞ্জন করিয়াছ, ব্রহ্মা গোবৎসাদি হরণ করিলে তুমি সেই সেই মূর্ত্তি ধারণ করিয়া বৃন্দাবন বিপিনে বিহার করিতেছ, এ ঐশ্বর্য্য তোমার প্রিয় অগ্রজ বলদেবই কেবল বুঝিয়াছিলেন, ব্রহ্মা ত্বদীয় কৃপায় মায়াশূন্য হইয়া একবৎসরের পর ত্বদীয় গোবৎস ও গোপবালক গণকে পরিত্যাগ করিয়াছিলেন, নবীন মেঘের গম্ভীর গর্জ্জনের ন্যায় তোমার গম্ভীর স্বর, তুমি খল ও মাৎসর্য্য পরায়ণ দুর্জ্জন দিগকে পরাভব করি-

অচটুল গোকুলকুলজা।
ধৈর্য্যাম্বুধিপানকুম্ভজো জয়তি।
ধৃতগোবর্দ্ধন সুরভীবর্দ্ধন।
পশুপাল প্রিয়রচিতোপক্রিয় ॥ ধীর ॥ ১ ॥
ভুজঙ্গরিপুচন্দ্রকস্ফুরদখণ্ডচূড়াঙ্কুরে।
নিরঙ্কুশ দৃগঞ্চল ভ্রমিনিবদ্ধভৃঙ্গভ্রমে।

র্জয়তি। কীদৃশঃ। অমরীণাং দেবস্ত্রীণাং কামাম্বুধি বৃদ্ধৌ শুভ্রাংশুশ্চন্দ্রঃ। দেব্যোবিমানগতয়ঃ স্মরনুন্নসারা ভ্রশ্যৎ প্রসূনকবরা মুমুহুর্বিনীব্য ইতি বেণুগীতেক্তিধানাৎ অচটুলানাং ধীরাণাং গোকুলকুলজানাং ব্রজকুলিনযুবতীনাং ধৈর্য্যাম্বুধি পানে কুম্ভজো হগস্ত্যঃ। অম্ভোধিবর্দ্ধকস্যোবাম্ভোধিশোষকত্ব বর্ণনাদ্বিরোধাভাসঃ। শ্লোকান্তে বিরুদং রচয়তি ধৃতেতি স্ফুটার্থঃ। রচিতা ভক্তানামুপক্রিয়া সাহায্যং যেন॥ ১॥

অথ বীরভদ্র কলিকারম্ভে শ্লোকঃ। ভুজঙ্গেতি। হে মুকুন্দ ত্বয়ি মে শুদ্ধা নিষ্কামা রতিঃ পরিস্ফুরতু। ত্বয়ি কীদৃশে। ভুজঙ্গরিপোর্ময়ূরস্য চন্দ্রকেণ স্ফুরদখণ্ডচূড়াঙ্কুরঃ কেশপাশাগ্রং যস্য তস্মিন্। নিরঙ্কুশো যো দৃগঞ্চল ভ্রমি স্তেন নিবদ্ধঃ স্তম্ভিতো ভৃঙ্গাণাং ভ্রমশ্চলনং যেন তস্মিন্। পতঙ্গ

য়াছ। যিনি দেবপত্নীগণের কাম সমুদ্র বৃদ্ধি করিতে শশাঙ্ক স্বরূপ এবং ধীর স্বভাব ব্রজরমণীগণের ধৈর্য্য সমুদ্র পানে যিনি অগস্ত্য মুনি স্বরূপ, সেই তোমার মুরলী ধ্বনির জয় হউক। তুমি গোবর্দ্ধন ধারী ও সুরভীগণের পালক এবং পশুপালপ্রিয় এবং ভক্তগণের অদ্বিতীয় সহায় ॥ ১ ॥

হে মুকুন্দ! তোমার চূড়া সুন্দর ময়ূর পুচ্ছে সুশোভিত

পতঙ্গদুহিতুস্তটীবনকুটীরকেলিপ্রিয়ে।
পরিস্ফুরতু মে মুহুস্ত্বয়ি মুকুন্দশুদ্ধা রতিঃ॥ বীরভদ্রঃ॥০॥
উদ্যদ্বিদ্যুদ্দ্যুতি পরিচিতপট।
সর্পৎ সর্প স্ফুরদুরুভুজতট।
খস্থস্বস্থ ত্রিদশযুবতিনুত।
রক্ষদ্দক্ষ প্রিয়সুহৃদনুসৃত।

দুহিতু র্যমুনায়াস্তটী বনেষু যে কুটীরাস্তেষু যাঃ কেলয় স্তাঃ প্রিয়া যস্য তস্মিন্। পতঙ্গৌ শলভাদিত্যাবিত্যনেকার্থধ্বনিমঞ্জরী। বীরভদ্র ইতি। চণ্ডবৃত্ত ভেদে নথে বীরভদ্রাখ্যঃ প্রভেদো বর্ণ্য ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। মভনৈর্নেন বন্ধাভিশ্চতুঃ শ্লিষ্ট যুতাদিভিঃ। অষ্টমাত্রাচ্ছিদাভিস্ত কলাভিরূপকল্পিতং। বীরভদ্রতয়া খ্যাতং চণ্ডবৃত্তং প্রচক্ষ্যতে ইতি। উদ্যন্ত্যা বিদ্যুতোদ্যুত্যা পরিচিতো জ্ঞাতঃ পটো যস্য হে বিদ্যুৎপীতাম্বরেত্যর্থঃ। সর্পন্তাবুজুভয়ন্তো গচ্ছন্তৌ যৌ সর্পৌ তৌ ইব স্ফুরন্তাবুরু শ্রেষ্ঠৌ ভুজতটৌ ভুজৌ যস্য। খস্থাঃ নভোবর্ত্তিন্যঃ স্বস্থাঃ প্রসন্নাশ্চ যা ত্রিদশ যুবতয়ো দেব্যস্তাভি র্নুত কৃত স্তোত্র হে। রক্ষন্তো রক্ষকা দক্ষাশ্চতুরাশ্চ যে প্রিয়সুহৃদঃ শ্রীদামাদয় স্তৈরনুসৃত কৃতানুগতিক হে।০ মুগ্ধৈঃ সুন্দরৈঃ স্নিগ্ধৈশ্চ ব্রজজনৈঃ কৃতং প্রকাশিতং

তোমার অপ্রতিহত নয়ন সঞ্চালন দেখিয়া ভ্রমরগণ নিস্তব্ধ হইতেছে, তুমি কালিন্দীতীরস্থ নিকুঞ্জকুটীরে কেলি করিতে ভাল বাস, অতএব নিরন্তর তোমাতে আমার বিশুদ্ধ অনুরাগ হউক॥

তুমি বিদ্যুন্মালার ন্যায় পীতাম্বরে সুশোভিত, অকুটিল গতি সর্পের ন্যায় তোমার বিশাল ভুজদ্বয়, অমরবধূগণ আকাশস্থ হইয়া প্রসন্ন চিত্তে তোমার স্তব করি-

মুগ্ধ স্নিগ্ধ ব্রজজনকৃত সুখ।
নব্য শ্রব্য স্বরবিলসিত মুখ।
হস্তন্যস্ত স্ফুট সরসিজবর।
সর্জ্জদ্গর্জ্জৎ খলবৃষ মদহর॥
যুদ্ধ ক্রুদ্ধ প্রতিভট লয়কর।
বর্ণ স্বর্ণ প্রতিম তিলকধর।
রুষ্যত্তুষ্যৎ যুবতিষু কৃতরস।

সুখং লীলারসো যস্য। নব্যেন নূতনেন শ্রব্যেণ কর্ণসুখদেনচ স্বরেণ বিলসিতং মুখং যস্য। হস্তেতি স্ফুটার্থং। সর্জন্ কোপমুৎপাদয়ন্ গর্জ্জংশ্চ যঃ খলো বৃষ স্তস্য মদং হরতীতি, হে বৃষদানববিনাশিন্। বর্জ্জসর্জ্জার্জ্জনে ইতি কবিকল্পক্রমঃ। যুদ্ধেষু ক্রুদ্ধানাং প্রতিভটানাং রিপূণাং লয়ং করোতীতি তথা। বর্ণেন রূপেণ স্বর্ণ প্রতিমমতিগৌরঃ যত্তিলকমূর্দ্ধপুণ্ড্রং তদ্ধারয়তীতি তথা। রুষ্যন্তীষু সংকারেণ তুষ্যন্তীষুচ যুবতিষু কৃতো রসোরাগো যেন। রসোগন্ধ রসে জলে শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে তিক্তাদৌ দ্রবরাগয়ো-

---

তেছেন, স্নেহ বশতঃ রক্ষায় তৎপর শ্রীদামাদি প্রিয় সুহৃদ গণের তুমি সর্ব্বদা অনুগত, তোমার স্নেহ ভাজন পরম সুন্দর ভক্তগণ ব্রজে বাস করিয়া তোমার লীলারস প্রকাশ করিয়াছেন, নব্য ও সুশ্রাব্য স্বর দ্বারা তোমার মুখাম্বুজ সুশোভিত, তোমার দক্ষিণ হস্তে লীলাপদ্ম শোভা পাইতেছে, দুর্দান্ত ও হিংস্রক বৃষাসুরের মদগর্ব্ব খর্ব্ব করিয়াছে, তুমি যুদ্ধক্ষেত্রে কোপস্বভাব রিপুগণ বিনাশ করিয়াছ, স্বর্ণ বর্ণ তিলক দ্বারা তোমার ললাট সুশোভিত, প্রণয় কলহে রুষ্ট ও বিশেষ

ভক্তব্যক্তপ্রণয়মনসি বস ॥ বীর ॥
প্রচুর পরম হংসৈঃ কাম্যমাচম্যমানে
প্রণত মকর চক্রৈঃ শশ্বদাক্রান্তকুক্ষৌ।
অঘহর জগদণ্ডাহিণ্ডি হিল্লোল হাসে
স্ফুরতু তব গভীরে কেলিসিন্ধৌ রতির্নঃ।
উদ্গীর্ণতারুণ্য বিস্তীর্ণ কারুণ্য।

রিতি মেদিনীকরঃ। ভক্তানাং ব্যক্তপ্রণয়ে মনসি ত্বং বস হে বীর ॥ ০ ॥
অথ কলিকান্তে শ্লোকঃ। প্রচুরেতি। হে অঘহর তব কেলিসিন্ধৌ রতি র্নোঽস্মাকং স্ফুরতু। কীদৃশি প্রচুরা যে পরমহংসাঃ জ্ঞানিভক্তাঃ। পক্ষে শ্রেষ্ঠকাদম্বাস্তৈস্তস্তটস্থৈঃ। কামং যথাভীষ্টমাচম্যমানে পীয়মানে প্রণতাঃ প্রপন্না যে দাসভক্তা স্তএব মকরা মৎস্য বিশেষা স্তেষাং চক্রৈর্বৃন্দৈঃ শশ্বৎ সদা আক্রান্তা কুক্ষি র্মধ্যং যস্য তস্মিন্ জগদণ্ডান্যা হিণ্ডয়িতুং চালয়িতুং শীলং যস্য তথা ভূতোহিল্লোল তুল্যোহাসো যত্র তস্মিন্ হিল্লোল স্তরঙ্গঃ।. রূপকমলঙ্কারঃ। শ্লোকান্তে বিরুদঃ। উদ্গীর্ণেতি। উদ্গীর্ণমভ্যুদিতং তারুণ্যং যস্য।

আদর লাভে সন্তুষ্ট ব্রজযুবতীগণের প্রতি তোমার বিশেষ অনুরাগ, হে বীর! তুমি ভক্তজনের প্রেমপূর্ণ মানসে বাস কর।

হে অঘহর! অপূর্ব্ব রস বলিয়া পরমহংসগণ যাহা আস্বাদন করেন, ভক্তরূপ মকরগণ যাহার মধ্যে নিরন্তর বাস করিতেছেন এবং যাহার তরঙ্গে ব্রহ্মাণ্ড চঞ্চল হইতেছে, ঈদৃশ অতি গভীর ত্বদীয় লীলা সমুদ্রে নিরন্তর আমার অনুরাগ থাকুক। হে ধীর! তুমি নবোদিত যৌবন প্রভাবে

গুঞ্জালতাপিঞ্জ পুঞ্জাঢ্য তাপিঞ্জ ॥ ধীর ॥ ২ ॥
উচিতঃ পশুপত্যলঙ্ক্রিয়ায়ৈ
নিতরাং নন্দিতরোহিণীযশোদঃ।
তব গোকুলকেলিসিন্ধুজন্মা
জগদুদ্দীপয়তিস্ম কীর্ত্তিচন্দ্রঃ ॥ সমগ্রঃ ॥

বিস্তীর্ণং কারুণ্যং কৃপা যস্য। গুঞ্জানাং লতানাং মাধবীনাং পিঞ্জানাং চ পুঞ্জেনাঢ্য তাপিঞ্জ তমাল তৎ সম্বোধনে তথা। অতিমুক্তঃ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবীলতা। কালস্কন্ধ স্তমালঃ স্যাত্তাপিঞ্জ ইত্যমরঃ ॥ ২ ॥

সমগ্র কলিকারম্ভে শ্লোকঃ। উচিত ইতি। হে কৃষ্ণ তব কীর্ত্তিচন্দ্রো জগদুদ্দীপয়তি প্রকাশয়তি। কীদৃশঃ। গোকুলে যা কেলিঃ সএব সিন্ধু স্তস্মাজ্জন্ম যস্য সঃ। পশুপতীনাং গোপানামলং ক্রিয়ায়ৈ উচিতস্তান্ শোভয়িতার্থঃ। নন্দিতা রোহিণী যশোদাচ যেন সঃ। চন্দ্রঃ খলু পশু পতেরুদ্রস্যালং ক্রিয়ায়ৈ উচিতো ভবতি নন্দিতায়ৈ রোহিণ্যৈ তারায়ৈ যশোদদাতীতি শ্লেষেণ প্রতিপাদনাৎ শ্লেষাঙ্গকং রূপকমেতৎ। সমগ্র ইতি। চণ্ডবৃত্ত ভেদে নথে সমগ্রাখ্যঃপ্রভেদো বর্ণনীয় ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। জরাভ্যাং কল্পিতৈরংশৈ স্তর্য্যান্মধুর শালিভিঃ। শ্লিষ্টৈ রন্ত্যাদ্দ্বিতীয়াচ্চ সর্ব্বান্তে লঘু

সুশোভিত, সুবিস্তীর্ণ করুণা রসে তোমার সর্ব্বাঙ্গ ব্যাপ্ত, তুমি শ্রীবৃন্দাবনে গুঞ্জা ও মাধবীলতা বেষ্টিত তমাল তরু স্বরূপ ॥২

যিনি পশুপতির (মহাদেবের ও নন্দ প্রভৃতি গোপ বৃন্দের) প্রধান ভূষণ, যিনি রোহিণী যশোদার (পক্ষে রোহিণী নক্ষত্রের যশোভাগ্য প্রদান করেন) আনন্দ বর্দ্ধন করেন, তোমার ব্রজলীলারূপ সমুদ্রে যাঁহার জন্ম, এই প্রকার ভবদীয় কীর্ত্তিচন্দ্র জগৎ আলোকিত করুন ॥

অরিষ্টখণ্ডন স্বভক্তমণ্ডন।
প্রযুক্ত চন্দন প্রপন্ন নন্দন।
প্রসন্ন চঞ্চলস্ফুরদ্দৃগঞ্চল।
শ্রুতিপ্রলম্বক ভ্রমৎকদম্বক।
প্রকৃষ্ট কন্দর প্রবিষ্ট সুন্দর।
স্থবিষ্ঠ সিন্ধুর প্রসর্পবন্ধুর ॥ দেব ॥
বৃন্দারক তরুণীতে বৃন্দাবন মণ্ডলে বীর।

শালিভিঃ। বন্ধঃ সমগ্র নামায়ং চণ্ডো মাধব সর্ব্বত ইতি। অরিষ্টং বৃষাসুরং খণ্ডয়তীতি তথা স্বভক্তেত্যাদি পদচতুষ্টয়ং বিশদার্থং। শ্রুত্যোঃ কর্ণয়োঃ প্রলম্বেতে ইতি তথাভূতৌ ভ্রমন্তৌ চ কদম্বকৌ নীপকোরকৌ যস্য। হে প্রকৃষ্টে কন্দরে প্রবিষ্ট সুন্দরস্য স্থবিষ্টস্যাতিস্থূলস্য সিন্ধুরস্য গজস্যেব যঃ প্রসর্পঃ শ্লাঘ্যা গতিস্তেন বন্ধুর মনোজ্ঞ হে দেব। কলিকান্তে শ্লোকঃ।

বৃন্দেতি। হে সুন্দর হে বীর বৃন্দাবন মণ্ডলে বৃন্দারিকা রম্যা ব্রজযুবতী ত্বং রমস্ব। বৃন্দারকঃ সুরে জ্যেষ্ঠে মনোজ্ঞে পুনরস্তবদিতি বিশ্বঃ। কীদৃশি। বৃন্দা-

---

হে শ্রীকৃষ্ণ! তুমি বৃষাসুরকে বিনাশ করিয়াছ, তুমি নিজভক্ত গণের হৃদয়ের ভূষণ, চন্দনাদি অনুলেপনে তোমার শ্রীঅঙ্গ অনুলিপ্ত, তুমি প্রপন্ন জনের আনন্দপ্রদ, তোমার নয়ন যুগল চঞ্চল ও সুপ্রসন্ন, তোমার কর্ণ যুগলে লম্বমান কদম্ব কুসুম শোভা করিতেছে, তুমি বিহারার্থ গোবর্দ্ধন গুহায় প্রবেশ করিলে তখন তোমার অপূর্ব্ব শোভা হয়, উৎকৃষ্ট মাতঙ্গের গমনের ন্যায় তোমার সুন্দর গমন। হে বীর! তুমি বান্ধবগণের আনন্দপ্রদ এবং সুন্দর তরু লতাকীর্ণ এই

নন্দিত বান্ধববৃন্দঃ সুন্দর বৃন্দারিকা রময় ॥
খলিনীভুম্বক মুরলীচুম্বক।
জননীবন্দক পশুপীনন্দক ॥ ধীর ॥ ৩ ॥
অনুদিন মনুরক্তঃ পদ্মিনী চক্রবালে
নবপরিমলমাদ্যচ্চঞ্চরীকানুকর্ষী।

রকাঃ শ্রেষ্ঠা স্তরব স্তৈ বীতে গহনে। অত্র শব্দশক্ত্যা বৃন্দাবনমণ্ডলস্য নন্দনবন তুল্যত্বং গোপীনাং দেবাঙ্গনা তুল্যত্বং ব্যজ্যতে তেন কৃষ্ণস্যেন্দ্র তুল্যত্বং চেতি বোধ্যং। শ্লোকাস্তে বিরুদঃ। খলিনীত্যাদি। খলানাং সমূহঃ খলিনী তান্ ডুয়ন্ত্যর্দ্দয়তীতি তথা। ডুবি চ্ছেদনে ধাতুঃ কল্প্যঃ। জননীং যশোদাং বন্দতে তৎসমাঃ পশুপী র্গোপী র্নন্দয়তি তত্তৎ সম্বোধনে তথা ॥ ৩ ॥
অথাচ্যুতকলিকারম্ভে শ্লোকঃ। অম্বিতি। কোপ্যনির্বাচ্যগুণরূপো গিরিকন্যায়া যমুনায়াঃ কূলবন্যাসু করীন্দ্রো গজরাজো জয়তি। কীদৃশঃ পদ্মিনীনাং স্ত্রীবিশেষাণাং পক্ষে কমলিনীনাং চক্রবালে বৃন্দেঽনুদিনং প্রত্যহমনুরক্তঃ। তনোর্দানাম্ভসশ্চ নবেন পরিমলেন মাদ্যতো মত্তান্ চঞ্চরীকান্ ভৃঙ্গানাকর্ষতি তচ্ছীলঃ। কলিতা মধুরা পদ্মা লক্ষ্মী রেখা যেন।

শ্রীবৃন্দাবনে সুন্দরী ব্রজরমণীদিগকে বিহার করাইতেছ। তুমি খল ব্যক্তির শাস্তা, তুমি মুরলীপ্রিয়, তুমি জননী যশোদাকে বন্দনা কর, তুমি গোপীগণের আনন্দ বর্দ্ধক ॥ ৩ ॥

যিনি পদ্মিনী বৃন্দে অর্থাৎ তল্লক্ষণাক্রান্ত যুবতীবৃন্দে অনুরক্ত, (পক্ষান্তরে কমলপুষ্প সমূহে যিনি অনুরক্ত) যিনি শ্রীঅঙ্গের গন্ধদ্বারা ভ্রমরগণ আকর্ষণ করিতেছেন, (পক্ষে মদক্ষরণ হেতু যিনি ভ্রমর মালা আকর্ষণ করিতেছেন) যাঁহার

কলিত মধুর পদ্মঃ কোপি গম্ভীরবেদী
জয়তি মিহিরকন্যাকূলরম্যাকরীন্দ্রঃ ॥ অচ্যুতঃ ॥
জয় জয় বীর স্মররসধীর।
দ্বিজজিতহীর প্রতিভটবীর।
স্ফুর দুরুহার প্রিয়পরিবার।

কলিতং মধুরং পদ্মঞ্চ যেন সঃ। গম্ভীরবেদী গূঢ়ার্থবিৎ পক্ষেঽবজ্ঞাত শৃণিঃ। ব্যালোদুষ্টো গজো গম্ভীর বেদ্যবমতাঙ্কুশ ইতি হৈমঃ। সমাসোক্তি-রলঙ্কারঃ। সমাসোক্তি র্যদি শ্লিষ্টৈঃ পরোক্তিঃ স্যাদ্বিশেষণৈরিতি তল্লক্ষণাৎ। ততশ্চ কৃষ্ণোঽত্র লভ্যতে। অচ্যুত ইতি। চণ্ডবৃত্ত ভেদে নথেঽচ্যুতাখ্যঃ প্রভেদো বর্ণ্য ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। নজাভ্যাং কল্পিতে রংশৈঃ পঞ্চমে দীর্ঘ শালিভিঃ। অন্ত্যাং শ্লিষ্টযুতো পেতৈশ্চণ্ডমচ্যুতমূচিরে ইতি। হে বীর বিশিষ্ট বলীক হে স্মর রস ধীর ত্বং জয় জয়। হে দ্বিজ জিতহীর বজ্রোজ্জ্বল দন্ত। হে প্রতিভটেষু বীর বিক্রমিন্ স্ফুর দুরুহারেষু প্রিয়পরিবারেষু চ্ছুরিতো লাঞ্ছিতো বিহারো যস্য। হে স্থিরমণিহার হে প্রকটিতরাস

বক্ষঃ স্থলে লক্ষ্মী বিরাজমানা, (পক্ষে শোণবর্ণ চিহ্ন দ্বারা যাহার অঙ্গ পরিব্যাপ্ত) যিনি গূঢ়ার্থবিৎ (পক্ষে নিরঙ্কুশ) এই প্রকার কালিন্দী তটিনী করীন্দ্র স্বরূপ সেই শ্রীকৃষ্ণের জয় হউক।

হে বীর! হে কামরসপ্রবীণ, তুমি সর্ব্বোৎকৃষ্ট, অতএব তোমার জয় হউক, তুমি দন্তাবলীদ্বারা হীরকের শোভা পরাভব করিয়াছ, তুমি তুল্যবল যে সকল বীরপুরুষ তাহাদের প্রতি বিক্রম প্রকাশ কর, হার কেয়ূরাদি ভূষণে ভূষিত

ছচ্ছুরিত বিহার স্থিরমণিহার।
প্রকটিত রাস স্তবকিত হাস।
স্ফুট পটবাস স্ফুরিত বিলাস।
ধ্বনদলিজালস্তুতবনমাল।
ব্রজকুলপাল প্রণয়বিশাল।
প্রবিলসদংস ভ্রমদবতংস।
কণদুরুবংশ স্বনহৃত হংস।
প্রশমিত দাব প্রণয়িষু তাব

হে স্তবকিতহাস। স্ফুট পটবাসেন ব্যক্ত পিষ্টাতাখ্যেন গন্ধচূর্ণেন স্ফুরিতো বিলাসঃ ক্রীড়া যস্য পিষ্টাতঃ পটবাসক ইত্যমরঃ। ধ্বনতাঽলিজালেন ভৃঙ্গবৃন্দেন স্তুতাবনমালা যস্য। ব্রজেতি পদদ্বয়ং স্ফুটার্থং। প্রবিলসতোঃ কান্তিমতোরংসয়োঃ স্কন্ধয়োঃ ভ্রমন্তাববতংসৌ কুণ্ডলে যস্য। কণং উরু বংশস্য স্বনেন হৃতা আকৃষ্টা হংসা যেন। প্রশমিতো দাবো মুঞ্জারণ্যাগ্নি র্যেন। হে প্রণয়িষু মিত্রেষু বিলসিতভাব। তাবৎ পদং বাক্যালঙ্কারার্থং। মিত্র

ব্রজরমণীগণে তুমি বিহার কর, তুমি মণিময় হারে-বিভূষিত, তুমি রাসবিহারী, সুমধুর হাস্য দ্বারা তোমার শ্রীমুখ সুশোভিত, তুমি সুন্দর পটবাস (আবির) দ্বারা সুশোভিত, তোমার কণ্ঠস্থ বনমালায় ভ্রমরগণ গুণ গুণ শব্দ করিতেছে, তুমি ব্রজবাসীগণের পালক, তোমার কলেবর প্রেমপরিপূর্ণ, স্কন্ধলম্বিত কর্ণ কুণ্ডল তোমার অপূর্ব্ব শোভা সম্পাদন করিতেছে, তুমি মধুর বংশীগানে পরমহংস দিগকেও আকর্ষণ করিয়া থাক, তুমি আত্মীয় জনের প্রণয়াসক্ত হইয়া দাবা-

স্বিলসিত ভাব স্তনিত বিরাব।
স্তনঘনরাগশ্রিতপরভাগ।
ক্ষত হরিযাগ ত্বরিত ধৃতাগ॥ বীর॥ ০॥
স্থিতিনিয়তিগতীতে ধীরতা হারি গীতে
প্রিয়জন পরিবীতে কুঙ্কুমালেপপীতে।
কলিতনবকুটীরে কাঞ্চ্যদঞ্চৎ কটীরে

প্রেম্না দাবাগ্নিপানমিতি ভাবঃ। স্তনিতং মেঘগর্জ্জিতং তদিব বিরাবঃ স্বরো যস্য। স্তনিতং গর্জ্জিতং মেঘনির্ঘোষে রসিতাদি চেত্যমরঃ। স্তন-ঘন রাগেণ বল্লবী সান্দ্র কুচকুঙ্কুমেন শ্রিতঃ পরভাগ উর্দ্ধকায়ো যস্য। ক্ষতো বিধ্বস্তো হরেরিন্দ্রস্য যাগো যেন। ইন্দ্রকৃতোপদ্রব শান্তয়ে ত্বরিতং ধৃতোঽগো গিরির্যেন P হে বীর বিশিষ্টপ্রেরণ॥ ০॥

কলিকান্তে শ্লোকঃ। স্থিতীতি। গোষ্ঠবীরে কৃষ্ণে রতির্নোঽস্মাকং স্ফুরতু। কীদৃশি স্থিতি নিয়তিং বেদমর্য্যাদা নিয়মমতীতেঽতিক্রম্য বর্ত্তমানে। গোপপত্নীভিঃ সহ বিহারাৎ। তাভিঃ সহ বিহারায় কলিতনবকুটীরে কাঞ্চ্যা

গ্নির শান্তি করিয়াছ, নবীন মেঘের গম্ভীর শব্দের ন্যায় তো-মার কণ্ঠস্বর, ব্রজরমণীগণের কুচকুঙ্কুমাদি রাগে তোমার কলেবর সুশোভিত, তুমি ইন্দ্রের যজ্ঞহন্তা, তুমি গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া ব্রজধাম রক্ষা করিয়াছ॥

হে শ্রীকৃষ্ণ! তুমি ব্রজরমণীর সহিত বিহার করিয়া বেদবি-হিত নিয়ম অতিক্রম করিয়াছ, তোমার বংশীধ্বনি শ্রবণ করিলে সকলের ধৈর্য্য চ্যুতি হয়, তুমি সর্ব্বদা ভক্তগণে পরি-বেষ্টিত, তুমি কৃষ্ণবর্ণ হইলেও কুঙ্কুমাদি অনুলেপনে পীতবর্ণ,

স্ফুরতু রস গভীরে গোষ্ঠবীরে রতির্নঃ ॥
অম্বা বিনিহিত চুম্বা মলতর
বিম্বাধরমুখলম্বালক জয় ॥ দেব ॥ ৪ ॥
দৃষ্ট্বা তে পদনখকোটিকান্তিপূরং
পূর্ণানামপি শশিনাং শতৈর্দুরাপং।

স্বর্ণমেখলয়া উদঞ্চৎ সুন্দরং কটীরং যস্ত তস্মিন্। স্ফুটার্থমন্তৎ। শ্লোকাত্বিরুদঃ। অম্বেতি। অম্বয়া মাত্রা বিরচিতশ্চুম্বো যস্মিং স্তথা ভূতো অমলতরোঽতি স্বচ্ছো বিম্বতুল্যোঽধরোযত্র তথা ভূতে মুখে লম্বা অলকা যস্য। হে দেব ত্বং জয় ॥ ৪ ॥
অথোৎপল কলিকারম্ভে শ্লোকঃ। দৃষ্ট্বেতি। হে মুরহর। কন্দর্প স্তে পদ নখ কোটীনাং চরণ নখরাগ্রাণাং কান্তিপূরং ছবিপ্রবাহং দৃষ্ট্বা মুক্ত-

---

তুমি অভিনব কুঞ্জকুটীরে ব্রজগোপীর সহিত বিরাজ কর, তোমার কটিদেশ স্বর্ণময় কাঞ্চীভূষণে ভূষিত, তুমি সমস্ত রসের আশ্রয়, এজন্য তোমার গাম্ভীর্য্যের ইয়ত্তা নাই, তুমি এই ব্রজধামের অধিপতি, অতএব তোমাতে আমার অবিচলিত অনুরাগ থাকুক। বিম্বাধর শোভিত ও লম্বিত অলকাবলি যুক্ত ত্বদীয় মুখমণ্ডল চুম্বন করিয়া তোমার জননী শ্রীমতী যশোদা আপার আনন্দ লাভ করেন, অতএব হে দেব! তোমার জয় হউক ॥ ৪ ॥

হে মুরহর! শত শত পূর্ণিমা শশধরেরও দুর্লভ ত্বদীয় চরণ নখাগ্রশোভা সন্দর্শন করিয়াই যেন কন্দর্প বিরূপ ও বিবর্ণ হইয়া অশরীরী হইয়াছেন। হে শ্রীকৃষ্ণ! তুমি শর্করোপল (শর্করা খাবরা উপল শিলাখণ্ড) বর্ষী মহাবাত্য

নির্ব্বিন্নোমুরহর মুক্তরূপা।
কন্দর্পঃ স্ফুট মশরীরতামিয়াসীৎ ॥ উৎপলং ॥ ০ ॥
নর্ত্তিত শর্ক্কর চর্ক্কৃত কর্ক্কর।
বৃদ্ধ মরুত্তরতর্দ্দন নির্ভর।
দুষ্ট বিমর্দ্দন শিষ্টবিবর্দ্ধন।
সর্ব্ববিলক্ষণ মিত্রকৃতক্ষণ।

রূপদর্পো নির্ব্বিন্নশ্চ সন্নশরীরতামিয়াসীৎ প্রাপ্তঃ স্ফুটার্থমন্যৎ। তথাচ তব রূপং কেন কবিনা কবিতায়াং বদ্ধুং শক্যমিতি ভাবঃ। উৎপলমিতি। চণ্ডবৃত্ত ভেদ নখে উৎপলাখ্যঃ প্রভেদো বর্ণ্য ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। তাভ্যাং বিনির্ম্মিতৈ রংশৈরাদ্যান্তু শ্লিষ্টযোগতঃ। চতুর্থাচ্চ তথা ধীরা উৎপলাখ্যং প্রচক্ষ্যতে ইতি। নর্ত্তিতাঃ শর্করাঃ সূক্ষ্মকর্পরা যেন তাদৃশশ্চ চর্ক্কৃতাঃ কর্করাঃ তীক্ষ্ণ দৃঢ় মৃদংশা যেন তাদৃশশ্চ যো বৃদ্ধো মরুত্তর তৃণাবর্ত্তলক্ষণঃ পবনাতিশয়ো হতি রুক্ষস্তং তর্দ্দয়তি হিনস্তি বিনাশয়তীতি তথা শর্করা খণ্ড-বিকৃতা বুপলাকর্পরাংশয়োরিতি। কর্করো দর্পণে দৃঢ়ে ইতি বিশ্বং। চর্ক্কৃতেত্যনু করণ শব্দোয়ং। নির্ভরেণাতিশয়েন দুষ্টান্ বেদবাহ্যান্ বিমর্দ্দয়তীতি শিষ্টান্ বৈদিকান্ বিবর্দ্ধয়তি তত্তৎ সম্বোধনে তথা। সর্ব্বেভ্যোবদ্ধমুক্ত নিত্য-মুক্তেভ্যো বিরুদ্ধানি লক্ষণানি চিহ্নানি যস্য হে সর্ব্বেশ্বর সর্ব্বকারণেত্যর্থঃ। মিত্রৈঃ কৃতঃ ক্ষণ উৎসবো যস্য। সদ্ভুজেন লক্ষিতো ধৃতো যঃ পর্ব্বতস্তেন

রূপধারী তৃণাবর্ত্ত নামক কংস ভৃত্যকে বিনাশ করিয়াছ, তুমি বেদবাহ্য দুষ্টগণের নিগ্রাহক ও বেদপথ প্রবৃত্ত শিষ্ট জনের পরিপালক, তুমি সর্ব্বেশ্বর ও সকলের কারণ, তোমার আ-ত্মীয়গণ সর্ব্বদা তোমার উৎসবে প্রবৃত্ত, তুমি বাম হস্ত দ্বারা

সম্ভুজলক্ষিত পর্ব্বতরক্ষিত
নিষ্ঠুর গর্জন খিন্ন সুহৃর্জ্জন।
রুষ্টদিবস্পতি গর্ব্বসমুন্নতি।
তর্জ্জন বিভ্রমনির্গলিতভ্রম।
শক্রকৃতস্তব বিস্ফুরদুৎসব॥ বীর॥ ০॥
বুদ্ধীনাং পরিমোহনঃ কিল হ্রিয়ামুচ্চাটনঃ স্তম্ভনো
ধর্ম্মোদগ্রভিয়াং মনঃ করটিনাং বশ্যত্বনিষ্পাদনঃ।

রক্ষিতা নিষ্ঠুরাক্রন্দাদ্গর্জনান্মেঘশব্দাৎ খিন্নাঃ সুহৃজ্জনা যেন। রুষ্টস্য দিবস্পতে রিন্দ্রস্য গর্ব্বসমুন্নতিং তর্জ্জয়তি তাদৃশো বিলাসো যস্য নির্গলিতো ভ্রমঃ কৃষ্ণে প্রাকৃত মনুষ্যত্ব ধীর্যস্য তাদৃশেন শক্রেণ কৃতঃ সর্ব্বেশ্বরোঽস্মাৎ স্বামীত্বমস্মান্ ভৃত্যান্ রক্ষেত্যেবং লক্ষণঃ স্তবো যস্য ততো বিস্ফুরন্নুৎসবঃ শক্রাদিকৃতো গোবিন্দাভিষেকো যস্য॥

কলিকান্তে শ্লোকঃ বুদ্ধীনামিতি। হে কালিন্দীকলহংস যমুনাবিহরিন্। তব বৈণবপঞ্চমধ্বনিময়ো বেণুনাদাত্মমন্ত্রাধিরাজো জীয়াৎ। মন্ত্রগুণান্ দর্শয়ন্ বিশিনষ্টি স কীদৃক্ সুভ্রুবাং বুদ্ধীনাং পতিভক্তিরেধ পরমোধর্ম্ম ইতি নিশ্চয়াত্মকান্তঃকরণ বৃত্তীনাং পরিমোহনঃ কথমস্থি তং যাস্তাম ইত্যদ্ভুদি-

---

গোবর্দ্ধন ধারণ করিয়া ভয়ানক বাত বিদ্যুৎ বর্ষা হইতে আত্মীয়গণকে রক্ষা করিয়াছ এবং যজ্ঞ বিনাশ হেতু অতিক্রুদ্ধ ইন্দ্রের গর্ব্ব খর্ব্ব করিয়াছ, ইন্দ্রের ভ্রম দূর হইলে তিনি তোমার কত স্তব ও উৎসব করিয়াছিলেন॥

হে যমুনাবিহারিন্! শ্রীকৃষ্ণ! যাহা হইতে ব্রজ রমণীগণের বুদ্ধি বৃত্তি বিমোহিত হয় এবং লজ্জার উচ্চাটন, ধর্ম্ম-

কালিন্দীকলহংস হস্ত বপুষা মাকর্ষণঃ স্বভ্রুবাং
জীয়াদ্বৈণবপঞ্চমধ্বনিময়ো মন্ত্রাধিরাজঃ স্তব ॥ ০ ॥
কাননারব্ধ কাকলীশব্দ
পাটবাকৃষ্ট গোপিকাদৃষ্ট
চাতুরীজুষ্ট রাধিকাতুষ্ট
কামিনীলক্ষ মোহনে দক্ষ
ভাবিনীপক্ষ মামমুং রক্ষ ॥ দেব ॥ ৫ ॥

তাসাং হ্রিয়ামুচ্চাটনঃ ধর্ম্মাচ্ছুদগ্রাণামুং কুষ্টানাং ভিয়াং স্তম্ভনঃ। মনঃ করটিনাং চিত্ত হস্তিনাং বশ্যত্ব নিষ্পাদনঃ স্বাধীনত্বকরঃ। তাসাং বপুষা মাকর্ষণশ্চেতি মোহনোচ্চাটন স্তম্ভন বশীকরণাকর্ষণানি মন্ত্রকার্য্যাণি ক্রমাদুক্তানি ॥ ০ ॥

অথ শ্লোকান্তে বিরুদঃ। কাননেতি কাননে বৃন্দাটব্যামারব্ধস্য বেণুনোচ্চারিতস্য কাকলী শব্দস্য পাটবেন নৈপুণ্যেনাকৃষ্টাভির্গোপিকাভির্দৃষ্ট সাক্ষাৎকৃত হে। কাকলীতু কলে সূক্ষ্মে ইত্যমরঃ। তাসু চাতুরী জুষ্টয়া রাধিকয়া তুষ্ট পরিতোষিত হে। হে ভাবিনীপক্ষ স্ত্রীসখ৭ স্ফুটমন্যৎ ॥ ৫ ॥

ভয়ের স্তম্ভন ও চিত্ত হস্তীর বশীকরণ এবং শরীরাকর্ষণ হয়, এইরূপ পঞ্চমস্বর শোভিত বংশীধ্বনি নামক তোমার সেই মন্ত্ররাজের জয় হউক।

হে শ্রীকৃষ্ণ! শ্রীবৃন্দাবনে তোমার বংশীস্বরে আকৃষ্ট হইয়া গোপিকাগণ তোমার নিকট আগমন পূর্ব্বক তোমার মধুর মূর্ত্তি দর্শন করেন, পরম চতুরা শ্রীরাধিকাকে দর্শন করিয়া তুমি অতিশয় সন্তোষ লাভ কর, তুমি লক্ষ ২ কামিনীর প্রীতি সাধনে দক্ষ ও তাহাদিগের একমাত্র সখা, অতএব হে দেব! এক্ষণে আমাকে রক্ষা কর ॥ ৫ ॥

অজর্জ্জর পতিব্রতা হৃদয়বজ্রভেদোদ্ধুরাঃ
কঠোর বরবর্ণিনী নিকরমানবর্ম্মচ্ছিদঃ।
অনঙ্গ ধনুরুদ্ধতপ্রচল চিল্লিচাপচ্যুতাঃ
ক্রিয়াসুরঘবিদ্বিষ স্তব-মুদং কটাক্ষেষবঃ॥ তুরঙ্গ॥ •॥
সঙ্কলবিচকিল কুণ্ডল মণ্ডিত বরতনু মণ্ডল

অথ তুরঙ্গকলিকারম্ভে শ্লোকঃ। অজর্জ্জরেতি। অঘবিদ্বিষঃ কৃষ্ণস্য কটাক্ষেষব স্তব মুদং ক্রিয়াসুঃ। আশিষি লিঙ্। কীদৃশাস্তে। অনঙ্গধনুষো প্যুদ্ধতো দৃপ্তোযঃ প্রচলশ্চিল্লিচাপো ভ্রূধনু স্তস্মাচ্চ্যুতাঃ। 'অজর্জ্জরাণি নবী -নানি পতিব্রতানাং যানি হৃদয় বজ্রাণি তেষাং ভেদে উদ্ধুরাঃ সগর্ব্বাঃ নজর্জ্জরোবাচ্যবর্জ্জীর্ণে ইতি বিশ্বঃ। কঠোরাণি দৃঢ়ানি যানি বরবর্ণিনী নিকরাণা মুত্তমযুবতিবৃন্দানাং মানবর্ম্মাণি তানি ছিন্দন্তি বিদারয়ন্তীতি তথা। তুরঙ্গ ইতি। চণ্ডবৃত্ত ভেদে নথে তুরঙ্গাখ্যঃ প্রভেদো বর্ণ্য ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। ভণজৈর্লেন সংবদ্ধৈরাদেরষ্টমত 'স্তথা। স্ফুরন্মধুর সংযুক্তৈ ংরংশৈ র্বদ্ধস্তুরঙ্গক ইতি।

সঙ্কলে বিচকিলকুণ্ডলে মল্লিনির্ম্মিত কর্ণ ভূষণে যস্য। মণ্ডিতো বরতনুনা মণ্ডলো যেন সঃ। কুণ্ডলিপতিনা কালিয়েন কৃত'সঙ্গরো যেন। খণ্ডিতো

হে ভক্তগণ! অঘ সংহারী হরির কটাক্ষরূপ শর নিকর তোমাদের অসীম আনন্দ বিধান করুন, যাহা কামধনুর ন্যায় উদ্ধত ভ্রূকার্ম্মুক হইতে নিঃসৃত হইয়া অভেদ্য পতি-ব্রতা গণের হৃদয় বজ্রভেদ ও বরবর্ণিনীদিগের কঠোর মান বর্ম্ম ছেদ করিতে সমর্থ হইতেছেন॥

হে শ্রীকৃষ্ণ! সুন্দর মল্লিকা কুসুম তোমার কর্ণ ভূষণ হইয়াছে, তুমি ব্রজরমণীগণকে নানাবিধ ভূষণ দ্বারা ভূষিত

কুণ্ডলিপতিকৃতসঙ্গর খণ্ডিতভুবনভয়ঙ্কর।
শঙ্কর কমলজ বন্দিত কিঙ্কর স্তুতিলব নন্দিত।
গঞ্জিত সমদপুরন্দর চঞ্চলদমনধুরন্ধর।
বন্ধুরগতিজিতসিন্ধুর চন্দনসুরভিতকন্ধর।
সুন্দরভুজলসদঙ্গদ সঙ্গদ সখিগণরঙ্গদ।
ঝঙ্কৃতিকরমণিকঙ্কণ কুন্তললুঠদ্রুরঙ্গণ।

ভুবন ভয়ঙ্করঃ কালিয়ো যেন। ইতঃপরং পদত্রয়ং স্ফুটার্থং। চঞ্চলানাং গোবিপ্র বিদ্রোহিণাং দমনে ধুরন্ধরাতিসমর্থ হে। ইতঃপরং পদত্রয়ং বিশদার্থং। সঙ্গমস্যাসক্তিং দ্যতি খণ্ডয়তি ধ্যাতঃ সন্নিতি তথা। সখিগণেভ্যঃ স্বসৌন্দর্য্যাদিনা রঙ্গমদ্ভুতজ্ঞানং দদাতীতি তথা। ঝঙ্কৃতিকরে লঘুপদকাবলি যোগাদস্তঃ কলাবয়স্তাদ্বা ঝণিতি ধ্বনিকারিণী মণিজটিতে কঙ্কণে বলয়ে যস্য কুন্তলেষু লুঠন্ত্যারুণি রঙ্গণনামকানি পুষ্পাণি যস্য। কুঙ্কুমরুচি পীতং

কর, তুমি সর্পরাজ কালিয় নাগের সহিত যুদ্ধ করিয়াছ এবং ঐ যুদ্ধে ভুবনভয়ঙ্কর সেই সর্পের গর্ব্ব খর্ব্ব করিয়াছ, তুমি মহাদেব ও ব্রহ্মার আরাধ্য, ভক্তগণ তোমার কিঞ্চিৎ স্তব করিলেই তুমি আনন্দিত হও, তুমি মদমত্ত পুরন্দরের গর্ব্ব খর্ব্ব করিয়াছ, তুমি গো ব্রাহ্মণ বিরোধি দুষ্ট দমনে ধুরন্ধর, তুমি সুন্দর গমনদ্বারা মাতঙ্গগতি পরাজয় করিয়াছ, তোমার গ্রীবাদেশ চন্দনাদি সুগন্ধে সুবাসিত, ত্বদীয় ভুজদ্বয় সুন্দর অঙ্গদ ভূষণে ভূষিত, তোমার চিন্তায় ভক্তগণের বিষয়াসঙ্গ দূরীভূত হয়, তুমি নিজ সখীবৃন্দের আনন্দপ্রদ, তোমার হস্তদ্বয়ে মণিময় বলয় থাকায় উহার সুন্দর ঝঙ্কার শব্দ হই-

কুঙ্কুমরুচিলসদম্বর লঙ্গিমপরিমলডম্বর।
নন্দভবনবরমঙ্গল মঞ্জুলঘুসৃণসুপিঙ্গল
হিঙ্গুলরুচিপদ পঙ্কজ সঞ্চিতযুবতিসদঙ্গজ।
সন্ততমৃগমদপঙ্কিল সংতনু ময়ি কুশলং কিল ॥ বীর ॥ ০ ॥
গিরিতটী কুলটী কুলপিঙ্গলে
খলতৃণাবলি সংজ্বলদিঙ্গলে।

লসদম্বরং বাসো যস্য। লঙ্গিমোঽতি রম্যঃ পরিমল ডম্বরঃ সৌরভ্য বিস্তারো যস্য ইতঃ পরং পদদ্বয়ং স্ফুটার্থং। হিঙ্গুলরুচিঃ শোণবর্ণং পদপঙ্কজং পাদাব্জতলং যস্য। সঞ্চিতো বর্দ্ধিতো যুবতিষু সন্ প্রেমাত্মকোঽঙ্গজঃ কামো যেন প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথামিতি স্মৃতেঃ। ইতঃপরং প্রকটার্থং সংতনু বিস্তারয় ॥ ০ ॥

কলিকান্তে শ্লোকঃ। গিরীতি। ব্রজমঙ্গলে কৃষ্ণে মম রতির্ভাবো বসতা

তেছে, তোমার কর্ণ কুণ্ডলে সুন্দর রঙ্গণ পুষ্পশোভিত হইতেছে, তোমার বসন কুঙ্কুমের ন্যায় পীতবর্ণ, সুন্দর পরিমল সমূহে তোমার শ্রীঅঙ্গ সুবাসিত, তুমি নন্দালয়ের পরম মঙ্গল স্বরূপ, কুঙ্কুমাদি অনুলেপনে তোমার শ্রীঅঙ্গ সুন্দর পিঙ্গল বর্ণ হইয়াছে, তোমার চরণতল হিঙ্গুলেরন্যায় রক্ত বর্ণ, তুমি ব্রজরমণী গণের হৃদয়ে সুন্দর প্রেম পরিবর্দ্ধিত করিয়াছ, তোমার শ্রীঅঙ্গ সুন্দর মৃগমদ অনুলেপনে পঙ্কিল হইয়াছে, অতএব হে শ্রীকৃষ্ণ! তুমি আমার কল্যাণ বিস্তার কর ॥

সুন্দর গৈরিক ধাতু দ্বারা যাঁহার শ্রীঅঙ্গ পিঙ্গল বর্ণ হই-

প্রখর সঙ্গর সিন্ধুতিমিঙ্গি
মম রতির্বলতাং ব্রজমঃ
জয় চারুদাম ললনাভিরাম
জগতী ললাম রুচিহুতবাম॥ ধীর॥ ৬॥
উন্দিত হৃদয়েন্দুমণিঃ পূর্ণকলঃ কুবলয়োল্লাসী

মস্ত। কীদৃশে গিরিতটীষু যাঃ কুলট্যো ধাতুভেদা মনঃশিলা স্তাসাং কুলেন পিঙ্গলে পিশঙ্গে। নৈপালী কুলটী গোলেত্যমরঃ। খলতৃণাবলিষু সংজ্বলদিঙ্গলে দীপ্যমানাঙ্গারে প্রখরস্তীক্ষ্ণো যঃ সঙ্গরসিন্ধু স্তস্মিন্ তিমিঙ্গিলে তন্নাম্নি মহামৎস্য বিশেষে তদ্বত্তত্র নির্ভয় তয়া ক্রীড়তীত্যর্থঃ। অবর মৎস্যানাং তিমিঙ্গিল ইব রিপূণাং যোনাশকৃদিত্যর্থঃ॥ ০॥

শ্লোকান্তে বিরুদঃ। জয়েতি চারুদামভি ধৃতোত্তম মুক্তাদিহারাভির্ললনাভিঃ স্ত্রীভিরভিরাম রুচির হে। হে জগতীললাম বিশ্বভূষণ ললামং লাঞ্ছনে ধ্বজে শৃঙ্গে প্রধানে ভূষায়াম্নিতি মেদিনী। রুচ্যা কান্ত্যাহুতা বামা যেন হে তথাভূত॥ ৬॥

অথ গুণরতি কলিকাপ্রারম্ভে শ্লোকঃ। উন্দিত ইতি। বৃন্দাটবীচন্দ্রো

আছে, যিনি খলরূপ তৃণ রাশির জ্বলন্ত অনল স্বরূপ, এবং যিনি ঘোরতর সংগ্রাম সমুদ্রের তিমিঙ্গিল মৎস্য স্বরূপ, সেই ব্রজ মঙ্গলকর শ্রীকৃষ্ণে আমার ভক্তি হউক॥

হে শ্রীকৃষ্ণ! তুমি সুন্দর হারাদি ভূষণে ভূষিত, ব্রজরমণী গণে পরিবেষ্টিত, তুমি বিশ্বের ভূষণ, তোমার শ্রীঅঙ্গের কান্তিতে গোপিকাগণ আকৃষ্ট হন, অতএব হে ধীর! তোমার জয় হউক॥ ৬॥

যাঁহার উদয়ে ভক্তগণের চিত্তরূপ চন্দ্রকান্তমণি আর্দ্র

পরিতঃ শার্ব্বরমথনো বিলসতি বৃন্দাটবীচন্দ্রঃ ॥ ০ ॥

গুণরতিঃ

প্রকটীকৃতগুণ শকটীবিঘটন।

নিকটীকৃতবন লকুটীবরবন।

পটলী তটচর নটনীলমধুর।

বিলসতি। চন্দ্রতাং প্রতিপাদয়িতুং বিশিনষ্টি। স কীদৃশঃ। উদ্দিত্ত আর্দ্রী কৃতোহৃদয়েন্দুমণির্ভক্তচিত্ত চন্দ্রকান্তো যেন সঃ। পূর্ণাঃ কলাশ্চতুঃ ষষ্টিঃ ষোড়শ চ যত্র সঃ। কুবলয়ানি ভূমণ্ডলানি নীলাম্বুজানি চোল্লাসয়তীতি তচ্ছীলঃ। শার্ব্বরান্ হিংস্রান্ শার্ব্বর গন্ধতমসঞ্চ মথ্নাতীতি সঃ। শার্ব্বরং ত্বন্ধতমসে শার্ব্বরো ঘাতকেন্তবদিতি বিশ্বঃ। রূপক শ্লেষাঙ্গিকা প্রথমাতি শয়োক্তি রিয়ং। উপমানেন চন্দ্রেণোপমেয়স্য কৃষ্ণস্যান্তর্নিগীর্ণস্যাধ্যবসানাৎ। তত্রোদ্দিতেতি রূপকং। পূর্ণেত্যাদিত্রয়েতু শ্লেষঃ ॥ ০ ॥

গুণরতিরিতি। চণ্ডবৃত্ত নখে ভেদে নখে গুণরতি নামাপ্রভেদো বর্ণ নীয় ইত্যর্থঃ। তল্লক্ষণঞ্চ। সলনৈঃ কল্পিতৈরংশৈস্তৃতীয়ে দীর্ঘশালিভিঃ।

হয়, যিনি নিখিল কলায় পরিপূর্ণ, যাঁহার উদয়ে জগৎ উল্লসিত হয় এবং যিনি সমস্ত দুষ্ট জনের নিগ্রহকারী, (পক্ষে যিনি সমস্ত অন্ধকারের বিনাশী) এই প্রকার সেই গোকুলচন্দ্র আমার হৃদয়ে বিরাজ করুন ॥

হে শ্রীকৃষ্ণ! তুমি কারুণ্য বাৎসল্যাদি গুণে পরিপূর্ণ, তুমি অতি শৈশবে কোমল চরণাগ্র দ্বারা শকট ভঞ্জন করিয়াছ, তুমি পশুপালনার্থ বন্য যষ্টি ধারণ করিয়া বৃন্দারণ্যে বিচরণ করিতেছ, তুমি নৃত্য প্রিয়, ও মধুর মূর্ত্তি, তুমি

সুরভীকৃতবন সুরভীহিতকর।
মুরলী বিলসিত খুরলীহৃতজগ
দরুণাধর নবতরুণায়তভুজ।
বরুণালয় সম করুণাপরিমল।
কলভায়িতবল শলভায়িতখলঃ।
ধবলাধৃতিহর গবলাশ্রিতকর।

বদ্ধং গুণরতিং নাম্না চণ্ডবৃত্তং প্রচক্ষ্যতে ইতি ॥ • ॥

প্রকটীকৃতাঃ গুণাঃ কারুণ্যবাৎসল্যাদয়ো যেন। শকটীমসুরাবিষ্টাং বিঘট য়তীতি প্রবাল মৃদুপাদ চালনেন ভনক্তীতি তথা। নিকটীকৃতাং সন্নিধাপিতাং নব লকুটীং বৃণোতি পাণৌ স্বীকরোতীতি তথা। বনপটলীষু বিপিন সমূহেষু চরতীতি তথা। হে নটলীল হে মধুর। অঙ্গসৌরভেণ সুরভীকৃতানি বনানি যেন। হে সুরভীণাং গবাং হিতকর। মুরল্যাঃ বিলসিতয়া খুরল্যা বাদনাভ্যাসেন হৃতং বশীকৃতং জগদ্যেন। হে অরুণাধর হে নবতরুণ। হে আয়তভুজ। বরুণালয়সমঃ সমুদ্রতুল্যঃ করুণাপরিমলঃ কৃপাবিস্তারো যস্য। কলভায়িতেন করিশাবক সমেন বলেন রামেণ শলভায়িতঃ পতঙ্গ সমতাং নীতঃ খলঃ প্রলম্বাসুরো যেন ধবলানাং গবাং ধৃতিং হরতি তাদৃশেন গবলেন মাহিষ শৃঙ্গেণাশ্রিতঃ করো যস্য। ইতঃপরং পদত্রয়ং স্ফুটার্থং। কলেন

শ্রীঅঙ্গের সৌরভে শ্রীবৃন্দাবন সুবাসিত করিয়াছ, তুমি সুরভীগণের হিতকারী, তোমার বংশীরবে জগৎ বশীভূত হয়, তোমার অধরবিম্ব অরুণবর্ণ, তরুণ বয়স হেতু তোমার বিশাল বাহুদ্বয় সুন্দর শোভা করিতেছে, তুমি গাম্ভীর্য্যে সমুদ্র তুল্য ও করুণাপরিপূর্ণ, তুমি মাতঙ্গ তুল্য বলবান্, বলদেব দ্বারা প্রলম্বাসুর বধ করিয়াছ, তুমি মহিষ শৃঙ্গের শব্দ করিয়া

সরসীকৃতনর সরসীরুহধর।
কলসীদধিহর কলশীলিতমুখ
ললিতারতিকর ললিতাবলিপর ॥ ধীর ॥ ০ ॥
হরিণীনয়নাবৃতপ্রভো কারিণীবল্লভকেলিবিভ্রম।

ডিম্বাহ্বান লক্ষণেন মধুরধ্বনিনা শীলিতং সেবিতং মুখং যস্য। ললিতায়াং রতিং ভাবং করোতি জনয়তীতি তথা। ললিতানাং মনোজ্ঞানাং যুবতীনা মাবলিঃ শ্রেণি স্তৎপর তদাশক্ত হে ধীর ॥ ০ ॥

কলিকান্তে শ্লোকঃ। হরিণীতি হে হরিণীনয়নাভিঃ প্রিয়াভিরাবৃত। হে প্রভো তাভিঃ ক্রীড়ায়াং সমর্থ। করিণীবল্লভস্য গজরাজস্যেব কেলিবিভ্রমঃ ক্রীড়াচ্ছবির্যস্য হে তথাভূত। হে তুলসীপ্রিয়। দানবাঙ্গনা কুলস্য সীমন্তং কেশবেশং হরত্যপনয়তীতি হে তথাভূত। পতিবধেন বৈধব্যাত্তাঃ সীমন্তং

(শিঙ্গা বাজাইয়া) গাভীগণের ধৈর্য্য হরণ কর, তুমি বংশী গাণ দ্বারা নীরস মনুষ্যকেও সরস করিয়া থাক, তুমি বিলা-সের নিমিত্ত দক্ষিণ হস্তে একটী পদ্মপুষ্প ধারণ করিতেছ, তুমি বাল্যকালে কলসস্থ দধি নবনীত প্রভৃতি উপাদেয় বস্তুর অপহারক, তোমার শ্রীমুখ মধুরস্বরে সুশোভিত, তুমি ললিতার অনুরাগ বর্দ্ধক, তুমি যুবতী বৃন্দে পরিবেষ্টিত ॥

হে তুলসীপ্রিয়, শ্রীকৃষ্ণ, তুমি হরিণনয়না গোপাঙ্গনায় পরিবেষ্টিত হইয়া করিণীপতি মাতঙ্গের ন্যায় কেলি করি-তেছ, তুমি দানব কামিনীদিগকে কেশ বিন্যাসাদি বেশ ভূষায় বিবর্জ্জিত করিয়াছ, অর্থাৎ উহাদিগকে বিধবা করি-

তুলসীপ্রিয়দানবাঙ্গনা কুলসীমন্তহর প্রসীদ মে॥
চন্দন চর্চ্চিত গন্ধসমর্চ্চিত।
গণ্ডবিবর্ত্তন কুণ্ডলনর্ত্তন।
সন্দলদুজ্জ্বলকুন্দলসদ্গল।
বঞ্জুল কুট্মল মঞ্জুল কজ্জল।
সুন্দরবিগ্রহ নন্দনসদ্গ্রহ॥ বীর॥ ৭॥
রতি মম্বুবধ্যগৃহেভ্যঃ কর্ষতি রাধাং বনায় যা নিপুনা।

নরচরস্তীত্যর্থঃ। যেন দানবনারীণাং সীমন্তোদ্ধরণং কৃতমিতি হরিবংশাৎ। ত্বং মে প্রসীদ॥ ০॥

শ্লোকান্তে বিরুদঃ। চন্দনেতি পদদ্বয়ং স্ফুটার্থং গণ্ডবিবর্ত্তনেন কপোল চাপলেন কুণ্ডল নর্ত্তনং যস্য। সন্দলদ্ভিঃ বিকসদ্ভি রুজ্বলৈঃ কুন্দৈ স্তন্মালাভির-ত্যর্থঃ। লসন্ গলঃ কণ্ঠো যস্য। বঞ্জুলস্যাশোকস্য কুট্মলেন মঞ্জুল হে। বঞ্জুলোঽ শোকে ইত্যমরঃ। হে কৃষ্ণ সুন্দরবিগ্রহ দলিতাঞ্জনং চিক্কণ। হে নন্দনসদ্গ্রহ পিতৃ বিষয়ক দীপ্যমান ভক্তিনির্বন্ধ॥ ৭॥

অথ মাতঙ্গ খেলিত কলিকারম্ভে শ্লোকঃ॥ ০॥

রতিমিতি। হে শ্রীকৃষ্ণ তব বরবংশজ কাকলী নিসৃষ্টার্থা দূতী জয়তি।

য়াছ, অতএব হে প্রভো! এক্ষণে আমার প্রতি প্রসন্ন হও॥

হে শ্রীকৃষ্ণ! চন্দনাদিসুগন্ধে তোমার শ্রীঅঙ্গ সুবাসিত, দোদুল্যমান কুণ্ডল যুগল তোমার কর্ণ যুগলে সুশোভিত, সুন্দর কুন্দমালা তোমার গলদেশে শোভা করিতেছে, তুমি শ্রীঅঙ্গে অশোক কলিকা নির্ম্মিত ভূষণ ধারণ করিতেছ, দলিত অঞ্জনের ন্যায় ত্বদীয় অঙ্গকান্তি শোভা পাইতেছে, তুমি শ্রীনন্দের প্রিয়॥ ৭॥

হে শ্রীকৃষ্ণ! যিনি সদ্বংশজ ও দূতীর কার্য্য করিতে

সা জয়তি নিসৃষ্টার্থা বরবংশজকাকলীদূতী
মাতঙ্গখেলিতং ॥
নাথ হে নন্দগেহিনীশন্দ।
পূতনাপিণ্ডপাতনে চণ্ড।
দানবেদণ্ড করিকাখণ্ড

কীদৃশী নিপুণা উভয়কার্য্যসাধনে প্রবীণা। নৈপুণ্যমাহ। যা রতিমনুবধ্য ভাবং নির্বন্ধেনাপাদ্য গৃহেভ্যোবনায় রাধাং কর্ষতি গময়তীত্যর্থঃ। তল্লক্ষণমুক্তং। দ্বয়োরিঙ্গিতমাদায় স্বয়মুত্তরদায়িকা। সুশ্লিষ্টং কুরুতে কার্য্যং নিসৃষ্টার্থাতু সা মতেতি। মাতঙ্গেতি। চণ্ডবৃত্তভেদে নথে মাতঙ্গখেলিতাখ্যঃ প্রভেদো-বর্ণনীয় ইত্যর্থঃ তল্লক্ষণঞ্চ। রগলৈঃ কল্পিতৈ রংশৈঃ প্রথমেচ তৃতীয়কে। দীর্ঘযুক্তৈশ্চতুর্থাত্তু মধুরশ্লিষ্ট যোগিভিঃ। নিবদ্ধঞ্চণ্ডবৃত্তস্ত নাম্না মাতঙ্গ খেলিত মিতি। নাথ হে স্বামিন্ নন্দগেহিন্যৈ যশোদায়ৈ স্বজন্মনা শং কল্যাণং দদাতীতি তথা। পূতনায়া রাক্ষস্যাঃ পিণ্ডো দেহস্তস্য পাতনে বৃহদ্বল স্ব রাজধানীতো বহির্নিক্ষেপণে চণ্ড সকোপ হে। সংঘাত গ্রাসয়োঃ পিণ্ডী দ্বয়োঃ পুংসি কলেবরে ইতি নামার্থবর্গঃ। হে দানবে বকাদৌ দণ্ডকারক। অখণ্ডঃ

বিশেষ বিচক্ষণ, যিনি শ্রীরাধিকার হৃদয়ে অনুরাগ সঞ্চার করিয়া তাঁহাকে গৃহ হইতে অরণ্য প্রদেশে আনয়ন করেন এই প্রকার ত্বদীয় সেই বংশীধ্বনিরূপ দূতীর জয় হউক ॥

হে নাথ! শ্রীকৃষ্ণ! তুমি নন্দগেহিনী শ্রীমতী যশোদার আনন্দপ্রদ, তুমি পূতনার দেহ পাত করিয়াছ, তুমি বাল্য-কালে অমোঘ বলবীর্য্য প্রভাবে দুষ্ট দানবগণ নিগ্রহ করি-য়াছ, হে গোবিন্দ! তুমি সেই বিশ্বব্যাপক পরব্রহ্ম অথচ

সারপৌগণ্ড লীলয়োদ্দণ্ড

গোকুলালিন্দগূঢ় গোবিন্দ।

পূরিতামন্দ রাধিকানন্দ।

বেতসীকুঞ্জ মাধবীপুঞ্জ।

লোকনারম্ভ জাতসংরম্ভ।

দীপিতানঙ্গ কেলিভাগঙ্গ।

গোপসারঙ্গ লোচনারঙ্গ।

কারিমাতঙ্গ খেলিতাসঙ্গ।

সারোবলং যত্র তথা ভূতায়াং পৌগণ্ডলীলায়াং দশমবর্ষাবসানায়াং ক্রীড়ায়া মুদ্দণ্ডাতিচপল হে। হে গোকুলালিন্দগূঢ়। প্রঘান প্রঘনালিন্দা বহির্দ্বার প্রকোষ্ঠকে ইত্যমরঃ। অথ কৈশোর চরিত্রেন সম্বোধয়তি। পূরিতোহ মন্দ উত্তমো রাধিকানন্দো যেন। বেতসীকুঞ্জস্য মাধবীপুঞ্জস্য চ যো লোকনারম্ভঃ। বানীরো বঞ্জুলঃ শীতো বিদুলো বেতসঃ স্মৃত ইতি হলায়ুধঃ। তেন তৎকুঞ্জ তৎপুঞ্জ লোকনেন জাতসংরম্ভঃ স কোপঃ ইষুবর্ষিতয়া দীপিতশ্চ যোনঙ্গ [illegible] কেলিং ভজন্ত্যাঙ্গানি যস্য গোপসারঙ্গ লোচনানাং গোপীনাং রঙ্গ মত্তুত্তজ্ঞানং করোতি তাদৃশং মাতঙ্গখেলিতং মত্তহস্তিবৎ ক্রীড়নং যস্য।

নন্দালয়ের দ্বারের বহির্ভাগে গূঢ়ভাবে অবস্থিতি করিতেছ, তুমি শ্রীরাধিকার হৃদয়ে অসীম আনন্দবর্দ্ধন করিতেছ, তুমি বেতসীলতা ও মাধবীলতা সমূহে আবৃত নিকুঞ্জ শোভা দর্শনে সমুৎসুক হইলে ঐ সময়ে উদ্দীপ্ত অনঙ্গ তোমার শ্রীঅঙ্গ আশ্রয় করে, মত্ত মাতঙ্গের ন্যায় ত্বদীয় কেলি সন্দ-

সৌহৃদাশঙ্ক যোষিতামঙ্ক
পালিকালম্ব চারুরোলম্ব
মালিকাকণ্ঠ কৌতুকাকুণ্ঠ।
পাটলীকুন্দ মাধবীবৃন্দ।
সেবিতোত্তুঙ্গ শেখরোৎসঙ্গ।
মাং সদা হন্ত পালয়ানন্ত ॥ বীর ॥ ০ ॥

সারঙ্গশ্চাতকে ভৃঙ্গে কুরঙ্গেচ মতঙ্গজে ইতি বিশ্বঃ।

অসঙ্গে ফলাভিলাষ শূন্যে কান্তসুখৈক ফলকে সৌহৃদে মিত্র ভাবেহ শঙ্কানাং নির্ভয়াণাং যোষিতাং ব্রজসুভ্রুবামঙ্কপালিকামাশ্লেষমালম্বতে আশ্রয়তীতি তথা। শঙ্কা স্যাৎ সংশয়ে ভয়ে ইতি হৈমঃ। আশ্লেষ মঙ্কপালিকামিতি হলায়ুধঃ। চারুভীরোলম্বৈর্যুক্তা মালিকা স্রক্ কণ্ঠে যস্য। কৌতুকেষু বিনোদেষকুণ্ঠানলস হে। পাটলী কুন্দ মাধবীনাং পুষ্পাণাং বৃন্দেন সেবিত উত্তুঙ্গ শেখরস্যোৎসঙ্গো মধ্যভাগো যস্য। হে অনন্ত সদা মাং পালয় হে বীর॥

র্শনে গোপাঙ্গনা গণের হৃদয়ে কতই আনন্দ হয়, ব্রজরমণীগণ নিঃস্বার্থ হইয়া কেবল তোমার প্রীতি হউক এই কামনা করিয়া অসঙ্কুচিত চিত্তে তোমাকে আলিঙ্গন করিতেছেন, তোমার কণ্ঠস্থ বনমালার গন্ধে আকৃষ্ট হইয়া ভ্রমরগণ সুন্দর গুণ গুণ শব্দ করিতেছে, তুমি সর্ব্বদা কৌতুকপ্রিয়, পাটলী, কুন্দ, মাধবী প্রভৃতি কুসুমদ্বারা তোমার চূড়া সুশোভিত, অতএব হে অনন্ত! তুমি সর্ব্বদা এই ঘোর সংসার হইতে আমাকে রক্ষা কর॥

স্ফুরদিন্দীবর সুন্দর সান্দ্রতরানন্দকন্দলীকন্দ।
মাং তব পদারবিন্দে নন্দয় গন্ধেন গোবিন্দ॥
কুন্দদশন বদ্ধরসন রুক্মবসনরম্যহসন॥ দেব॥৮॥
প্রপন্নজনতাতমঃ ক্ষপণশারদেন্দু প্রভা
ব্রজাম্বুজ বিলোচনাস্মরসমৃদ্ধিসিদ্ধৌষধিঃ।

কলিকান্তে শ্লোকঃ স্ফুরদিতি। হে গোবিন্দ তব পদারবিন্দে যোগন্ধ স্তেন মাং নন্দয় সান্দ্রতরায়া নন্দকন্দলী সুখ নবাঙ্কুর স্তস্যাঃ কন্দ হে। কন্দোহস্ত্রী শরণে শস্য মূলে ইতি হৈমঃ। শ্লোকান্তে বিরুদঃ কুন্দেতি। বদ্ধা শ্রোণিবিম্বে ধৃতা রসনা মেখলা যেন। রুক্মমিব পীতং বসনং যস্য। স্ফুটার্থমন্যৎ॥৮॥

অথ তিলক কলিকারম্ভে শ্লোকঃ প্রপন্নেতি। হে মাধব তব স্মিত কড়ম্ব কান্তির্মন্দহাসনবাঙ্কুরচ্ছ্যতির্মুদং মে বিভর্ত্তু পুষ্ণাতু। কড়ম্বশব্দঃ শাক নালিকায়াং পঠ্যতে। ডম্বরোবিস্তারঃ। স্ফুটার্থমিতরৎ। তিলকমিতি। চণ্ডবৃত্ত ভেদে নথে তিলকাখ্যঃ প্রভেদোবর্ণ্য ইত্যর্থঃ। তল্লক্ষণং। ননস্তনৈঃ কৃতৈরংশৈ র্নবমাস্মধুরোজ্জ্বলৈঃ। নিবদ্ধং চণ্ডবৃত্তস্ত তিলকাখ্যমথোচিরে

হে গোবিন্দ! বিকসিত ইন্দীবরের ন্যায় তোমার সুন্দর বর্ণ এবং তুমি প্রগাঢ় আনন্দের মূল স্বরূপ, অতএব তোমার পাদপদ্ম গন্ধদ্বারা আমাকে আনন্দিত কর॥

হে কুন্দদশন! তোমার কটিদেশ কাঞ্চী ভূষণে ভূষিত, তোমার শ্রীমুখে সর্ব্বদা মৃদুহাস্য শোভা পাইতেছে, এবং স্বর্ণের ন্যায় পীত বসনে তুমি সুশোভিত॥৮॥

হে মাধব! ভক্ত গণের হৃদয়ান্ধকার বারিণী ও ব্রজরমণীগণের অনঙ্গ বৃদ্ধি কারিণী এবং সুধা সমুদ্রের মাধুর্য্য তিরস্কা-

বিড়ম্বিত সুধাম্বুধি প্রবলমাধুরীডম্বরা।
বিভর্ত্তু তব মাধবস্মিতকড়ম্ব কান্তির্মুদং॥ তিলকং॥ ০॥
অমল কমল রুচিখণ্ডন পটুপদ।
নটন পটিমহৃতকুণ্ডলিপতিমদ।
নবকুবলয় কুলসুন্দর রুচি ভর।
ঘনতড়িদুপমিত বন্ধুর পটধর।
তরণি দুহিতৃতট মঞ্জুলনটবর।
নয়ন নটনজিত খঞ্জন পরিকর।
ভুজতট গত হরিচন্দন পরিমল।

ইতি। অমলেত্যাদিকা কলিকা প্রায়ো বিস্ফুটার্থা। নটনপটিমা দাক্ষিণাত্যোদ্দণ্ডনৃত্য প্রাবীণ্যং। ঘনা নিবিড়া বা তড়িত্তদুপমিত স্তৎসদৃশঃ। পরিকরঃ সমূহঃ। ভবেৎ পরিকরঃ সজ্বে পর্য্যঙ্ক পরিবারয়োরিতি মেদিনী। উপচি

রিণী চন্দ্রকান্তির ন্যায় ত্বদীয় সেই স্মিত কান্তি অর্থাৎ ঈষৎ হাস্য আমার অসীম আনন্দ বর্দ্ধন করুন॥

হে শ্রীকৃষ্ণ! তোমার পাদপদ্ম, বিকসিত কমলের সৌন্দর্য্য গর্ব্ব খর্ব্ব ও কালিয় নাগের মস্তকের উপর নৃত্য হেতু উহার অহঙ্কার বিনাশ করিয়াছে, নববিকসিত নীলপদ্মের ন্যায় মনোহর তোমার শ্রীঅঙ্গের কান্তি, তোমার শ্রীঅঙ্গে তড়িন্মালার ন্যায় পীতবসন শোভা করিতেছে, তুমি তরণিতনয়া কালিন্দীতটে সুন্দর নৃত্য করিতে ভাল বাস, তোমার নয়ন ভঙ্গী দেখিয়া খঞ্জন গণ পরাজিত হইয়াছে, তোমার ভুজদ্বয় সুগন্ধি হরিচন্দনাদি অনুলেপনে অনুলিপ্ত, তুমি বংশীধ্বনি

পশুপযুবতীগণ নন্দনবরকুল।
নবমদ মধুর দৃগঞ্চল বিলসিত।
মুখপরিমলভর সঙ্কুলদলিবৃত।
শরদুপচিত শশিমণ্ডল বরমুখ।৬
কনক মকরময় কুণ্ডলকৃতসুখ।
যুবতিহৃদয় শুকপঞ্জর নিভভুজ।
পরিহিত বিচকিল মঞ্জুলশিরসিজ।
সুতনুবদনবিধু চুম্বন পটুতর।
দনুজ নিবিড়মদডুম্বন রণখর॥ বীর॥

তো বৃদ্ধঃ পূর্ণ ইত্যর্থঃ। তাদৃশাভ্যাং কুণ্ডলাভ্যাং কৃতং পশ্যতাং সুখং যেন। পরিহিতান্যর্পিতানি বিচকিলানি মল্লিকা যেষু তাদৃশাঃ, শিরসিজাঃ কেশা যস্য। ডুম্বনং খণ্ডনং। খরস্তীক্ষ্ণঃ॥ ৩॥

দ্বারা ব্রজরমণীগণের আনন্দবর্দ্ধন কর, তোমার নয়ন প্রান্ত অভিনব আসবের ন্যায় চিত্তোন্মাদক, গৌরভে আকৃষ্ট হইয়া ভ্রমরগণ তোমার শ্রীমুখের চতুর্দ্দিকে বেষ্টন করিতেছে, শরৎকালীন পূর্ণশশধরের ন্যায় তোমার মুখমণ্ডল, সুবর্ণ-নির্ম্মিত মকর কুণ্ডলে তোমার কর্ণযুগল সুশোভিত, তোমার বাহুযুগল গোপিকাগণের চিত্তরূপ শুকপক্ষির পঞ্জর স্বরূপ, সুন্দর মল্লিকাপুষ্প তোমার চূড়ায় সুশোভিত, তুমি গোপি-কাগণের মুখচন্দ্রচুম্বনপ্রিয়, তুমি দনুজগণের মদগর্ব্ব খর্ব্ব-কর॥

রণতি হরে তব বেণৌ
নার্য্যো দনুজাশ্চ কম্পিতাঃ স্বিন্নাঃ।
বনমনপেক্ষিতদয়িতাঃ
করবালান্ প্রোজ্ঝ্য ধাবন্তি॥

কলিকান্তে শ্লোকঃ। রণতীতি। হে হরে তব বেণৌ রণতি ধ্বনতি সতি নার্য্যো গোপাঙ্গনা দনুজাশ্চ করবালান্ প্রোজ্ঝ্য বনং ধাবন্তি। কবরী নির্ম্মাণায় পাণৌ গৃহীতান্ কেশান্ হিত্বা বনে স্থিতং ত্বাং প্রত্যাদ্রবন্তি নার্য্যঃ। যুদ্ধায় করে গৃহীতান্ করবালান্ খড়্গান্ হিত্বা বনং গহ্বরং প্রবিশন্তি দৈত্যা ইত্যর্থঃ। তা স্তেচ কীদৃশাঃ কম্পিতাঃ স্বিন্নাঃ রত্যুত্থেন কম্পেন স্বেদেনচ সাত্ত্বিকেন ভূষিতা নার্য্যঃ। মরণ ভয়োত্থেন তেন তেনচ ব্যাপ্তাঃ দনুজাঃ। অনপেক্ষিতা দয়িতাঃ পত্যপেক্ষারহিতা নার্য্যঃ পত্ন্যপেক্ষা রহিতা দৈত্যাঃ॥
অত্র শ্লেষোঽলঙ্কারঃ। শৃঙ্গারভয়ানকৌ ব্যঙ্গৌ। তয়োর্ভিন্নাধারত্বান্ন বিরোধঃ। যুগপদ্বিরুদ্ধ কার্য্যোৎপাদনাদ্বেণোরদ্ভুতত্বঞ্চ ব্যঙ্গ্যং॥ ০॥

হে কৃষ্ণ। তুমি বংশীধ্বনি করিলে গোপীগণ কবরীবন্ধনাদি বেশবিন্যাসে প্রবৃত্ত থাকিলেও উহা পরিত্যাগ পূর্ব্বক পতি প্রভৃতি গুরুজনের অপেক্ষা না করিয়া তোমাকে পাইবার নিমিত্ত নিবিড় নিকুঞ্জ স্থানে গমন করেন এবং ঐ সময়ে সাত্ত্বিক ভাবের উদয় হেতু উহারা কম্পিত ও ঘর্ম্মাক্ত কলেবর হন। পক্ষান্তরে বংশীরব শ্রবণ করিয়া দানবগণ ভয়ে কম্পিত ও ঘর্ম্মাক্ত কলেবর হইয়া অস্ত্র শস্ত্র পরিত্যাগ পূর্ব্বক স্ত্রীপুত্রাদির অপেক্ষা না করিয়াই নিবিড় অরণ্যে পলায়ন করে॥

কুঙ্কুমপুণ্ড্রক গুম্ফিতপুণ্ড্রক
সংকুলকঙ্কণ কণ্ঠগরঙ্গণ ॥ দেব ॥ ৯ ॥
সারঙ্গাক্ষীলোচনভৃঙ্গাবলিপালচারুভৃঙ্গার।
ত্বাং মঙ্গলশৃঙ্গারং শৃঙ্গারাধীশ্বর স্তৌমি ॥ ০ ॥
চণ্ডবৃত্তস্য বিশিখে পঙ্কেরুহং ॥ ০ ॥

শ্লোকান্তে বিরুদঃ। কুঙ্কুমেতি। কুঙ্কুম নির্ম্মিতং পুণ্ড্রকং তিলকং যস্য। গুম্ফিতেন পুণ্ড্রকেন মাধবীপুষ্পেণ সঙ্কুলে ব্যাপ্তে কঙ্কণে যস্য। হে মাধবী-পুষ্পকঙ্কণ সহকৃত কণক কঙ্কণেত্যর্থঃ ॥ ০ ॥

এবং নখভেদা নব বর্ণিতাঃ ॥ ৯ ॥

অথ বিশিখ প্রভেদ পঙ্কেরুহ কলিকারন্তে শ্লোকঃ। সারঙ্গেতি। সার-ঙ্গাক্ষীণাং মৃগনয়নানাং যা লোচন ভৃঙ্গাবলয়স্তাসাং সৌন্দর্য্য মধুপানায় চারু ভৃঙ্গারোরম্য কণকালুকা তং সম্বোধনে তথা। ভৃঙ্গারঃ কণকালুকেত্যমরঃ। হে শৃঙ্গারাধীশ্বর উজ্জ্বল রসদৈবত। ত্বামহং স্তৌমি। কীদৃশং মঙ্গলশৃঙ্গারং শুভবেশং। চণ্ডেতি। চণ্ডবৃত্তস্য দ্বিতীয়ভেদে বিশিখে পঙ্কেরুহাখ্যঃ প্রভেদো-বর্ণিত ইত্যর্থঃ ॥

হে দেব। তোমার ললাটে কুঙ্কুমনির্ম্মিত তিলক সুশো-ভিত, তোমার কর কঙ্কণ মাধবী কুসুমে সুশোভিত, সুন্দর রঙ্গণ পুষ্পের মালা তোমার কণ্ঠে বিরাজ করিতেছে ॥ ৯ ॥

হে শৃঙ্গার রসরাজ! তুমি হরিণনয়না গোপাঙ্গনার নয়ন ভ্রমরের মধুপান পাত্র স্বরূপ এবং সুন্দর বেশ ভূষায় সুশোভিত অতএব আমি তোমাকে স্তব করিতেছি ॥

জয়গতশঙ্ক প্রণয় বিটঙ্ক।
প্রিয়জন রঙ্কস্মিত জিতশঙ্খ।
স্ফুটতরশৃঙ্গধ্বনিধৃতরঙ্গ।
ক্ষণ নটদঙ্গ প্রণয়িকুরঙ্গ।
ব্রজকৃত সঙ্গশ্রুতিতটরিঙ্গ

তল্লক্ষণঞ্চ। স্যাৎ পঞ্চধা স বিশিখঃ পদ্মং কুন্দঞ্চ চম্পকং। বঞ্জুলং বকুলং চেতি কামস্যাগীশ্বরা মতা ইতি। তত্র পদ্মং। অচ্যুতস্য ভবেৎ পদ্মং পঞ্চমা দ্যুক্তসংযুত ইত্যুক্তং। অচ্যুতস্য ন যাভ্যাং কল্পিতৈরংশৈঃ পঞ্চমে দীর্ঘ-শালিভিঃ। অস্যাৎ শ্লিষ্ট যুতোপেতৈশ্চণ্ডমচ্যুতমূচিরে ইতি প্রাগুক্তং। তচ্চ-পদ্মং পঙ্কেরুহাদি ভেদাৎ ষড়্বিধমুক্তং প্রাক্। তত্রপঙ্কেরুহং। স্যাচ্চেৎ কবর্গ্য মধুরং পূর্ব্ব পঞ্চমবর্ণকং। পদ্মং পঙ্কেরুহং প্রোক্তং কলিকা বেদিভির্ব্বৈধৈরিতি। পঞ্চম বর্ণাৎ যত্র কবর্গভবো মধুরবর্ণ স্তৎ পঙ্কেরুহং পদ্মমিত্যর্থঃ। জয়েতি। হে গতশঙ্ক নির্ভয়। হে প্রণয় বিটঙ্ক প্রেম পারাবতস্থিতি স্থান। কপোত পালিকায়াং তু বিটঙ্কং পুং নপুংসকমিত্যমরঃ। প্রিয়জনরঙ্ক। হে স্মিতজিত শঙ্খ কম্বুজ্জ্বলমন্দহাস। স্ফুটতরে মন্দ্র মধুরতয়াতিদূরপ্রসারিণী শৃঙ্গ ধ্বনৌ ধৃতোরঙ্গো যেন। ক্ষণেনোৎসবেন নটন্ত্যঙ্গানি যস্য হে উৎসব-ময়েত্যর্থঃ। ক্ষণঃ কাল বিশেষে স্যাৎ পর্ব্বণ্যবসরে মহে ইতি হৈমঃ। প্রণ-য়িভিঃ স্নিগ্ধৈঃ কুরঙ্গব্রজৈ মৃগগণৈঃ কৃতঃ সঙ্গোঽনুগতি র্যস্য। শ্রুতিতটে

হে কৃষ্ণ! জীবগণ তোমাকে আশ্রয় করিলে নির্ভয় হয়, তুমি প্রেমের আধার ও ভক্তগণের দুর্লভ, তোমার মধুর হাস্য শঙ্খের ন্যায় শুভ্রবর্ণ, তুমি মধুর শৃঙ্গধ্বনি করিয়া সক-লকে আনন্দিত কর এবং আপনিও আনন্দে নৃত্য করিতে থাক, তুমি সর্ব্বদা ভক্তরূপ কুরঙ্গগণে পরিবৃত, তোমার কর্ণ

স্মধুরসপিঙ্গ গ্রথিতলবঙ্গ।
স্বনটন ভঙ্গ ব্রণিত ভুজঙ্গ।
স্তবকিত তুঙ্গক্ষিতিরুহশৃঙ্গ।
স্থিত বহুভৃঙ্গ ক্বণিত তরঙ্গ।
প্রবলদনঙ্গ ভ্রমদুরুভৃঙ্গী।
মুদিত কুরঙ্গী দৃগুদিত ভঙ্গী।
ম্রদিমভিরঙ্গী কৃত নবসঙ্গী।

রিঙ্গন্তি চলন্তি মধুরসেন মকরন্দেন পিঙ্গানি পিশঙ্গ বর্ণানি গ্রথিতানিচ লবঙ্গানি তন্নামকানি কুসুমানি যস্য হে কর্ণোচ্চল লবঙ্গপুষ্পাবতংসেত্যর্থঃ। স্বনটন ভঙ্গেন স্বতাণ্ডব তরঙ্গেণাতি গাঢ়েন ব্রণিতঃ স্ফুটিতশিরাঃ কৃতো ভুজঙ্গঃ কালিয় নাগো যেন। স্তবকিতানাং জাতপুষ্পগুচ্ছানাং তুঙ্গক্ষিতি রুহাণামুচ্চ তরূণাং শৃঙ্গেষু শিখরেষু স্থিতা যে বহবোভৃঙ্গা স্তেষাং ক্বণিত তরঙ্গেণ ধ্বণি ভরেণ প্রবলন্ প্রাদুর্ভবন্ননঙ্গো যস্য। শৃঙ্গং প্রভুত্বে শিখরে ইতি মেদিনী। হে তাদৃগ্ ভৃঙ্গধ্বনি প্রব্যক্ত স্মরেত্যর্থঃ। ভ্রম দুরুভৃঙ্গী তুল্যা মুদিতাশ্চ যাঃ কুরঙ্গীণাং দৃশোনেত্রাণি তদুদিতা যে ভঙ্গী ম্রদিমানো মৃদুভঙ্গ্য স্তৈ রঙ্গীকৃতং মৃদুসঙ্গী। ভকং যেন। হে তঙ্গীক্ষণানুস্মৃত প্রেয়সী দৃগ্ ভঙ্গ্যাদিতগান ইত্যর্থঃ।

যুগল লবঙ্গ কুসুম নির্ম্মিত পুষ্পাভরণে ভূষিত, তুমি কালিয় সর্পের উপর নৃত্য করিয়া উহার দর্প চূর্ণ করিয়াছ, শ্রীবৃন্দাবনে পুষ্পিত তরুশাখাগ্রে ভ্রমরগণ গুণ গুণ শব্দ করিলে তৎ শ্রবণে তোমার অঙ্গে অনঙ্গ রসের সঞ্চার হয়, শ্রীবৃন্দাবনে ইতস্ততঃ হরিণীগণ ভ্রমণ করিতেছে, উহাঁদিগের ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ নয়ন সৌন্দর্য্য সন্দর্শনে প্রেয়সী স্মরণ হওয়ায় অমনি

তকদরবঙ্কেক্ষণ নবসঙ্কে
তগসুহৃদঙ্কেশয়সকলঙ্কে।
তর পৃষদঙ্কেড়িতমুখপঙ্কে
রুহপদরঙ্কে কৃপয় সপঙ্কে
কিলময়ি ॥ বীঁর ॥

উত্তুঙ্গোদয়শৃঙ্গ সঙ্গমজুষাং বিভ্রৎ পতঙ্গত্বিষাং।

স্মরণালঙ্কারোঽত্র ব্যঙ্গ্যঃ। তল্লক্ষণঞ্চোক্তং কাব্যকৌস্তুভে। সদৃশানুভবাদ্বস্তু স্মৃতিঃ স্যাৎ স্মরণং মতমিতি। হে দরবঙ্কেক্ষণ ঈষদ্বক্রনয়ন। নবানাং সঙ্কেতগাণাং সুহৃদাং প্রেয়সীনামঙ্কে ক্রোড়ে শেতে ইতি তথা। সকলঙ্কে তরো নিষ্কলঙ্কো যঃ পৃষদঙ্কশ্চন্দ্রস্তেনেড়িতং মুখং যস্য। পৃষন্মৃগঃ। পৃষন্মৃগেপুমান্ বিন্দৌ নদ্বয়োঃ পৃষতোপিনেতি মেদিনী। হে পঙ্কেরুহপদ ! সপঙ্কে পাপিনি রঙ্কে দরিদ্রে ময়ি ত্বং কৃপয় দয়াং বিধেহীতি। রঙ্কঃ কঙ্গাল ইত্যমরঃ। সপ্তভেদং পঙ্কেরুহমিহ বর্ণিতং দ্রষ্টব্যং ॥ ০ ॥

কলিকান্তে শ্লোকঃ। উত্তুঙ্গেতি। হে পশুপাল পুঙ্গব গোপপ্রবর ত্বং মে দৃশোরব্যঙ্গরঙ্গায় পূর্ণ বিনোদায় ভূয়াঃ। আশিষি লিঙ্। সু কৃত্তরপদে

ভাব ভঙ্গী প্রকাশ পূর্ব্বক তুমি বংশী ধ্বনি করিতে প্রবৃত্ত হও, তুমি নয়ন ভঙ্গীরূপ সঙ্কেতদ্বারা গোপিকাগণকে নিকটে আনয়নপূর্ব্বক উহাদিগের হৃদয়ে শয়ান হও, তোমার বদন মণ্ডল অকলঙ্ক চন্দ্রের ন্যায়, তোমার চরণ যুগল প্রফুল্ল কমলের ন্যায় অপূর্ব্ব শ্রীধারণ করিতেছে অতএব হে নাথ! পুণ্যহীন এই দীনের প্রতি করুণা প্রকাশ কর ॥

হে পশুপাল পুঙ্গব! তুমি নবোদিত অরুণ কিরণের ন্যায় উজ্জ্বল বসনে সুশোভিত তুমি কন্দর্প বিলাস রসের পরপারে

বাসস্তুল্যমনঙ্গসঙ্গরকলাশৌটীর্য্যপারঙ্গতঃ।
স্বান্তং রিঙ্গদপাঙ্গ ভঙ্গিভিরলং গোপাঙ্গনানাং গিলন্।
ভূয়াস্ত্বং পশুপালপুঙ্গবদৃশোরব্যঙ্গ রঙ্গায় মে ॥ ০ ॥
বিলসদলিকগতকুঙ্কুম পরিমল।
কটিতট ধৃতমণি কিঙ্কিণিবর কল।
নবজলধর কুললঙ্গিম রুচিভর।

ব্যাঘ্রপুঙ্গবর্ষভ কুঞ্জরাঃ। সিংহ শার্দ্দূল নাগাদ্যাঃ পুংসি শ্রেষ্ঠার্থ গোচরা ইত্য-মরঃ। কীদৃশঃ-সন্ পতঙ্গত্বিষাং সূর্য্য প্রভাণাং তুল্যং বাসোবিভ্রৎ তত্ত্বিষাং কীদৃশীনামিত্যাহ। উত্তুঙ্গে উদয়শৈলস্য শৃঙ্গে শিখরে সঙ্গমং যোগং জুষন্তে ভজ স্তীতি তাসাং। প্রভাতার্ককান্তি সদৃশং বস্ত্রং ধারয়ন্নিত্যর্থঃ। অনঙ্গসঙ্গরঃ কামযুদ্ধং তৎকলাসু যং শৌটীর্য্যং বিক্রমস্তত্র পারঙ্গতঃ সন্। শৌটৃ গর্ব্বে ইত্যস্মাৎ কৃশৃইত্যাদিনা ঈরন্ প্রত্যয়েন সিদ্ধাৎ শৌটীর শব্দাৎ ব্রহ্মণাদিত্বাৎ ষ্যঞি শৌটীর্য্যমিতি সিদ্ধ্যতি। রিঙ্গতোশ্চপলয়োরপাঙ্গয়ো র্ভঙ্গিভি-র্গোপাঙ্গনানাং স্বান্তং চিত্তং গিলন্ সন্ ॥

শ্লোকান্তে বিরুদঃ। বিলসদিতি। বিলসন্নলিক গতো ললাটবর্ত্তী কুঙ্কুম পরিমলো যস্য। কটিতট ধৃতয়া মণি কিঙ্কিণ্যাঃ বরঃ কলঃ সূক্ষ্মধ্বনি র্যস্য।

গর্জ্জন করিয়াছ এবং অপাঙ্গ ভঙ্গীদ্বারা ব্রজরমণীগণের চিত্ত আকর্ষণ করিয়াছ, অতএব আমার নয়ন যুগলের পরিপূর্ণ আনন্দ বিস্তার কর অর্থাৎ দর্শন দিয়া কৃতার্থ কর ॥

হে নাথ! তোমার ললাট সুগন্ধি কুঙ্কুম তিলকে সুশো-ভিত, মধুর ধ্বনি যুক্ত মণিময় কিঙ্কিণী তোমার কটিদেশে বিরাজ করিতেছে, তোমার শ্রীঅঙ্গের কান্তিতে নবীন জলধরের কান্তি তিরস্কৃত হইয়াছে, তুমি মধুর মুরলীর ধ্বনি করিতে

মসৃণমুরলি কলভঙ্গি মধুরতর ॥ বীর ॥ ১০ ॥
অবতংসিত মঞ্জু মঞ্জরে তরুণীনেত্র চকোর পঞ্জরে।
নবকুঙ্কুমপুঞ্জ পিঞ্জরে রতিরাস্তাং মম গোপকুঞ্জরে ॥ ০ ॥
সিতকঞ্জং ॥
জয় কচচঞ্চদ্দ্যুতি সমুদঞ্চ
মধুরিমপঞ্চ স্তবকিত পিঞ্ছ।

নবাম্বুদনিকরকুলাদপি লঙ্গিমঃ কমনীয়ো রুচিভরো যস্য। মসৃণয়া কোমলয়া মুরলিকলভঙ্গ্যা মধুরতর হে বীর ॥ ১০ ॥

অথ সিতকঞ্জকলিকারম্ভে শ্লোকঃ। অবতংসিতেতি। গোপকুঞ্জরে বল্লবশ্রেষ্ঠে শ্রীকৃষ্ণে মম রতি রাস্তাং ভবতু। কীদৃশী। অবতংসিতঃ কর্ণ ভূষণতাং নীতো মঞ্জুর্মনোজ্ঞো মঞ্জরোবল্লরী যেন তস্মিন্‌। মঞ্জরীতিলকজ্জরু মুক্তয়োর্বল্লরে দ্বয়োরিতি মেদিনী। নবেন কুঙ্কুমপুঞ্জেন পিঞ্জরে পীতে স্ফুটার্থ মস্তৎ ॥ ০ ॥

সিতকঞ্জমিতি। চণ্ডবৃত্ত ভেদে বিশিখে সিতকঞ্জ নামা প্রভেদো বর্ণনীয় ইত্যর্থঃ। শুল্লক্ষণঞ্চ। চবর্গ্যমধুরোপেতং তত্তবেৎ সিতকঞ্জকমিতি। যত্র পঞ্চমবর্ণাচ্চবর্গভবো মধুরবর্ণঃ স্যাত্তৎ পদ্যং সিতকঞ্জং ভবেদিত্যর্থঃ। জয়েতি। কচেষু কেশজূটাপরি চঞ্চন্‌ মরুতা চপলী ভবন্‌। দ্যুতিভিঃ

প্রবৃত্ত হইলে তখন তোমার মূর্ত্তিও অতি সুমধুর হয় ॥ ১০ ॥

মনোজ্ঞ কুসুমমঞ্জরী যাঁহার কর্ণভূষণ, যিনি যুবতীগণের নয়ন চকোরের পঞ্জর এবং অভিনব কুঙ্কুমানুলেপনে যাঁহার শ্রীঅঙ্গ পীতবর্ণ, ঈদৃশ সেই গোপরাজ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণে আমার অচলা ভক্তি হউক ॥

হে শ্রীকৃষ্ণ! তোমার চূড়াগ্রবর্ত্তী ময়ূর পুচ্ছ মন্দ মন্দ পবন দ্বারা ঈষৎ কম্পিত হইয়া সুন্দর শোভা করিতেছে, তুমি

স্ফুরিত বিরিঞ্চস্তুত গিরিকুঞ্জ ।
ব্রজপরিগুঞ্জন্মধুকরপুঞ্জ
দ্রুতমৃদুসিঞ্জ দ্বিষদহিগঞ্জ ।

মরুদতি পিঞ্জ প্রবলিতপুঞ্জা
নলহরগুঞ্জা প্রিয়গিরিকুঞ্জা ।
শ্রিতরতিসঞ্জাগরনবকঞ্জা ।

মুরগস্য কালিয়স্যাবমানন মবজ্ঞা যেন সঃ। তৎ কথং তত্রাহ। প্রপন্নং প্রমথ্যমানেন বপুষা দূরীকৃতং ভোগেন কালিয়দেহেনাত্মনো রোধনং বেষ্টনং যেন সঃ। তেন সুহৃদ্গণানামাধিং মনঃপীড়াং শোধয়ত্যপনয়তীতি সঃ। পুংস্যাধি র্মানসী ব্যথেত্যমরঃ। নম্বেতাবতা তচ্ছোষণং ন স্যাত্তত্রাহ। শ্রিতঃ স্বীকৃতোহণ্ডজেন্দ্রস্য গরুড়স্য বিভ্রমো যেন সঃ। স্ফুরন্ করালো-বিকটো বিক্রমো যস্য সঃ। স্বমূর্দ্ধস্থৈ রত্নৈঃ পিঞ্জরং পীতং নাগকুঞ্জরং কালিয়ং নিরস্য তিরস্কৃত্য রঙ্গতঃ কৌতুকাৎ প্লুতেন কুর্দ্দনেন তস্য নাগ কুঞ্জরস্য ফণাঙ্গনেষু সঙ্গতঃ প্রাপ্তঃ সন্ তেষু প্রণীতং দিব্য নর্ত্তনং যেন সঃ॥

করিতে উদ্যত দেখিয়া তোমার অগ্রজ বলদেব তাঁহাদিগকে সান্ত্বনা ও আশ্বাস বাক্যে নিবৃত্ত করিলেন। অনন্তর তুমি মন্দ মন্দ হাস্য ও খগরাজের ন্যায় ভয়ানক বিক্রম প্রকাশ পূর্ব্বক ভুজঙ্গবন্ধন হইতে মুক্ত ও কালিয়কে পরাভব করিয়া আত্মীয় জনের চিত্ত বেদনা ক্রমশঃ বিদূরিত করিলে। তদনন্তর কৌতুক দেখাইবার নিমিত্ত এক উল্লম্ফ প্রদান পূর্ব্বক উহার রত্ন খচিত মস্তকের উপর আরোহণ ও উহার অপরিমিত গর্ব্ব খর্ব্ব করিয়া মস্তকের উপর সুন্দর নৃত্য ও পূর্ব্বমত গোপবালকের সহিত আমোদ প্রমোদ করিতে

সপদ্মভূ পিনাকিভি র্নভস্থনন্ন নাকিভিঃ
স্তুতো বিচিত্র বালকঃ সুলাস্যতশ্চলালকঃ।
সখি স্ববাল্য চঞ্চলং পরিভ্রমদ্দৃগঞ্চলং
সুশোভনাঙ্গ হারকং ভুজঙ্গ দর্প দারকং

এবমাহ শ্রীশুকঃ। এবং পরিভ্রমহতৌজসমুন্নতাংসমানম্য তৎ পৃথুশির-স্বধিরূঢ় আদ্যঃ। তন্মূর্দ্ধরত্ন নিকরস্পর্শাতিতাম্রপাদাম্বুজোঽখিলকলাদি গুরুর্ননর্ত্তেতি। কৃতং গতস্রোৎসবস্যানুবর্ত্তনং পুনরাগমনং যেন সঃ॥

পুনঃ কীদৃশঃ। নভসি স্থিতৈরনম্র নাকিভি র্বহুদেবৈঃ স্তুতঃ। তৈঃ কীদৃশৈরিত্যপেক্ষায়াং প্রসূনেত্যাদীনি ত্রীণি স্পষ্টার্থানি। পুনঃ কীদৃশঃ। বিচিত্র বালকোঽদ্ভুতডিম্ভঃ। সুলাস্যত! শোভননৃত্যাচ্চলালকঃ। অলকাশ্চূর্ণ কুন্তলা ইত্যমরঃ॥

পুনঃ কীদৃশঃ। হে সখি ব্রজেশ্বরি ত্বং সাধুনা ঈক্ষণেনামুং সুতং রসাদস্থ

লাগিলে। তোমার ঈদৃশ অদ্ভুত বাল্যলীলা দর্শনে হৃষ্ট হইয়া ব্রহ্মাদিদেবগণ পুষ্পবৃষ্টি করত তোমার স্তব করিতে লাগিলেন।

এ দিকে গোপিকাগণ যশোদাকে সম্বোধন করিয়া কহিতেছেন অয়ি! সখি! ব্রজেশ্বরি! তুমি প্রসন্ন নয়নে একবার নিজ পুত্রের ভাব দর্শন কর। কালিয় নাগের মস্তকের উপর নৃত্য করিয়া ঐ কালিয়ের প্রচুর দর্প খর্ব্ব করিতেছেন, এই নৃত্য সময়ে উহাঁর অলকাবলি চঞ্চল এবং কর চরণাদি অঙ্গ প্রত্যঙ্গ দ্বারা সুন্দর অঙ্গ ভঙ্গী বিস্তার করিতেছেন, শ্রীমুখে মধুর হাস্য, কণ্ঠে হার দোদুল্যমান,

প্রণীত নৃত্য হস্তকং বিলাসকম্পি মস্তকং
বিকাসি হাস্ত কোরকং বিলোলকণ্ঠডোরকং
রসাদমুং সমগ্রতঃ স্ফুটং নটং তমগ্রতঃ
স্তুতং বিলোকয়াধুনা ত্বমীক্ষণেন সাধুনা
ব্রজেশ্বরীতি যোষিতাং গিরং প্রমোদঘোষিতাং
নিশম্য লব্ধমোদয়া বিলোকিতো যশোদয়া
খল প্রমর্দ্দনে খরঃ শ্রিয়া হ্যনঙ্গ শেখরঃ
ফণব্রজে মুহুঃ প্লুতঃ ফণাবতীগণৈঃ স্তুত

রাগাদবলোকয়েতি প্রমোদেন ঘোষিতামুচ্চৈঃ যোষিতাং গোপস্ত্রীণাং গিরং নিশম্য লব্ধমোদয়া যশোদয়া মাত্রা বিলোকিতঃ। স্তুতং কীদৃশমিত্যা পেক্ষায়াং খবাল্যেত্যাদীনি দশ পদানি স্ফুটার্থানি। তত্রাঙ্গহারোহ নৃত্যো-নাঙ্গ বিক্ষেপঃ। হস্তকং নৃত্যে হস্তচেষ্টা। ডোরকং পদক গুণঃ। সম-গ্রতঃ সমগ্রমঙ্কত সর্ব্বাঙ্গমিত্যর্থঃ। পুনঃ কীদৃশ ইত্যপেক্ষায়াং খলেত্যাদীনি দশ বিশেষণানি স্ফুটার্থানি খরস্তীক্ষ্ণঃ। শ্রিয়ানঙ্গস্য কন্দর্পস্যাপি শেখরঃ শিরোবতংসঃ। ফণব্রজেষু মুহুরসকৃৎপ্লুতঃ কৃতকূর্দ্দনঃ ততঃ ফণাবতীনাং কালিয় পত্নীনাং গণৈঃ। হে স্বামিন্ সর্ব্বেশ সর্ব্বশ্রেষ্ঠস্ত্যজেমুং পন্নগং দেহি নঃ

এবং মস্তক ঈষৎ কম্পিত হওয়ায় অপূর্ব্ব শোভা হইয়াছে, এইরূপ আনন্দপূর্ণ গোপিকাগণের বাক্য শ্রবণে যশোদা আনন্দিত হইয়া তোমাকে দুষ্টের দর্পহারী ও রূপে কন্দর্পের শিরোভূষণ বলিয়া দর্শন করিতে লাগিলেন, তখন তুমি কালিয়ের এক ফণা হইতে অপর ফণায় উল্লম্ফ ও অপর ফণা পরিত্যাগ করিয়া অন্য ফণায় আরোহণ করিতেছ।

স্তদাতি দক্ষিণাশয়ঃ ফণীশ্বরে কৃতাভয়ঃ।
ক্ষণাদমূভি রর্চ্চিতঃ পরার্দ্ধ গন্ধচর্চ্চিতঃ
শ্রুতি প্রসক্তকৈরবঃ ফণিব্রজেষ্বভৈরবঃ
স্ববন্ধুবৃন্দনন্দনঃ কৃতার্য্যপাদবন্দনঃ
প্রহর্ষতোঽবিলম্বয়া বিচুম্বিত স্তমম্বয়া

কিঙ্করীভ্যঃ পতিসৌভাগ্যমিতি স্তুতঃ। দক্ষিণাশয়ঃ শরলচিত্তঃ। ক্ষণাত্তৎ সবাৎ। অমূভিঃ ফণাবতীভিঃ তাভিরেব পরার্দ্ধ্যগন্ধেন চর্চ্চিতঃ। অভৈরবঃ প্রসাদ সুমুখঃ। আভীরং ভীষণং ভীষ্মং ভৈরবঞ্চ ভয়াবহমিতি হলায়ুধঃ॥
এবমাহ শ্রীশুকঃ। ইত্থং স নাগপত্নীভি র্ভগবান্ সমভিষ্টুতঃ। মূর্চ্ছিতং ভগ্নশিরসং বিসসর্জ্জাঙ্ঘ্রি কুট্টনৈঃ। তং পূজয়ামাস তদা নাগপত্ন্যশ্চ সাদরং। দিব্যাম্বর স্রঙ্মণিভিঃ পরার্দ্ধৈরপি ভূষণৈঃ। দিব্য গন্ধানুলেপৈশ্চ মহত্যোৎ পলমালয়া। ততঃ প্রীতোঽভ্যনুজ্ঞাতঃ পরিক্রম্যাভিবন্দ্য তং। সকলত্রাসুহৃৎ পুত্রো দ্বীপমব্ধে র্জগামহ। তদৈব সামৃতজলা যমুনানির্বিষাভবদিতি॥
ততঃ কৃতমাচার্য্যাণাং নন্দাদীনাং রামস্য চ পাদবন্দনং যেন তৈরাশিষাভি নন্দিতেন সঃ। প্রহর্ষতোঽবিলম্বয়া সত্বরয়াঙ্কে নিদধানয়া অম্বয়া মাত্রা বিচু-

ঐ সময় কালিয়ের পত্নীগণ পতির ঐরূপ অবস্থা দর্শনে ভীত হইয়া তোমাকে কত স্তব ও তোমার শ্রীঅঙ্গে দিব্যগন্ধ লেপন ও কর্ণযুগল কুমুদ্ কুসুম দ্বারা সুশোভিত করিল। তুমি ঐ স্তবে সন্তুষ্ট হইয়া শরলচিত্তে কালিয়নাগকে ও তত্রত্য অন্যান্য সর্পদিগকে অভয়দান করিয়া সকলকে আনন্দিত করিলে। অনন্তর কালিয়হ্রদ হইতে উত্থিত হইয়া বন্ধু বান্ধবের আনন্দবর্দ্ধন পূর্ব্বক জনক জননী প্রভৃতি গুরুজনের পাদবন্দন করিলে পরে যশোদা তোমাকে ক্রোড়ে লইয়া

জয় প্রভো কৃপাম্বিধে বিলাসরত্নবারিধে
নতার্ত্তিপূরসাতন প্রসীদ মে সনাতন ॥ ৩ ॥
কামং দামোদর মম মনঃ পন্নগঃ পীনভোগো
দুষ্টাশীর্ভিঃ কুটিলবলনৈঃ ক্ষোভয়ত্যেষ লোকং।
তদ্বিক্রান্ত স্তমুদিত পদদ্বন্দ্ব পঙ্কেরুহাঙ্ক-

ম্বিতঃ। জয় প্রভো ইত্যাদিকং যোজিতং প্রাক্ ॥

সর্পমর্দ্দনং কৃষ্ণং প্রতি স্বচিত্ত সর্পমর্দ্দনং প্রার্থয়তি কামমিতি। হে দামোদর হে দর্ব্বীকরদমন কালিয়মর্দ্দিন্। এষ মম মনঃ পন্নগো লোকং ক্ষোভয়তি। কীদৃশঃ পীনঃ পুষ্টোযো ভোগো রাজার্হ দিব্যরূপ রসাদ্যনুভবঃ সএব পীনঃ স্থূলো ভোগঃ কায়ো যস্য সঃ। কৈঃ ক্ষোভয়তীত্যপেক্ষায়ামাহ। দুষ্টায়া আশিষ স্তত্তদ্ভোগেচ্ছা স্তাএব দুষ্টা বিষরূপা আশিষো দংষ্ট্রাস্তাভিঃ কুটিলানি যানি বলনানি পরাহিত চেষ্টিতান্যেব কুটিলানি জিহ্মানি বলনানি গমনানি তৈশ্চেতি পরম্পরিতরূপকাঙ্গং রূপকং তত্তস্মাদ্বিক্রান্তোঽতিবলী ষমমুং মন্মনঃ পন্নগং। উদিতঃ পদদ্বন্দ্ব পঙ্কেরুহয়ো রঙ্কশ্চিহ্নং যস্মিন্ তথাভূতং কুর্ব্বন্ তাণ্ডবৈ র্দণ্ডয় দময়। যদেব কালিয়ং কৃতবানসি। মন্মনঃ পন্নগে দুর্দ্দান্তে-স্থিতে কথং তে পন্নগ দমনত্বমিতি ভাবঃ। তথাচ মচ্চিত্তে স্বপাদৌ প্রকাশয় তস্য দুর্বাসনামাদাবপনয়েতি। অনঙ্গেতি। লঘু গুরুনি জেচ্ছায়া

আনন্দচিত্তে তোমার মুখ চুম্বন করিতে লাগিলেন।

হে দামোদর! আমার চিত্তসর্প সর্ব্বদা কুটিল গতি, ও ভয়ানক বিষদন্ত এবং বিষয় ভোগরূপ ফণাজাল বিস্তার করিয়া সকল লোককে ভয় দেখাইতেছে অতএব হে পন্নগ-দমন! তুমি যে প্রকারে কালিয়নাগ দমন করিলে সেইরূপ

কুর্ব্বন্ দর্ব্বীকর দমন হে তাণ্ডবৈর্দণ্ডয়ামুং ॥ ০ ॥

অনঙ্গশেখরচ্ছন্দঃ ॥ ৭ ॥ * ॥

যদা নিবেশ্যতে তদৈষ দণ্ডকো ভবত্যনঙ্গ শেখর ইতি বৃত্তরত্নাকরে তল্লক্ষণং ॥ * ॥

এই চিত্তসর্পের উপর পাদপদ্ম বিন্যাস পূর্ব্বক নৃত্য করিয়া উহাকে শীঘ্র দমন কর ॥

অথ ভাণ্ডীরক্রীড়নাদি।

ভাণ্ডীরস্য তটান্তে তরুষণ্ডাখণ্ডলস্য রণশৌণ্ড।
সখি মণ্ডলানি বাঢ়ং বিক্রীড়য় পুণ্ডরীকাক্ষ॥ ০॥
সুহৃদাবলি পরিবীতঃ শ্রুতিহর মুরলীগীতঃ
সুরভীবীথ্যনুসারী বরপীতাম্বরধারী
পীনোজ্জ্বলভুজদণ্ডঃ শিরসি স্ফুরিত শিখণ্ডঃ
শশিখণ্ডাভ ললাটঃ পীবরহৃদয়কবাটঃ

অথেতি। আদি শব্দেন প্রলম্ববধ দাবাগ্নিপানে গ্রাহ্যে। তত্র ভাণ্ডীর বট বিহারং বর্ণনীয়মাহ ভাণ্ডীরস্যেতি। হে রণশৌণ্ড যুদ্ধনিপুণ ভাণ্ডীরস্য বটস্য তটান্তে সখি মণ্ডলানি বাঢ়ং বিক্রীড়য় বিহারয়। কীদৃশস্যেত্যাহ তরুষণ্ডেতি। বৃক্ষসমূহেন্দ্রস্য। অতিবিস্তীর্ণস্য ঘনপলাশিনো বিপথ স্পর্শিনো মণিনিবদ্ধ তটস্যেত্যর্থঃ। টবর্গানুপ্রাসো বীরব্যঞ্জকঃ॥

ক্রীড়ামাহ সুহৃদিতি হে গোকুলজনরসসিন্ধো। হে দুর্বিধবন্ধো দীন

হে পুণ্ডরীকনয়ন! হে যুদ্ধনিপুণ! তুমি তরুরাজ ভাণ্ডীর নামক বটবৃক্ষের সমীপে নিজ সখাদিগের সহিত পুনঃ পুনঃ ক্রীড়া কর॥

হে কৃষ্ণ! তুমি পীতাম্বর পরিধান পূর্ব্বক সুহৃদ্গণে পরিবৃত হইয়া সুমধুর মুরলীরব করিতে করিতে ধেনুগণের সঙ্গে সঙ্গে গোষ্ঠে গমন কর। তোমার বাহুযুগল অতি বিশাল ও সুন্দর, তোমার মস্তকে ময়ূরপুচ্ছ সুশোভিত, চন্দ্রখণ্ডের ন্যায় তোমার প্রশস্ত ললাট, তোমার বক্ষঃস্থল কবাটের ন্যায়

খরমিহিরাতপবাসে প্রসরত্যপি শুচিমাসে
ধৃতমধু লক্ষ্মীভারং পরিহৃতদাববিকারং
ধেনুমনোহরশাদং পিককৃত পঞ্চমনাদং
ষড়্জোদগারি ময়ূরং বিস্মর সৌরভপূরং

পালক ত্বং জয়েত্যন্তিমেনাম্বয়ঃ। কীদৃশস্ত্বমিত্যপেক্ষায়াং সুহৃদাবলীত্যাদ্যা-ষ্টপদা বিস্ফুটার্থাঃ। পুনঃ কীদৃশঃ সবলঃ সাগ্রজঃ সন্ স্বয়ং বৃন্দাবনমতি-বিষ্টঃ কর্ত্তরি ক্তঃ। কীদৃশং বৃন্দাবনমিত্যপেক্ষায়ামাহ খরেতি। খরাণাং তীব্রাণাং মিহিরাতপানাং রবিকিরণানাং বাসে সমাশ্রয়ে শুচিমাসে জ্যৈষ্ঠে প্রসরতি প্রবর্ত্তমানেপি সতি। ধৃতো মধুলক্ষ্ম্যা বসন্তসম্পত্তে র্ভারো যেন তৎ॥

এবমাহ শ্রীশুকঃ। গ্রীষ্মো নামর্ত্তুরভবন্নাতিপ্রেয়াঞ্ছরীরিণাং। সচ বৃন্দাবন গুণৈ র্বসন্তইব লক্ষিতঃ। বনং কুসুমিতং শ্রীমন্নদচ্চিত্র মৃগদ্বিজং। গায়ন্ময়ূর ভ্রমরং কূজৎ কোকিল সারসমিতি।' পরিহৃতো দাববিকারো বনাগ্নি দাহোযতস্তৎ। ধেনূনাং মনোহরাঃ শাদা হরিত তৃণানি যত্র তৎ। শাদঃ কর্দ্দম শষ্পয়োরিতি হৈমঃ। পিকেত্যাদি দ্বয়ং স্ফুটার্থং॥

বিস্মরোদূরপ্রসারী সৌরভপূরো যস্য তৎ। তৎপূরং সম্পাদয়ন্ বিশিনষ্টি বিকসিতেতি। স্ফুটাভি র্মল্লীভিনি বিরীবং সান্দ্রং। নিবিড়ং

অতি বিশাল॥

হে দীনবন্ধো! হে গোকুলজনরসসিন্ধো! হে কৃষ্ণ! তোমার জয় হউক, তুমি অতিশয় হৃষ্টচিত্তে বলদেবের সহিত একত্রিত হইয়া জ্যৈষ্ঠমাসে অতি রৌদ্রের সময় প্রবৃত্ত হইলে যথায় বসন্তকাল সুন্দর সুশোভিত হইতেছে ও যে স্থান দাবা-নলাদি উপদ্রব রহিত ও ধেনুগণের প্রীতিকর বহু শষ্পাকীর্ণ,

বিকসিত চারুশিরীষং স্ফুট মল্লীনিবিরীষং
বৃন্দাবনমতিহৃষ্টঃ সবলঃ স্বয়মভিবিষ্টঃ
কল্পিতভুজসংগ্রামঃ ক্বচিদীহিত বিশ্রামঃ
কুত্রচিদভিনব তুম্বৈঃ ক্বচিদতিকোমলকুম্ভৈঃ
ক্বচ পরিপাকিমগুঞ্জৈঃ ক্বচ বিল্বামলপুঞ্জৈঃ
ক্রীড়ন্নদ্ভুতচর্য্যঃ কেলিষু পণ্ডিতবর্য্যঃ ।

নিবিরীষং চেতি হলায়ুধঃ। পুনঃ কীদৃশঃ। কল্পিতঃ কৃতো ভুজসংগ্রামো বাহুযুদ্ধং যেন সঃ ॥

ক্বচিত্তরুচ্ছায়ে ঈহিতো বিশ্রামো যেন সঃ। কুত্রচিৎ প্রদেশেঽভিনবৈস্তুম্বৈরলাবুফলৈঃ ক্রীড়ন্। এবমগ্রেপি যোজ্যং। কুম্ভৈঃ কুম্ভবৃক্ষ ফলৈঃ। ক্বচি দ্বিল্বপুঞ্জৈ রামলকপুঞ্জৈশ্চাদ্ভুতাচর্য্যা ক্রীড়া যস্য সঃ। যতঃ কেলিষু পণ্ডিতবর্য্যোঽতিনিপুণঃ ॥

এবমাহ শ্রীশুকঃ। ক্বচিদ্বিল্বৈঃ ক্বচিৎ কুম্ভৈঃ ক্বচামলকমুষ্টিভিঃ।

যে স্থানে কোকিলগণ পঞ্চমস্বরে গান করিতেছে, যে স্থলে ময়ূরগণ ষড়্‌জস্বরে কেকারব করিতেছে, যে স্থান কুসুম সৌরভে পরিপূর্ণ ও যে স্থানে শিরীষ মল্লিকাপ্রভৃতি নানাবিধ পুষ্প বিকসিত হইয়াছে, এবম্বিধ শ্রীবৃন্দাবনে প্রবিষ্ট হইয়া কোন স্থলে বাহু যুদ্ধ করিতে প্রবৃত্ত হইতেছ, কোথাও বা শ্রান্ত হইয়া বিশ্রাম করিতেছ, তুমি কোন স্থলে অভিনব অলাবু ফল দ্বারা, কোন স্থানে অতি কোমল কুম্ভ ফল দ্বারা, কোথাও বা পরিপক্ক গুঞ্জাফল দ্বারা, কোথাও বা বিল্ব ও আমলকী ফলদ্বারা ক্রীড়া করিতেছ, তোমার অদ্ভুত লীলা, তুমি কেলি বিষয়ে সুপণ্ডিত, তুমি একদা শ্রীবৃন্দাবনে উভয় দলে

পীবর কুতুকাধারে দ্বন্দ্বীভাববিহারে
কল্পিত নির্ভররাগঃ কৃতসখি বর্গবিভাগঃ
শীতল মরুদনু কূলে ভাণ্ডীরদ্রুমমূলে
কৃত্বা বল্লববেশং প্রবিশন্তং দনুজেশং
জানন্নেব বিলাসী স্বীকৃতবান্ খলশাসী
জৈত্রীকৃতবল পক্ষঃ সুহৃদ্রূহক্রম দক্ষঃ

অস্পৃশ্য নেত্রবন্ধাদ্যৈঃ কচিন্মৃগখমৃগেহয়েত্যাদিনা এতদেব প্রপঞ্চয়ন্ বিশিনষ্টি। পীবর কুতুকাধারে মহাবিনোদাশ্রয়ে দ্বন্দ্বীভাবেন বিহারে কল্পিতো নির্ভররাগো যেন সঃ। তদ্বিহারে প্রকারং দর্শয়ন্ বিশিনষ্টি কৃতেতি। কেচিৎ বলপক্ষে সখায়ঃ কৃতাঃ কেচিত্তু স্বপক্ষে ইত্যর্থঃ। কৈষ বিহারো ভূত্তত্রাহ। শীতলেত্যাদি। তত্রৈকং চিত্রমভূদিত্যাহ কৃত্বেতি। বল্লববেশং কৃত্বা সখিমধ্যে প্রবিশন্তং দনুজেশং জানন্নেবং সখিত্বে স্বীকৃতবান্। কুত এবং কৃতবান্ তত্রাহ বিলাসী খলশাসীতি। তং খলং ন্যায়েন নিহন্তুমিত্যর্থঃ। তৎ কথং তত্রাহ। জৈত্রীকৃতো বলপক্ষো যেন সঃ। যতঃ সুহৃদ্রূহে ক্রমে পরিপাট্যাং দক্ষশ্চতুরঃ। বলপক্ষে বিজয়িনি সতি

মিলিত হইয়া অতিশয় কৌতুকাবহ খেলা করিবার মানসে সমুৎসুক হইলে, অনন্তর বয়স্য দিগকে দুই ভাগে বিভক্ত করিয়া একভাগ নিজপক্ষ ও অপর ভাগ বলদেবকে দিয়া সুশীতল পবন চালিত ভাণ্ডীর বৃক্ষমূলে খেলা আরম্ভ করিলে, ঐ সময়ে মায়াবী প্রলম্বাসুর বল্লব বেশ ধারণ করিয়া তোমার দল মধ্যে প্রবিষ্ট হইল, তুমি উহাকে অসুর জানিতে পারিয়াও ন্যায় যুদ্ধে নিহত করিব বলিয়া উহাকে আত্মীয় মধ্যে পরিগণিত করিলে, অনন্তর শ্রীদাম প্রিয়কারী তুমি

শ্রীদামপ্রিয়কামঃ সুররিপুবাহিত রামঃ
ক্ষপয়ন্ প্রলম্বকায়ং হলিনা নির্ম্মিতমায়ং
দৈবতপরিণুতলীলঃ সুহৃদানন্দনশীলঃ।

মৎসখত্বেন কল্পিতঃ প্রলম্বঃ পরাজিতো বর্লং বহন্নবতার মুল্লজ্য গমিষ্যতি তং স নিহনিষ্যতীতি ক্রমবিজ্ঞ ইত্যর্থঃ। ময়া তস্য বধোমাভূদিতি ভাবঃ॥

শ্রীদাম্নঃ প্রিয়ং কাময়তে বাঞ্ছতীতি বলপক্ষত্বেন তেন নির্জ্জিতত্বং বহনি-ত্যর্থঃ। সুররিপুণা প্রলম্বেন বাহিতো রামো যেন সঃ। হলিনা বলদেবেন নির্ম্মিতমায়ং। প্রলম্বকায়ং ক্ষপয়ন্ বিনাশয়ন্ ততো দৈবতেত্যাদিদ্বয়ং স্পষ্টার্থং॥

এবমাহ শ্রীশুকঃ। পশূংশ্চারয়তো র্গোপৈ স্তদ্বনে রামকৃষ্ণয়োঃ। গোপরূপী প্রলম্বোগাদসুরস্তজ্জিহীর্ষয়া। তং জানন্নপি দাশার্হো ভগবান্ সর্ব্ব দর্শনঃ। অন্বমোদত তৎসখ্যং বধং তস্য বিচিন্তয়ন্। তত্রোপহূয় গো-পালান্ কৃষ্ণঃ প্রাহ বিহারবিৎ। হে গোপাবিহরিষ্যামোদ্বন্দ্বীভূয় যথাযথং। কৃষ্ণসংঘট্টিনঃ কেচিদাসন্ রামস্য চাপরে। যত্রারোহন্তি জেতারো বহন্তি চ পরাজিতাঃ। বহন্তো বাহ্যমানাশ্চ চারয়ন্তশ্চ গোধনং। ভাণ্ডীরকং নাম বটং জগ্মুঃ কৃষ্ণপুরোগমাঃ। উবাহ কৃষ্ণো ভগবান্ শ্রীদামানং পরাজিতঃ। বৃষভং ভদ্রসেনস্তু প্রলম্বো রোহিণীসুতং। বহন্ দ্রুততরং প্রাগাদবরোহণতঃ। পরং অথাগত স্মৃতিরভয়োরিপুং বলো বিহায়সার্থমিব হরন্তমাত্মনঃ। কুবাহন-

বলদেবের দলকে জয় লাভ করাইয়া ঐ ছদ্মবেশী অসুর দ্বারা বলদেবকে বহন করাইতে লাগিলে, ঐ সময়ে প্রলম্বাসুর মায়ামূর্ত্তি পরিত্যাগ করিয়া নিজমূর্ত্তি ধারণ করিলে বলদেবের দ্বারা তাহাকে বিনাশ করিলে, তদ্দর্শনে দেবগণ ভক্তজন-প্রিয়কারী বলিয়া তোমাকে কত স্তব করিতে লাগিলেন॥

তত্র বিদূরং যাতাঃ সুরভীর্লঘুপদপাতাঃ
সমমন্বিষ্যন্ গোপৈঃ শঙ্কিতনিজধনলোপৈ
র্মুঞ্জাবলিবিকরালে বিপিনে ক্বচন বিশালে
লব্ধাখিলধবলাক স্তুঙ্গিতসুখপরিপাকঃ

চ্ছিরসি দৃঢ়েন মুষ্টিনা সুরাধিপো গিরিমিব বজ্ররংহসা। দৃষ্ট্বা প্রলম্বং নিহতং বলেন বলশালিনা। গোপাঃ সুবিস্মিতা আসন্ সাধু সাধ্বিতি বাদিনঃ। পাপে প্রলম্বে নিহতে দেবাঃ পরমনির্বৃতাঃ। অভ্যবর্ষন্ বলং মাল্যৈঃ শশংসুঃ সাধু সাধ্বিতীতি॥

এবং প্রলম্ববধমুক্ত্বা দাবাগ্নি বিনাশং বর্ণয়তি। তত্রেতি তত্র বনে তৃণ লোভেন বিদূরং যাতাস্তাএব লঘু পদপাতাঃ শীঘ্রগাঃ সুরভীর্গোপৈঃ সম মন্বিষ্যন্ মৃগ্যান্। কীদৃশৈঃ শঙ্কিতো নিজ ধনানাং গবাং লোপোযৈ স্তৈশ্চি-ন্তাকুলৈরিত্যর্থঃ। ততঃ কিমভূত্তত্রাহ মুঞ্জাবলিভিঃ শরশ্রেণিভি র্বিকরালে বিকটে ক্বচন বিশালে বিপিনে লব্ধা অখিলা ধবলা গাবো যেন সঃ। তত-স্তুঙ্গিতো গোধন লাভেন বর্দ্ধিতঃ সুখপরিপাকো যেন সঃ॥

এবমুক্তং শ্রীশুকেন। ক্রীড়াসক্তেষু গোপেষু তদ্গাবো দূরচারিণীঃ। স্বৈরং চরন্ত্যোবিবিশুস্তৃণ লোভেন গহ্বরং। তেঽপশ্যন্তঃ পশূন্ গোপাঃ কৃষ্ণ রামাদয়স্তদা। জাতানুতপানবিদূর্বিচিন্বন্তো গবাং গতিং। মুঞ্জাটব্যাং ভ্রষ্ট-মার্গং ক্রন্দমানং স্বগোধনং। সংপ্রাপ্য তৃষিতাঃ শ্রান্তাস্ততস্তে সংন্যবর্ত্তয়-

এক সময় তোমার গাভীগণ মন্দ মন্দ পদসঞ্চালন দ্বারা শ্রীবৃন্দাবনের অতিদূর প্রদেশে গমন করিয়া নেত্রপথের অতীত হইলে তুমি সমবয়স্ক গোপগণে মিলিত হইয়া পাছে গোধন অপহৃত হয় এই ভয়ে ভীত হইয়া ইতস্ততঃ অন্বেষণ করিতে লাগিলে, অনন্তর মুঞ্জাকীর্ণ কোন এক গহনবনে ঐ সকল গাভী

পীতভয়ঙ্করদাবঃ প্রকটোল্লসদনুভাবঃ
প্রণতজনোৎসবকারী ত্বং ভাণ্ডীরবিহারী।
গোকুলজন রসসিন্ধো জয় জয় দুর্বিধবন্ধো ॥ ০ ॥
কলিত শ্রীদামানং শ্রীদামানন্দিকেলিতুন্দিলিতং।

ন্নিতি। তদুত্তরং তত্রৈব মুঞ্জাটব্যাং দাবাগ্নিরকস্মাদুদভূত্তঞ্চ সখীন্নিমীলিতাক্ষান্ কৃত্বা স্বপাদিত্যাহ পীতেতি। তেনৈশ্বর্য্যং ব্যঞ্জিতমিত্যাহ প্রকটেতি। ততঃ স্বানাং সুখসমৃদ্ধিরভূদিত্যাহ প্রণতেতি ॥

এবমাহ শ্রীশুকঃ। ততঃ সমন্তাদ্বনধূমকেতু র্যদৃচ্ছয়াভূৎ ক্ষয় কৃৎবনৌকসাং। তমাপতন্তং পরিতো দবাগ্নিং গোপাঃ সগাবঃ প্রসমীক্ষ্য ভীতাঃ ॥

কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো হে রামামিতবিক্রম। দাবাগ্নিনা দহ্যমানান্ প্রপন্নাং স্ত্রাতুমর্হথঃ। বচোনিশম্য কৃপণঃ বন্ধুনাং ভগবান্ হরিঃ। পীত্বা মুখেন তান্ কৃচ্ছ্রাৎ যোগাধীশো ব্যমোচয়দিতি ॥

পুনর্ভাণ্ডীরমাপিতৈরুন্মীলিতাক্ষৈরতি বিস্মিতৈঃ সখিভিঃ সহ বিজহারেত্যাহ ভাণ্ডীরেতি। কৃতোক্তং লীলং কৃষ্ণং প্রণমতি কলিতেতি। রামাবরজং কৃষ্ণং বন্দে। কীদৃশং কলিতং বক্ষসি ধৃতং প্রিয়োরাধয়া দাম যেন তং। শ্রীদামানমানন্দয়তি যা তদ্বহনরূপাকেলি স্তয়া তুন্দিলিতং পুষ্টং। রামাণাং

প্রাপ্ত হইয়া সকলকে আনন্দিত করিলে, অপরদিকে ভয়ঙ্কর দাবানল দৃষ্ট করিয়া গোপগণ অতিশয় ভীত হইলে তুমি ঐ ভয়ানক দাবানল ভক্ষণ করিয়া সমস্ত বয়স্যদিগকে সুখী করিয়াছ, অতএব হে মহানুভব! হে ভাণ্ডীর বিহারিন্! তোমার জয় হউক ॥

শ্রীরাধিকা প্রদত্ত বনমালায় যাঁহার বক্ষঃস্থল সুশোভিত, যিনি কেলি দ্বারা প্রিয়সখা শ্রীদামকে আনন্দিত করিতেছেন,

বন্দে রামাবরজং রামাবরজঙ্গমদ্ব্যুতরুং ॥ ০ ॥
দ্বিপদিকা চ্ছন্দঃ ॥ ৮ ॥ * ॥

বরং জঙ্গম দ্ব্যুতরুং চলৎকল্পবৃক্ষং ॥
দ্বিপদিকেতি। দ্বিপদী পরিগদিতা সা দ্বাদশ কলযুক্তা যা ইতি তদনুসারি তদ্বিরচিতং ॥ ৮ ॥ * ॥

এবং যিনি ব্রজরমণীগণের গমনশীল কল্পবৃক্ষ স্বরূপ, সেই রামানুজ শ্রীকৃষ্ণকে আমি বন্দনা করি ॥ ৮ ॥

অথ বর্ষা শরদ্বিহার চরিতং।

প্রেমোল্লাসনশীলা বল্লবমল্লস্য বিজয়তে লীলা।
যন্মাধুরীং বিপঞ্চী বিরিঞ্চিসূনোঃ প্রপঞ্চয়তি॥ ০॥
মেঘসময় পূর্ত্তিরমিত বৃষ্টিষু তরুকন্দরমিত
নীপককুভ পুষ্পবলিত সান্দ্রবিপিন লব্ধললিত

বর্ণ্যং বর্ষাদিবিহারং সূচয়তি। প্রেমেতি। বল্লবমল্লস্য কৃষ্ণস্য লীলা বর্ষাশরৎক্রীড়া বিজয়তে। কীদৃশী প্রেমোল্লাসনং ভক্তভাববর্দ্ধনং শীলং যস্যাঃ সা। তস্যা মহিমানং বদন্ বিশিনষ্টি। বিরিঞ্চিসূনোর্নারদস্য বিপঞ্চী-বীণা যস্যা মাধুরীং প্রপঞ্চয়তি বিস্তৃণাতি॥

মেঘেত্যাদি। হে ঈশ্বর মদ্বিধং জনং পাহীত্যন্তিমেনান্বয়ঃ। মেঘ সময়ে বর্ষণ বেলায়াং যা পূর্ত্তির্গবাং পালনং তয়া রমিতং পশ্চাৎ সঞ্চারলক্ষণং যস্য। বৃষ্টিষু সতীষু তরুতলং কন্দরং চ ইত প্রাপ্ত হে। অরুণোক্তীষাদিক-মার্দ্রং মাভূদিতি তদা তত্র তত্র স্থিতেত্যর্থঃ॥

নীপানাং ককুভানাং চার্জ্জুনানাং পুষ্পৈ র্বলিত কৃতবেশ হে। সান্দ্রেষু

নারদের বীণা সর্ব্বদা যাহার মাধুরী প্রকাশ করিতেছে, ভক্তগণের ভক্তিবর্দ্ধক সেই কৃষ্ণলীলার জয় হউক॥

হে কৃষ্ণ! তুমি বর্ষাকালে বৃষ্টি উপস্থিত হইলে ধেনুগণ লইয়া তরুতল অথবা পর্ব্বত গুহা আশ্রয় কর। বৃষ্টি নিবৃত্তি হইলে পুনর্ব্বার ধেনুগণ লইয়া তাহাদিগকে প্রান্তরে সঞ্চরণ করাও, ঐ সময়ে কদম্ব ও অর্জ্জুনবৃক্ষের কুসুম দ্বারা স্নিগ্ধ

ভক্তপরিষদিষ্ট বরদ হারি বিভবধারি শরদ
লঙ্কৃত বহুপক্ষি ভরিত কাননকৃত দিব্যচরিত
বেশতুলিত নর্ত্তকবর চন্দ্রকচিতচারুকবর
গোপযুবতি ধৈর্য্যমথন. রূপতদভিনীত কথন

বিপিনেষু লব্ধা যা ললিতা মনোজ্ঞা ভক্তপরিষৎ সখিগোষ্ঠী তস্যৈ সহভোজনাদি লক্ষণানিষ্টান্ বরান্ দদাতীতি তথেতি বর্ষাদি বিহারো বর্ণিতঃ ॥

এবমাহ শ্রীশুকঃ। ক্বচিদ্বনস্পতিক্রোড়ে গুহায়াং চাভিবর্ষতি। নির্বিশন্ ভগবান্ রেমে কন্দমূল ফলাশনঃ। দধ্যোদনমুপানীতং শিলায়াং সলিলান্তিকে। সংভোজনীয়ৈ র্বুভুজে গোপৈঃ সংকর্ষণান্বিত ইতি ॥ ০ ॥

তেষু লব্ধায়ৈ মুনিগোষ্ঠ্যৈ ইষ্টান্ বরান্ দদাতীতি তথেত্যন্যে। অথ শরদ্বিহরিমাহ হারীত্যাদিনা। হারিণোরুচিরান্ পদ্মাদি বিভবান্ ধরতী যা শরৎ তয়ালঙ্কৃতেষু বহুভির্হংসাদি পক্ষিভি র্ভরিতেষু কাননেষু কৃতানি দিব্যানি চরিতানি যেন।

এবমুক্তং শ্রীশুকেন। ইত্থং শরৎ স্বচ্ছ জলং পদ্মাকর সুগন্ধিনা। ন্যবিশদ্বায়ুনাবাতং স গোগোপালকোচ্যুতঃ। কুসুমিত বনরাজি শুষ্মিভৃঙ্গদ্বিজকুলঘুষ্টসরঃ সরিন্মহীধ্রমিত্যাদি। বেশেত্যাদিদ্বয়ং স্ফুটার্থং। যদুক্তং। বর্হাপীড়ং নটবরবপুরিত্যাদি। হে গোপযুবতি ধৈর্য্য মথনরূপ। তাভিস্তদনুবতিভি-

---

কলেবর ভূষিত কর এবং নিবিড় অরণ্য মধ্যে বয়স্য ভক্তগণের মনোভীষ্ট পূর্ণ কর। হে কৃষ্ণ তুমি শরৎকালে পদ্ম কুমুদাদি কুসুমপূর্ণ সরোবর ও হংসকারণ্ডবাদি পক্ষিসেবিত কানন মধ্যে নটবরবেশ ধারণ পূর্ব্বক সুন্দরলীলা করিতেছ, ময়ূরপুচ্ছ দ্বারা তোমার চূড়া সুশোভিত, গোপরমণীগণ তোমার ঐ নটবররূপ দর্শন করিয়া ধৈর্য্যচ্যুত হইয়া থাকেন এবং তাঁহারা সর্ব্বদা

লোচনফল বেণুবলন বন্নদধর বক্তুকলন
সর্ব্ব সুকৃত বৈভবধর বেণুরসিত রজ্যদধর
বেণু মধুরনাদ নটিত কেকিনিবহ মেঘঘটিত

রভিনীতং কথনং যস্য যদুক্তং। তদ্বর্ণয়িতুমারব্ধাঃ স্মরন্ত্যঃ কৃষ্ণচেষ্টিতং। নাশকন্ স্মরবেগেন বিক্ষিপ্ত মনসোনৃপেতি। হে লোচনফল। বেণোর্বলনেন বাদনেন বরন্তৌ সঙ্কুচিতৌ ভবন্তৌ অধরৌ যত্র তাদৃশবক্তুং কলয়তি দর্শয়-তীতি তথা। এবমবর্ণি গোপীভিঃ। অক্ষণ্বতাং ফলমিদং নপরং বিদামঃ সখ্যঃ পশূননু বিবেশয়তোর্বয়স্যৈঃ। বক্তুং ব্রজেশসুতয়োরনু বেণু জুষ্টং যৈ বৈ নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষমিতি। সর্ব্বং সুকৃতিবৈভবং ধরতি যো বেণুস্তেন রসিতঃ স্বাদিতো রজ্যন্নরুণোহধরো যস্য। যদুক্তং তাভিঃ। গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণুর্দামোদরাধরসুধামপি গোপিকানা মিত্যাদি ইহ বেণোঃ সুকৃতিত্বং কল্পিতং বোধ্যং॥

বেণোর্মধুরেণ নাদেন নটিতাঃ কেকিনিবহা যেন। যদুক্তং তাভিঃ। গোবিন্দবেণুমনুমত্ত ময়ূরনৃত্যমিতি। নচ বেণ্বিতি ত্রিরুপাদানাৎ কথিত পদত্বং দোষঃ। উদ্দেশ্যপ্রতিনির্দেশ্যবদ্বিষয়ত্বেনাদোষত্বাৎ। ছত্রাকারেণো-

তোমার গুণ লীলা কীর্ত্তন করিয়া থাকেন, তোমাকে দর্শন করিলে নয়নযুগলকে সফল বলিয়া বোধ হয়, বংশীবাদন সময়ে অধর বিম্ব ঈষৎ সঙ্কুচিত হইলে তোমার অপূর্ব্ব মুখ-শোভা হইয়া থাকে, ত্বদীয় বংশী কতই পুণ্য করিয়াছে যে তোমার অধর সুধাপান করিয়া ঐ অরুণবর্ণ অধরবিম্বের কতই শোভা করিতেছে, তুমি বংশীধ্বনি করিয়া ময়ূরগণকে নৃত্য করাইতেছ, পাছে আতপ ক্লান্ত হও এই বলিয়া মেঘগণ ছত্রাকারে তোমাকে ছায়াদান করিতেছে, তোমার বংশীধ্বনি

সেবজনিত মুক্তযবসধেনুনিচয় চিত্তরঞ্জন
রূপবিলস দঙ্গবলন মোহিতসুরবৃন্দললন
ভিল্লযুবতি তোষি মসৃণ শষ্পামিলিত পাদঘুসৃণ।

পরি চলতা মেঘেন ঘটিতা রচিতা সেবা যস্য। শরদর্কমরীচিস্পর্শশঙ্কিনা বারিবাহেণ কৃতচ্ছায়েত্যর্থঃ॥

যদুক্তং তাভিঃ। "সখ্যুর্ব্যধাৎ স্বপুষাম্বুদ আতপত্রমিতি। জনিতো নিষ্পাদিতো বেণুনাদানুভবেন মুক্তযবসানাং ত্যক্তভৃণকবলানাং ধেনু নিচয়ানাং চিত্তেষু রঞ্জসোহর্ষো যেন। যদুক্তং তাভিঃ। গাবশ্চ কৃষ্ণ মুখনির্গত বেণুগীত পীযূষ মুত্তভিত কর্ণপুটৈঃ পিবন্ত্য ইত্যাদি। রূপে বিলসতামঙ্গানাং বলনেন ভঙ্গ্যা মোহিতাঃ সুরবৃন্দানাং ললনা যেন। যদুক্তং তাভিরেব। কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসব চারুবেশং শ্রুত্বাচ তৎ কণিতবেণু বিচিত্র গীতং। দেব্যো বিমানগতয়ঃ স্মরনুন্ন সারা ভ্রশ্যৎ প্রসূনকবরা মুমুহুর্বিনীব্য ইতি। ভিল্লযুবতীঃ পুলিন্দতরুণী স্তোষয়তি তাদৃশং মসৃণেষু কোমলেষু শষ্পেষু তৃণেষু মিলিতং চ পাদঘুসৃণং যস্য। কান্তাকুচস্পর্শাৎ যৎ পাদয়ো র্লগ্নং কুঙ্কুমং হরিত তৃণ লগ্নং পুলিন্দ্যো মুখেষু লিম্পন্ত্যঃ কামতাপং ত্যজন্তীতি ভাবঃ। যদুক্তং তাভিঃ। পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায় পদাব্জরাগ শ্রীকুঙ্কুমেন দয়িতা স্তনমণ্ডিতেন। তদ্দর্শন স্মররুজস্তৃণ রূষিতেন লিম্পন্ত্য আনন কুচেষু জহু

শ্রবণ করিয়া ধেনুগণ অর্দ্ধকবলিত তৃণ পরিত্যাগ পূর্ব্বক মনে মনে কতই আনন্দ অনুভব করিতেছে, তোমার অতি-সুন্দর অঙ্গ ভঙ্গী দেখিয়া স্বর্গীয় দেবমহিলারাও মোহিত হইতেছেন, শ্রীবৃন্দাবনে তৃণ সংলগ্ন তোমার চরণচ্যুত পবিত্র কুঙ্কুম মুখে লেপন করিয়া পুলিন্দরমণীগণ কন্দর্প সন্তাপ পরিত্যাগ করে, তোমার মুখারবিন্দ হরিণীগণের নয়ন

হারিহরিণ যোষিদমল নেত্রসুখদ বক্ত্রকমল
দাস্য নিরত শৈলরচিত্ত সেবন পশুপাশ খচিত
পাহি করুণ মদ্বিধজন মীশ্বর ভুরবাপ ভজন ॥ ৩ ॥
ঘনপ্রণয় ঘট্টনোদ্বুরিত ঘোষ সীমন্তিনী

স্তদাধিমিত্তি ॥

হারিণ্যোরমণীয়া যা হরিণযোষিতো মৃগ্য স্তাসাংস্ত্রমান্যমলানি নেত্রাণি তেভ্যঃ সুখদং বক্ত্রকমলং যস্য। তদুক্তং তাভিরেব। ধন্যাঃ স্ম মূঢ়মত য়োপি হরিণ্য এতা যা নন্দনন্দন মুপাত্ত বিচিত্রবেশং। আকর্ণ্য বেণুরুলিতং সহ কৃষ্ণসারাঃ পূজাং দধুর্বিরচিতাং প্রণয়াবলোকৈরিতি। দাস্যনিরতেন শৈলেন রচিতং সেবনং যস্য। যদুক্তং তাভিরেব। হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যো যদ্রাম কৃষ্ণচরণস্পর্শ প্রমোদঃ। মানং তনোতি সহ গোগণয়োস্তয়োর্যৎ পানীয় সূযবসকন্দরকন্দ মূলৈরিতি ॥

আম্নন্য পবাং পাদকর্ষণার্থেন পাশেন খচিত যুক্ত হে গোপপ্রবরেত্যর্থঃ। যদুক্তং তাভিরেব। নির্যোগ পাশকৃত লক্ষণয়োরিতি। হে করুণ দয়াল। অথ বৃন্দাবনবিহারিণি হরৌ স্নেহং প্রার্থয়তি।

ঘনেতি। হে কৃষ্ণ ত্বয়ি মম রতি রুন্মীলতু প্রকাশতাং রতিঃ কীদৃক্। তরঙ্গিনী বেগবতী। ত্বয়ি কীদৃশি। ঘন প্রণয়েন সান্দ্রস্নেহেন যদ্ঘট্টনং চাপলং

সুখপ্রদ, হে দয়াময়! হে ঈশ্বর! এই শৈলরাজ গোবর্দ্ধন দাস্যকার্য্যে নিযুক্ত হইয়া তোমার কতই সেবা করিতেছেন কিন্তু আমি ভক্তিবিহীন, অনুগ্রহ করিয়া আমাকে রক্ষাকর ॥

হে কৃষ্ণ! তুমি শরৎকাল শোভিত শ্রীবৃন্দাবনের রমণীয় ভূভাগে বিহার করিতেছ, পবিত্র প্রণয় মুগ্ধ গোপরমণীগণ

প্রপঞ্চিতজগত্রয়ী শ্রুতি বিটঙ্ক বিক্রীড়িতে।
শরদ্বিহসিতাটবী কুহরভূবিহারপ্রিয়ে
রতিস্ত্বয়ি তরস্বিনী মম সলীল মুন্মীলতু॥ ০ ॥
হারিহরিণচ্ছন্দঃ॥ ৯ ॥ * ॥

তেনোদ্ঘূরিতাসু ঘূর্ণিতাসু যোষসীমন্তিনীষু প্রপঞ্চিতং বিস্তারিতঞ্চ জগ-ত্রয্যা ত্রিলোকী রমণ্যাঃ শ্রুতিবিটঙ্কং কর্ণাভরণঞ্চ বিক্রীড়িতং যস্য তস্মিন্। শরদি বিহসিতায়া বিকসিতায়া বৃন্দাটব্যা যা কুহরভূ গর্ভপ্রদেশস্তত্র যো বিহারঃ স প্রিয়ো যস্য তস্মিন্। হারিহরিণেতি। হরিহারিণমেতদগল মস্তি ভসনলেন সরুচীতি তদনুসারি তদ্বিরচিতং॥ ৯ ॥ * ॥

কর্ত্তৃক প্রপঞ্চিত ত্বদীয় এই লীলা ত্রিলোকবাসি লোকের কর্ণভূষণ স্বরূপ হইতেছে, অতএব শ্রোতস্বতী নদীর ন্যায় বেগবতী হইয়া অবিশ্রান্ত ভাবে তোমাতে আমার রতি অর্থাৎ অনুরাগ প্রকাশ পাউক॥ ৯ ॥ * ॥

অথ বস্ত্র হরণং।

স্মেরাভিঃ সলিলে কলিন্দদুহিতু র্মগ্নাভিরাকন্ধরং
স্কন্ধন্যস্ত সমস্তপট্টবসনো নর্ম্মোক্তিভঙ্গীপটুঃ।
নির্ব্ব্যাজং ব্রজকন্যকাভিরসকৃদ্ভব্যাভিরভ্যর্থিতঃ
পায়াৎ তুঙ্গকদম্বশাখিশিখরারূঢ়স্ত্রিলোকীং হরিঃ॥ ০ ॥

বর্ণ্যং কন্যকাবস্ত্রহরণং সংক্ষেপাৎ তাবদাহ স্মেরাভিরিতি। হরিস্ত্রিলোকীং পায়াৎ। কীদৃশঃ সন্ স্কন্ধয়ো নিহিতানি সমস্তানাং কন্যকানাং পট্টবসনানি যেন সঃ। তুঙ্গমুচ্চং কদম্বশাখিনঃ শিখরমারূঢ়ঃ। বসনপ্রাপ্তয়ে ব্রজকন্যকাভি রসকৃন্মুহুর্মুহুরভ্যর্থিতঃ নির্ব্যাজমচ্ছলং যথাস্যাত্তথা। কীদৃশীভিঃ। ভব্যাভিঃ মঙ্গলরূপাভিরাকৃত্যা প্রকৃত্যাচ প্রগলভাভিরিত্যর্থঃ। কলিন্দদুহিতুর্যমুনায়াঃ সলিলে আকন্ধর মাকণ্ঠং মগ্নাভির্লজ্জয়া তস্মান্নির্গন্তু মশক্তাভি রিত্যর্থঃ। শিরোধরা কন্ধরা গলঃ কণ্ঠ ইতি হলায়ুধঃ। পুনঃ কীদৃশঃ। নর্ম্মোক্তি ভঙ্গীপটুঃ পরিহাসরস নিপুণঃ অত্র মহাচৌরস্য ত্রিলোকী পালকত্ব নিরূপণাৎ বিরোধাভাসঃ স্বৈকান্তি ভক্তৈকাস্তিত্বং চ ব্যজ্যতে।

যিনি যমুনাতীরে গোপকন্যাদিগের পট্টবস্ত্র সকল অপহরণ করিয়া ঐ সকল বস্ত্র উভয় স্কন্ধে রক্ষা করত অত্যুচ্চ কদম্ব বৃক্ষের উপর আরোহণ করিতেছেন এবং গোপকন্যাগণ লজ্জাবশত যমুনাজলে আকণ্ঠ নিমগ্ন হইয়া ঐ সকল বস্ত্র প্রার্থনা করিলে যিনি তাহাদিগকে নানাবিধ পরিহাস বাক্য বলিতেছেন, সেই ত্রিলোকীপতি শ্রীকৃষ্ণ এই জগৎকে রক্ষা করুন॥

নিজগুণোদয়োল্লাসলোভিতাঃ
গিরিসুতাব্রতারম্ভশোভিতাঃ
পশুপকন্যকাঃ সূরজাবনে
রচিতমজ্জনাঃ প্রেক্ষ্য পাবনে।
ত্বরিতমাগতো লুণ্ঠিতাম্বরঃ
প্রিয়ক মাশ্রিতোরঙ্গিণাম্বরঃ
সপদি লোকয়ন্ গোষ্ঠবালিকা।

নির্জেত্যাদি। হে দেব হে অখিলেশ্বর হে ইন্দিরালয় হে ব্রজমহেন্দ্র ত্বং পালয় মামিত্যন্বিমেনান্বয়ঃ। কীদৃশস্ত্বং। পশুপকন্যকাঃ প্রেক্ষ্য ত্বরিতং তদ্ভাবেনাকৃষ্যমাণঃ সমাগতঃ। তাঃ কীদৃশীঃ। নিজানামসাধারণানাং পুরুষোত্তমত্ব প্রেমবশ্যত্বাদীনাং কৃষ্ণগুণানামুদয়েন যো ব্রজরাজধান্যামুল্লাস স্তেন লোভিতাঃ। গিরিসুতায়াঃ কাত্যায়ন্যা যন্মার্গশীর্ষ বিখ্যাত স্নান সাঙ্গার্চ্চন লক্ষণং ব্রতং তদারম্ভেণ শোভিতাঃ। সাঙ্গতয়ানুষ্ঠিতস্য কৃষ্ণপতিফলকস্য গিরিসুতার্চ্চন ব্রতস্যোদ্যাপনায় সূরজাবনে যমুনাম্ভসি রচিত মজ্জনাঃ স্নাতীঃ। তত্রাগত্য কিঞ্চকার তত্রাহ। লুণ্ঠিতানি তট ধৃতানি তাসামম্বরাণি বাসাংসি যেন সঃ। তান্যাদায় প্রিয়কং কদম্বমাশ্রিতোঽধিরূঢ়ঃ। গোষ্ঠবালিকাঃ

হে কৃষ্ণ! তোমার প্রেমবশ্যতাদিগুণ লোভে লুব্ধ ও কাত্যায়নীব্রতপরায়ণা গোপকুমারীগণ স্নানার্থী হইয়া তটে পরিধেয় বস্ত্র গুলি স্থাপন পূর্ব্বক যমুনাজলে স্নান করিতেছেন, তুমি দূর হইতে উহা দর্শন করিয়া সত্বর তথায় উপস্থিত হইলে এবং কৌতুক দেখিবার নিমিত্ত তীরস্থ বস্ত্র গুলি অপহরণ করিয়া অত্যুচ্চ কদম্ববৃক্ষের উপর আরোহণ পূর্ব্বক বিকশিত মালতী কুসুম নির্ম্মিত কুণ্ডল যুক্ত শ্রীমুখে মন্দ মন্দ

ভ্রূকুটিবল্লরী ভঙ্গুরালিকাঃ
স্মিত পরিস্ফুরদ্বক্ত্র মণ্ডলঃ
স্ফুটিত মালতীকৢপ্তকুন্তলাঃ
সরভসং ততঃ শীতবেপিতৈঃ
প্রণয়কোপিভিঃ সুষ্টু হ্রেপিতৈঃ
বদনবিস্ফুরৎ কাকুজল্পনৈ

সপদি লোকয়ন্ সন্ স্মিতেত্যাদি লক্ষণঃ। অদ্য এতা মদ্বশ্যতামাগতাঃ পরীক্ষে প্রেমাণমাসামিতি ভাবঃ। তাঃ কীদৃশীঃ। ভ্রূকুটী বল্লরী সংসক্তাঃ ভঙ্গুরা অলকা যাসাং তাঃ। সরভসং সহর্ষং যথাস্যাত্তথা কন্ঠকাকুনৈর্যাচিতি সিচয় সঞ্চয়ং বসনবৃন্দং যাচিতঃ। সিচয়ো বসনং চীরাচ্ছাদো সিক্ চেল বাসসীতি হৈমঃ। কীদৃশৈস্তৈঃ। শীতেন বেপিতৈঃ কম্পিতৈঃ। রাজপুত্রস্য প্রণয়িনশ্চ তবৈতৎ কিং যুক্তমিতি প্রণয়কোপিভিঃ। সুষ্টু হ্রেপিতৈর্লজ্জাসিন্ধু নিমগ্নৈঃ। বদনেষু বিস্ফুরন্তি তব দাস্যোবয়মিতি কাকুজল্পনানি যেষাং তৈঃ। হে গোকুলশ্লাঘ্য হে ধর্ম্মজ্ঞেতি বিহিত সামভিঃ কৃতপ্রিয়ভাষণৈঃ। বাংসাংসি ন দাস্যসি চেৎ কংসায়াচক্ষ্মহে ইতি ভেদকল্পনৈঃ॥

এবমুক্তং তাভিঃ। মানয়ং ভোঃ কুথাস্থাংস্তু নন্দগোপসুতং প্রিয়ং। জানীমোঙ্গ ব্রজশ্লাঘ্যং দেহি বাসাংসি বেপিতাঃ। শ্যামসুন্দর তে দাস্যঃ

হাস্য করিতে করিতে ভ্রুকুটী ও অলকাবলী শোভিত ঐ গোপকুমারীদিগের মুখ সহর্ষে দর্শন করিতে লাগিলে অনন্তর কম্পিত কলেবর প্রণয়কোপনা গোপীগণ লজ্জিত ও ভীত হইয়া অপহৃত বস্ত্র সকল উভয় স্কন্ধে সংস্থাপন পূর্ব্বক মন্দ মন্দ হাস্য করিতেছে দেখিয়া বিনয় পূর্ব্বক কাকু বাক্যে তোমার নিকট বস্ত্র প্রার্থনা করিলেন, বলিলেন যদি বস্ত্র প্রদান কর তবে হে শ্যা-

বিহিত সাম্ভির্ব্বেদকল্পনৈঃ
সিচয় সঞ্চয়ং সম্ভ্রমাকুলৈ
র্ঝটিতি যাচিতঃ কন্যকাকুলৈঃ
পৃথুতরাংসয়োরর্পিতাংশুকঃ
সিতরদোল্লসন্মঞ্জুলাংশুকঃ
প্রকটিতাগ্রহৈর্ভূপ হেলিভিঃ
সখিকুলাদৃতৈ র্জল্পকেলিভিঃ

করবাম ভবোদিতং। দেহি বাসাংসি ধর্ম্মজ্ঞ নোচেদ্রাজ্ঞে ব্রুবামহে ইতি। এবমপি সংভ্রমাকুলৈর্ভগবতি সাদরৈঃ পৃথুতরয়োঃ সুপীনয়ো রংসয়ো রর্পিতানি তাসামংশুকানি বাসাংসি যেন সঃ। সিতেষু জ্বলেষু রদেষুল্লসন্তো মঞ্জুলা অংশবঃ কিরণা যস্য সঃ। কিং কুর্ব্বন্। জল্প কেলিভির্বাগ্বিলাসৈস্তা গোকুলাবলাস্তদা তরুপূরস্তটে প্রিয়কপিঞ্জিকাবলাদানয়ন্। কীদৃশৈঃ। যূয়ং চেন্মম দাস্যস্তর্হ্যত্রৈবাগত্য বাসাংসি গৃহ্নীতেতি প্রকটিতাগ্রহৈঃ। কং সভূপমাশ্রিত্য গর্ব্বায়ধ্বে চেৎ স বরাকঃ কিং নঃ কর্ত্তুং শক্নুয়াদিতি ভূপহেলিভিঃ। সখিকুলেন পঞ্চবাব্দ বয়সা ভগবন্ত মন্তরা গৃহেষু স্থাতুমক্ষমেণ মিত্রগণেন হে সখে কৃষ্ণৈব মেবৈতদিত্যাদৃতৈঃ সৎকৃতৈঃ। মুদিতেত্যাদি পদত্রয়ং প্রকটার্থং। পুনঃ

মসুন্দর। তুমি ধর্ম্মজ্ঞ আমারা তোমার দাসী, তুমি যাহা বলিবে আমরা তাহাই করিব, আর যদি বস্ত্র না দাও তবে আমারা তোমার ঔদ্ধত্য কংসরাজাকে বলিয়াদিব, তুমি কহিলে সে বর্ব্বর কংস আমার কি করিতে পারে! তাহার এমন কি সাধ্য আছে! তোমাদের যদি বস্ত্র লইতে ইচ্ছা হয় তবে যমুনা হইতে উত্থিত হইয়া এই কদম্ববৃক্ষ নিকটে আইস, এইরূপ

স্তরুপুরস্তটে তাস্তদাবলা
দচিরমানয়ন্ গোকুলাবলা
মুদিত মুগ্ধধীঃ কেলিনর্ম্মদঃ
সকল বল্লবীবৃন্দ শর্ম্মদঃ
প্রকটমম্বরীভূত হস্তকাঃ।
সবিধমাগতা নম্রমস্তকাঃ
সপটুরাত্মনো বাক্যকারিকা
ধৃতমহোৎসবঃ প্রেক্ষ্যদারিকাঃ
সলিল মজ্জনে ব্যক্ত্য নগ্নতাং
ব্রত বিধের্বদন্ সুষ্ঠু ভগ্নতাং
* শিরসি কারয়ং স্তস্য পূর্ত্তয়ে

কীদৃশঃ স কৃষ্ণঃ পটুঃ শুদ্ধভাব পরীক্ষায়াং নিপুণঃ। দারিকা গোপকন্যকা আত্মনো বাক্যকারিকাঃ প্রেক্ষ্য ধৃতমহোৎসবোতিহৃষ্টঃ। তাঃ কীদৃশীঃ অম্বরীভূতা হস্তা যাসাং তাঃ পাণ্যাচ্ছাদিত রহস্যাঙ্গ ইত্যর্থঃ। তাদৃশতয়া সবিধমাগতাঃ। নম্রমস্তকাস্ত্রপা নিমগ্নাঃ। পুনঃ কিং কুর্ব্বন্। সলিল

কথোপকথনের পর গোপকুমারীগণ লজ্জায় লজ্জার স্থান হস্ত দ্বারা আবরণ করিয়া কদম্বমূলে উপস্থিত হইলেন, পরে নিখিল বল্লবীবৃন্দের বিলাস সুখপ্রদ তুমি তাঁহাদিগকে তদবস্থ দেখিয়া কহিলে হে কুমারীগণ! তোমারা যমুনাজলে নগ্ন হইয়া স্নান করিতেছ, তাহাতে জলদেবতার অবমাননা হইয়াছে সুতরাং যে উদ্দেশে তোমারা স্নান করিতেছ সেই কাত্যায়নীব্রতেরও অঙ্গহানি হইয়াছে, অতএব সেই কাত্যায়নীব্রতের পূর্ণতার নিমিত্ত মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া আমাকে

প্রসভমাত্মনে ক্ষেমমূর্ত্তয়ে
মধুর মঞ্জলিং মঞ্জুলোচনঃ
প্রণয়িনী মনস্তাপমোচনঃ।
কিমপি কন্যকালীভিরানতঃ
প্রণয়সঙ্কুলাদাশুমানতঃ
সুখভরাদমূরত্র তর্পয়ন্

মজ্জনে স্নানে নগ্নতাং বিবস্ত্রতাং ব্যজ্যোক্ত্বা ব্রতবিধে উপঘ্নং বদন্। যৎফল মুদ্দিশ্যেদং ব্রতমাচরিতং তন্ন ভবিষ্যতি জলদেবতাবজ্ঞয়া তস্য তদ্যাদিতি কথয়ন্নিত্যর্থঃ। তর্হি কথমস্মদ্ ব্রতমিদমক্ষতং ভবেদিতি স চিত্তাজ্ঞানন্ নিতান্তং তদ্ভাবং পরীক্ষামাসেত্যাহ। অস্য ব্রতস্য পূর্ত্তয়ে ক্ষেমমূর্ত্তয়ে আত্মনে মহ্যং মধুর মঞ্জলিং কারয়ন্ নিখিল ফলরূপে মঙ্গলমূর্ত্তৌ ময়ি নিবেদিতা। অঞ্জলিতয়া নমস্কৃতে ব্রতমিদং সাঙ্গং সফলং স্যাদিতি তাস্তথা কুর্ব্বন্নিত্যর্থঃ।

ততো মঞ্জুলোচনঃ। তৎ সর্ব্বাঙ্গবীক্ষায়াং বিকসিতনেত্রঃ। ততঃ প্রণয়িনীতি বিদিত স্বপ্রণয়িনীসাং তাসাং মনস্তাপান্ মোচয়তীতি সঃ। ততোঽপি প্রসন্নাভিঃ কন্যকালীভিঃ কিমপি ভাবগর্ভং যথাতথা প্রণয়সঙ্কুলাৎ প্রেমব্যাপ্তাস্মানতঃ কাতরতাতীয় সৎকারাৎ আশুশীঘ্রমানতঃ প্রণতঃ অমূঃ কুমারিকাঃ সুখভরাৎ বঃ সঙ্কল্পো মমানুমোদিতোঽচিরাদেব ফলবান্ ভাবীতি স্বীকারোক্তিঃ প্রাদুর্ভাবাদানন্দাতিশয়াৎ তর্পয়ন্। তূর্ণং বসন

প্রণাম কর, তাহা হইলে তোমাদের মনোভীষ্ট সিদ্ধ হইবে, প্রণয়িনীগণের মনস্তাপনাশন এই কথা বলিলে তাঁহারা সেইরূপ করিলেন, তুমি প্রফুল্ল নয়নে তাঁহাদের সর্ব্বাঙ্গ সৌন্দর্য্য দর্শন করিয়া যাহার পর নাই পরিতৃপ্ত হইলে, অনন্তর গোপকুমারীগণের প্রণয়োচিত সম্মান লাভে বশীভূত

বসন সঞ্চয়ং তূর্ণমর্পয়ন্।
কৃতকুমারিকাচিত্তদোহদঃ
সকল সুন্দরী প্রেমমোহদঃ
প্রণতঃ মণ্ডলাভীষ্টকামধুক্
কমনবল্লরী মল্লিকামধুঃ
ত্বমখিলেশ মামিন্দিরালয়
ব্রজমহেন্দ্র হে দেব পালয় ॥ ॥

সঞ্চয়স্যার্পয়ন্ সন্। কৃতং কুমারিকাণাং তাসাং চিত্তদোহদং মনোবাঞ্ছিতং যেন সঃ। অথ দোহদং ইচ্ছাকাঙ্ক্ষা স্পৃহেহাতৃড়্বাঞ্ছা লিপ্সা মনোরথ ইত্যা-মরঃ। যদর্থং ব্রতমাচেরুঃ স স্বয়ং মিলিত ইত্যর্থঃ। সকলাভ্যঃ সুন্দরীভ্যঃ স্কন্ধ বিনিহিত পরিহিত বস্ত্রতাবপতাত্যক্তাঙ্গীকারাত্তুাদিতং প্রেমমোহং দদা-তীতি সঃ। এবমেবাস্য ভক্তপরিতোষি শীলমিত্যাহ। প্রণতমণ্ডলানা মভীষ্টান্ বাঞ্ছিতান্ কামান্ ভোগ্যান্ দোগ্ধি পূরয়তীতি সঃ। কান্তস্থ ভাৎ পর্য্যেণ কমনা মনোজ্ঞা বা বল্লব্য স্তা এব মল্লিকাস্তাসু মধুর্বসন্তঃ। সুতরাং তদভীষ্টপূরক ইত্যর্থঃ।

হইয়া তুমি কহিলে অচিরকালে তোমাদের মনোবাঞ্ছা পূর্ণ করিব এক্ষণে তোমাদের পরিধেয় বস্ত্র সকল গ্রহণ কর, এই বলিয়া স্কন্ধ হইতে বস্ত্র সকল সমর্পণ পূর্ব্বক তাঁহাদিগকে পরমানন্দ দানে পরিতৃপ্ত ও মনোবাঞ্ছিত পূর্ণ করিলে, অতএব হে অখিলেশ্বর! হে ইন্দিরালয়! হে ব্রজমহেন্দ্র! হে দেব! তুমি যাবতীয় ব্রজরমণীগণের প্রেম মোহদাতা, প্রণত জনের অভীষ্ট পূরক এবং কমনীয় বল্লবীবৃন্দরূপ মল্লিকাকুসুমের বসন্তকাল স্বরূপ, তুমি যে প্রকার গোপীগণের প্রতি প্রসন্ন

বিদধানয়াপি ধবলং তব জগদেবাদ্য কীর্ত্তিচন্দ্রিকয়া।
কেশব পশুপালীনাং চিত্রং দ্বিগুণীকৃতোরাগঃ ॥ ০ ॥
ইন্দিরাচ্ছন্দঃ ॥ ১০ ॥ * ॥

ব্রজকুমারী প্রসাদনেন তবাদ্ভুতা কীর্ত্তিরভূদিত্যাহ বিদধানয়াপীতি। হে কেশব অদ্য তব কীর্ত্তিচন্দ্রিকয়া জগদ্ধবলং বিদধানয়াপি পশুপালীনাং রাগোদ্বিগুণীকৃত ইতি চিত্রং। ধবলং শুক্লং পক্ষে নিষ্পাপং। রাগো-রক্তবর্ণতা পক্ষে প্রেমা। অত্র কারণ কার্য্যগুণ বিপর্য্যয়াত্মা বিষমোলঙ্কারঃ সচ শ্লেষাঙ্গকো বোধ্যঃ ইন্দিরেতি। ন গণতো রলাবিন্দিরালগাবিতি তদনুসারি তন্নির্ণয়ঃ ॥ ১০ ॥ * ॥

হইয়া কৃপা করিলে সেইরূপ এই ভক্তিবিহীন আমাকে অনুগ্রহ করিয়া পরিত্রাণ কর ॥

হে কেশব! তোমার কীর্ত্তি কৌমুদি নিখিল জগৎকে ধবলবর্ণ করিয়া সম্প্রতি গোপিকাগণের রাগ (রক্তবর্ণ পক্ষে অনুরাগ) দ্বিগুণ করিতেছে, সুতরাং ইহা বড়ই আশ্চর্য্যের বিষয় ॥ ১০ ॥ * ॥

অথ যজ্ঞপত্নীপ্রসাদঃ।

পরিতোষয়িতুং ন যাযজূকৈস্ত্বমনূচানজনৈশ্চ নাসি শক্যঃ।
রতিহার্য্য রতিং দদস্ব বন্দে তব গোবিন্দ সদা পদারবিন্দং ॥১০

অথ যজ্ঞপত্নী প্রসাদং বর্ণনীয়ং সূচয়ন্তি পরীতি। হে রতিহার্য্য রত্যেব হর্ত্তুং বশীকর্ত্তুং শক্য। হে গোবিন্দ গোপালস্বামিন্। যাযজূকৈরনূচানজনৈশ্চ ত্বং পরিত স্তোষয়িতুং শক্যো নাসি ন ভবসি। ইজ্যাশীলোযাযজূক ইতি। অনূচানঃ প্রবচনে সাঙ্গেধীতি চামরঃ। অতোরতিং ভাবং দদস্ব তদর্থং তব পদারবিন্দং সদাহং বন্দে। উপনয়নাদিকর্ম্মবতামপি বিপ্রাণাং ন যৎ প্রসাদস্তচ্ছূন্যানামপি তৎপত্নীনাং স বভূবেতি কর্ম্মণা মন্ত্রব্যতিরেকাভ্যাং ভগবদনুগ্রহং প্রতি কারণতা নিরস্তা কিন্তু সৎসঙ্গস্যৈব তং প্রতি সেত্যুক্তং।

এবমেবোক্তং তৎ প্রসঙ্গে যাজ্ঞিকৈঃ। ধিগ্জন্মনস্ত্রিবৃদ্যত্তদ্ধিক্ কুলং ধিগ্বহুজ্ঞতাং। ধিগ্ব্রতং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে। নাসাং দ্বিজাতিসংস্কারো নসিবাসো গুরাবপি। নতপো নাত্মমীমাংসা ন শৌচং নক্রিয়াঃ শুভাঃ। তথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে। ভক্তি দূঢ়া নচাস্মাকং সংস্কারাদিমতামপীতি। সৎপ্রসঙ্গশ্চাসাং গম্যঃ ॥

হে গোবিন্দ! যাযজুক ব্রাহ্মণগণ সাঙ্গ বেদ অধ্যয়ন করিয়া যজ্ঞ দ্বারা তোমাকে পরিতোষ করিতে সমর্থ হন না, তুমি এক মাত্র প্রেমের অধীন অতএব হে স্বামিন্! তোমার পদারবিন্দ বন্দনা করি, যাহাতে ঐ পাদপদ্মে ভক্তি হয় তাহা বিধান কর ॥

রঙ্গতস্তোষিত জ্ঞাতিনা সঙ্গতো ধেনুকারাতিনা
কর্ণপালীমিলৎপল্লবৈ বৈষ্টিতঃ সর্ব্বতোবল্লবৈ
গোপসীমন্তিনীকামুকঃ কাননোৎসঙ্গ সংগামুকঃ
কৢপ্ত বৃন্দাটবীমাননঃ প্রেক্ষিত স্মেরগোপাননঃ।
সংস্তবন্ ভূরুহাং সম্পদঃ শ্লাঘনব্যাজতঃ শংপ্রদঃ।
স্বান্ সখীন্ ক্ষুত্তরোত্তার্পিতান্ প্রেমভিঃ প্রার্থনামার্পিতান্।

রঙ্গত ইত্যাদি। গোবিন্দ ভবান্ গোকুলে খেলতাৎ ক্রীড়তু। সন্ততং দারুণগ্রাহপুরাহতং উদ্ধতং দুঃশীলঞ্চ মাং পাহীত্যন্তিমেনান্বয়ঃ। ভবান্ কীদৃশঃ ধেনুকারাতিনা বলদেবেন সঙ্গতঃ। কীদৃশেন। রঙ্গতো বিস্ময়জ্ঞানেন তোষিতা জ্ঞাতয়ো যেন তেন। গোপসীমন্তিনীনামেব কামুকস্তাসামেব কান্তঃ কাননোৎসঙ্গেষু বনগহ্বরেষু সংগামুকঃ সঙ্গমশীলঃ। কৢপ্তং কৃতং বৃন্দাটব্যামাননং শ্লাঘা যেন সঃ। তদেবাহ। ভূরুহাং বৃন্দাটবীতরূণাং সম্পদঃ সংস্তবন্।
এবমাহ শ্রীশুকঃ। নিদাঘার্কাতপে তিগ্মে ছায়াভিঃ স্বাভিরাত্মনঃ। আতপত্রায়িতান্ বীক্ষ্য দ্রুমানাহ ব্রজৌকসঃ॥
পশ্যতৈতান্ মহাভাগান্ পরার্থৈকান্তজীবিতান্। বাতবর্ষাতপহিমান্ সহন্তো-বারয়ন্তি ন ইত্যাদিনা। শ্লাঘনব্যাজত স্তেষাং শংপ্রদঃ সুখদায়ী। তদা ক্ষুত্তরেণোত্তার্পিতান্ স্বান্ সখীন্ দূরতো নিকটেঽধ্বরে যজ্ঞে প্রেষয়ন্। কীদৃশান্

হে গোপীকান্ত। তুমি একদা জ্ঞাতিপ্রিয় বলদেব ও ব্রজবালকগণে পরিবেষ্টিত হইয়া শ্রীবৃন্দাবন পর্য্যটন করিতে করিতে কোন এক বয়স্যের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিলে হে বয়স্য! দেখ শ্রীবৃন্দাবনের কি অপূর্ব্ব শোভা হইয়াছে, সমস্ত তরুলতা পুষ্পিত হইয়া কি অপূর্ব্বভাব ধারণ করিতেছে এইরূপ শ্রীবৃন্দাবনের প্রশংসা করিয়া তত্রত্য অধিবাসিদিগকে

প্রেষয়নধ্বরেহক্ষুরতঃ খ্যাপিত ব্রাহ্মণক্রুরত্ত্ব
কল্পিত ব্রাহ্মণাবজ্ঞয়া প্রেষ্ঠসংক্রামিত প্রজ্ঞয়া

প্রেমভিরস্মানিব কৃষ্ণমপি ক্ষুধাধত্তেতি কৃষ্ণবিষয়কৈঃ প্রার্থনামাপিতান্ গমিতান্ যদ্যপি হরেস্তস্মিত্রাণাঞ্চ নিত্যতৃপ্তত্বাৎ ক্ষুধাধা ন সম্ভবতি তথাপি লপ্রভু র্ভাবগ্রাহী কদাচিদস্মদন্তিকমাগচ্ছেদস্মজোহস্মান্নি যাচেত দীনবন্ধুরিতি ভক্তানাং ব্রাহ্মণীনামিচ্ছয়ৈব ক্ষুত্ত্বেষামাবির্বভুবেতি জ্ঞেয়ং। অধ্বরাৎ পর্যাবৃত্তৈরলব্ধান্নৈঃ সখিভিঃ খ্যাপিতা ব্রাহ্মণানাং ক্রূরতা যেন সঃ। তে ব্রাহ্মণা ত্বদীয়েভ্যোপ্যাসত্যমন্নানি ন দদুর্নচ বাচাপি সচ্চক্রুরিতি যং সখায়ঃ প্রোচুরিত্যর্থঃ। ততশ্চ মদ্ভক্তাঃ ব্রাহ্মণীঃ প্রতি ব্রজতেতি কৃষ্ণপ্রেষিতৈস্তৈঃ সখিভিঃ যাচিতায়য়া সত্বরমাগতয়া ব্রাহ্মণীমালয়া প্রেক্ষিত ইত্যন্বয়ঃ। তয়ালয়া কীদৃশ্যা। কল্পিতা কৃতা ব্রাহ্মণানাং স্বপত্নীনামবজ্ঞানিষেধোল্লঙ্ঘন লক্ষণা যয়া। কুতএব তত্রাহ প্রেষ্ঠে পরম প্রেমাস্পদে পরমাত্মনি কৃষ্ণে সংক্রামিতা প্রজ্ঞা বুদ্ধির্যয়া। লব্ধিবতং ক্ষেমভাক্ কল্যাণ নিলয়ভূতং সত্রং বহু

পরম সুখী করিতেছ, ইতি মধ্যে কতিপয় বয়স্য ক্ষুধার্ত্ত দেখিয়া তাহাদিগকে কহিলে হে বয়স্যগণ! ঐ দেখ অনতিদূরে ব্রাহ্মণেরা যজ্ঞ করিতেছেন, ঐ স্থানে উপস্থিত হইয়া বল যে বন মধ্যে কৃষ্ণ ও বলভদ্র ক্ষুধার্ত্ত হইয়াছেন এবং তাঁহার আত্মীয় আমরাও ক্ষুধার্ত্ত হইয়াছি. অতএব ক্ষুধা শান্তির নিমিত্ত কিঞ্চিৎ অন্ন প্রদান করুন, শ্রীকৃষ্ণের এই কথা শুনিয়া গোপবালকগণ যজ্ঞ স্থানে গমন পূর্ব্বক তথা হইতে নিরাকৃত হইয়া প্রত্যাগমন করিলেন, ও তত্রত্য ঘটনা সকল শ্রীকৃষ্ণের নিকট কীর্ত্তন করিলেন এবং বলিলেন কৃষ্ণ! তুমি যে স্থানে আমাদিগকে পাঠাইয়াছিলে তত্রত্য ব্রাহ্মণ-

লজ্জিত ক্ষেমভাক্ সত্রয়া পূরিকাপূরিতামত্রয়া
স্থালিকাস্তস্তসক্তয়া স্নেহ সম্পত্তিতোহভ্যক্তয়া
রত্নপাত্রীধৃত ক্ষীরয়া কাননোপক্রমাধীরয়া

যজমানকোষাপো যয়া। ভগবতে কিমুপায়নমানীয়াজগ্মুস্তত্রাহ। পূরিকে-ত্যাদীন্যষ্টৌ বিশেষণানি বিশদর্থানি। অমত্রাণি পাত্রাণি তক্রাম্ভোদনানি। কৌতুকেন কৃষ্ণসন্নিধিগমন বিনোদেনোত্তুঙ্গঃ সংরাবঃ শব্দো যস্যাস্তয়া। কৃষ্ণবিষয়কাদৌৎসুক্যান্নির্ভর মুক্তালয়া সত্বরয়া। অমত্রং ভাজনং পাত্রং স্থালং স্থূলার্থমুচ্যতে।

দিগের অন্ন দেওয়া দূরে থাকুক, তাঁহারা একবার বাক্য দ্বারাও আমাদিগকে সৎকার করিলেন না, এইরূপ ব্রাহ্মণদিগের ক্রূরতা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন বয়স্যগণ! তোমরা ব্রাহ্মণদিগের নিকট অন্ন প্রার্থনা করায় তাঁহারা গোপজাতি বলিয়া অবজ্ঞা করিয়াছেন কিন্তু ব্রাহ্মণপত্নীদিগের নিকট অন্ন প্রার্থনা করিলে অবশ্যই তাঁহারা দিতেন অতএব তোমারা পুনর্ব্বার সেই স্থানে গমন কর এবং ব্রাহ্মণপত্নী দিগের নিকটে আমার নাম করিও তাহা হইলে অবশ্যই অন্ন পাইবে, শ্রীকৃষ্ণের এই কথা শুনিয়া গোপবালকেরা পুনর্ব্বার তথায় উপস্থিত হইলেন এবং ব্রাহ্মণপত্নীদিগের নিকট ঐ সমস্ত বৃত্তান্ত কীর্ত্তন করিলে কৃষ্ণপ্রাণা ব্রাহ্মণ পত্নীগণ আপনং পতির নিষেধ বাক্য অবহেলন ও যজ্ঞোৎসব পরিত্যাগ পূর্ব্বক কৃষ্ণ দর্শন লালসায় বনাভিমুখে গমন করিতে লাগিলেন। কেহ পূপপিষ্টকাদি পূর্ণপাত্র লইতে-

ভাজনস্থস্তসংযাবয়া কৌতুকোত্তুঙ্গ সংরাবয়া
গৌরবাস্নির্ভরোত্তালয়া প্রেক্ষিতোব্রাহ্মণীমালয়া।
স্পর্দ্ধমানং রুচাহাটকং ধারয়ন্নুজ্জ্বলং শাটকং
সখ্যুরংসে করং দক্ষিণং ন্যস্ত লোকত্রয়ী রক্ষিণং
বিস্ফুরন্নর্ত্তকালঙ্কৃতিঃ সঞ্চলৎ কিঙ্কিণীঝঙ্কৃতিঃ
কান্তিভি র্নিন্দিতেন্দীবরঃ সুন্দরোরস্তটে পীবরঃ

অন্ধঃ কূরস্তক্তং দিদীধিবৃত্তং তথ্যোদনং স্তিৎসা। উত্তালস্বরিতোজ্জম ইতি হলায়ুধঃ॥

পুনঃ কীদৃশঃ। রুচা হাটকং স্বর্ণং স্পর্দ্ধমানং তত্তুল্যং উজ্জ্বলং শাটকং পটং ধারয়ন্। লোকত্রয়ী রক্ষিণং দক্ষিণং করং সখ্যুরংসে ন্যস্য বিস্ফুরন্ ভ্রাজমানঃ। নর্ত্তকালঙ্কৃতি নটবরবেশঃ॥

এবমবর্ণি শ্রীশুকেন। শ্যামং হিরণ্যপরিধিং বনমাল্যবর্হ ধাতু প্রবাল নটবেশ মনুব্রতাংসে। বিন্যস্ত হস্তমিতরেণ ধুনানমব্জং কর্ণোৎপলালক কপোল মুখাব্জহাসমিতি। ইতঃ পরাণি পঞ্চ বিশেষণাণি স্পষ্টার্থানি তত্র-

ছেন, কেহ বা ভক্তি ও যত্ন সহকারে অন্ন ব্যঞ্জনাদি পরিপূর্ণ স্থালিকা লইতেছেন, বন মধ্যে গিয়া কতক্ষণে কৃষ্ণ দর্শন করিব এইরূপ ভাবে অধীর হইয়া কেহবা রত্ন পাত্রে ক্ষীর লইতেছেন, কেহবা স্বর্ণ পাত্রে পরমান্ন গ্রহণ করিতেছেন, এইরূপে কৃষ্ণ দর্শনে ব্যগ্র হইয়া আনন্দে হুলু হুলু ধ্বনি করিতে করিতে ব্রাহ্মণপত্নীগণ তোমার নিকট উপনীত হইয়া তোমাকে দর্শন করিলেন, তখন তুমি স্বর্ণনিন্দি পীতা ম্বর পরিধান করিয়া দক্ষিণ হস্ত বলদেবের স্কন্ধে ন্যস্ত করিয়া নটবরবেশে অবস্থান করিতেছ, চরণ যুগলে কিঙ্কিণী ঝঙ্কার রব করিতেছে, শ্রীঅঙ্গের কান্তিতে ইন্দীবর পরাভূত হইতেছে,

সঞ্চরন্মঞ্জরীকুণ্ডলঃ শ্রাবিত ব্রাহ্মণীমণ্ডলঃ
কৃষ্ণ হে সুন্দরাকুণ্ঠয়া প্রেরিতাস্তূর্ণমুৎকণ্ঠয়া
রক্ষণঃ সঙ্গতাদূরতঃ স্বাস্তিকে স্বং যতঃ সুরতঃ
স্মাস্বরীকাকুমিত্যাগ্রতঃ শীলয়ন্ ব্যঞ্জিতব্যগ্রতঃ

ব্রাহ্মণীনাং শ্লাঘা হে মহাভাগা হে মদেকান্তভক্তা ইত্যেবং প্রশংসা। পুনঃ কীদৃশঃ ॥

হে কৃষ্ণ হে সুন্দর। অকুণ্ঠয়া প্রবলোৎকণ্ঠয়া প্রেরিতা দূরত তূর্ণং সঙ্গতা-নোঽস্মান্ স্বান্তিকে রক্ষ ন ত্যজ। যতস্ত্বং সুরতঃ কৃপাদ্রুরসীতি স্মাস্বরীণাং ব্রাহ্মণীনাং কাকুমগ্রতঃ শীলয়ন্ শৃণ্বন্। ইতি শব্দস্তাদ্বানস্বত্বং ছন্দোহুরোধাৎ বোদ্ধব্যং। কান্তভাব নিবিষ্টমনসামাসাং ব্রাহ্মণীনাং গোপরাজ কুমারেণ ময়া কথং সমাধানং স্যাৎ কথং বা ভক্তভাবাহুসারিতা মম স্যাদ্যাতীতি ব্যঞ্জিতা ব্যগ্রতা যেন সঃ। ততঃ কিঙ্করার তত্রাহ। সর্ব্বথা সর্ব্বৈঃ প্রকারৈঃ অপত্যামি কিন্তু দেহান্তরেণ মাং মিলিষ্যথেত্যেবং মন্তানিচ ভবাহিতানি যেন

বক্ষঃস্থল সুবিস্তীর্ণ নবপল্লব রচিত কুণ্ডলদ্বয় কর্ণযুগলে দোদুল্যমান হইতেছে, ব্রাহ্মণপত্নীগণ তোমার এই প্রকার মধুররূপ দর্শনে মুগ্ধ হইয়া তোমাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন হে কৃষ্ণ! হে সুন্দর! তুমি দয়াময় আমরা কৃষ্ণ দর্শন করিব এই প্রবল উৎকণ্ঠায় প্রেরিত হইয়া দূর স্থান হইতে তোমার নিকট আসিয়াছি, অতএব যাহাতে আমরা তোমার চির কিঙ্করী হইতে পারি সেই প্রকার বিধান কর তাঁহাদের এইরূপ কথা শুনিয়া তুমি কহিলে আমি গোপসন্তান তোমরা ব্রাহ্মণ পত্নী অতএব আমার সহিত তোমাদের মাধুর্য্যভাব

সর্ব্বথা দত্ততদ্বাঞ্ছিতঃ কীর্ত্তিবিচ্ছোলিকালাঞ্ছিতঃ
প্রেষিত ব্রাহ্মণীকোমলঃ পল্লবাদপ্যলং কোমলঃ
সদ্‌গুণৈরিন্দ্রিয়ামোদনং ভুক্তবান্ ভোজয়ন্নোদনং
মত্তমাতঙ্গলীলাকরঃ কিঙ্করানন্দি শীলাকরঃ

সঃ তদুক্তং তাঃপ্রতি। ন প্রীতয়েহনুরাগায় হ্যঙ্গ সঙ্গোনৃণামিহ। তন্মনোময়ি যুঞ্জানা অচিরান্মামবাপ্স্যথ ইতি। ততঃ কীর্ত্তি বিচ্ছোলিকয়া মর্য্যাদা সেতুস্থ ভক্তভাবানুসারিত্ব গুণকৃতয়া যশঃ শ্রেণ্যা লাঞ্ছিত শ্চিহ্নিতঃ। ততঃ প্রেষিতা গৃহান্ প্রতি গমিতা ব্রাহ্মণ্যো যেন সঃ। এবম্মনসো নিষ্কলঙ্কঃ। পল্লবাৎ ত-নারাদি পত্রাদপ্যলং কোমলঃ। তাসামার্ত্তিং বিজ্ঞায় খিদ্যমানমনা ইত্যর্থঃ॥

ততঃ কিঞ্চকার তত্রাহ। সদ্গুণৈর্মার্দ্দবৌজ্জ্বল্য সৌরভাদিভি রিন্দ্রিয়া মোদনং ওদনং সখীন্ ভোজয়ন্ স্বয়ং ভুক্তবান্। মত্তমাতঙ্গস্য যা লীলা তাং করোতীতি নিদর্শনালঙ্কারঃ। কিঙ্করান্ সেবকান্ আনন্দয়ন্তি যানি শীলানি চরিতানি তেষামাকরঃ খনিঃ। চরিত্রং চরিতং শীলমিতি হলায়ুধঃ॥

অসঙ্গত হয়, অতএব তাহা না করিয়া তোমরা সর্ব্বদা আমাতে চিত্ত সমর্পণ করিও তাহা হইলেই তোমাদের মনোবাঞ্ছা পূর্ণ হইবে, পবিত্র কীর্ত্তি তুমি ব্রাহ্মণ পত্নীদিগকে এইরূপ আশ্বাস দিয়া তাহাদিগকে নিজ নিজ গৃহে প্রেরণ করিলে, তুমি নবপল্লব হইতেও অতি কোমল, তথাপি ব্রাহ্মণপত্নী-গণের তথাবিধ কাতরতা শ্রবণে খিন্ন না হইয়া কেবল অক-লঙ্ক যশের পরিচয় দিয়াছ। অনন্তর সৌরভাদি গুণ পূর্ণ ইন্দ্রিয় প্রীতিকর সেই সকল অন্ন ব্যঞ্জনাদি বয়স্য দিগকে ভোজন করাইয়া পরিশেষে আপনি ভোজন করিলে, মত্ত-মাতঙ্গের ন্যায় তোমার বিক্রম, তোমার চরিত্র ভক্তজনের

সর্ব্বদা বিভ্রমারম্ভবান্ খেলতাদেষ গোকুলেহলংভবান্
সন্ততং দারুণাপদ্ধতং পাহি গোবিন্দ মামুদ্ধতং ॥ ০ ॥
দুঃখোচ্ছিত্তিঃ পরমমধুরানন্দপূরানুভূতিঃ
সেয়ং দামোদর তদুচিতাসাধনানুষ্ঠিতির্বা।
সত্তাং ধত্তে ন কমলভবো প্যন্তরেণার্ত্তবন্ধো

নিত্যমেবৈবং বিধোভূদিত্যাহ সর্ব্বদা বিভ্রমাণাং বিলাসানা মারম্ভো যস্য বিদ্যতে সঃ। অবশিষ্টং যোজিতং প্রাক্ ॥ ০ ॥

ভগবৎ করুণয়া যজ্ঞপত্নীনাং পুমর্থসিদ্ধিরভূত্তৎপতীনাস্তু তৎ করুণা শূন্যানাং ন তৎ সিদ্ধিরিতি ব্যঞ্জয়ন্নাহ দুঃখেতি। হে আর্ত্তবন্ধো শ্রীকৃষ্ণ তে কারুণ্যং দয়ামন্তরেণ বিনা কমলভুবশ্চতুর্মুখস্যাপি দুঃখোচ্ছিত্তিরবিদ্যা-ধ্বংসঃ সত্তাং ন ধত্তে ন ভবতীত্যর্থঃ। পরম মধুরস্যানন্দপূরস্যানুভূতি র্লাভঃ সত্তাং নধত্তে। দুঃখহানি পরমানন্দ প্রাপ্তি লক্ষণো মোক্ষস্তৎকৃপা সাধ্য ইত্যর্থঃ। ননু জ্ঞান বৈরাগ্যসাধ্যো মোক্ষঃ শ্রূয়তে তত্রাহ। তদুচিতা মোক্ষোপযোগিনী সাধনানামনুষ্ঠিতিশ্চ ত্বৎ কারুণ্য মন্তরেণ সত্তাং ন ধত্তে। ত্বৎ কৃপয়ৈব ব্রহ্মাপি মোক্ষসাধনান্যাচরতি নান্যথেত্যর্থঃ। এবং সতি কা কথান্যেষাং। অতস্তস্য কারুণ্যস্য বিন্দুমহং মুহুরর্থয়ে। তুল্যযোগিতা-

আনন্দপ্রদ, তুমি সর্ব্বদা বিলাসী হইয়া এই গোকুলে খেলা কর কিন্তু হে গোবিন্দ! আমি উদ্ধত স্বভাব ও দারুণ আপদ্-গ্রস্ত অতএব অনুগ্রহ করিয়া আমাকে পরিত্রাণ কর॥

আত্যন্তিক দুঃখ বিনাশ, ও পরমানন্দের অনুভূতি অর্থাৎ মোক্ষ এবং মোক্ষের সাধন জ্ঞান বৈরাগ্যাদি এসমস্ত অন্যের কথা দূরে থাকুক তোমার কৃপা ব্যতীত ব্রহ্মাও লাভ করিতে সমর্থ হন না অতএব হে দামোদর! হে আর্ত্তবন্ধো! আমি

কারুণ্যন্তে মুহুরহমতঃ প্রার্থয়ে তস্য বিন্দুং ॥ ০ ॥
মত্তমাতঙ্গলীলাকরচ্ছন্দঃ ॥ ১১ ॥ * ॥

লঙ্কারঃ ॥

এবমুক্তং ব্রহ্মণা। তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো ভুঞ্জানএবাত্মকৃতং বিপাকং। হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্। এষোঽনুকম্প্যো ময়িনাথবানিতি। অথাপি তে দেব পদাম্বুজদ্বয়েত্যাদি। মত্তেতি। যত্র রেফঃ পরং স্বেচ্ছয়া গুম্ফিতঃ সম্মতো দণ্ডকো মত্তমাতঙ্গ লীলাকর ইতি বৃত্তরত্নাকরে তল্লক্ষণং ॥ ১১ ॥ * ॥

তোমার নিকট সেই কৃপা বিন্দু প্রার্থনা করিতেছি ॥ ১১ ॥

অথ গোবর্দ্ধনোদ্ধরণং।

অমন্দমদমণ্ডলৈরলমখণ্ডমাখণ্ডলং
ন্যরুদ্ধ রভসেন যঃ পৃথুমুদস্য গোবর্দ্ধনং।
অচণ্ডকরমাধুরীপটল দণ্ডিতুণ্ডশ্রিয়ং
তমাত্ত বরমণ্ডনং মকরকুণ্ডল ত্বাং ভজে॥
হেতুবাদজ জল্পিতব্রজ বাসবাধ্বরমর্দ্দনে

বর্ণনীয়ং গোবর্দ্ধনোদ্ধরণ চরিতং সংক্ষিপ্য তাবদাহ। অমন্দেতি। হে মকরকুণ্ডল ত্বামহং ভজে কীদৃশং। অচণ্ডকরস্য চন্দ্রস্য মাধুরী পটলং দণ্ডয়তি তিরস্করোতি তাদৃক্ তুণ্ডশ্রী, মুখকান্তি র্যস্য তং। আত্তানি ধৃতানি বরাণি মণ্ডলানি কটক কেয়ুরাদীনি যেন। তং রভসেন হর্ষেণ পৃথুমতিগুরুং গোবর্দ্ধনং গিরিমুদস্যোদ্ধৃত্য অমন্দমদমণ্ডলৈরুৎকটপর্ব্ববৃন্দৈরখণ্ডং পূর্ণমাখণ্ডলমিন্দ্রমলমত্যর্থং ন্যরুদ্ধ ন্যবারয়ৎ॥ ০॥

বিস্তারেণ তচ্চরিতমাহ হে ত্বিতি। হে মাধব পক্ষে বসন্ত হে পুরুষোত্তম। মম লোল বুদ্ধি শিলীমুখী চপলধী ভ্রমরী ত্বয়ি সংমুখী বর্ত্ততামিত্যন্তরেণান্বয়ঃ॥

শক্রবৎ ত্বদ্বৈমুখ্যমস্যা বিনাশয়েতি ভাবঃ। মধুকর মধুপ মধুব্রত শিলীমুখ ভ্রমর ভৃঙ্গপুষ্পলিহ ইতি হলায়ুধঃ॥

ত্বয়ি কীদৃশীত্যাহ। হেতুবাদাৎ জাতো যো জল্পিতব্রজো বাক্য সমূহস্তেন

হে মকর কুণ্ডল ভূষিত! হে কৃষ্ণ! তুমি অনায়াসে অতি বিশাল গোবর্দ্ধন পর্ব্বত করে ধারণ করিয়া ইন্দ্রের মদগর্ব্ব খর্ব্ব করিয়াছ, তুমি মুখ শোভা দ্বারা চন্দ্রের মাধুর্য্য পরাভব করিয়াছ, নানাবিধ অলঙ্কারে তোমার সর্ব্বাঙ্গ ভূষিত অতএব আমি সর্ব্বদা তোমাকে ভজনা করি॥

হে মাধব! (পক্ষে হে বসন্ত!) হে পুরুষোত্তম! আমার

ভূসুরোৎকর গোমহীধর পূজনোৎসববর্দ্ধনে
পর্ব্বতার্চ্চন সম্পদর্জ্জন হেতুতা পরিবোধকে
কল্পিতাতুল সূপসঙ্কুল শষ্কুলী দধিমোদকে

বাসবস্যেন্দ্রস্যাধ্বরং যজ্ঞং মর্দ্দয়তীতি তস্মিন্। কারীরী পুত্রেষ্টি জ্যোতিষ্টো-মাদি কর্ম্মৈবান্বয়ব্যতিরেকাভ্যাং ফলপ্রদং প্রতীতং দেবতা যাজ্যাদিবৎ কর্ম্মাঙ্গং নহি কর্ম্মণা বিনা সা ফলং দত্তে ইতি মীমাংসকমতানুসারেণ প্রবৃত্তা প্রকৃতিশ্চলেন রজসা স্বকার্য্যভূতাং মেঘমালাং প্রবর্ত্তয়তি সা বারি বর্ষতীতি চন্দ্রস্য হিমবর্ষিত্ববৎ মেঘস্যাম্বুবর্ষিত্বং স্বভাব এবেতি কিময়েন্দ্রেণেতি শুষ্ক তর্কোত্থাপনং হেতুবাদঃ। তেন পরমতেন স্বাভীষ্টমিন্দ্রস্যানাদরমাপাদ্য বৈদিকং বিপ্রাদি পূজনং প্রবর্ত্তিতবানিতি বিশিনষ্টি। ভূসুরোৎকরাণাং বিপ্রগণনাং গবাং মহীধরস্য চ স্তবকবর্য্যস্য গোবর্দ্ধনস্য গিরেঃ পূজনোৎসবং বর্দ্ধয়তীতি তস্মিন্। পর্ব্বতার্চ্চনস্য সম্পদর্জনে হেতুতাং বোধয়তীতি তস্মিন্॥

যদুক্তং। তস্মাদ্গবাং ব্রাহ্মণানামদ্রেশ্চারভ্যতাং মখঃ। য ইন্দ্রযাগ সম্ভারাস্তৈরয়ং সাধ্যতাং মখঃ। হূয়তামগ্নয়ঃ সম্যক্ ব্রাহ্মণৈব্রহ্মবাদিভিঃ। অন্নং বহুগুণং তেভ্যোদেয়ং বো ধেনুদক্ষিণাঃ। অন্যেভ্যশ্চাশ্ব চাণ্ডাল পতি-তেভ্যো যথার্হতঃ। যবসং চ গবাং দত্বা গিরয়ে দীয়তাং বলিরিতি॥

গিরিরেব তৃণোদকাদিতি র্গাঃ পালয়তি বাস্ত্যোহস্মাকং জীবিকেত্যাভি ধায়িনীতার্থঃ। ভূসুরাদি পূজোৎসবায় কল্পিতা নিষ্পাদিতা অতুল সূপ সঙ্কুলাঃ

চঞ্চল বুদ্ধি রূপ ভ্রমরী তোমার সম্মুখীন হইয়া খেলা করুক, তুমি হেতুবাদ অর্থাৎ শুষ্ক তর্ক উত্থাপন করিয়া ইন্দ্র যজ্ঞ খণ্ডন পূর্ব্বক ব্রাহ্মণ, গো ও গোবর্দ্ধনের পূজারূপ মহোৎসব বিধান করিতেছ, গোবর্দ্ধনের পূজা করিলেই সকল অভীষ্ট সিদ্ধি হইবে ইহা হেতুবাদ দ্বারা গোপদিগকে বুঝাইয়া সূপ,

পুষ্পচন্দন ধাতুচন্দন মণ্ডিতাখিলগোধনে
গোপমণ্ডল কল্পিতাচল সানুকন্দর শোধনে।
উদ্ভটারব ভূধরোৎসব সজ্জিতাখিলবন্ধুতে
তৎপরিক্রম পূজনক্রম ভূরি সম্ভ্রম সন্ধুতে।
স্কন্ধরোপম বিগ্রহোত্তম ভুক্তবিস্ফুরদোদনে।

শষ্কুল্যাদয়ো যেন তস্মিন্। শাল্যন্নাদীনা মুপলক্ষণমেতৎ বন্দনমক্ষণ চূর্ণং। গোপমণ্ডলৈঃ কল্পিতমচলস্য গিরেঃ সানূনাং কন্দরাণাঞ্চ শোধনং মার্জ্জনং যেন তস্মিন্। উদ্ভটো মহানারবঃ শব্দোযত্র তাদৃশে ভূধরোৎসবে সজ্জিতাসক্তিং নীতাঃখিল বন্ধুতা সর্ব্বজ্ঞাতি সমূহো যেন তস্মিন্। তস্য পর্ব্বতস্য যঃ পরিক্রমঃ পূজনক্রমশ্চ তত্র তত্র যো ভূরি সম্ভ্রমো বহুত্বরা তেন সন্ধুতে ব্যাপ্তে। স্কন্ধরোপমেন গিরিতুল্যেন বিগ্রহোত্তমেন ভুক্তানি বিস্ফুরন্ত্যোদনানি যেন তস্মিন্॥

যদুক্তং। কৃষ্ণস্ত্বন্যতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ। শৈলোস্মীতি বদন্ ভূরি বলিমাদদ্বৃহদ্বপুঃ। ইত্যাদি। মঙ্গলাকরাঃ কল্যাণখনয়ো বিস্ফুরন্তশ্চাতোবরাঃ শ্রেষ্ঠা যে বৃন্দভূতা বল্লবাস্তান্ মোদয়তীতি তস্মিন্। কৃষ্ণেন

শষ্কুলী, দধি, মোদক প্রভৃতি খাদ্য দ্রব্য আয়োজন পূর্ব্বক অগ্রে পুষ্প চন্দনাদি দ্বারা গোধনের পূজা করিলে তৎপরে গোপেরা গোবর্দ্ধনের সানু ও কন্দর মার্জ্জনা করিতে লাগিল, অনেকে মহান্ কোলাহল শব্দে গোবর্দ্ধনের পূজা ও প্রদক্ষিণ কার্য্যে ব্যস্ত হইতে লাগিল, তদ্দর্শনে তুমি পর্ব্বত তুল্য কলেবর ধারণ পূর্ব্বক ঐ সকল খাদ্য দ্রব্য ভোজন করিয়া তোমার মঙ্গলাকাঙ্ক্ষি গোপগণের বিশেষ আনন্দবর্দ্ধন করিলে।

মঙ্গলাকরবিস্ফুরদ্বর বৃন্দবল্লবমোদনে
রুষ্টবাসববৃষ্টিসংপ্লব খিন্নগোকুলবেষ্টিতে
ত্রাসসঙ্কুল বন্ধুমণ্ডল শর্ম্মদাদ্ভুত চেষ্টিতে
দক্ষিণেতরপাণিবিস্ফুরশীলিতাতুলপর্ব্বতে
বিভ্রমাঙ্কুর নির্ধুতোদ্ধুর জম্ভমর্দ্দনগর্ব্বিতে
গোত্রগহ্বর বাসিতান্তর বিহ্বলাত্মসুহৃজ্জনে
কারিতোত্তবদদ্ভুতার্ণব বান্ধবব্রজমজ্জনে

বাসবেন কৃতয়া বৃষ্ট্যা যঃ সংপ্লবো মজ্জনং তেন খিন্নং যদ্গোকুলং তেন বেষ্টিতে। ইন্দ্রত্রাস সঙ্কুলস্য বন্ধুমণ্ডলস্য শর্ম্মদমদ্ভুতং চেষ্টিতং যস্য তস্মিন্। তাদৃক্ চেষ্টিতং কিমিত্যাহ॥

দক্ষিণেতরেণ বামেন পাণিপুষ্করেণ শীলিত উৎপাট্য ধৃতোঽতুলঃ পর্ব্বতো যেন তস্মিন্। বিভ্রমাঙ্কুরেণ বিলাস মঞ্জরেণ নির্ধুতং উদ্ধুরস্য দৃপ্তস্য জম্ভমর্দ্দনস্যেন্দ্রস্য গর্ব্বিতং যেন তস্মিন্। গোত্রগহ্বরে হস্তি বিচিত্রে হস্তিবিস্তীর্ণে গিরিগর্ত্তে বাসিতা অন্তরবিহ্বলা অতিবৃষ্ট্যা ব্যাকুলা আত্মনঃ সুহৃজ্জনা যেন তস্মিন্। তেন চেষ্টিতেন কারিতমুত্তবদতাদ্ভুত রসার্ণবে বান্ধব ব্রজানাং মজ্জনং যেন তস্মিন্। বৃষ্টিত্রাসে নিবৃত্তে। নন্দিতাশয়ৈ গিত্রসঙ্কটৈ

এদিকে ইন্দ্র রুষ্ট হইয়া বৃষ্টি দ্বারা গোকুল আপ্লাবিত করিলেন তদ্দর্শনে গোপগণ ভীত হইলে তুমি অদ্ভুত বিক্রম প্রকাশ করিয়া বামহস্ত দ্বারা পর্ব্বত উৎপাটন পূর্ব্বক উহা অবলীলা ক্রমে ধারণ করিলে এবং তাহাতেই মদমত্ত ইন্দ্রের অতুল গর্ব্ব খর্ব্ব হইল, অনন্তর বৃষ্টি ভয়ে ব্যাকুল আত্মীয় বন্ধুবান্ধবদিগকে গোবর্দ্ধন গুহায় আশ্রয় দিয়া রক্ষা করত তাহাদিগকে আশ্চর্য্য রসসাগরে নিমগ্ন করিলে, বৃষ্টি ভয়

নন্দিতাশয় মিত্রসঞ্চয় বীক্ষিতস্ফুরদাননে
মেদুরস্মিত কৌমুদীকৃত রক্তযৌবত মাননে
ভীতনন্দিত বিস্ময়াচিত মাতৃপাণ্যুপলালিতে
চারুচঞ্চল লোচনাঞ্চল রাধয়াপি নিভালিতে

বীক্ষিতং বিস্ফুরদুল্লসমানমাননং যস্য তস্মিন্। মেদুরয়া স্মিতকৌমুদ্যা-কৃতং রক্তস্য স্বস্মিন্নমুরাগিণো যৌবতস্য চন্দ্রাবল্যাদি যুবতিবৃন্দস্য মাননং সৎকারো যেন তস্মিন্। তদোর্দ্ধস্থিতং গিরিরাজং বীক্ষ্য ভীতা কৌতুকাক্রান্তং তন্মুখমালক্ষ্য নন্দিতা কথময়ং বালোনবনীতকোমলোপি গিরিমীদৃশং ধরেৎ ইতি বিস্ময়াচিতা চ যা মাতা তস্যাঃ পাণিভ্যামুপলালিতে। তদানীং চারু-চঞ্চল লোচনাঞ্চলয়া রাধয়াপি নিভালিতে। এতস্মিন্নপি জনসম্বাধে হরি রেব ময়ি নিহিত দৃষ্টিধৃ্র্ত গিরিরপ্যস্যাতো হস্মৈ স্মিত কটাক্ষসুধাং বিতরামি ময়া পুষ্টোগিরিং বিভৃয়াদিতি বক্তুং পরিদৃষ্টেত্যর্থঃ। তথা চেৎতয়ত্র রস বৃষ্টি রভূদিতি ব্যজ্যতে॥

নিবৃত্ত হইলে গোপগণ মহানন্দে তোমার শ্রীমুখের শোভা দর্শন করিতে লাগিল, এদিকে তুমি মন্দ মন্দ মধুর হাস্যরূপ কৌমুদী দ্বারা নিজানুরাগিণী চন্দ্রাবলী প্রভৃতি যুবতীগণের সম্মান করিলে, নবনীত হৃদয় এই বালক কি প্রকারে এই বিশাল পর্ব্বত ধারণ করিবে। মনে মনে এই চিন্তা করিয়া তোমার মাতা যশোদা আনন্দ, ভয় ও বিস্ময়ান্বিত হইয়া তোমাকে হস্ত দ্বারা নিষেধ করিতে ব্যগ্র হইতেছেন, আমি ইঁহাকে স্মিত কটাক্ষ সুধা বিতরণ করি তাহা হইলেই অনায়াসে ইনি গোবর্দ্ধন ধারণ করিতে পারিবেন এই অভি-প্রায়ে শ্রীরাধিকা তোমার প্রতি কটাক্ষ সুধা বর্ষণ করিতে

মারুতোম্মদ চণ্ডনীরদ মণ্ডলাশনিবারণে
সম্পদন্বিত শক্রসঞ্চিত গর্ব্বচর্ব্বণ কারণে
সপ্তবাসর হস্তসংস্তর শাম্বিতাতুল পর্ব্বতে
নির্ম্মদীকৃত শক্রসংবৃত নীরদেক্ষণ নিবৃ্তে
মঞ্জুভাষিত মুদ্রয়াকৃত বান্ধবাবলি নিক্রমে

মারুতোম্মদা যে চণ্ডনীরদ মণ্ডলা যেচ শক্রনির্মুক্তা অশনয় স্তেষাং বারণে নিবারকে। তথাসতি সম্পদং, ধিতেনৈশ্বর্য্যমত্তেন শক্রেণ সঞ্চিতস্য গর্ব্বস্য যচ্চর্ব্বণং তস্য কারণে হেতৌ কর্ত্তরীত্যর্থঃ। কিয়ন্তং কালং গিরিং দধার তত্রাহ। সপ্তবাসরং ব্যাপ্য হস্ত সংস্তরে করতলে শাম্বিতোঽতুলঃ পর্ব্বতো যেন তস্মিন্। সপ্তবাসরমিতি ত্রিভুবনমিত্যাদিবৎ। এবং নির্ম্মদীকৃতেন শক্রেণ সংবৃতানাং নীরদানামীক্ষণেন নিবৃ্তে পরিহ্লষ্টে ইদানীং ঝঞ্চানিলো নিবৃত্তো নির্ম্মলশ্চাকাশো ভূবায়ুশ্চ মন্দমুগন্ধিঃ প্রসরতি গিরি গর্ত্তাধিতো নিঃসর্ত্তব্যং রোচতে চেদিতি মঞ্জুভাষিত মুদ্রয়া কৃতো বান্ধবাবলীনাং ভতো নিক্রামো যেন তস্মিন্। তদা কৌতুকোচ্চৈন মিত্রমণ্ডলৈ গীতো মঙ্গল বিক্রমো যস্য তস্মিন্। বন্ধুষু স পরিচ্ছদেষু নির্গতেষু পাদপৈরুজ্জলে তস্মিন্

লাগিলেন, ক্রমে পবন প্রেরিত প্রচণ্ড মেঘমালা ও ইন্দ্র মুক্ত বজ্র সকল নিবৃত্ত করিয়া ঐশ্বর্য্য মত্ত ইন্দ্রের প্রবল দর্প খর্ব্ব করিলে, এই প্রকারে সপ্ত দিবস পর্য্যন্ত বামহস্তে গোবর্দ্ধন ধারণ পূর্ব্বক ইন্দ্রপ্রেরিত মেঘ সকলকে দৃষ্টি দ্বারা নিবারিত করিয়া আত্মীয় স্বজনকে সম্বোধন পূর্ব্বক কহিলে হে আর্য্যগণ! এক্ষণে বৃষ্টি নিবৃত্তি হইয়াছে, আকাশ নির্ম্মল ও বায়ু মন্দ মন্দ বহিতেছে অতএব যদি আপনাদের অভিপ্রায় হয় তবে পর্ব্বত গুহা হইতে নিঃসারিত হউন, এইরূপ

কৌতুকোচ্ছল মিত্রমণ্ডল গীতমঙ্গলবিক্রমে
পাদপোজ্জ্বল তন্নিজস্থল যোজিত প্রবরাচলে
সর্ব্বদাব্রজ বান্ধবব্রজ রক্ষণব্রত নিশ্চলে
ফুল্ল বল্লব নাথয়োর্নব হর্ষবীক্ষণ সক্ষণে
কুঙ্কুমাক্ষত পল্লবাক্ষত বল্লবীকৃতরক্ষণে ।

স্থলে যোজিতঃ সংস্থাপিতোঽতুলো নিরুপমঃ পর্ব্বতো যেন তস্মিন্। মহান্তমেতং কার্য্যভারং কুতঃ স্বীচকার তত্রাহ। সর্ব্বদেতি। যদুক্তং স্বয়মেব। তস্মান্মচ্ছরণং গোষ্ঠং মন্নাথং মৎ পরিগ্রহং। গোপায়ে স্বাত্মযোগেন সোঽয়ং মে ব্রত আহিত ইত্যেতৎ ॥

এবমবর্ণি শ্রীশুকেন। কেশীতু কংসপ্রহিতঃ খুরৈর্ম্মহীং মহাহয়ো নির্জ-রয়ন্মনোজবঃ। শটাবধূতাভ্র বিমানসংকুলং কুর্ব্বন্নভোহেষিত ভীষিতাখিলঃ। তং ত্রাসয়ন্তং ভগবান্ স্বগোকুলং তদ্ধেষিতৈর্বালবিঘূর্ণিতাম্বুদং। আত্মান মাজৌ মৃগয়ন্তমগ্রণীরুপাহ্বয়ৎ স ব্যনদন্মৃগেন্দ্রবৎ। স তং নিশাম্যাভিমুখং মুখেন খং পিবন্নিবাভ্যদ্রবদত্যমর্ষণঃ। জঘানপদ্ভ্যামরবিন্দলোচনং দুরাসদ-শ্চণ্ডজবোদুরত্যয়ঃ। তদ্বঞ্চয়িত্বা তমধোক্ষজোরুষা প্রগৃহ্য দোর্ভ্যাং পরিবিধ্য-পাদয়োঃ। সাবজ্ঞমুৎসৃজ্য ধনুঃ শতান্তরে যথোরগং তার্ক্ষ্যসুতোব্যবস্থিতঃ। সলব্ধ সংজ্ঞঃ পুনরুত্থিতো রুষা ব্যাদায় কেশী তরসাপতদ্ধরিং। সোপ্যস্ত-বক্ত্রে ভুজমুত্তরং স্ময়ন্ প্রবেশয়ামাস যথোরগং বিলে। দন্তা নিপেতু র্ভগবদ্ভুজস্পৃশস্তে কেশিন স্তপ্তময়ঃস্পৃশো যথা। বাহুশ্চ তদ্দেহগতো মহাত্মনো যথাময়ঃ সংববৃধে হ্যুপেক্ষিতঃ। সমেধ মানেন স কৃষ্ণবাহুনা নিরুদ্ধবায়ুশ্চর-ণাংশ্চ বিক্ষিপন্। প্রস্বিন্নগাত্রঃ পরিবৃত্ত লোচনঃ পপাত লণ্ডং ব্যসৃজৎ ক্ষিতৌ ব্যসুঃ। তদ্দেহতঃ কর্কটিকাফলোপমাদ্ব্যসোরপাকৃষ্য ভুজং মহাভুজঃ। অবি-

তোমাকে দেখিয়া মহর্ষি নারদ আনন্দ মনে তোমার কৃত-স্তব করিতেছেন, এদিকে মহাদেব প্রভৃতি দেবগণ ত্বদীয় এই লীলাদর্শনে যাহার পর নাই আনন্দ লাভ করিলেন॥

উরণদতি চপলমতি সুহৃদবনখেলনং
তদপহৃতি মিলদমতি দনুজকৃতমেলনং
স্বসহচর নিকরহর দনুজকৃতিবেদিনং
জগদভয় বলদনয় ময়তনয় ভেদিনং

ম্বিতোঽস্বত্বহন্তারিকং সুরৈঃ প্রসূনবর্ষৈর্বর্ষস্তিরীড়িত ইতি ॥ ০ ॥

অথ ব্যোমবধমাহ। উরণন্তো মেষা ইবাচরন্তো যেঽতিচপলমতয়ঃ সুহৃদঃ সখায়স্তেষামবনমেব খেলনং যস্য তং। অবিরূর্ণায়ুরুরভোহুড়ুরবণো বৃষ্ণি-মেষ মেঢ়াশ্চেতি হলায়ুধঃ। তেষাং সুহৃদামপহৃতয়ে মিলন্ যোঽমতিধী শূন্যো দনুজোব্যোমাসুর স্তেন কৃতঃ মেলনং যেন তং। স্ব সহচর নিকরান্ হরতি নীত্বা নীত্বা গিরিগুহায়াং মুদ্রয়তি তাদৃশস্য ব্যোমস্য কৃতিং স্ব মিত্র হিংসা লক্ষণাং ক্রিয়াং বেত্তীতি তং। জগত্যাভয়ো নিঃশঙ্কো বলদনয়োনীতি লেশ শূন্যো যো ময়তনয় স্তং ভেত্তুং শীলমস্যেতি তং বিদারিতব্যোম মিত্যর্থঃ। সকৃদেকবারমমলয়োঃ পদকমলয়ো র্যোবিনত স্তস্ত ভয়মবিদ্যাং মোচয়তি নিহন্তীতি তং। ঈদৃশস্য স্বমিত্রবৃন্দভয়নিবারণং ন চিত্রমিত্যর্থঃ॥

এবং বর্ণিতং শ্রীশুকেন। একদা তে পশূন্ পালাশ্চারয়ন্তোঽদ্রিসানুষু। চক্রুর্নিলায়ন ক্রীড়াশ্চৌরপালাপদেশতঃ। তত্রাসন্ কতিচিৎ পালাশ্চৌ-

একদা তোমার বয়স্যগণ মেষের ন্যায় খেলা করিতেছে, তুমি মেষপালক হইয়া তাহাদের সহিত ক্রীড়া করিতেছ, ইতি মধ্যে বয়স্যদিগকে অপহরণ করিবার মানসে দুষ্টমতি ব্যোমাসুর তথায় উপস্থিত হইল এবং নিজ সহচরদিগকে অপহরণ করিয়া গিরি গুহায় লুকায়িত করিতেছে ইহা জানিতে পারিয়া তুমি তৎক্ষণাৎ ঐ নির্ভয় দুষ্টমতি ময়পুত্র ব্যোমাসুরকে নিহত করিলে, হে কৃষ্ণ! যে ব্যক্তি একবার

সকৃদপল পদকমল বিনত ভয়মোচনং
ভজসদয় ময়ি হৃদয় সরসিরুহ লোচনং ॥ ০ ॥
যেনারিষ্টঃ প্রাপিতো ভূদরিষ্টং
চক্রে কেশী চাবকেশী বিকীর্য্য

রাশ্চ কতিচিন্নৃপ। মেষায়িতাশ্চ তত্রৈকে বিজহ্রুরকুতোভয়াঃ। ময়পুত্রো মহামায়ো ব্যোমো গোপালরূপধৃক্। মেষায়িতানপোবাহ প্রায়শ্চৌরায়িতো বহূন্। গিরিদর্য্যাং বিনিক্ষিপ্য নীতং নীতং মহাসুরঃ। শিলয়াপিদধে দ্বারং চতুঃ পঞ্চাবশেষিতাঃ। তস্য তৎকর্ম্ম বিজ্ঞায় কৃষ্ণঃ শরণদঃ সতাং। গোপান্নয়ন্তং জগ্রাহ বৃকং হরিরিবৌজসা। স নিজং রূপমাস্থায় গিরীন্দ্র সদৃশং বলী। ইচ্ছন্ বিমোক্তুমাত্মানং নাশক্নোদ্গ্রহণাতুরঃ। তং নিগৃহ্যাচ্যুতো দোর্ভ্যাং পাতয়িত্বা মহীতলে। পশ্যতাং দিবি দেবানাং পশুমারমমারয়ৎ। গুহাপিধানং নির্ভিদ্য গোপান্নিঃসার্য্য কৃচ্ছ্রতঃ। স্তূয়মানঃ সুরৈর্গোপৈঃ প্রবিবেশ স্বগোকুলমিতি ॥ ০ ॥

লীলাত্রয়ং ক্রমাৎ স্মরন্নাহ। যেনেতি। স গোষ্ঠাধীশঃ কৃষ্ণো নোঽস্মান্ সুষ্ঠু গোপায়তাদ্রক্ষতু। স ক ইত্যাহ যেনারিষ্টো বৃষাসুরোঽরিষ্টং মৃত্যুং প্রাপিতোঽভূৎ। কেশী চ যেনাবকেশী বিকীর্য্যকেশঃ পক্ষে বিফল সঙ্কল্পশ্চক্রে অবকেশী ফলৈর্বন্ধ্যা ইত্যমরঃ। যেন ব্যোমোদানবো ব্যোমসাম্যং শূন্যতুল্যামনন্তি। লীলয়েতি সর্ব্বত্র যোজ্যং। অত্র প্রাপণাদিষু তিসৃষু ক্রিয়াসু যেনেত্যে-

———

মাত্র তোমার পাদপদ্মের শরণাগত হয় তুমি তাহাকে সমস্ত ভয় হইতে পরিত্রাণ কর, এনিমিত্ত আমার চিত্তও সর্ব্বদা তোমার পাদপদ্ম ভজনা করুক ॥

যিনি বৃষাসুরকে শমন সদনে প্রেরণ করিয়াছেন ও যিনি কেশিদানবের সঙ্কল্প বিফল করিয়াছেন এবং যিনি

ব্যোমোহলম্ভি ব্যোমসাম্যং সকষ্টা
গোষ্ঠাধীশঃ সুষ্ঠু গোপায়তান্নঃ ॥ ০ ॥
অপবর্গসুখস্পৃহোরুবল্লী স্থলকুলং কষবীচিরম্বুজাক্ষ।
তব কেলিসুধানদীয়ং শিশিরাঙ্গী গলজাঙ্গলং গতাস্তু ॥ ০ ॥
গুচ্ছকমিদং চ্ছন্দঃ ॥ ১৭ ॥ * ॥

কস্ত কর্ত্তৃকারকস্ত সম্বন্ধাৎদীপকমলঙ্কারঃ। ব্রজলীলাং বর্ণয়িত্বা তামেব জিগাসুঃ প্রার্থয়তি। অপবর্গেতি। হে অম্বুজাক্ষ। তব কেলি সুধানদীয়ং গলজাঙ্গলং কণ্ঠমরুদেশং গতাস্তু প্রাপ্নোতু। জঙ্গলস্ত্রিষু নির্জ্জলদেশেহস্ত্রী জঙ্গলঃ পলে ইতি বিশ্বলোচনকারঃ। অপবর্গ সুখানি স্বৈশ্বর্য্য প্রধানা মোক্ষা নন্দাস্তেষাং স্পৃহৈবোরুবল্লী মহালতা তস্যাঃ স্থলং তৎ কথাশ্রবণসভা তস্ত-কুলং কষাশ্চেত্রোবীচয় স্তরঙ্গাঃ শুশ্রূষা লক্ষণা যস্যাঃ সা। শিশিরাঙ্গী তাদৃশ গোক্ষসুখ স্পৃহা তাপশমনীত্যর্থঃ। গুচ্ছকমিতি। নিখিলকবি কলিত রুচিশুচিনগণ পঞ্চকং যদি তদনুরগণ মনুভবতি কিল গুচ্ছকমিতি তদনু সারি তদ্বিরচিতং ॥

ব্রজলীলায়াং নৈষ্ঠিকতাং ব্যঞ্জয়ন্নাহ। পুরুষোত্তমস্যেতি। মম চিত্ত মাকন্দো হৃদয়াম্রতরুঃ প্রেমমরন্দ স্যন্দং তনোতু। মাকন্দস্ত রসালে স্যাৎ ইতি বিশ্বলোচনকারঃ। কীদৃশঃ পুরুষোত্তমস্য নন্দসূনো র্গোকুলচরিতামৃতেন কৃতসেকো নিষিক্তঃ ॥ ১৭ ॥ * ॥

ব্যোমাসুরকে ব্যোমসাম্য অর্থাৎ নিহত করিয়াছেন, সেই গোষ্ঠাধিপতি ব্রজেন্দ্রনন্দন আমাদিগকে রক্ষা করুন ॥

হে অম্বুজনয়ন! যাহার তরঙ্গে অতি বিস্তৃত মুক্তিলতার মূলোৎপাটন হইতেছে, যাহাতে অবগাহন করিলে ভক্তজনের অঙ্গ সুশীতল হয়, সেই ত্বদীয় কেলি সুধানদী আমার কণ্ঠ-রূপ মরু ভূমিতে নিরন্তর প্রবাহিত হউক ॥ ১৭ ॥

পুরুষোত্তমস্য পরিতো গোকুলচরিতামৃতেন কৃতসেকঃ।
প্রেমমরন্দস্যন্দং তনোতু মম চিত্তমাকন্দঃ ॥ ০ ॥

অথ রঙ্গস্থল ক্রীড়া।

ক্রিয়াদ্বঃ কল্যাণং ভুজসমর শৌটীর্য্যকণিকা
বিকাসেনোদ্ধূয় প্রকটবল মল্ল প্রতিভটান্।
ভজন্ স্বৈরী রঙ্গে মদকলমৃগেন্দ্রস্য ললিতং
কচাকৃষ্টি ক্রীড়ামথিত মথুরারির্মধুরিপুঃ ॥ ০ ॥

অথ বর্ণ্যাং রঙ্গক্রীড়াং সংক্ষেপাত্তাবদাহ ক্রিয়াদিতি। মধুরিপুর্বঃ কল্যাণং ক্রিয়াৎ। কীদৃক্। ভুজসমরে বাহুযুদ্ধে শৌটীর্য্য কণিকায়াঃ পরাক্রম লবস্যাপি বিকাশেন প্রকটবলান্ মল্লপ্রতিভটান্ চানূরাদি প্রতিযোধানুদ্ধূয় নিহত্য। মদকলমৃগেন্দ্রস্য মদোৎকট সিংহস্য ললিতং ক্রীড়াং ভজন্। কেশরীব তত্র কূর্দ্দমান ইত্যর্থঃ। যত স্বৈরী স্বতন্ত্রঃ। পুনঃ কীদৃক্ কচাকৃষ্টি ক্রীড়য়া কেশগ্রাহ মাকর্ষণেন মথিতো মথুরারিঃ কংসো যেন সঃ ॥

আমার চিত্তরূপ রসালতরু শ্রীকৃষ্ণের বৃন্দাবন লীলামৃতে অভিষিক্ত হইয়া যেন অনবরত প্রেম মকরন্দ বর্ষণ করে ॥

যিনি রঙ্গস্থলে বাহুযুদ্ধে অণুমাত্র বিক্রম প্রকাশ করিয়া চানূর প্রভৃতি যোধাদিগকে নিহত করিয়াছেন এবং যিনি মদমত্ত সিংহের ন্যায় পরাক্রম প্রকাশ করিয়া কেশাকর্ষণ পূর্ব্বক মথুরাকণ্টক কংসকে বিনাশ করিয়াছেন সেই মধুসূদন শ্রীকৃষ্ণ নিরন্তর তোমাদের মঙ্গল করুন ॥

যঃ পৌরলোকারবিন্দাবলী হেলি
রঙ্গীকৃতোত্তুঙ্গ রঙ্গস্থলীকেলি
রাপীতকৌশেয় শোভোল্লসম্মূর্ত্তি
রাবর্ত্তিতাশেষ লোকোৎসবস্ফূর্ত্তি
রুৎফুল্ললাবণ্য কল্লোলিনীসিন্ধু
রাধি জ্বরাধীন দীনাবলীবন্ধু
রাক্ষীণ কণ্ঠীরবাকুণ্ঠ বিক্রান্তি

অথ বিভক্তি সপ্তকেন সমুদ্ধাস্তেন রঙ্গক্রীড়াং বর্ণয়তি য ইতি ॥

সপ্তানাং যচ্ছব্দানাং স শ্রীভগবানিতি পরবর্ত্তিনা তচ্ছব্দেনান্বয়ঃ। যোরঙ্গ দ্বারি উগ্রং দন্তীন্দ্রং কুবলয়াপীড়াখ্যং মমর্দ্দ নিজঘান। অশ্রান্তি যথাস্থাত্তথা। যঃ কীদৃক্। পৌরা মাথুরা যে লোকাস্ত এবারবিন্দাবল্যাস্তাসু হেলিঃ সূর্য্যঃ। পদ্মানাং ভানুরিব মাথুরাণাং বিকাশকৃদিত্যর্থঃ। ব্রধ্নোহংসশ্চিত্রভানুর্বিবস্বান্ সুরস্বষ্টা দ্বাদশাত্মাচ হেলিরিতি হৈমঃ ॥

অঙ্গীকৃতেত্যাদি পদদ্বয়ং প্রস্ফুটার্থং। রঙ্গোযুদ্ধভূমিঃ। রঙ্গস্যান্ত্যযুদ্ধবোরিত্যুক্তেঃ। আবর্ত্তিতা পরাবর্ত্তিতা অশেষাণাং লোকানামুৎসব স্ফূর্ত্তির্যেন সঃ। উৎফুল্লানাং সমুচ্ছলিতানাং লাবণ্য কল্লোলিনীনাং সিন্ধুঃ সমুদ্রঃ। আধির্মনঃ পীড়া তল্লক্ষণস্য জ্বরস্যাধীনা যা দীনাবলী তস্যা বন্ধু স্তজ্জ্বরবিনাশীত্যর্থঃ। অক্ষীণস্যাতিবলিনঃ কণ্ঠীরবস্য সিংহস্যেবাকুণ্ঠা বিক্রান্তি র্যস্য সঃ।

যিনি মথুরাবাসি জনরূপ পদ্মিনীবৃন্দের সূর্য্য, যিনি পীতবর্ণ কৌষেয় বসনে সুশোভিত, যিনি কংসতিরস্কৃত জনসমূহের আনন্দকারী, যিনি লাবণ্য নদীর সমুদ্র, যিনি মানসিক বেদনাগ্রস্ত জনগণের পরম বন্ধু এবং যিনি তরুণবয়স্ক সিংহের ন্যায় বলবান্, সেই শ্রীকৃষ্ণ কংসের রঙ্গ ভূমিতে গমন

রুগ্রং মমর্দ্দোরু দন্তীন্দ্রমগ্রোন্তি ॥ ০ ॥
যং নির্ম্মিতোত্তুঙ্গ মাতঙ্গনির্বাণ
মুর্ব্বী মহানন্দ বৃন্দানি কুর্ব্বাণ
মুদ্ভাসি দানাস্র বিন্দূর্ম্মিবর্ম্মাণ
মানত্রসন্তোষ নির্ম্মাণ কর্ম্মাণ
মুন্মীলিতা স্তোকবিস্তার তারুণ্য
মস্তস্তমস্তোম বিধ্বংসি কারুণ্য
মালোকয়ামাস ভিন্নারিমর্ম্মাণ
মগ্রে জনশ্রেণি রুদ্দামশর্ম্মাণ ॥ ০ ॥

ইতি প্রথমা বিভক্তিঃ। জনশ্রেণি যমগ্রে আলোকয়ামাস। যং কীদৃশং নির্ম্মিতঃ কৃত উত্তুঙ্গস্য মাতঙ্গস্য গজস্য নির্বাণোমোক্ষো যেন তং। উর্ব্বীন্তি স্ফুটার্থং। উদ্ভাসি প্রকাশ মানন্দানামস্রবিন্দূর্ম্মিভূতং গজমদ জলরুধিরাশ্রু বীচিরূপং বর্ম্ম কবচং যস্য তং। এবমুক্তং। অংসন্যস্ত বিষাণোঽস্থাদ বিন্দুভি রঞ্জিতঃ। আনত্রাণাং সন্তোষ নির্ম্মাণমেব কর্ম্ম যস্য তং। উন্মীলিতং ভ্রাজমানমস্তোক বিস্তারমতি বিস্তীর্ণং তারুণ্যং যস্য তং। অস্তস্তমস্তোমং গহনামবিদ্যাং বিধ্বংসয়তি তাদৃক্ কারুণ্যং যস্য তং। ভিন্নমরেঃ কুবলয়া

পূর্ব্বক তদীয় কুবলয়াপীড় নামক ভয়ানক হস্তিকে অনায়াসে নিহত করিয়াছেন। যিনি অতি বৃহৎমাতঙ্গ বিনাশ করিয়া পৃথিবীর সমস্তকে আনন্দ রসে নিমগ্ন করিলেন এবং যিনি রক্তবর্ণ বর্ম্ম পরিধানের ন্যায় ঐ হস্তিকায়োত্থিত দানাম্বু ও রক্ত প্রবাহে ভূষিত হইলেন, মথুরাবাসিলোকেরা যাঁহাকে নবযৌবন ভূষিত, শত্রু সংহারকারী ভক্তজনের আনন্দবর্দ্ধক ও করুণা দ্বারা সকলের চিত্তস্থ অন্ধকার নাশী এবং

মুদ্দণ্ডদোর্দণ্ড দর্পানুবিদ্ধেন
বিস্মাপিতামন্দ গন্ধর্ব্বসিদ্ধেন
পীনাংসপিণ্ডোল্লসদ্দন্ত দণ্ডেন
বিদ্যোতি ঘর্ম্মাম্বু সম্বীতগণ্ডেন
দীপ্তেন্দ্রনীলাবলী রাজদঙ্গেন
লব্ধপ্রলম্বারি গোপালসঙ্গেন
মল্লাবলী যেন রঙ্গপ্রবেশেন
বিক্ষোভিতা মঙ্ক্ষু বীরেন্দ্রবেশেন ॥ ০ ॥

পীড়স্য সাম্বষ্ঠস্য মর্ম্ম যেন তং। উদ্দামানি নিরর্গলানি পৌরাণাং শর্ম্মাণি সুখানি যস্মান্নিহত গজান্তমিতি দ্বিতীয়া। যেন মল্লাবলীরঙ্গপ্রবেশন মঙ্ক্ষু শীঘ্রং বিক্ষোভিতা ত্রাসিতা। যেন কীদৃশেনেত্যাহ। উদ্দণ্ডাভ্যাং দোর্দ্দণ্ডাভ্যাং যোদর্পো মদন্যো ন কোপি বলীতি গর্ব্বস্তদনুবিদ্ধেন তৎ গ্রস্তেনাতি ভুজগর্ব্ববতেতি যাবৎ। বিস্মাপিতেতি পদত্রয়ং বিশদার্থং। দীপ্তেন্দ্রনীলাবল্যা ইব রাজন্ত্যঙ্গানি যস্য তেন। লব্ধঃ প্রলম্বারে র্গোপালানাঞ্চ সঙ্গো যেনেতি মিত্রবৃন্দ সহিতেনেত্যর্থঃ। বীরেন্দ্রস্যেব বেশোযস্য তেনেতি তৃতীয়া॥

সকলের মঙ্গলকারী বলিয়া দেখিতে লাগিলেন, গন্ধর্ব্ব সিদ্ধ চারণ প্রভৃতি দেবগণ যাঁহার দোর্দ্দণ্ড প্রতাপ দর্শনে বিস্ময়ান্বিত হইতেছেন, কুবলয়াপীড়ের বিশাল দন্ত উৎপাটন পূর্ব্বক উহা স্কন্ধে করিয়া রঙ্গস্থলে নৃত্য করায় পরিশ্রম হেতু গণ্ডদেশে অল্প অল্প ঘর্ম্ম বিন্দু শোভা পাইতেছে, প্রদীপ্ত ইন্দ্রনীলমণির ন্যায় যাঁহার শ্রীঅঙ্গ শোভিত হইতেছে, যিনি বলদেব ও অন্যান্য গোপবালকে মিলিত হইয়া বীরবেশে রঙ্গস্থলে প্রবেশ পূর্ব্বক যাবতীয় মল্লদিগকে পরাভব করি-

মন্দস্মিতারব্ধ কুন্দালিনিন্দায়
বৃন্দারকানন্দি পাদারবিন্দায়
চঞ্চন্নখশ্রেণিভা চক্রবালায়
বক্ষস্তটীলক্ষ্য নক্ষত্রমালায়
ফুল্লী ভবচ্চিল্লিচাপ প্রসর্পায়
নির্বাহিতাপূর্ব্ব কন্দর্পদর্পায়
নার্য্যোমুহুর্দৃষ্ট মাধুর্য্যচর্য্যায়

নার্য্যোযস্মৈ স্পৃহাং চক্রু রনুরক্তা বত্র বভূবুরিত্যর্থঃ। কীদৃশায়েত্যাহ। মন্দস্মিতেতি পদদ্বয়ং স্ফুটার্থং ॥

চঞ্চন্তি তরলী ভবন্তি নখশ্রেণীনাং ভা চক্রবালানি কান্তিমণ্ডলানি যস্য-তস্মৈ। বক্ষস্তট্যামুরসি লক্ষ্যা দর্শনীয়া নক্ষত্রমালা যস্য তস্মৈ। সৈব নক্ষত্র মালা স্যাৎ সপ্তবিংশতি মৌক্তিকৈরিত্যমরঃ। ফুল্লীভবন্তৌ চিল্লিচাপৌ ভ্রূধনুষী প্রসর্পয়তি সঞ্চালয়তীতি তস্মৈ চপলভ্রুবে ইত্যর্থঃ ॥

নির্বাহিতঃ স্বকান্তাভি ব্র্জাঙ্গনাভিরনুভাবিতোহ পূর্ব্বোঽন্যত্রাজাতঃ কন্দর্প দর্পোযেন তস্মৈ। দৃষ্টা বিজ্ঞৈরনুভূতা মাধুর্য্যচর্য্যা মনুষ্যচেষ্টা যস্য তস্মৈ।

এবমাহ শ্রীশুকঃ। কামিনাং দর্শয়ন্ দৈন্যং স্ত্রীণাঞ্চৈব দুরাত্মতামিতি। কামিনাং নায়কানাং দৈন্যং যুবত্যধীনতাং স্ত্রীণাং নায়িকানাং দুরাত্মতাং মানেন নায়কোদ্বেজকতা মেব রসরাশি হেতুং দর্শয়ন্নিতি তদর্থঃ। আভীর-

---

তেছেন, যাঁহার মন্দ মন্দ হাস্যে কুন্দকোরকের শোভা তির-স্কৃত হইয়াছে, নখর শ্রেণীর প্রভা পটলে অতি সুন্দর যদীয় পাদপদ্ম দেবগণের আনন্দবর্দ্ধন করিতেছে, বক্ষঃস্থল মুক্তা-হারে সুশোভিত, যাঁহার সুন্দর ভ্রূযুগলরূপ শরাসন দর্শনে কন্দর্প দর্প যুক্ত হইতেছে, মথুরাবাসিনী মহিলারা যাঁহারে এই-

যস্মৈ স্পৃহাং চক্রুরাভীর বর্য্যাঃ ॥ ০ ॥
যস্মাদ্বিলাসেন রঙ্গস্থলে রস্ত
রানত্র লোকাতি শোকাপদাহন্ত
রিন্দ্রাদিবৃন্দারকানন্দনির্ম্মাতু
রক্ষোর্বিনোদেন বৃষ্ণ্যন্ধকান্ পাতু
রার্য্যাঙ্গনাতীব্র সাধ্বীব্রতচ্ছেত্তু
রব্যগ্রমল্লাঙ্গনা তুষ্টিনির্ভেত্তু
রাবল্লতঃ ক্ষৌণিভর্ত্তাপি সত্রাস

বর্য্যায় গোপরাজ কুমারায়েতি চতুর্থী ॥ ০॥

যস্মাৎ সপ্রসিদ্ধঃ ক্ষৌণীভর্ত্তা কংসোপি ত্রাসমাসাদ্য বিভ্রান্তধীবৃত্তিরাস দিদীপে অসগতি দীপ্ত্যাদানেষু ধাতুঃ। ভয়হেতুক ধীচাপলবিশিষ্টঃ সন্ শুশুভে ইত্যতিভীত ইতি যাবৎ। যস্মাৎ কীদৃশাদিত্যাহ। বিলাসেনেত্যাদীনি চত্বারি বিশেষণানি বিস্পষ্টার্থানি। বিলাসেন ক্রীড়য়া নত্রাণাং লোকানামতি শোকাপদ মাহন্তীতি তস্মাৎ ইত্যন্বয়ঃ। আর্য্যাণাং সরলানামঙ্গনানাং তীব্রাণি দৃঢ়ানি সাধ্বীব্রতানি ছিনত্তীতি তস্মাৎ। ইহাপ্যক্ষো বিনোদেনেতি কেচিৎ

রূপ রূপ লাবণ্য দর্শনে মুগ্ধ হইয়া যাঁহাতে অনুরাগিণী হইতেছেন, রঙ্গস্থল-বিহারী যে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া ভক্তগণের রোগ শোকাদি আপদ নাশ ও ইন্দ্রাদি দেবগণের আনন্দ সমূহ বর্দ্ধন হইতে লাগিল, যিনি নয়নভঙ্গী দ্বারা আর্য্যরমণীগণের পাতিব্রত্য চ্যুতি ও অন্ধক বংশীয় ব্যক্তিদিগের আনন্দ এবং মল্লরমণীগণের মনস্তাপ বর্দ্ধন করিতেছেন, যাঁহার এই সমস্ত ভাব দর্শনে কংসাসুর ভীত হইয়া যাহার

মাসাদ্যবিভ্রান্ত ধীবৃত্তিরত্রাস ॥ ০ ॥
যস্যার্দ্দিতোদ্দণ্ড দুষ্টাভিমানস্য
কষ্টং পিতৃভ্যাং তু সংদৃশ্যমানস্য
রঙ্গস্থলী বল্গিপাদ প্রবালস্য
ভালান্তবিশ্রান্ত কান্তাগ্রবালস্য
পদ্মাবতীপুত্র হৃন্মর্ম্মকীলস্য
সর্ব্বাত্মনাভীষ্ট দোর্যুদ্ধলীলস্য
যুদ্ধং পরিস্ফার শৌটীর্য্যঘোরস্য

যোজয়ন্তি। স্বভর্ত্তৃ শৌর্য্যেণাব্যগ্রাণাং স্থিরধিয়াং মল্লাঙ্গনানাং তুষ্টিং নির্ভিনত্তীতি তস্মাৎ। আবয়তঃ প্রগল্‌ভাৎ যুদ্ধাতি চপলাৎ বেত্তি পঞ্চমী ॥ ৬ ॥

যস্য কিশোরস্যোল্লসত্তারুণ্যস্য চানূরমল্লেন [illegible] সহ যুদ্ধ বৃত্তং বভূব। যস্য কীদৃশস্যেত্যাহ অর্দ্দিতেত্যাদিকং বিস্ফুটার্থং। তত্র দুষ্টকংসঃ পিতৃভ্যাং নন্দবসুদেবাভ্যাং পাদপ্রবালৌ চরণপল্লবৌ। বীণাদণ্ডে প্রবালোঽস্ত্রী বিক্রমে নব পল্লবে ইতি বিশ্বলোচনকোষঃ। ভালান্তে বিশ্রান্তাঃ কান্তা মনোজ্ঞা অগ্রবালাশ্চূর্ণ কুন্তলা যস্য। পদ্মাবতী উগ্রসেনপত্নী তৎপুত্রঃ কংসঃ। পরি-

---

পর নাই উৎকণ্ঠান্বিত হইয়াছিল, যিনি এইরূপে দৈত্যদিগের অভিমান খর্ব্ব করিতেছেন, রঙ্গস্থলে কোমলপদ পল্লব দ্বারা ব্যগ্র হইয়া ইতস্ততঃ পরিভ্রমণ করিতেছেন, পরিশ্রম হেতু কুটিল কুন্তল ললাটে আলুলায়িত হইতেছে, নন্দ ও বসুদেব পুত্রের ঈদৃশ পরিশ্রম দর্শনে মনে মনে অতিশয় কষ্ট অনুভব করিতে লাগিলেন, যিনি কংসাসুরের মর্ম্মভেদী শেল স্বরূপ, যিনি যুদ্ধ স্থলে অতিশয় গুর্ব্ব প্রকাশ পূর্ব্বক মল্ল প্রধান চানূরের সহিত প্রথমত বাহু যুদ্ধ করিতে প্রবৃত্ত

চানূরমল্লেন বৃত্তং কিশোরস্য ॥ ০ ॥
যস্মিন্ মুনিশ্রেণি বক্তুস্ফুরন্নাম্নি
বিস্তীর্ণবক্ষঃস্থলী বিভ্রমদ্দাম্নি
নব্যোল্লসদ্বারিবাহাবলীধাম্নি
নিঃশেষ বীরোৎকরোল্লঙ্ঘনস্থাম্নি
প্রোদ্যৎপদদ্যোতনির্ধূতপঙ্কেষু
সৌন্দর্য্য দর্পোদ্গমে রম্য মঞ্চেষু
তুঙ্গেষ্ববস্থায় চক্রুর্বিলক্ষাণি

স্ফারমস্তি বিস্তীর্ণং যৎ শৌটীর্য্যং গর্ব্বস্তেন ঘোরস্য কংসাদিভ্যো ভয়ঙ্কর স্যেতি বষ্ঠী ॥

যস্মিন্ প্রভৌ তুঙ্গেষু রম্যমঞ্চেষ্ববস্থায় ভোজদাশার্হ লক্ষাণি ভক্তিং চক্রুঃ। কংসাজ্ঞয়া মঞ্চেষু স্থিতানি তানি যং প্রণেমুরিত্যর্থঃ। কীদৃশানীত্যাহ বিলক্ষাণীতি। সৌন্দর্য্যাতি শৌর্য্যাদীনি দৃষ্ট্বা বিস্মিতানীত্যর্থঃ। বিলক্ষো বিস্ময়ান্বিত ইত্যমরঃ। যস্মিন্ কীদৃশীত্যাহ মুনীত্যাদীনি ত্রীণি পদানি বিস্ফুটার্থানি। নিঃশেষান্ বীরোৎকরান্ লঙ্ঘয়তি নিরস্যতি তাদৃক্ স্থাম বলং যস্য তস্মিন্। প্রোদ্যতো রঙ্গবিহারায় প্রকর্ষেণোদয়মানয়োঃ পদয়োর্দ্যোতেন নির্ধূতঃ পঙ্কেযোঃ কন্দর্পস্য সৌন্দর্য্য দর্পোদ্গমো যেন তস্মিন্নসমোর্দ্ধসৌন্দর্য্য বারিধা-

হইলেন, মুনিগণ ভক্তি সহকারে যাঁহার নাম কীর্ত্তন করিতেছেন, যাঁহার বক্ষঃস্থলে বনমালা সুশোভিত, নবনীরদের ন্যায় যাঁহার স্নিগ্ধকান্তি, সমস্ত দৈত্যবধের নিমিত্ত যিনি প্রবল পরাক্রম ধারণ করিয়াছেন, যিনি, শ্রীচরণ কমল প্রভায় কন্দর্পের সৌন্দর্য্য গর্ব্ব খর্ব্ব করিতেছেন, লক্ষ লক্ষ ভোজবংশীয়, দাশার্হ বংশীয় ব্যক্তিগণ উচ্চমঞ্চে আরোহণ পূর্ব্বক অদ্ভুত

ভক্তিং প্রভো ভোজদাশার্হলক্ষাণি ॥ ০ ॥
চানূরমূর্দ্ধন্য মল্লেভপারীন্দ্র
স শ্রীভবান্ পাতু মাং গোপনারীন্দ্র
সব্য ভ্রমন্মুষ্টিকোত্তাড়িতালাঙ্ক
নেপথ্যভারস্ফুরদ্ধেনুপালাঙ্ক
বিদ্রাবিতোদ্দাম দুর্মল্লপালীক
নিঃশঙ্কলাস্যোল্লসৎপাদনালীঃ

বিত্যর্থঃ। ইতি সপ্তমী ॥

হে চানূর মূর্দ্ধন্য মল্লেভ পারীন্দ্র স শ্রী ভবান্ মাং পাত্বিতি সম্বন্ধঃ। চানূরাখ্যো যো মূর্দ্ধন্যো নিখিল মল্ল শ্রেষ্ঠোমল্লঃ সএবেভো গজ স্তস্মিন্‌•পারীন্দ্র সিংহ হে? হে গোপনারীন্দ্র ব্রজাঙ্গনাস্বামিন্। সব্যে বামভাগে ভ্রমন্তং মুষ্টিকং তন্নামানং মল্লমুত্তাড়য়ত্যাহন্তি তাদৃশস্তালাঙ্কো বলদেবো যস্য হে সাগ্রজ নিঘাতিত মুষ্টিকেত্যর্থঃ নৈপথ্য ভাবেষু রত্নাদ্যাভরণ রচিত বেশ নির্ভরেষু স্ফুরন্তো ধেনুপালাঙ্কা বেণুশৃঙ্গাদি কৃত গোপবেশ চিহ্নানি যস্য। বিদ্রাবিতা উদ্দামা দুষ্টানাং মল্লানাং পালী শ্রেণি র্যেন। চানূরে মুষ্টিকে কূটে শলে তোষ-

বিক্রম দর্শনে বিস্মিত হইয়া সেই শ্রীকৃষ্ণের প্রতি অতিশয় ভক্তি প্রকাশ করিতে লাগিলেন, হে কৃষ্ণ! তুমি আমাকে পরিত্রাণ কর, তুমি মল্লরাজ চানূর হস্তির সিংহ স্বরূপ, তুমি ব্রজরমণীগণের প্রতিপালনে ইন্দ্র স্বরূপ, তুমি বামাবর্ত্তে ভ্রমণ করিয়া অগ্রজ দ্বারা মুষ্টিক নামক অসুরকে নিহত করিয়াছ, তোমার শ্রীঅঙ্গে রত্নাদির শোভা থাকিলেও বেণু শৃঙ্গ প্রভৃতি গোপবালকোচিত বিভূষণ তোমার অপূর্ব্ব শোভা সম্পাদন করিতেছে, তুমি চানূর মুষ্টিক প্রভৃতি

রম্যাঙ্গহার শ্রিয়াকৃষ্ণসাধ্বীক
তাভির্নিপীতাঙ্গ সৌরভ্যমাধ্বীক
গোপাঙ্গনানেত্র পানৈকভৃঙ্গার
পুষ্পাবলীলব্ধ সর্ব্বাঙ্গশৃঙ্গার
সন্দর্শিতোদার মাধুর্য্যবিস্তার

শকে হতে। শেষাঃ প্রদুদ্রুবুর্মল্লাঃ সর্ব্বে প্রাণপরীপ্সব ইতি শ্রীশুকোক্তেঃ। নিঃশঙ্কে নির্ভয়ে লাস্যে উল্লসন্তী পাদনালীকে চরণপদ্মে যস্য বিসপ্রসূনং নালীকং তামরসং মহোৎপলমিতি হৈমঃ॥

রম্যাঙ্গহারশ্রিয়াকৃষ্টাঃ সাধ্ব্যো যেন। তাভিঃ সাধ্বীভি র্নিপীতং সাদর মাঘ্রাতং অঙ্গসৌরভ্যমাধ্বীকং যস্য। যদুক্তং জিঘ্রন্ত ইব নাসাভ্যামিতি। গোপাঙ্গনা নেত্রাণাং যদ্রূপ সুধাপানং তস্য তৎ পূর্ণৈক ভৃঙ্গার হেঃ যদুক্তং। গোপ্যস্তপঃ কিমচরন্নিত্যাদি। পুষ্পাবলীভিঃ সুদামার্পিতাভিঃ স্রগ্‌ভির্লব্ধঃ সর্ব্বাঙ্গ শৃঙ্গারো যেন। যদুক্তং। ইত্যভিপ্রেত্য রাজেন্দ্র সুদামা প্রীতমানসঃ। শস্তৈঃ সুগন্ধৈঃ কুসুমৈর্মালাং বিরচিতাং দদৌ। তাভিঃ স্বলঙ্কৃতৌ প্রীতৌ কৃষ্ণ রামৌ মহাভুজৌ। প্রণতায় প্রপন্নায় দদতুর্ব্বরদৌ বরানিতি। সন্দর্শিত উদার মাধুর্য্যবিস্তারো যেন। বিচিত্রবাসো মালাভি র্মধুর বেশেত্যর্থঃ।

দুর্দ্দান্ত দানবদিগকে নিহত করিয়াছ, দানব বিনাশে নির্ভয় হইয়া তোমার পাদপদ্ম নর্ত্তিত হইতেছে, নৃত্য সময়ে তোমার অঙ্গ ভঙ্গী দর্শনে হৃষ্ট হইয়া গোপিকাগণ ত্বদীয় শ্রীঅঙ্গের সৌরভ রূপ মধুপান করিতেছেন, তুমি গোপাঙ্গনা নয়নের মধুপানোচিত ভৃঙ্গার স্বরূপ, সুদাম প্রদত্ত পুষ্পমাল্য দ্বারা তোমার সর্ব্বাঙ্গ বিভূষিত, সুন্দর কুসুমমাল্য ও সুন্দর বসন পরিধান করিয়া জগতে কতই মাধুর্য্য বিস্তার করিতেছ, তুমি দুষ্ট কংসকে নিহত করিয়া তাহাকে নিস্তার করিয়াছ,

বিধ্বংসনারব্ধ ভোজেন্দ্রনিস্তার
ভো দেবকী শৌরিবন্ধার্ত্তিলুণ্ঠাক
দিক্ চক্রবাল কণৎকীর্ত্তিঘণ্টাক
ভক্তোগ্রসেনার্পিত স্ফীতসপ্তাঙ্গ
মাং রক্ষ কুব্জাঙ্গ রাগেণ লিপ্তাঙ্গ ॥ ০ ॥

ননু কংসে জীবতি মাধুর্য্য সন্দর্শনেন কিং তত্রাহ। বিধ্বংসনং মঞ্চাদধঃ পাতনং মারণমিতি যাবৎ। তেনারব্ধো ভোজেন্দ্রস্য নিস্তারো মোক্ষো যেন হে মারিত কংসেত্যর্থঃ। যদুক্তং। তমাবিশন্ত মালোক্য মৃত্যুমাত্মন আসনাৎ। মনস্বী তরসোত্থায় জগৃহে সোঽসি চর্ম্মণী। প্রগৃহ্য কেশেষু চলৎ কিরীটং নিপাত্য রঙ্গোপরি তুঙ্গমঞ্চাৎ। তস্যোপরিষ্টাৎ স্বয়মব্জনাভঃ পপাত বিশ্বাশ্রয় আত্মতন্ত্রঃ। কংসং পরেতং বিচকর্ষ ভূমৌ হরির্যথেভং জগতো বিপশ্যত ইতি। ভো দেবকীতি পদদ্বয়ং স্ফুটার্থং। এবমুক্তং। মাতরং পিতরং চৈব মোচয়িত্বাথ বন্ধনাৎ। কৃষ্ণরামৌ ববন্দাতে শিরসাস্পৃশ্য পাদয়োরিতি। ততো ভক্তে উগ্রসেনেঽর্পিতানি স্ফীত সপ্তাঙ্গানি যেন। স্বাম্যমাত্য সুহৃৎ কোষ রাষ্ট্র দুর্গ বলানিচ রাজ্যাঙ্গানীত্যমরঃ। এবমুক্তং। এবমাশ্বাস্য পিতরৌ ভগবান্ দেবকীসুতঃ। মাতামহন্তুগ্রসেনং যদূনামকরোন্নৃপং। আহ চাস্মান্ মহারাজ প্রজাশ্চাজ্ঞপ্তু মর্হসীত্যাদিনা। হে কুব্জার্পিতেনাঙ্গরাগেণ চতুঃসমেন লিপ্তাঙ্গ। এবমুক্তং। রূপপেশল মাধুর্য্য হসিতালাপবীক্ষিতৈঃ।

হে কৃষ্ণ! তুমি কংসকে নিহত করিয়া বসুদেব ও দেবকীর বন্ধন জনিত বিপুল দুঃখ মোচন ও তদীয় পিতা উগ্রসেনকে সপ্তাঙ্গ সমৃদ্ধ রাজ্য সমর্পণ করিলে তোমার কীর্ত্তিঘণ্টা দিগদিগন্তে বাদিত হইতে লাগিল, তুমি প্রিয়তমা কুব্জা প্রদত্ত চন্দনাদি অনুলেপনে অনুলিপ্ত হইতেছ অতএব প্রার্থনা

মল্লানুল্লঙ্ঘ্য রঙ্গে করবিচলদসি র্যেন মঞ্চপ্রপঞ্চে
কেশেষ্বাকৃষ্য কংসোবিঘটিতমুকুটং বিঘ্নহেতুর্নিজঘ্নে
স ত্বং সত্ত্বাধিরাজ স্ফুরদুরুকরুণা ডম্বরালম্বচেতাঃ
পাতাদ্দুঃখাব্ধি পাতাদ্যদুকুলকমলোদ্দণ্ডচণ্ডদ্যুতির্মাং ॥০॥

ধর্ষিতাত্মা দদৌ সান্দ্রমুভয়োরনুলেপনং। তভস্তাবঙ্গরাগেণ স্ববর্ণেতর শোভিনা। সংপ্রাপ্ত পরভাগেন শুশুভাতেহনুরঞ্জিতাবিতি। সম্বোধন বিভক্তিশ্চ। মূলং বিচ্ছিদ্য বিচ্ছিদ্য সঙ্গত্যাত্র ব্যলেখি যৎ৷ তৎফলং গ্রন্থসংক্ষেপস্তেন তুষ্যন্তু পণ্ডিতাঃ॥ ০ ॥

ভগবৎ প্রভাবব্যঞ্জকত্বেনাতি মনোহরত্বাদুক্তমর্থং পুনর্বর্ণয়তি মল্লানিতি। হে সত্ত্বাধিরাজ পালক বিষ্ণুরূপেণ সর্ব্বনিয়ামক স ত্বং দুঃখাব্ধিপাতাৎ মাং পাতাদ্রক্ষতু। যচ্ছব্দ বিশেষ্যস্য তচ্ছব্দস্য প্রথম প্রতীতত্বাত্তদনুসারী প্রথম পুরুষ প্রয়োগঃ। স ক ইত্যপেক্ষায়ামাহ। যেন রঙ্গে মল্লানুল্লঙ্ঘ্য নিরস্য মঞ্চপ্রপঞ্চে স্থিতঃ কংসঃ কেশেষ্বাকৃষ্য নিজঘ্নে মারিতঃ। কীদৃক্ করবিচলদসি খড়্গং ধুন্বন্ বিঘ্নহেতুঃ ক্লেশদঃ। বিঘটিতং দূরে নিক্ষিপ্তং মুকুটং যত্র তদ্যথা ভবতি তথা। স ত্বং কীদৃশঃ স্ফুরন্মুরুকরুণাডম্বরমালম্বতে তাদৃক্‌চেতো যস্য সঃ। গোবিপ্রভক্ত বিষয়ক দয়ার্দ্র হৃদয় ইত্যর্থঃ।

এই যে অনন্যগতি এই অধমকে সংসার সিন্ধু হইতে নিস্তার কর॥ ০ ॥

হে জগৎপালক! হে করুণাময়! তুমি দুঃখসাগর হইতে আমাকে উদ্ধার কর। তুমি যদুকুল কমল প্রকাশে সূর্য্য স্বরূপ, তুমি রণক্ষেত্রে দুর্দ্দান্ত মল্লদিগকে পরাভব করিয়া এক হস্তে খড়্গ ধারণ ও অপর হস্তে মঞ্চারূঢ় কংসের কেশাকর্ষণ পূর্ব্বক উহার শিরোমুকুট বিঘটিত করিয়া ঐ জগৎকণ্টক কংসকে নিহত করিয়াছ॥

মনসিজ ফণিজুষ্টে লব্ধপাতোস্মি দুষ্টে
তিমিরগহনরূপে হন্ত সংসারকূপে
অজিতনিখিল রক্ষাহেতু মুদ্ধারদক্ষা
মুপনয় মম হস্তে ভক্তিরজ্জুং নমস্তে ॥ ০ ॥
সমস্ত পুরুষার্থতঃ পৃথুতয়াদ্য ভক্তিং বিদন্‌
বদন্নপি নযস্তজেদ্বদ কৃপাত্র হেতুর্বিভো
প্রসীদ যমুনাতটে লুঠিতমূর্ত্তিরভ্যর্থয়ে

এবং ভগবতোলীলা বর্ণনেন প্রসাদমালক্ষ্য স্বোদ্ধারমধুনাভ্যর্থয়তে মনসিজেতি। হে অজিত সংসার কূপেঽহং লব্ধপাতোঽস্মি কীদৃশীত্যাহ। মনসিজেত্যাদি স্ফুটার্থং। তিমিরমবিবেক লক্ষণং। তর্হি কিমহং কুর্য্যামিতি চেত্তত্রাহ। মম হস্তে ভক্তিরজ্জুমুপনয়েতি। নমু শাস্ত্রবিৎ ত্বং ভক্তিং কুতো নকরোষি

কন্দর্পরূপ ভয়ঙ্কর ভুজগ দ্বারা আক্রান্ত ও গাঢ় অন্ধকারাবৃত ভয়ানক সংসার কূপে আমি নিপতিত হইয়াছি, অতএব হে অজিত! আমি পুনঃ পুনঃ প্রণাম করিয়া জানাইতেছি যে নিখিল জনের উদ্ধারের উপায়স্বরূপ ত্বদীয় ভক্তিরজ্জু আমার হস্তে অর্পণ কর॥

হে প্রভো! সকল পুরুষার্থ অপেক্ষা ত্বদীয় ভক্তিই প্রধান, ইহা জানিয়াও পণ্ডিতগণ ত্বদীয় ভক্তিতে পরাঙ্মুখ হইয়া অন্যান্য পথ অবলম্বন করেন, তাহার কারণ এই যে তোমার কৃপা ব্যতীত ত্বদীয় ভক্তিলাভে কেহই সমর্থ হইতে পারে না। অতএব হে দীননাথ! মুকুন্দ! আমি যমুনাতটে লুণ্ঠিতকায় হইয়া প্রার্থনা করিতেছি যে, এই মন্দ ভাগ্যকে

কৃপাং কৃপণনাথ হে কুরু মুকুন্দ মন্দে ময়ি ॥ ০ ॥

ভৃঙ্গারচ্ছন্দঃ ॥ ০ ॥

॥ * ॥ ইতি কংসবধান্তাঃ শ্রীকৃষ্ণলীলাঃ সমাপ্তাঃ ॥ ০ ॥

তত্রাহ সমস্তেতি। পদ্যং বিশদার্থং। ত্বৎ কৃপাং বিনা ন ময়া কিঞ্চিৎ সাধ্যং স্যাদিতি ভাবঃ ॥ ০ ॥

ভৃঙ্গারচ্ছন্দঃ। ভৃঙ্গারমেতচ্চতুর্ভিশ্চ তৈ বিদ্ধীতি তদনুসারি তদ্বিরচিতং। সারঙ্গাখ্যমন্যত্র ॥ ১৮ ॥ * ॥

যদ্বিদ্যাভূষণোহয়ং হরিচরিতভৃতাং ভাষ্যমষ্টাদশানাং দীব্যদ্ব্যাখ্যং ব্যতানীৎ ফণিপতিগণিনাং ছন্দসাং সপ্রমাণং। তেনাস্মিন্ কৃষ্ণদেবঃ স্বকৃত রুচিধয়ে রূপদেবশ্চ ভূয়াৎ। সদ্বর্গশ্চাপি তীব্রশ্রমগুণ ন পটুস্তুষ্টি মানেব সদ্যঃ ॥ ১ ॥

ইত্যষ্টাদশচ্ছন্দাংসি ব্যাখ্যাতানি ॥ * ॥

অনুগ্রহ করিয়া সংসার সাগর হইতে উদ্ধার কর ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি কংসবধান্ত শ্রীকৃষ্ণলীলা সমাপ্তা ॥ * ॥

অথ বিশেষতঃ কাশ্চিৎ।

শ্রীগোবর্দ্ধনোদ্ধরণায় নমঃ॥

ঝগজ্ঝমিতি বর্ষতি স্তনিতচক্রবিক্রীড়য়া
বিমুষ্ট রবিমণ্ডলে ঘনঘটাভিরাখণ্ডলে।
ররক্ষ ধরণীধরোদ্ধৃতিপটুঃ কুটুম্বানি যঃ
স দারয়তু দারুণং ব্রজপুরন্দরস্তে দরং॥ ১॥
মহাহেতুবাদৈ র্বিদীর্ণেন্দ্রযাগং

অথেতি সামান্যতো যা লীলা বর্ণিতাস্তাঃ কাশ্চিৎ বিশেষতোবর্ণনীয়া ইত্যর্থঃ ঝগজ্ঝমিতি নিপতদ্বারি শব্দানুকরণং তদ্বথাস্যাদেব মাখণ্ডলে শক্রে স্তমিত চক্রবিক্রীড়য়া নিষ্ঠুর মেঘ গর্জ্জনেন বর্ষতি সতি ধরণীধরোদ্ধৃতি পটুর্যঃ কুটুম্বানি ররক্ষ স ব্রজপুরন্দর স্তে দরং ভয়ং দারয়তু। স্ফুটার্থমন্যৎ॥ ১॥

ভুজঙ্গ প্রয়াতচ্ছন্দসা বর্ণয়তি। মহাহেত্বাদিভিঃ।০ এষাং পদ্যানাং হে গোবিন্দ বয়ং ভবন্তং নমস্কুর্ম্মহে ইতি ষড়্‌িংশশ্লোকস্থেনান্বয়ঃ। ভবন্তং কীদৃশমিত্যাহ। মহদ্ভি র্হেতুবাদৈঃ সাংখ্যবাদ প্রভৃতিভিঃ বিদীর্ণো নিরস্ত-ইন্দ্রযাগো যেন. তং এবমপ্যস্তুতো বেদোক্তং প্রবর্ত্তয়াঞ্চকারেত্যাহ গিরীতি

ইন্দ্র প্রেরিত মেঘগণ গভীর গর্জ্জন পূর্ব্বক সূর্য্যমণ্ডল আচ্ছাদন করিয়া ঝম ঝম শব্দে বৃষ্টি আরম্ভ করিলে যিনি গোবর্দ্ধন উর্দ্ধে ধারণ করিয়া আত্মীয় জন রক্ষা করিয়াছেন, সেই ব্রজপুরন্দর শ্রীকৃষ্ণ তোমার নিখিল ভয় মোচন করুন॥ ১॥

হে কৃষ্ণ! তুমি হেতুবাদ দ্বারা গোপদিগকে ইন্দ্রপূজা

গিরিব্রাহ্মণোপাস্তি বিস্তীর্ণরাগং।
সপদ্যেকযুক্তী কৃতাভীরবর্গং
পুরোদত্ত গোবর্দ্ধনক্ষ্মাভৃদর্ঘ্যং ॥ ২ ॥
প্রিয়াশংসিনীভির্দ্দলোত্তংসিনীভি
র্বিরাজৎ পটাভিঃ কুমারীঘটাভিঃ।
স্তুবদ্ভিঃ কুমারৈরপি স্ফার তারৈঃ
সহ ব্যাকিরন্তং প্রসূনৈ র্ধরন্তং ॥ ৩ ॥

স্ফুটার্থং। তৎকথং সিদ্ধেত্তত্রাহ। সপদি তৎক্ষণাৎ একযুক্তীকৃত ঐকমত্যং নীত আভীরবর্গো যেন তং। ততঃ পুরঃ প্রথমং দত্তং গোবর্দ্ধনায় ক্ষ্মাভৃতে গিরয়ে অর্ঘ্যং যেন তং ॥ ২ ॥

গোপকুমারী ঘটাভি র্গোপকুমারৈশ্চ তং ধরং পর্ব্বতং প্রসূনৈর্ব্যাকিরন্তং। গিরেরুপরি পুষ্পাণি বর্ষন্তমিত্যর্থঃ। তাভিঃ কীদৃশীভিঃ। হে গোবর্দ্ধন ত্বমস্মাসু প্রণীষ জয়েতি প্রিয়মাশংসন্তীতি তাভিঃ। বিরাজৎ পটাভি র্বিচিত্র দিব্যাম্বরাভিঃ। তৈঃ কীদৃশৈঃ। হে গিরিরাজ ত্বং দেবত্বমস্মাকং বাঞ্ছা পূরক ইতি স্তুবদ্ভিঃ। স্ফারতারৈঃ। হে গিরিরাজ ত্বং বর্দ্ধস্ব ত্বং জয়েতি বিস্তীর্ণোচ্চধ্বনিভিরিত্যর্থঃ। গিরিশোভা বীক্ষণ বিস্তীর্ণনেত্রৈ রিতি বা ॥ ৩॥

হইতে ক্ষান্ত করিয়া তাহাদিগকে ব্রাহ্মণ ও গোবর্দ্ধন পূজার উপদেশ করিতেছ এবং তোমার কথা শুনিয়া গোপগণ ঐকমত্য অবলম্বন পূর্ব্বক গোবর্দ্ধন পূজায় প্রবৃত্ত হইলেন ॥ ২ ॥

যাবতীয় ব্রজকুমার ও কুমারীগণ পট্টবস্ত্রাদি ভূষণে বিভূষিত হইয়া ঐ গোবর্দ্ধনের উপর পুষ্প বৃষ্টি ও তুমি পরিতৃপ্ত হইয়া আমাদের মনোবাঞ্ছা পূর্ণ কর, এই প্রকারে উচ্চৈঃস্বরে গোবর্দ্ধনের জয় ঘোষণা করিতে লাগিলেন ॥ ৩ ॥

গিরিস্থূলদেহেন ভুক্তোপহারং
বরশ্রেণিসন্তোষিতাভীরদারং।
সমুত্তুঙ্গ শৃঙ্গাবলীবদ্ধচৈলং
ক্রমাৎ প্রীয়মাণং পরিক্রম্য শৈলং ॥ ৪ ॥
মখধ্বংস সংরম্ভতঃ স্বর্গনাথে
সমন্তাৎ কিলারব্ধ গোষ্ঠপ্রমাথে।
মুহুর্বর্ষতি চ্ছন্ন দিকৃচক্রবালে

গিরিরিব.স্থূলো যো দেহো বিগ্রহ স্তেনোপভুক্তা উপহারা যেন তং। কৃষ্ণস্বনাতমং রূপং গোপবিশ্রম্ভণং গতঃ। শৈলোঽস্মীতি ব্রুবন্ ভূরি বলিমাদ বৃহদ্বপুরিতি শ্রীশুকোক্তেঃ। বরশ্রেণীভি র্বাঞ্ছিতার্থাবলিভিঃ সন্তোষিতা আভীরদারা যেন তং। সমুত্তুঙ্গাসু গিরেঃ শৃঙ্গাবলীষু বদ্ধানি চৈলানি বিচিত্রাঃ পতাকা যেন তং। শৈলং ক্রমাৎ পরিক্রম্য প্রীয়মাণমিতি গিরিপূজন মুক্তং। ব্রাহ্মণার্চ্চনস্যাপ্যুপলক্ষণমেতৎ ॥ ৪ ॥

এবং মখধ্বংস সংরম্ভতো যজ্ঞভঙ্গজনিতাৎ কোপাৎ স্বর্গনাথে শক্রে

তুমি গিরিবরের ন্যায় বিশাল দেহ ধারণ করিয়া গোবর্দ্ধন পূজার নিমিত্ত আনীত ভক্ষ্য দ্রব্য সকল ভোজন করিয়া সমাগত আভীরসীমন্তিনীদিগকে বর প্রদানে সন্তোষিত করিলে এবং গোবর্দ্ধন প্রদক্ষিণ করিয়া তদীয় অত্যুচ্চ শৃঙ্গাবলী পতাকা মালা দ্বারা সুশোভিত করিলে ॥ ৪ ॥

স্বর্গনাথ ইন্দ্র যজ্ঞ ধ্বংস জনিত অপমান বোধে ব্রজমণ্ডল বিনষ্ট করিব বলিয়া ক্রোধ পূর্ব্বক তথায় মহাবৃষ্টি আরম্ভ করিলেন, ক্রমে ঘনঘটায় দিঙ্মণ্ডল আচ্ছাদিত হইলে, চতু-

সদম্ভোলি নির্ঘোষমম্ভোদজালে ॥ ৫ ॥
মুহুর্বৃষ্টিখিন্নাং পরিত্রাসভিন্নাং
ব্রজেশ প্রধানাং ততিং বল্লবানাং।
বিলোক্যাপ্ত শীতাং গবালীঞ্চ ভীতাং
কৃপাভিঃ সমুন্নং সুহৃৎপ্রেমনুন্নং ॥ ৬ ॥
ততঃ সব্যহস্তেন হস্তীন্দ্রখেলং
সমুদ্ধৃত্য গোবর্দ্ধনং সাবহেলং।

আরব্ধো গোষ্ঠস্য প্রমাথো যেন তথাভূতে সতি। ছন্নদিক্ চক্রবালে অম্ভোদ জালে সদম্ভোলিনির্ঘোষং যথাস্যাত্তথা মুহুর্বর্ষতি সতি ॥ ৫ ॥

বল্লবানাং ততিং মুহুর্বৃষ্টিখিন্নাং বিলোক্য গবালীং চ ভীতাং বিলোক্য তদ্বিষয়াভিঃ কৃপাভিঃ সমুন্নং সম্যগার্দ্রমনসং সুহৃৎসু ব্রজবাসিষু যঃ স্বস্য প্রেমা-তেন নুন্নং প্রেরিতং। স্ফুটমস্তং যুগ্মকমেতৎ ॥ ৬ ॥

ততঃ সব্যহস্তেন সাবহেলং যথা স্যাত্তথাঽপ্রযত্নেনেত্যর্থঃ। হস্তীন্দ্রখেলং যথাস্যাত্তথা তং গোবর্দ্ধনং শৈলরাজং সমুদ্ধৃত্য মুদা হর্ষেণ বিভ্রতং। গোবর্দ্ধনং কীদৃশং। অদভ্রং মহান্তং অভ্রংলিহং নভঃ স্পর্শিনং বিভ্রমন্তো যে জন্তবো

দিকে মহাগর্জ্জন ও অশনিপাত পূর্ব্বক মহাবৃষ্টি হইতে লাগিল ॥ ৫ ॥

গোকুলবাসিদিগকে অনবরত বৃষ্টিপাত হেতু খিন্ন ও ভয় ব্যাকুলিত দেখিয়া এবং ধেনুগণেরও তদবস্থা অবলোকন করিয়া তুমি আত্মীয় জন রক্ষায় দয়া পরবশ হইলে ॥ ৬॥

অনন্তর তুমি গজরাজের ন্যায় অবলীলাক্রমে সেই বিশাল গগণতল স্পর্শী নানা জন্তুগণাকীর্ণ শৈলরাজ গোব-

অদভ্রং তমভ্রং লিহং শৈলরাজং
মুদা বিভ্রতং বিভ্রমজ্জন্তুভাজং ॥ ৭ ॥
প্রবিষ্টাসি মাতঃ কথং শোকভারে
পরিভ্রাজমানে সুতে ময্যুদারে।
অভূবন্ ভবন্তো বিনষ্টোপসর্গা
ন চিত্তে বিধত্ত ভ্রমং বন্ধুবর্গাঃ ॥ ৮ ॥
হতা তাবদীতি র্বিধেয়া নভীতিঃ

মর্কট শুকাদ্রৰ্ন্তান্ ভজতীতি তং। মহাবৃষ্ট্যাপি ভগবৎ প্রভাবাত্তেষাং দুঃখ লেশোপি নাভূদিতি ব্যজ্যতে ॥ ৭ ॥

হে মাতর্জননি। উদারে সর্ব্বগুণাধিকে,সুতে ময়ি ভ্রাজমানে সতি কুপিতা দিন্দ্রাৎ কথং ত্রাণং ভাবীতি শোক ভারে কথং প্রবিষ্টাসি। হে বন্ধুবর্গাঃ। ভবন্তো বিনষ্টোপসর্গা নিবৃত্তেন্দ্র কৃত ক্লেশা অভূবন্ চিত্তে ভ্রমমিন্দ্রোঽস্মান্ হনিষ্যতীতি ভ্রান্তিং নবিধত্ত নার্পয়ত ॥ ৮ ॥

ঈতিরতিবৃষ্টিলক্ষণা তাবৎ হতা নিবারিতা। ততোভীতির্ভবদ্ভির্ন বিধেয়া।

র্দ্ধনকে বামহস্তে উত্তোলন করিয়া সকৌতুকে ধারণ করিলে ॥ ৭ ॥

এবং যশোদাকে সম্বোধন করিয়া কহিলে জননি! ত্বদীয় পুত্র আমি বিদ্যমানে তুমি কি জন্য শোকাকুল হইতেছ? ইন্দ্র কুপিত হইয়া তোমার কিছুই করিতে পারিবে না এবং আত্মীয় স্বজনদিগকে সম্বোধন করিয়া কহিলেন হে বন্ধুগণ! তোমরা কোন প্রকারে ভ্রান্ত হইও না ধৈর্য্যাবলম্বন কর তোমাদের সকল বিপদ্ দূর হইয়াছে মনে কর ॥ ৮ ॥

তোমরা ভয় করিওনা তোমাদের অতিবৃষ্টি দূর হইল, দেখ

কৃতেয়ং বিশালা ময়া শৈলশালা।
তদস্যাং প্রহর্ষাদবজ্ঞাতবর্ষা
বিহস্যামরেশং কুরুধ্বং প্রবেশং ॥ ৯ ॥
ইতি স্বৈরমাশ্বাসিতৈর্গোপবৃন্দৈঃ
পরানন্দ সন্দীপিতস্যারবিন্দৈঃ।
গিরের্গর্ত্তমাসাদ্য হর্ম্ম্যোপমানং
চিরেণাতিহৃষ্টৈঃ পরিষ্টূয়মানং ॥ ১০ ॥

নমু ভীতিঃ কুতো ন বিধেয়া তত্রাহ ময়েয়ং শৈলশালাকৃতা বিশালা সর্ব্বসমাবেশার্হা। তত্তস্মাদস্তামবজ্ঞাতবর্ষাঃ সন্তঃ প্রহর্ষাৎ প্রবেশং কুরুধ্বং যূয়ং। অমরেশমিন্দ্রং প্রহস্ত কিং ন ইন্দ্র বরাকঃ শক্নুয়াৎ কর্ত্তুমিতি তস্ত হাসং বিধায়েত্যর্থঃ ॥ ৯ ॥

ইতি পূর্ব্বোক্তেন পদ্যদ্বয়েনাশ্বাসিতৈর্গোপবৃন্দৈঃ পরিষ্টূয়মানং ভবন্তং। কীদৃশৈঃ ভগবদ্বাক্যজাতেন পরানন্দেন সন্দীপিতান্যাস্যারবিন্দানি যেষাং তৈঃ। হর্ম্ম্যোপমানং গিরের্গর্ত্ত মাসাদ্যাতি হৃষ্টৈস্ত্রিভি র্বিশেষক মেতৎ ॥ ১০ ॥

তোমাদের রক্ষার নিমিত্ত এই বিশাল পর্ব্বতকে ঊর্দ্ধে ধারণ করিয়া তোমাদের গৃহ নির্ম্মাণ করিয়া দিলাম। অতএব বর্ষা ও তৎপ্রবর্ত্তক দেবরাজকে তুচ্ছ জ্ঞান করিয়া স্বচ্ছন্দ চিত্তে এই পর্ব্বত মধ্যে প্রবেশ কর ॥ ৯ ॥

এইরূপ আশ্বাসিত হইয়া গোপগণের বদনারবিন্দ প্রফুল্ল হইল। অনন্তর হৃষ্ট চিত্তে অট্টালিকা প্রায় সেই গোবর্দ্ধন গুহায় প্রবেশ করিয়া তোমাকে স্তব করিতে লাগিলেন ॥ ১০ ॥

গিরীন্দ্রং গুরুং কোমলে পঙ্কশাখে
কথং হন্ত ধত্তে সখা তে বিশাখে।
পুরস্তাদমুং প্রেক্ষ্য হা চিন্তয়েদং
মুহুর্মামকীনং মনোযাতি ভেদং ॥ ১১ ॥
স্তনদ্ভিঃ কঠোরে ঘনৈ র্ধ্বান্তঘোরে
ভ্রমদ্বাতমালে হতাশে হ্যত্র কালে।
ঘনস্পর্শিকূটং বহন্নন্নকূটং

গিরীন্দ্রমিত্যাদি পঞ্চকং শ্রীরাধাবাক্যং। হে বিশাখে। হন্তেতি খেদে। তে সখা নন্দকুমারঃ কোমলে পঙ্কশাখে পাণৌ গুরুং গিরীন্দ্রং কথং ধত্তে। পুরস্তাদগ্রে ধৃতগিরিমমুং প্রেক্ষ্য মামকীনমিদং মনশ্চিন্তয়া মুহুর্ভেদং বিদারং যাতি ॥ ১১॥

হে সরোজাক্ষি অত্র কালেঽন্নকূটং ভক্ষিতান্নরাশিং গোবর্দ্ধনং বহন্ কান্তঃ কথং তান্তো ন স্যাদপি তু স্যাদেবেত্যর্থঃ। কীদৃশং। ঘনস্পর্শীনি কূটানি শিখরাণি যস্য তং। অত্র কালে কীদৃশি। স্তনদ্ভির্ঘনৈঃ কঠোরে কর্ণোদ্বেগকে।

প্রথমত শ্রীরাধিকা বিশাখাকে সম্বোধন করিয়া কহিতেছেন অয়ি বিশাখে! ত্বদীয় সখা এই বিশাল গিরিকে কোমল হস্তে কি প্রকারে ধারণ করিতেছেন? আহা? সম্মুখবর্ত্তি ইহাঁকে দর্শন করিয়া আমি মনে মনে বড়ই বেদনা পাইতেছি॥ ১১ ॥

অয়ি! সরোজাক্ষি! দেখদেখি ভয়ানক মেঘের গর্জ্জন হইতেছে, প্রবল বেগে ঝঞ্ঝা বায়ু বহিতেছে, ঘনঘটায় চতুর্দ্দিক্ অন্ধকারময় হইয়াছে, সুতরাং কোন দিক্ নির্ণয়

কথং স্যান্ন কান্তঃ সরোজাক্ষি তান্তঃ ॥ ১২ ॥
নতিষ্ঠন্তি গোষ্ঠে কঠোরাঙ্গদণ্ডাঃ
কিয়ন্তোত্র গোপাঃ সমন্তাৎপ্রচণ্ডাঃ।
শিরীষ প্রসূনাবলী সৌকুমার্য্যে
ধৃতাধুরিয়ং ভূরিরস্মিন্ কিমার্য্যে ॥ ১৩ ॥
গিরে তাত গোবর্দ্ধনপ্রার্থনেয়ং

ধ্বান্তেন তিমিরেণ ঘোরে নেত্রোদ্বেজকে। ভ্রমন্তী বাতমালা যস্মিন্ তাদৃশে। হৃতা অনুদ্দিষ্টা আশা দিশো যত্র তস্মিন্ ॥ ১২ ॥

হে আর্য্যে ব্রজেশ্বরি। অত্র গোষ্ঠে কঠোরাঙ্গদণ্ডা দৃঢ়কায়াঃ প্রচণ্ডাঃ প্রবলাশ্চ কিয়ন্তো গোপা ন তিষ্ঠন্তি অপিতু বহবঃ সন্তীত্যর্থঃ। তথাপি শিরীষ কুসুমাবলী সৌকুমার্য্যেঽস্মিন্ তব কুমারে কৃষ্ণে ইয়ং ভূরিঃ ধূর্ভারঃ কিং কথং ধৃতার্পিতা। তস্মাদ্গোপান্ ব্রবীতু ভবতী। তে গিরিং ধারয়ন্তু ক্ষণময়ং বিশ্রাম্যত্বিতি ভাবঃ ॥ ১৩ ॥

অথ গোবর্দ্ধনং প্রার্থয়তি। হে গিরে হে তাত গোবর্দ্ধন ত্বাং প্রতি

হইতেছেনা এইরূপ ভয়ানক সময়ে কৃতাহার উচ্চশৃঙ্গ গোবর্দ্ধন ধারণ করিয়া তোমার কান্ত কি ক্লান্ত হইতেছেনা? ॥১২

অয়ি আর্য্যে! ব্রজেশ্বরি! এই ব্রজধামে কঠিনকায় প্রচণ্ড বলিষ্ঠ অনেক ত গোপ আছেন, তাঁহারা থাকিতে শিরীষ কুসুম কোমল আপনার নন্দনের হস্তে এই গুরুভার কেন ন্যস্ত করিলে ॥ ১৩ ॥

হে তাত গিরিরাজ গোবর্দ্ধন! আমি প্রণাম করিয়া তোমার নিকট প্রার্থনা করিতেছি তুমি, ব্রজবাসি সকলের

বপুঃস্থূলনালী লঘিষ্ঠং বিধেয়ং।
ভবন্তং যথাধারয়ন্নেষ হস্তে
ন ধত্তে শ্রমং মঙ্গলাত্মন্নমস্তে ॥ ১৪ ॥
ভ্রমৎ কুন্তলান্তং স্মিতদ্যোতকান্তং
লসদ্গণ্ডশোভং কৃতাশেষলোভং।
স্ফুরন্নেত্রলাস্যং মুরারেস্ত্বমাস্যং

মমেয়ং প্রার্থনাস্তি। কেয়ং তত্রাহ। ত্বয়া স্থূলনালী লঘিষ্ঠং পুষ্ট কলম্বী শাকবদতি লঘুবপুর্বিধেয়ং কার্য্যং। নালী শাকে কলম্বকে ইতি হৈমঃ। যথৈব কৃষ্ণো ভবন্তং হস্তে ধারয়ন্ শ্রমং ন ধত্তে ন লভতে। হে মঙ্গলাত্মন্ তে তুভ্যং নমোঽস্তু। ত্বয়ৈবং ভাব্যমিত্যর্থঃ ॥ ১৪ ॥

পুনঃ কর্ণে লগিত্বা বিশাখামাহ ভ্রমদিতি। হে আলি বিশাখে ত্বং মুরারে রাস্যমালোকয়। আস্যং কীদৃক্। কৃতোঽশেষেষু সর্ব্বেষু লোভো যেন তৎ। সর্ব্বাস্বম্মাস্বাশক্তর্মিত্যর্থঃ। বরাগ্র্যাকূতান্যভিপ্রায়ান্ শলতি গচ্ছতীতি তৎ। বীক্ষণান্তরালে গূঢ় ভাবাভিব্যঞ্জীতি ভাবঃ। স্ফুটার্থমন্যৎ। মৎ প্রার্থনয়া গিরিরেষ তূলপিণ্ডবদভবৎ। অতর্ক্যোবাস্য সত্যসঙ্কল্পতা

কল্যাণকারী অতএব যাহাতে অনায়াসে তোমাকে ধারণ করিয়া ইনি পরিশ্রম বোধ না করেন সেইরূপ তৃণের ন্যায় লঘুমূর্ত্তি ধারণ কর ॥ ১৪ ॥

পুনর্ব্বার বিশাখাকে সম্বোধন করিয়া কহিতেছেন অয়ি বিশাখে! ঐ দেখ ব্রজেন্দ্রনন্দন কুটিল কুন্তল শোভিত সুগণ্ড ও চপল নয়ন শোভিত বদনারবিন্দ দ্বারা আমাদের প্রতি দৃষ্টিপাত করিয়া যেন অন্তর্গত কোন গূঢ় ভাব প্রকাশ

বরাকৃতশালি স্ফুটং লোকয়ালি ॥ ১৫ ॥
নিপীয়েতি রাধা লতাবাগ্মরন্দং
বরপ্রেম সৌরভ্যপূরাদমন্দং।
দধানং মদং ভৃঙ্গবত্তুঙ্গকূজং
বরাঙ্গী চলাপাঙ্গ ভঙ্গাপ্তপূজং ॥ ১৬ ॥
কথং নাম দধ্যাৎ ক্ষুধাক্ষামতুন্দঃ
শিশুর্মে গরিষ্ঠং গিরীন্দ্রং মুকুন্দঃ।

লক্ষণো মহিমাতো ন কাচিদ্বিচিন্তেতি ভাবঃ ॥ ১৫ ॥

ইতি পূর্ব্বোক্ত পদ্য পঞ্চকরূপং রাধালতাবাগ্মরন্দং নিপীয় ভৃঙ্গবন্মদং দধানং ভবন্তং। তন্মরন্দং কীদৃশং। বরপ্রেম সৌরভ্যপূরাদমন্দং শ্রেষ্ঠং। ভবন্তং কীদৃশং। তুঙ্গকূজং উচ্চকণ্ঠনাদং। বরাঙ্গ্যা রাধায়াশ্চলেনাপাঙ্গেন কটাক্ষ তরঙ্গেণাপ্তা পূজা যেন তং। তদীক্ষণচ্ছটা সৎকৃতমিত্যর্থঃ। ষড়্ভিঃ কুলকমেতৎ ॥ ১৬ ॥

হে ব্রজাধীশ ক্ষুধাক্ষাম তুন্দো মে শিশু মুকুন্দঃ গরিষ্ঠং গিরীন্দ্রং কথং দধ্যাৎ। তত্তস্মাদেতস্য মুকুন্দস্য শিশোস্তুণ্ডেহয়ং শীঘ্রং দধ্যাচিতং খণ্ডসারং

করিতেছেন ॥ ১৫ ॥

কল্পলতা রূপ শ্রীরাধিকার প্রেম সৌগন্ধপূর্ণ অত্যুত্তম বাক্য মকরন্দ পান করিয়া কলকণ্ঠি ভ্রমরের ন্যায়. তুমি অপার আনন্দ অনুভব করিলে এবং তদীয় অপাঙ্গ ভঙ্গী দ্বারা তুমি সৎকৃত হইল ॥ ১৬ ॥

যশোদা নন্দ মহাশয়কে সম্বোধন করিয়া কহিতেছেন হে ব্রজরাজ! আমার গোপাল অতি বালক বিশেষ অনেক-

তদেতস্য তুণ্ডে হঠাদর্পয়ারং
ব্রজাধীশ দধ্যাচিতং খণ্ডসারং ॥ ১৭ ॥
মহাভারনিষ্ঠে স্থিতে তে কনিষ্ঠে
লভে বৎস লীলাম্বরোদ্দামপীড়াং।
অবষ্টভ্য সত্ত্বং তদস্মৈ বল ত্বং
দদস্বাবিলম্বং স্বহস্তাবলম্বং ॥ ১৮ ॥
ইতি স্নিগ্ধবর্ণাং সমাকর্ণয়ন্তং

হঠাদর্পয় ॥ ১৭ ॥

হে বৎস নীলাম্বর তে কনিষ্ঠে স্থিতে সতি উদ্দামপীড়ামহং লভে প্রাপ্নোমি। তস্মাত্ত্বং সত্ত্বং বলমবষ্টভ্য। সত্ত্বং গুণে পিশাচাদৌ বলে দ্রব্যস্বভাবয়োরিতি বিশ্বঃ। হে বল অস্মৈ স্ব কনিষ্ঠায় স্বহস্তাবলম্বং দদস্ব। অবিলম্বং যথাস্যাত্তথা ॥ ১৮ ॥

ইতি পূর্ব্ব পদ্যদ্বয়োক্তরূপাং মাতুর্গিরং সম্যক্‌কর্ণয়ন্তং শ্রবন্তং। এনাং মাত-

---

ক্ষণ কিছু আহার করে নাই, এই বিশাল গোবর্দ্ধন ধারণ করিয়া পরিশ্রান্ত ও অতি ক্ষুধার্ত্ত হইয়াছে অতএব তুমি শীঘ্র দধি দুগ্ধ প্রস্তুত মিষ্টান্ন কিছু ইহার মুখে অর্পণ কর॥১৭॥

বলদেবকে সম্বোধন করিয়া কহিতেছেন হে বৎস! নীলাম্বর! তোমার কনিষ্ঠ মহাভারাক্রান্ত হইয়া ক্লান্ত হইয়া-ছেন, তদ্দর্শনে আমি বড়ই কষ্ট পাইতেছি অতএব তুমি শীঘ্র বলবীর্য্য প্রকাশ করিয়া হস্তাবলম্বন দ্বারা নিজ কনিষ্ঠের সাহায্য কর ॥ ১৮ ॥

যশোদার এই প্রকার স্নেহ সূচক বাক্য শ্রবণে তুমি

গিরং মাতুরেনাঞ্চনির্বর্ণয়ন্তং।

পরিপ্রীণিতব্যগ্র গোপালগোত্রং ॥ ১৯ ॥
অমীভিঃ প্রভাবৈঃ কুতোঽভূদকুণ্ঠঃ
শিশুর্ধূলি'কেলীপটুঃ ক্ষীরকণ্ঠঃ।
বিভর্ত্ত্যদ্য সপ্তাব্দিকো ভূরিভারং

রঞ্চ নির্বর্ণয়ন্তং সস্নেহপশ্যন্তং। কনিষ্ঠাঙ্গুল্যাঃ শৃঙ্গেঽগ্রে বিন্যস্তোঽর্পিতো গোত্রো গিরির্যেন তং। পরিপ্রীণিতং সন্তর্পিতমতিবৃষ্টিব্যগ্রং গোপাল গোত্রং গোপবংশো যেন তং। গোত্রঃ ক্ষৌণীধরে গোত্রং কুলে ক্ষেত্রেঽপি নাম্নি চেতি বিশ্বলোচনকারঃ। ত্রিভির্বিশেষকমেতৎ ॥ ১৯ ॥

ধূলীকেলিপটুঃ ক্ষীরকণ্ঠঃ শিশুর্মুকুন্দঃ। অমীভিরিন্দ্রবিষয়ক ভূত্যস্ব বুদ্ধি গিরিবিষয়কচ্ছত্রাকস্ব দৃষ্টি লক্ষণৈঃ প্রভাবৈঃ পৌরুষৈ রকুণ্ঠ উৎকৃষ্টঃ সর্ব্বোত্তমঃ কুতোহেতোরভূৎ। স হেতুরস্য স্বভাবসিদ্ধঃ সার্ব্বৈশ্বর্য্য সত্য সঙ্কল্প বপুরেব বিমর্শনীয় ইতি ভাবঃ। যদস্মাৎ সপ্তাব্দিকঃ সপ্তহায়নএব কৈলাসসারং

জননীর প্রতি সস্নেহ নয়নে দৃষ্টিপাত করিলে এবং তৎক্ষণে কনিষ্ঠাঙ্গুলী দ্বারা শৈলরাজকে ধারণ করিয়া ভয় ব্যাকুল গোপবৃন্দিগকে পরিতর্পিত করিলে ॥ ১৯ ॥

সপ্তবর্ষ বয়স, ধূলি ক্রীড়ার যোগ্য দুগ্ধ পোষ্য এই বালক কৈলাস পর্ব্বতের ন্যায় অতি বিশাল গোবর্দ্ধনকে সামান্য ছত্রাকারে অনায়াসে ধারণ করিতেছে, অতএব ইহার এসকল প্রভাব অকস্মাৎ কোথা হইতে উপস্থিত

গিরিং যশ্চিরাদেষ কৈলাসসারং ॥ ২০ ॥
ন শঙ্কা ধরভ্রংশনেঽস্মাকমস্মা
ন্নখাগ্রে সহেলং বহত্যেষ যস্মাৎ।
গিরির্দ্দিক্‌করীন্দ্রাগ্রহস্তে ধরাব
দ্ভুজে পশ্যতাস্য স্ফুরত্যদ্য তাবৎ ॥ ২১ ॥

ভূরিসারং গিরিং চিরাদদ্য বিভর্ত্তি ॥ ২০ ॥

সত্যসংকল্পতাং প্রতিপাদয়ন্তঃ প্রাহুর্নেতি। অস্মাৎ শিশোর্মুকুন্দাৎ। ধরভ্রংশনে গিরিপতনেঽস্মাকং শঙ্কা নাস্তি। যস্মাদেষ নখাগ্রে সহেলং ধরং বহতি। অস্য শিশোর্বামে ভুজে গিরিরদ্য স্ফুরতি শোভতে ॥

তত্রোপমা। দিক্‌করীন্দ্রাগ্রহস্তে দিগ্‌গজরাজ শুণ্ডাগ্রে ধরাবদিতি যূয়ং পশ্যত। পিতুরাজ্ঞয়া যজ্ঞাশ্ব মন্বিষ্যন্তঃ পৃথ্বীং খনন্তঃ সগরপুত্রা রসাতলে শিরোভিঃ পৃথ্বীং ধৃত্বা তিষ্ঠন্তঃ পর্ব্বতোপমান্ চতুরো দিগ্‌গজান্ দদৃশুরিতি বালকাণ্ডে প্রসিদ্ধং। শ্রীভাগবতেতু পঞ্চমে মানসোত্তরগিরৌ তাদৃশাশ্চত্বারো দিগ্‌গজাঃ পৃথিবীমাক্রম্য তিষ্ঠন্তীতি খ্যাতং। তস্মাদিগরি ভ্রংশনে শঙ্কা নাস্তীতি ॥ ২১ ॥

হইল ॥ ২০ ॥

আর দেখ যে প্রকার দিগ্‌ হস্তিগণ শুণ্ডাগ্রে দ্বারা পৃথিবী ধারণ করিয়া রহিয়াছে সেই রূপ এই বালক বাম হস্তে এই অচলরাজ ধারণ করিয়া বিরাজ করিতেছে। আর পর্ব্বত ইহাঁর হস্ত হইতে পড়িয়া যাইবে এসন্দেহ করাও আমাদের বৃথা যে হেতু ইনি অনায়াসে নখাগ্র দ্বারা এই গুরুভার বহন করিতেছেন ॥ ২১ ॥

ইতি স্ফারতারে ক্ষণৈ র্মুক্তভোগৈ
র্ব্রজেন্দ্রেণে সার্দ্ধং ধৃতপ্রীতিযোগৈঃ।
মুহুর্বল্লবৈ বীক্ষ্যমাণাস্যচন্দ্রং
পুরঃ সপ্তরাত্রান্তরত্যক্ত তন্দ্রং॥ ২২॥
তড়িদ্দামকীর্ণান্ সমীরৈরুদীর্ণান্
বিসৃষ্টাম্বুধারান্ ধনুর্যষ্টিহারান্।

ইতি পূর্ব্বোক্ত পদ্যদ্বয়ং বদদ্ভির্বল্লবৈ র্গোপৈ র্মুহুর্বীক্ষ্যমাণ আস্যচন্দ্রো যস্য তং ভবন্তং। কীদৃশৈঃ। অতিবিস্ময়াৎ স্ফারতারাণি বিস্তীর্ণ কনীনিকানি ঈক্ষণানি যেষাং তৈঃ। ভবন্তং কীদৃশং। সপ্তরাত্রান্তরে রাত্রি সপ্তক মধ্যে ত্যক্তভন্দ্রা যেন তং। স্ফূর্ত্তিমন্তং। ত্রিভি বিশেষমেতৎ॥ ২২॥

পুনঃ কীদৃশং ভবন্তমিত্যপেক্ষায়ামাহ তড়িদিতি যুগ্মকং। অব্দান্ মেঘান্ তৃণীকৃত্য বলারেরিন্দ্রস্য দুর্মানিতাঞ্চ নিরাকৃত্য বিস্ফুরন্তং বিভ্রাজমানমিত্যন্বয়ঃ। ধৃতাবজ্ঞমিতি নিরাকরণ ক্রিয়ায়াং বিশেষণং। অব্দান্ কীদৃশান্। তড়িদ্দামভিঃ কীর্ণান্ ব্যাপ্তান্। সমীরৈরুদীর্ণান্ প্রেরিতান্ বিসৃষ্টা মুক্তাঃ করিশুণ্ডা দণ্ডতুল্যা অম্বুধারা যৈস্তান্। ধনুর্যষ্টয়ঃ শক্রচাপাএব বিচিত্রা রত্নহারা যেষাং তান্ শক্রেণ শৃঙ্গারিতান্ ইত্যর্থঃ। ঘোরান্ ভয়ঙ্ক-

---

গোপগণ ব্রজরাজনন্দের সহিত এইরূপ কথোপকথন করি[illegible] করিতে সমস্ত সুখ পরিত্যাগ পূর্ব্বক বিস্ফার নয়নে ও প্রীতিমনে সপ্তাহকাল একভাবে অবস্থিত তোমার বদন চন্দ্র পুনঃ পুনঃ দর্শন করিতে লাগিলেন॥ ২২॥

তড়িম্মালায় আকীর্ণ, সমীরণচালিত, অম্বুধারাবর্ষী, ইন্দ্র চাপ খচিত, সূর্য্যমণ্ডলাচ্ছাদী, ও ভয়ঙ্কর নাদী, ভয়ানক

তৃণীকৃত্য ঘোরান্ সহস্রাংশুচোরান্,
দুরন্তোরু শব্দান্ ধৃতাবজ্ঞমব্দান্ ॥ ২৩ ॥
অহঙ্কার পঙ্কাবলী লুপ্তদৃষ্টে
র্ব্রজে যাবদিষ্টং প্রণীতোরুবৃষ্টেঃ।
বলারেশ্চ দুর্ম্মানিতাং বিস্ফুরন্তং
নিরাকৃত্য দুষ্টালি দণ্ডে দুরন্তং ॥ ২৪ ॥
বিসৃষ্টোরুনীরাঃ সুঝঞ্ঝা সমীরা
স্তড়িদ্ভিঃ করালা যযুর্ম্মেঘমালাঃ।
রবিশ্চাম্বরান্ত র্বিভাত্যেষ শান্তঃ

রান্। সহস্রাংশুচোরানাচ্ছাদিতরবিবিম্বান্। দুরন্তোরুশব্দান্ দুঃসহ কর্কশ গর্জ্জান্ ॥ ২৩ ॥

বলারেঃ কীদৃশস্য। অহঙ্কার ত্রৈলোক্যনাথোঽস্মীতি গর্ব্বঃ। তদ্রূপয়া-পঙ্কাবল্যা লুপ্তা দৃষ্টির্ভ্রত্যন্ত বুদ্ধির্যস্ত। স্ফুটমন্যৎ ॥ ২৪ ॥

হে শূরাঃ পরাক্রমিণো গোপপ্রবরা যূয়ং গিরিগর্ত্তাদ্বহির্যাত। নন্বু সত্যা-

মেঘদিগকে তুমি সামান্য তৃণের ন্যায় জ্ঞান করিলে। এবং বৃষ্টি দ্বারা ব্রজের যথেষ্ট অনিষ্টকারী ও অহঙ্কার পঙ্কে বিলুপ্ত দৃষ্টি ইন্দ্রের অভিমান খর্ব্ব করিয়া দুষ্ট জ[illegible]কে শিক্ষা প্রদান করিলে ॥ ২৩। ২৪ ॥

বিদ্যুদাকীর্ণ ভয়ানক মেঘগণ বর্ষণ করিয়া নিবৃত্ত হইয়াছে, ঝঞ্ঝা বায়ু আর বহিতেছে না এবং সূর্য্যদেব অম্বরতলে নিরুপদ্রবে প্রকাশ পাইতেছেন অতএব হে গোপগণ! তোমরা নির্ভয়ে স্বচ্ছন্দ চিত্তে গিরিগুহা হইতে বহির্গত

কৃতানন্দ পূরা বহির্যাতশূরাঃ ॥ ২৫ ॥
ইতি প্রোচ্য নিঃসারিতজ্ঞাতিবারং
যথাপূর্ব্ব বিন্যস্তশৈলেন্দ্রভারং।
দধিক্ষীরলাজাঙ্কুরৈ র্ভাবিনীভি
র্মুদাকীর্য্যমাণং যশস্তাবিনীভিঃ ॥ ২৬ ॥
বয়ং হন্ত গোবিন্দ সৌন্দর্য্যবন্তং

মতিবৃষ্টৌ স্বয়ং বহি নির্গম তত্রাহ বিসৃষ্টৈত্যাদিকমগূঢ়ার্থঃ ॥ ২৫ ॥

ইতি পূর্ব্বোক্তং পদ্যং প্রোচ্য নিঃসারিতা গিরিগর্ত্তাদ্বহি র্নির্গমিতা জ্ঞাতিবারা বন্ধুসমূহা যেন তং ভবন্তং। কীর্য্যমাণমুপরি বৃষ্যমাণং। স্ফুটার্থ মন্যৎ ॥ ২৬ ॥

এবং লীলাং বর্ণয়িত্বা গ্রন্থকৃৎ প্রার্থয়তে বয়মিতি। হে গোবিন্দ ত্বৎ সেবকা বয়ং ভবন্তং নমস্কুর্ম্মহে। শর্ম্ম হেতোরানন্দরূপঃ স্বাং লব্ধুমিত্যর্থঃ। ষষ্ঠী হেতু প্রয়োগেপীতি সূত্রাৎ ষষ্ঠী। স্বৎ প্রাপকং ত্বয়ি প্রেমবিন্দুং নঃ প্রসাদীকুরু। স্বমস্মভ্যং দেহীত্যর্থঃ। কীদৃশং স্পষ্ট নিষ্ঠ্যূতো ভূয়ানতিবহু

হও ॥ ২৫ ॥

এই কথার পর তুমি আত্মীয় বন্ধু বান্ধবদিগকে গিরিগুহা হইতে নিঃসারিত ও গিরিরাজ গোবর্দ্ধনকে যথাস্থানে স্থাপিত করিলে, এদিকে গোপীগণ আনন্দ মনে তোমার গুণলীলা কীর্ত্তন করিতে করিতে দধি, ক্ষীর, লাজা প্রভৃতি মাঙ্গল্য দ্রব্য চতুর্দ্দিকে বর্ষণ করিতে লাগিলেন ॥ ২৬ ॥

হে গোবিন্দ! আমরা পরম কল্যাণ লাভের নিমিত্ত সৌন্দর্য্যবান্ তোমাকে পুনঃ পুনঃ প্রণাম করিতেছি, অত-

নমস্কুর্ম্মহে শর্ম্মহেতোর্ভবন্তং।
ত্বয়ি স্পষ্ট নিষ্ঠ্যূত ভূয়শ্চিদিন্দুং
মুদা নঃ প্রসাদীকুরু প্রেমবিন্দুং ॥ ২৭ ॥
ক্ষুভ্যদ্দম্ভোলি জৃম্ভোত্তরল ঘনঘটারম্ভ গম্ভীরকর্ম্মা
নিস্তম্ভোজম্ভবৈরী গিরিধৃতি চটুলাদ্বিক্রমাদেষ চক্রে।

শ্চিদিন্দুর্জ্ঞানচন্দ্রো যেন তং। যস্মিন্ সতি শাস্ত্রানাং জ্ঞানপদ্ধতিস্তিরস্কৃতা ভবতীত্যর্থঃ। তেহি বিচিত্র লীলা শূন্যো নিস্তরঙ্গ সিন্ধুরিবব্রহ্মরাশিঃ পরমাত্মেতি জ্ঞানেন তমুপাসতে ॥ ২৭ ॥

ক্ষুভ্যদিতি। হে গোবিন্দ হে নন্দালয়শশিবদনানন্দ নন্দালয়ে যাঃ শশিবদনা শ্চন্দ্রমুখ্যঃ শ্রীযশোদাদ্যা মাতৃবর্গা স্তা আনন্দয়তি মাতৃবাৎসল্যানু-সারিভির্গুণগণৈ হৃ ষ্ট দয়নার্চ্চিতৈরিতি তৎ সম্বোধনে তথা। তং ত্বাং বয়মদ্য বন্দেমহি। তং কীদৃশং। ইন্দীবরদলৈ র্নির্ম্মিতা যা বলভী চন্দ্রশালা তস্যাং নন্দন্তো যে ইন্দিন্দিরা ভৃঙ্গা স্তেষামাভাং ছবিং তথা নিন্দন্তং। লীলারবিন্দ মকরন্দ পায়িত্বাদতিশ্যামানাং ভৃঙ্গাণাং কান্তিং তিরস্কুর্ব্বন্তমিতি দলিতাঞ্জন চিক্কণ্যমিতি ভাবঃ। যেন ত্বয়া গিরিং ধৃত্বা চটুলাৎ প্রচলিতাৎ বিক্রমাৎ অস্ত-

---

এব তুমি অনুগ্রহ পূর্ব্বক আমাদের জ্ঞানেন্দু তিরোহিত করিয়া ত্বদীয় প্রেমবিন্দু বিতরণ কর ॥ ২৭ ॥

হে গোবিন্দ! তুমি গোবর্দ্ধন ধারণ করিয়া বাত, বিদ্যুৎ ও ভয়ানক বৃষ্টিপাত দ্বারা ব্রজের অনিষ্টকারী ইন্দ্রের প্রবল গর্ব্ব, খর্ব্ব করিয়াছ, ও শরীর কান্তি দ্বারা ইন্দীবর মধুপায়ি ভ্রমরগণের অঙ্গ লাবণ্য পরাজয় করিতেছ এবং তুমি নন্দালয় বাসিনী যশোদা প্রভৃতি মাতৃবর্গের মহানন্দের হেতু, অত-

তন্বা নিন্দন্ত মিন্দীবরদলরমণীনন্দদিন্দিন্দিরাভাং
তং গোবিন্দাদ্য নন্দালয় শশিবদনানন্দ বন্দেমহি ত্বাং ॥২৮

॥ * ইতি শ্রীগোবর্দ্ধনোদ্ধরণং ॥ * ॥

বৈরী শক্রো নিস্তম্ভো নির্দর্পশ্চক্রে। কীদৃশঃ স্ফুজ্জান্ কৃৎস্নবলৈরুত্তোল্য নিক্ষিপ্য মানত্বাৎ সঞ্চলন্ যোদ্দোর্ত্তোলি স্তম্ভ যা ক্ষুভ্রাস্থনিতং তেনোত্তরলা যা ঘনঘটা মেঘমালা তস্যারম্ভঃ প্রচণ্ডর এব গম্ভীরমন্যানিবার্য্যং কর্ম্ম যস্য সঃ ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীগোবর্দ্ধনোদ্ধরণং ব্যাখ্যাতং ॥ * ॥

এব অদ্য আমরা তোমাকে কায়মনোবাক্যে প্রণাম করিতেছি ॥ ২৮ ॥

॥ * ॥ ইতি শ্রীগোবর্দ্ধনোদ্ধরণং ॥ * ॥

অথ বস্ত্রহরণং।

শ্রীবল্লবেন্দ্রনন্দনায় নমঃ ॥

বন্যাশ্রিতা মুরারিঃ কন্যাঃ সন্যায়মুন্মদয়ন্‌।
অন্যাভিলাষিতাং তে ধন্যার্পিতা সৌহৃদোহন্যাৎ ॥
সহসি ব্রতিনী রভিতঃ কৃতিনী

অথ বস্ত্রহরণলীলাং বিবক্ষু স্তদ্ধারকাৎ কৃষ্ণাৎ স্বাভীষ্টমাশাস্তে। বন্যেতি। মুরারিস্তেহন্যাভিলাষিতাং স্বান্যতৃষ্ণাং হন্যাদপনয়েৎ। কিং কুর্ব্বন্‌ বন্যাশ্রিতাঃ কালিন্দীজলপ্রবাহে। স্বান্তীঃ কন্যা গোপকুমারিকা উন্মদয়ন্‌ প্রহর্ষন্‌। সন্যায়ং যথা স্যাত্তথা। কান্তভাবেন ভজন্তীনাং তাসাং বস্ত্রহরণেন তদঙ্গ প্রদর্শনেন চোন্মদবিধানং ন্যায়প্রাপ্তমিতি ভাবঃ। কন্যাসু মুখ্যায়াং ধন্যায়া মর্পিতং সৌহৃদং যেন সঃ। তন্যামতিপ্রীতিমানিত্যর্থঃ॥

সহসীত্যাদি হে কেশিহর ত্বং জয়। প্রমণা উদার চিত্তত্বং স্বজনে নিজ পরিকরেহতিপ্রণয়ং প্রণয়ন্‌ প্রকাশয়ন্‌ বিহর। হে ভগবন্‌ হে অরুণাধর।

হে মানস! যিনি কালিন্দীজলবিহারিণী গোপকুমারী দিগের যথেষ্ট আনন্দবর্দ্ধন করিতেছেন, ও যিনি কন্যাকুলমণি শ্রীরাধিকার প্রেমে পরিতৃপ্ত সেই শ্রীকৃষ্ণ তোমার বিষয় তৃষ্ণা অপনয়ন করুন ॥ ১ ॥

হে কেশিহর! তুমি উদার চিত্ত, তুমি আত্মীয় জনের প্রতি প্রণয় প্রকাশ পূর্ব্বক বিহার করিতেছ অতএব তোমার জয় হউক। আর তোমার নিকট প্রার্থনা এই যে দুষ্টচিত্ত

গিরিজা স্তবনে সলিলাপ্লবনে
কলিতোল্লসনাঃ কিলদিগ্বসনা
স্তটভাক্ পটিকাঃ রসলম্পটিকাঃ
স্ফুট বাল্যযুতাঃ পশুপালসুতাঃ
কুতুকী কলয়ন্ মতিমুল্ললয়
ন্নুপগত্য মনোভববৎ কমনো

সুহৃদয়ে বিদয়ে ময়ি করুণাং ত্বং কলয়েঃ কুর্য্যাঃ ইত্যস্তিমেনাম্বয়ঃ। কীদৃশঃ সন্। কুতুকী ত্বং পশুপালসুতাঃ কলয়ন্ পশ্যন্ উপগত্য তাসাং স্তিচয়ান্ বস্ত্রাণি হৃতবান্। তাঃ কীদৃশীঃ। সহসি মার্গশীর্ষে মাসি ব্রতিনীঃ। মার্গশীর্ষে সহামার্গ ইত্যমরঃ॥

গিরিজাস্তবনেঽভিতঃ কৃতিনীঃ কুশলাঃ। সলিলাপ্লবনে স্নানে কলিতোল্লসনাঃ। সোৎসাহাঃ। দিগিতি স্বয়ং স্ফুটার্থং॥

রসলম্পটিকাঃ পতিভাবেন কৃষ্ণে লুব্ধাঃ। স্ফুট বাল্যযুতাঃ জলক্রীড়াতি চপলাঃ। পুনঃ কীদৃশস্ত্বং। মতিং তাসুল্ললয়ন্ সতৃষ্ণাং কুর্ব্বন্। মনোভব বৎ কাম ইব কমনঃ কমনীয়ঃ। সুহৃদাং স্বৈকজীবাতুনাং চতুঃপঞ্চাব্দানাং শিশূনাং নিচয়-

এই অধমের প্রতি তোমাকে কৃপা করিতে হইবে। একদা কৈশোর বয়স্ক স্বদেকচিত্ত ব্রজসুন্দরীগণ অগ্রহায়ণ মাসে কাত্যায়নী ব্রত করিবার মানসে যমুনা তীরে নিজ২ পরিধেয় বস্ত্র স্থাপন পূর্ব্বক বিবসনা হইয়া নির্ভয়ে স্বচ্ছন্দচিত্তে জল কেলি করিতেছেন, ইতি মধ্যে কন্দর্প কান্তি তুমি কৌতুক করিবার নিমিত্ত তথায় গমন করিয়া তাঁহাদের বস্ত্র সকল হরণ করিলে। এবং তৎক্ষণাৎ সমবয়স্ক গোপবালকের মধ্যে অলক্ষ্য ভাবে প্রবেশ করিয়া শশব্যস্তে সম্মুখবর্ত্তি এক কদম্ব-

হৃতবান্ সিচয়ান্ সুহৃদাং নিচয়াদ্
তরগস্তরসা প্রিয়কং স্বরসা
দধিরুহ্য নগং তটকাননগং।
কৃপয়া স্বপয়ন্নথ তাস্ত্রপয়ন্
পৃথুলাংসতটী ধৃতধৌতপটী
পটলোহসিত প্রভয়োল্লসিতঃ
শৃণুত প্রমদা গিরমপ্রমদা
মুপগত্য হিতা মন্তিতঃ সহিতা
যদি বা ক্রমতঃ স্ফুট বিভ্রমতঃ
সিচয়ান্নয়ত চ্ছলনং ন যতঃ।

স্যান্তরগো মধ্যবর্ত্তী তরসা বেগেন কালিন্দীতট কাননগং প্রিয়কং কদম্বং নগং স্বরসাৎ স্বেচ্ছাতোঽধিরুহ্য তাঃ পশুপালসুতাঃ। কৃপয়াস্বপয়ন্নথ ত্রপয়ন্। পৃথুলায়ামংস তট্যাং স্কন্ধপ্রদেশে ধৃতং ধৌতপটী, পটলং নির্ম্মলবস্ত্রবৃন্দং যেন সঃ। হসিতপ্রভয়া স্মিতকান্ত্যা উল্লসিতঃ প্রফুল্লঃ। পুনঃ কীদৃশঃ। শৃণুতেত্যাদিকং কথয়ন্। হে প্রমদাঃ যূয়ং সহিতা মিলিতা যদি বা ক্রমত একৈকশো মদন্তিকমুপগত্য যুষ্মন্তিতো হিতামপ্রমদাং মম গিরং শৃণুত। স্ফুট বিভ্রমতঃ প্রকটং বিলাসং প্রাপ্য সিচয়াম্ বাসাংসি নয়ত। ছলনং

বৃক্ষের উপর আরোহণ করিলে, অনন্তর বস্ত্রহরণ ছলে তাঁহাদিগকে অনুগ্রহ করিয়া ঐ উত্তম উত্তম বস্ত্র সকল নিজ স্কন্ধে স্থাপন ও মন্দ মন্দ হাসিতে হাসিতে সম্বোধন পূর্ব্বক কহিলে হে প্রমদাগণ! যদি তোমাদের বস্ত্র লইবার ইচ্ছা হয় তবে আমার কথা শুন আমি তোমাদের হিত বলিতেছি, তোমরা সকলে মিলিত হইয়া একে একে আমার নিকট

কথিতং ন ময়া জনুষঃ সময়া
দনৃতং ললিতা যশসোজ্জ্বলিতা
বিদুরিন্দুহৃদ স্তদমী সুহৃদ
স্তনবৈ ন হসা দুদিতং সহসা
বত যূয়মিতা ব্রততঃ শ্রমিতা
ইতি সংকথয়ন্ পটুতাং প্রথয়
ন্নতিচঞ্চল হে বিশমাকলহে

কপটং মে নাস্তি। যতো ময়া জনুষঃ সময়াজ্জন্মকাল মারভ্যানৃতং ন কথিতং। হে ললিতাঃ কমনীয়াঙ্গ্যঃ হে যশসোজ্জ্বলিতা ইন্দুহৃদোঽমী সুহৃদ স্তদ্বিদুর্জানন্তি। এবমুক্তং। ন ময়োদিত পূর্ব্বম্বা অনৃতং তদিমে বিদুরিতি। ইদমুদিতং হসাৎ হাস্যাৎ নাহং তনবৈ বিস্তৃণানি। সহসা হঠেন বতেতি খেদে। যতো যূয়ং ব্রততঃ শ্রমিতা ভবথ। ইতাঃ স্নানং প্রাপ্তাঃ। ইতি সংকথয়ন্। পটুতাং সৌহার্দ্দে নিপুণতাং প্রথয়ন্। অতীত্যাদি পশুপালসুতানাং বাক্যং হে অতি চঞ্চল ত্বং কলহে মাবিশ। অদ্য পটং স্বং স্বমস্মাকং বিতরার্পয়। কপটং মা কুরু। তব বচনং সদা বয়ং করবামঃ রসদা দধি ক্ষীরাদি

আগমন পূর্ব্বক বস্ত্র গ্রহণ কর, আমি প্রতারণা বা পরিহাস করিতেছি না আমি জন্মাবধি মিথ্যা কথা জানি না, হে গোকুলসুন্দরীগণ! তোমাদের যদি প্রত্যয় না হয় তবে এই সকল বয়স্যদিগকে আমার চরিত্রের বিষয় জিজ্ঞাসা কর তাহা হইলেই যথার্থ জানিতে পারিবে, বিশেষ তোমরা কাত্যায়নীব্রতে দীক্ষিত হইয়া যমুনায় স্নান করিতেছ, এসময় তোমাদের সহিত পরিহাস করিব কেন? এই কথার পর গোপিকাগণ সম্বোধন করিয়া কহিলেন হে অতি চঞ্চল।

বিতরাদ্য পটং কুরু মা কপটং
করবাম সদা বচনং রসদা
স্তব দাস্যপরা ন বয়ং ত্বপরাঃ।
নহি চেদ্রচিতং নিখিলং চরিতং
খলু রাজ্ঞি তব প্রবলে কিতব
প্রবদাম মদোদ্ধত ঘোরকদো
বচনঞ্চ রুষা প্রসরৎ পরুষা
ক্ষরমিত্যুদিতং সমুষা রুদিতং।
জড়তা কলিলে যমুনাসলিলে
বিলসদ্বপুষাং গুরুকম্পজুষাং

দাত্র্যঃ শ্লেষেণ শৃঙ্গারার্পিকাশ্চ এবমপি তব দাস্তপরা বয়মপরা অন্তদীয়া নস্ত-বামঃ। নহীতি। ত্বঞ্চেদিদমস্মদ্বচনং নৈব মন্যসে তর্হি তব নিখিল মম্মথি ড়ম্বন লক্ষণং চরিতং প্রবলে রাজ্ঞি কংসে প্রগদামঃ।, হে কিতব হে মদো-দ্ধত। জড়তা কলিলে শৈত্যব্যাপ্তে যমুনাসলিলে বিলসদ্বপুষা মতোগুরু কম্পজুষাং সুদৃশাং বহুধা বিবিধং ঘোরং ভয়াবেদকং অদো বচনং। রুষা

আমাদের সহিত কলহ বা প্রতারণা করিও না সম্প্রতি বস্ত্র গুলি বিতরণ কর আমরা অদ্য হইতে তোমার কথা শুনিব, তুমি যাহা বলিবে তাহাই করিব, আমরা তোমার দাসী আমাদিগকে অপর জ্ঞান করিও না, দধি দুগ্ধ প্রভৃতি যে কোন রসের প্রয়োজন হয় তাহাই আমরা তোমাকে দিব, আর যদি তুমি অদ্য আমাদিগকে বস্ত্র প্রদান না কর, তবে তোমার এই সকল দুশ্চরিত্র দুর্দান্ত কংস রাজার নিকট বলিয়া দিব, কালিন্দীর শীতল জলে নিমগ্ন কম্পিত তনু

চলচারুদৃশাং বহুধা সুদৃশাং
নিশময্য ততঃ প্রণয়ী সতত
স্মিত চন্দ্রিকয়া স্ফুরিতোঽধিকয়া।
যদি যূয়মৃতে মম বাগমৃতে
ভবথ গ্রহিলা নিয়তং মহিলা
উপসৃত্য ততঃ প্রিয়কাৎ পততঃ
সপটী পদকান্ স্বপরিচ্ছদকা
সুরলী কুরুত প্রমদাদগুরুত
স্ত্যজতোন্নুচিতং হৃদি সঙ্কুচিতং।
নাঁহ চেন্নিতরাং নপটান্ পিতরা

প্রসরৎ পরুষাক্ষরং তাক্তিরিত্যেব প্রকারেণোদিতং সকষা রুদিতং ক্রোধ রোদনেন সহিতং নিশময্য শ্রুত্বা ততোঽধিকয়া সতত স্মিত চন্দ্রিকয়া স্ফুরিতঃ। অতিহৃষ্টো ভূদিত্যর্থঃ। যতঃ প্রণয়ী তাসাং মিত্রমিত্যর্থঃ। তাঃ প্রত্যমলং বচনং স্ফুটং নিগদন্। ইতি কিং তদাহ। হে মহিলাঃ। যদি ঋতে সত্যে মম বাগমৃতে গ্রহিলা যূয়ং ভবথ। তত্তর্হি উপসৃত্য সন্নিধিমাগাদ্য প্রিয়কাৎ কদম্বাৎ পততঃ স্বং পরিচ্ছদকান্ সপটী পদকাহুরলী কুরুত। গুরুতঃ প্রমদাদতি হর্ষাদগৃহ্নীত। হৃদ্যনুচিতং সংকুচিতং ত্যজত। বিবস্ত্রাঃ কথ-

গোপিকাগণের কপট ক্রন্দন ও ভয়াবহ পরুষোক্তি শ্রবণে তুমি মন্দ মন্দ হাস্য করিয়া তাঁহাদিগকে কহিলে, হে মহিলাগণ। তোমারা যদি আমার কথা প্রতিপালন কর তবে আনন্দ মনে আমার নিকট আগমন পূর্ব্বক এই কদম্ববৃক্ষ হইতে নিজ নিজ বস্ত্র গ্রহণ কর ও হৃদয়ের সঙ্কোচ ভাব পরিত্যাগ কর, আর যদি আমার কথা শ্রবণ না কর তবে কখনই

ম্যুরুবীর্য্যচয়ে ময়ি কিং রচয়ে
নৃপতিং পরিতঃ সরুষা ভরিতঃ
স্ফুটমিত্যমলং নিগদন্ কমলং
ভ্রময়ন্নুদিতঃ শশিবন্মুদিতঃ।
সকরাম্বরিণী রথতাহরিণী
নয়নাঃ কলয়ন্ সশিরশ্চলয়ন্
বত নগ্নতয়া স্পৃহয়োন্নতয়া
জলমজ্জনতঃ কৃতবর্জ্জনতঃ

নুপসরিষ্যাম ইতি যদ্বাচং চেন্ন মন্যধ্বে তর্হি তিতরাং সর্ব্বথা পট্টান্ন বিত-রামি ন প্রসাদামি। যচ্চ কান্তন্ত মে বাক্য মকুর্ব্বাণা নৃপতির্যুষ্মাং প্রাদর্শয়ত তৎ কিলাকিঞ্চিৎকরমিত্যাহ। পরিতোরুষা ভরিতোপি স নৃপতি রুরু-বীর্য্যচয়ে মহাবিক্রমিণি ময়ি কিং রচয়েৎ কিং কর্ত্তুং ক্ষমঃ। তৎ পরিক-রাস্ত বহবো নিহতাস্তমপ নিহনিষ্যামীত্যর্থঃ। কমলং ভ্রময়ন্ শশিবন্নুদিত মির্ত্তয়ং প্রকাশমানমিত্যর্থঃ। মুদিতস্তাঃ পশ্যন্ সহর্ষঃ।

বস্ত্র প্রদান করিব না, আর তোমরা যে কংসের ভয় দেখা-ইতেছ সেই দুষ্ট কংস ক্রুদ্ধ হইয়া আমার কি করিতে পারে? সে বলবানের কিছুই করিতে পারে না, এই কথা বলিয়া নিজ হস্তস্থিত লীলাকমল ভ্রমণ করিতে করিতে কদম্ববৃক্ষের উপর পূর্ণচন্দ্রের ন্যায় উদিত হইয়া আনন্দ মনে দিগ্বসনা হরিণনয়না গোপাঙ্গনাদিগকে দর্শন করিতে লাগিলে এবং মস্তক কম্পন পূর্ব্বক তাহাদিগকে কহিলে হে গোপিকাগণ! বিবস্ত্র হইয়া স্নান করা শাস্ত্রে নিষিদ্ধ, তোমরা মনের ব্যগ্রতা বশতঃ বিবস্ত্র হইয়া যমুনা জলে স্নান করিয়াছ তাহাতে

কপতের্জনিতা লঘুতা বনিতা
স্তদলং ছুরিত ক্ষতয়ে স্ফুরিত
দ্যুতিসুন্দরয়ো র্যুগলং করয়োঃ
শিরসি প্রযতা ক্রতমর্পয়তা
রুণমিত্যধুনা নববাগ্মধুনা
পরিলভ্য মদং হৃদি বিভ্রমদং
কিরতীভিরলং নয়নং বিরলং
রচিতাঞ্জলিভিঃ প্রমদাবলিভিঃ

পুনঃ কীদৃশঃ প্রমদাবলিভিঃ প্রণতঃ। মধুরোরুচিরঃ। কীদৃশীভিঃ। ইতি নিজবাগ্মধুনা ভগবদ্বচনাসবেন বিভ্রমদং মদং হৃদি পরিলভ্য নয়নং তস্মিন্ কিরতীভিঃ। বিরলং পৃথক্ পৃথক্ রচিতাঞ্জলিভি র্ভগবন্তং প্রিয়ং নমস্কুর্ব্বতীভিরিত্যর্থঃ। ইতীতি কিং তদাহ। হে বনিতা উন্নতয়া স্পৃহয়া ত্যভিলাষেণ নগ্নতয়া বিবস্ত্রতয়া কৃত বর্জ্জনতঃ শাস্ত্রে প্রতিসিদ্ধাজ্জলমজ্জনতো হেতোঃ কপতের্বরুণদেবতায়া লঘুতাবজ্ঞাধুনা যুষ্মাভির্জনিতা কৃতা। অনুপ্রাসানুরোধাদস্থানস্থ পদত্বং ন দোষঃ। তত্তস্মাদ্দুরিতক্ষয়ে বরুণাবজ্ঞা নিমিত্তক পাপ বিনাশায় অরুণং করয়োর্যুগলং শিরসি ক্রতং মহ্যং মঙ্গল মূর্ত্তয়ে অর্পয়ত। প্রযতাঃ সত্যোযুয়ং। করয়োঃ কীদৃশয়োরিত্যাহ স্ফুরি-

জলাধিপতি বরুণের অবমাননা হইয়াছে এক্ষণে সেই পাপ ক্ষালনের নিমিত্ত তোমরা প্রত্যেকে মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া সূর্য্যদেব বা আমাকে প্রণাম কর, এইরূপ বাক্যামৃত দ্বারা গোপিকাগণের হৃদয় বিভ্রম উৎপাদন করিলে, তাঁহারা একে একে মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া তোমাকে প্রণাম করিতে লাগিলেন ও লজ্জা বশতঃ ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ

প্রণতোমধুরঃ কৃতকামধুরঃ
সুভগঙ্করণং বসনাভরণং
